A

NOTE BOOK OF MATERIA MEDICA

IN BENGALE.

ভৈষজ্য-বোধ।

ইংরাজী ১৮৮৫ সনের নূতন ব্রিটিশ ফার্ম্মাকোপিয়া অনুসারে
ইংরাজী ঔষধ সকলের প্রস্তুত প্রণালী প্রয়োগরূপ ও মাত্রা
এবং গ্যারড সাহেবের মেটিরিয়া মেডিকা অনুসারে
ঔষধ সকলের শ্রেণিবিভাগ, ক্রিয়া ও
ব্যবহারের সংক্ষিপ্ত বিবরণ।

প্রথম ভাগ।

(ধাতু ও উপধাতুঘটিত ঔষধ সকল।)

ঢাকাকলেজের ভূতপূর্ব্ব লেবরেটরি এসিষ্টাণ্ট ও ঢাকা মেডিকেল
স্কুলের ভূতপূর্ব্ব কেমিকেল এসিষ্টাণ্ট, রামধনু ও
বৈজ্ঞানিক দাম্পত্য প্রণালী প্রণেতা

শ্রীসূর্য্যনারায়ণ ঘোষকর্ত্তৃক

প্রণীত ও প্রকাশিত।

তৃতীয় সংস্করণ।

ঢাকা, গোপীনাথ-যন্ত্রে, প্রিণ্টার শ্রী গোপীনাথ বসাক।
৮৯৭

মূল্য ১।০ একটাকা চারি আনা মাত্র

ভৈষজ্য বোধ

উপক্রমণিকা।

ভৈষজ্য বিদ্যা শিক্ষার্থে প্রচলিত ওজন ও মাপ এবং তাপ আপেক্ষিক গুরুত্ব ইত্যাদি বিষয় জ্ঞাতহওয়া আবশ্যক।

১৮৫৮ খৃষ্টাব্দে মেডিক্যাল একৃট্ নামক আইন প্রচারিত হয়, এবং তদনুসারে ব্রিটিশ ফার্ম্মাকোপিয়া প্রথম প্রকাশিত হইয়াছে। ইহারপূর্ব্বে ঔষধদ্রব্য ওজন ও মাপকরিবার জন্য এপথিকারিজ মেজার নামক পরিমাণ প্রণালী প্রচলিত ছিল। ব্রিটিশফার্ম্মাকোপিয়া প্রচলিত হইবার পর শুষ্ক ঔষধদ্রব্য সকল এভয়ার ডুপয়েজ ওয়েট নামক পরিমাণ প্রণালী অনুসারে ওজন হইয়াথাকে। তদবধি এভয়ারডুপয়েজ ওজন ব্রিটিশফার্ম্মাকোপিয়ার প্রচলিত ওজন হইয়াছে। তরলদ্রব্য মাপিবার প্রণালী পূর্ব্ববৎ আছে। বাজারে ঔষধ খুচরা ক্রয় বিক্রয় কার্য্যে এপথিকারিজ ওয়েট এখনও ব্যবহার হয়।

ব্রিটিশফার্ম্মাকোপিয়ার প্রচলিত মাপ ও ওজন।

ওজন।

১ গ্রেণ gr. [illegible] গ্রেনইঞ্চি বিশুদ্ধ জলের ওজনের

১ আউন্স Oz ৪৩৭॥০ গ্রেণ = ১৬ ড্রাম (২৭২ তোলা)।

১ পাউণ্ড lb = ১৬ আউন্স = ৭০০০ গ্রেণ (৭½ ছটাক)।

মাপ।

১ মিনিম min বা m

১ তরলড্রাম fldrm = ৬০ মিনিম।

১ তরল আউন্স floz = ৮ তরলড্রাম (৪৮০ মিনিম)।

১ পাইণ্ট O = ২০ তরল আউন্স (১৬০ড্রাম)

১ গ্যালন C = ৮ পাইণ্ট (৪ কোয়ার্টস)।

দৈর্ঘ পরিমাণার্থে প্রচলিত মাপ।

১ ইঞ্চি

১২ ইঞ্চি ১ ফুট।

৩৬ ইঞ্চি বা ৩ ফুটে ১ গজ।

শুষ্কদ্রব্যের ওজন ও তরলদ্রব্যের মাপের সম্বন্ধ।

১ মিনিম	জল	ওজনে	০-৯১১৪৫৮৩	গ্রেণ।
১ তরলড্রাম	”	”	৫৪-৬৮৭৫	”
১ তরল আউন্স	”	”	১ আউন্স বা ৪৩৭-৫	”
১ পাইণ্ট	”	”	১-২৫ পাউণ্ড বা ৮৭৫০-০	”
১ গ্যালন	”	”	১০ পাউণ্ড বা ৭০০০০-০	”

১ ঘনইঞ্চি (cubic inch) ডিষ্টিল্ড ওয়াটার বা চুয়ানজল

প্রয়োজন বশতঃ এই ওজনের ২৭½গ্রেণে ড্রামও ৯½ গ্রেণে

(৬২ ফাঃ তাপে বা ১৬-৬৬ সেন্টিঃ তাপের) ভূবায়ুতে ওজন করিলে ২৫২-৪৫৬ গ্রেণ হয়।

এভয়ারডুপয়েজ ওয়েট। Avoirdupois weight.

Avoirs অর্থে goods, Poids অর্থে weight পূর্ব্বে কেবল সাধারণ মোটা ও ভারী দ্রব্য ওজন জন্য ব্যবহার হইত।

১৬ ড্রামে	১ আউন্স	1 oz
১৬ আউন্সে	১ পাউণ্ড	1 ℔
১৪ পাউণ্ডে	১ ষ্টোন	1 Stqrs
২ ষ্টোনে	১ কোযাটার	Qr
৪ কুযাটারে	১ হণ্ড্রেডওয়েট	1 cwt
২০ হণ্ড্রেডওয়েটে	১ টন	1 Ton

একটন ওজনে ২৭½ মন।

এপথিকারিজ ওয়েট। Apothecarys weight

২০ গ্রেণে	১ স্ক্রুপল	1 Sc. or	1 ℈
৩ স্ক্রুপলে	১ ড্রাম	1 dr or	1 ʒ
৮ ড্রামে	১ আউন্স	1 OZ or	1 ℥
১২ আউন্সে	১ পাউণ্ড	1 ℔ or	℔

ট্রয়ওজন, Troy weight

ফ্রান্স দেশস্থ Troyes নামক নগরে সম্ভবতঃ এই ওজন প্রণালী প্রথম প্রচলিত ছিল। এজন্য ঐ স্থানের * নামহইতে Troy ওজনবলে।

আমাদের দেশে ধানও কুঁচেরন্যায় বিলাতে শুষ্ক গোধুম শস্যের মধ্যভাগ গ্রেণরূপে প্রথম ব্যবহার হয়।

২৪ গ্রেণে	১ পেনিওয়েট	1 dwt
২০ পেনিওয়েটে	১ আউন্স	1 oz
১২ আউন্সে	১ পাউণ্ড	1 lb or lb

ব্রিটিশ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত তরল মাপ এভরডুপয়েজ এপথিকারিজ ও ট্রয় সকলপ্রকার ওজনের সাধারণ। অর্থাৎ তরল দ্রব্যের মাপ প্রণালী একপ্রকার।

কখন২ Drop বা বিন্দু পরিমাণে ঔষধ ব্যবস্থা দেওয়া হয়। সকল দ্রব্যের ও সকলপাত্র হইতে পতিত বিন্দু সমান নহে, মোট মুটী ২ বিন্দুতে ১ মিনিম ধরা হয়।

কবিরাজি ওজন।

৪ ধানে	১ রতি।
১০ রতিতে	১ মাসা।
১২ মাসায়	১ তোলা।

এভরডুপয়েজ, এপথিকারিজ ও ট্রয় ওজনের পরস্পর সম্বন্ধ

ওজন	এভরডুপয়েজ	এপথিকারিজ	ট্রয়
স্ক্রুপল	* (২৭॥৹ গ্রেণ)	২০ গ্রেণ	০

এই ওজন বিলাতী স্বর্ণকার, পোদ্দার ও জহরীগণ ব্যবহার করিয়া থাকেন।

এভয়ারডুপয়েজ ওজনে বিশেষতঃ ফার্ম্মাকোপিয়ার প্রচলিত ওজনে ড্রাম ও স্ক্রুপল নাই, তবে কোন কারণে এই ওজনে ঐক্য ক্রমের উল্লেখ থাকিলে ঐরূপ ধরিতে হইবে।

১ ড্রাম	(২৭·৩৪৩৭৫ গ্রেণ)	৬০ গ্রেণ	
১ আউন্স	৪৩৭॥০ গ্রেণ	৪৮০ গ্রেণ	৪৮০ গ্রেণ
১ পাউণ্ড	৭০০০ গ্রেণ	৫৭৬০ গ্রেণ	৫৭৬০ গ্রেণ

দেশীয় ওজন সহিত বিলাতী ওজনের সম্বন্ধ।

২ ধান	=	১ গ্রেণ।
১ কুঁচ বা ১ লাল	=	২ গ্রেণ।
৪ ধান বা ১ রতি	=	২ গ্রেণ।
১ আনা	=	১১।০ গ্রেণ।
১ তোলা	=	১৮০ গ্রেণ।
২২/৩ তোলা	=	১ আউন্স
৩২ তোলা	=	১ পাউণ্ড ট্রয় ও এপথি
২৩/২ তোলা	=	১ আউন্স এভরডু
৩৮৮/৯ তোলা	=	১ পাউণ্ড এভরডু
৭১/২ ছটাক	=	১ পাউণ্ড এভরডু

বিলাতী গার্হস্থ মাপ।

১ চা-চামচ	Teaspoon	=	১ ড্রাম।
১ ডেজার্ট চামচ	Dessert Spoon	=	২ ড্রাম।
১ টেবেল চামচ	Table Spoon	=	৪ ড্রাম।
ওয়াইন গ্লাশ	1 Wine glass	=	১॥০ হইতে ২ আউন্স

১ চা-বাটী	1 Tea cup	= ৫ আউন্স।
১ ব্রেকফাষ্টকাপ	Break fast cup	=৮ আউন্স।
১ টাম্বলার	1 Tamblor	= ১০ হইতে ১২আউন্স

ফরাশী দেশীয় বা মিটার মাপ (Metrical System)

দৈর্ঘপরিমাণ।

১ মিটার পৃথিবীর মেরিডিয়মের চতুর্থাংশের কোটীভাগের এক ভাগ।

১ ডেশিমিটার	১ মিটারের দশমাংশ।
১ সেণ্টিমিটার	১ মিটারের শতাংশ।
১ মিলিমিটার	১ মিটারের সহস্রাংশ।

ওজন।

১ মিলিগ্রাম Milligram	১ গ্রামের সহস্রাংশ।
১ সেণ্টিগ্রাম centigram	১ গ্রামের শতাংশ।
১ ডেসিগ্রাম Decegram	১ গ্রামের দশমাংশ।
১ গ্রাম	১ ঘনসেণ্টিমিটার জল (৪C বা ৩৯·২F.)।
১ ডিকাগ্রাম Deka gram	১০ গ্রাম।
১ হেকটাগ্রাম Hecta gram	১০০ গ্রাম।
১ কিলোগ্রাম Kelo gram	১০০০ গ্রাম।

তরল মাপ।

১ মিলিলিটার 1 Millilitre ১ কিউবিক সেণ্টিমিটার বা ১ গ্রাম জলের মাপ।

১ সেণ্টিলিটার 1 Centilite ১০ কিঃসিঃ ১০গ্রামজলেরমাপ।

১ ডেসিলিটার 1 Decelitre ১০০ " ১০০ "

১ লিটার 1 Litre ১০০০ " ১০০০ "

মিটার সম্বন্ধীয় মাপের সহিত ব্রিটিশ ফার্ম্মাকপিয়ার মাপের সম্বন্ধ।

ওজনের সম্বন্ধ।

১ পাউণ্ড = ৪৫৩·৫৯২৭ গ্রাম

১ আউন্স = ২৮·৩৪৯৫ "

১ গ্রেণ = ০·০৬৪৮ "

১ মিলিগ্রাম = ০·০১৫৪৩২ গ্রেণ

১ সেণ্টিগ্রাম = ০·১৫৪৩২ "

১ ডেসিগ্রাম = ১·৫৪৩২ "

১ গ্রাম = ১৫·৪৩২ "

১ কিলোগ্রাম = ২ পাউণ্ড ৩ আউন্স ১১৯·৮ গ্রেণ।

মাপের সম্বন্ধ।

১ গ্যালন = ৪·৫৪৩৪৫৮ লিটার

১ পাইণ্ট = ০·৫৬৭৯৩২ " বা ৫৬৭·৯৩২ কিউঃ সেঃ মিঃ

১ তরল আউন্স = ০·০২৮৩৯১ " বা ২৮·৩৯১ " "

১ তরল ড্রাম = ০·০০৩৫৫০ " বা ৩·৫৫০ " "

১ মিনিম = ০·০০০০৫৯ " বা ০·০৫৯ " "

১ পাইণ্ট ১৫ আউন্স ১ ড্রাম ৪৩ মিনিম = ১ লিটার।

দৈর্ঘ মাপের সম্বন্ধ।

১ মিলিমিটার = ০·০৩৯৩৭ ইঞ্চি

সেণ্টিমিটার = ০·৩৯৩৭১ "

১ ডেসিমিটার = ৩·৯৩৭০৮ ইঞ্চি
১ মিটার =৩৯·৩৭০৭৯ "

ব্যবস্থা লিখিবার কালে ঔষধের পরিমাণ লিখিতে রোমিয় অঙ্ক ব্যবহার হইয়া থাকে তাহা এই :—

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
I	II	III	IV	V	VI	VII	VIII	IX
১০	১১	১২	১৩	১৪	১৫	১৬		
X	XI	XII	XIII	XIV	XV	XVI		
১৭	১৮	১৯	২০	৩০	৪০	৫০		
XVII	XVIII	XIX	XX	XXX	XL	L		
৬০	৭০	৮০	৯০	১০০	৩০০	৪০০		
LX	LXX	LXXX	XC	C	CCC	CD		
৫০০	৮০০	৯০০	১০০০	২০০০	১০০০০			
D	DCCC	CM	M	MM	X.			

যাবতীয় তরল দ্রব্য পরিমাণার্থে সচরাচর মাপ ব্যবহার হইয়া থাকে।

ফার্ম্মাকোপিয়ার ওজনে ড্রাম ও স্ক্রুপল মাপ প্রচলিত নাই, ʒI ড্রাম ও ℈ স্ক্রুপল কুত্রাপি ব্যবহৃত হইলে ৬০ গ্রেণেড্রাম ও ২০ গ্রেণে স্ক্রুপল বুঝিতে হইবে। এভয়রডুপয়েজ ওজনের ১ আউন্সের অষ্টম ভাগে ড্রাম ও ১ আউন্সের ২৪ ভাগের ১ ভাগে স্ক্রুপল ধরিতে হইবে না।

এভয়রডুপয়েজ ওজনের ১ তরল আউন্স ডিষ্টিও জল শুষ্ক ওজনের ১ আউন্সের সমান কিন্তু ; ১ মিনিম ডিষ্টিও জল ওজনে ১ গ্রেণ হইবেনা যেহেতু শুষ্ক মাপের ৪৩৭॥০ গ্রেণে আউন্স এবং তরল মাপের ৪৮০ মিনিমে আউন্স হয়।

তাপমাণ।

অনেক ঔষধ দ্রব্য, বিশেষ প্রকার তাপে প্রস্তুত করিতে হয়। এজন্য প্রচলিত তাপের ক্রম ইত্যাদি বিষয় জ্ঞাত হওয়া আবশ্যক।

ফার্ণহীট Fahrenheit তাপক্রম সচরাচর ব্যবহৃত হয় কিন্তু সেণ্টিগ্রেড Conto grade বিশেষ সুবিধাজনক বলিয়া বৈজ্ঞানিকেরা বিশেষ আদর করিয়া থাকেন। Fahrenheit একজন সাহেবের নাম, তাঁহার নির্দ্ধারিত তাপক্রমকে তাঁহার নাম অনুসারে ফার্ণহিট বলে আর সেণ্টশব্দে ১০০, বিশেষ প্রকার তাপাংশকে ১০০ ভাগে বিভক্তকারী তাপক্রমকে Centegrade Scale বলে।

জল বিশেষ প্রকার অবস্থায় নির্দ্দিষ্ট তাপে বাষ্প হয় অর্থাৎ ফুটিতে থাকে, জলের এইস্ফুটন উপযোগী তাপকে (Boilingheat) সেণ্টিগ্রেড প্রণালীতে ১০০ ডিগ্রি নির্দ্দিষ্ট হইয়াছে, ফারণহিটে ২১২ ধরা হইয়াছে। জল বিশেষ অবস্থায় নির্দ্দিষ্ট তাপে জমিয়া কঠিন অবস্থা প্রাপ্ত হয় অর্থাৎ বরফ হইয়া যায়। এই তাপকে Froezing Dogree বলে। সেণ্টিগ্রেড ক্রমে ইহাকে O এবং ফারণহিটে ৩২ নির্দ্ধারিত হইয়াছে। Fahrenheit সাহেব বরফ ও লবণ ব্যবহার করিয়া যে তাপক্রম পাইয়াছিলেন তাহাকে O বলিয়া নির্দ্দেশ করেন। উহা জল বরফ হইবার নির্দ্দিষ্ট তাপের (তাঁহার তাপমাণ যন্ত্রের) ৩২ ডিগ্রীনীচে। এমতে দেখা যাইতেছে ফারণহিটে ৩২ হইতে ২১২ এবং সেণ্টিগ্রেডের O হইতে ১০০ পরস্পর সমানুপাতে সম্বন্ধ ফাং ২১২—৩২ = ১৮০ এই ১৮০ : ১০০ = $\frac{১৮০}{২০}$: $\frac{১০০}{২০}$ = ৯ : ৫ অর্থাৎ ১৮০ এবং ১০০ [illegible]

সাধারণ হর ২০ দ্বারা বিভক্ত করিলে ৯ এবং ৫ থাকে ; এজন্য সেণ্টিঃ ৫ ফাঃ ৯ সমানুপাতে সম্বন্ধ। একটী বিশেষ কথা এই ফাঃডিগ্রীকে সেণ্টিগ্রেড ডিগ্রিতে আনিতে হইলে প্রথমে ৩২ বাদ দিয়া লইতে হইবে উপমাযথা (১) ৮৬ ডিগ্রী ফাঃ সেণ্টিগ্রেডে কত হইবে ?

৯ঃ (৮৬—৩২)ঃঃ৫ঃ ক ($\frac{৮৬-৩২}{৯}$) × ৫ = ৩০ সেণ্টি। সেণ্টিগ্রেড ডিগ্রিক ফাঃ তাপে আনিতে হইলে শেষে ৩২ যোগ করিতে হইবে।

(২) ৩০ ডিগ্রী সেণ্টিগ্রেট ফাঃ তাপে কত হইবে ? ৫ঃ ৯ঃঃ ৩০ঃ ক ৯ × $\frac{৩০}{৫}$ + (৩২) = ৮৬ ফাঃ।

সচরাচর ফার্ণহিট তাপমাণ ব্যবহৃত হয়, এজন্য ফার্ম্মাকোপিয়ার কেবল এতডিগ্রীতাপ মাত্র উক্ত হইলে ফার্ণহিট তাপ বুঝিতে হইবে, তবে যে সকল স্থলে c চিহ্ন কিম্বা সেণ্টিগ্রেড উল্লেখ থাকিবে তথায় তাহাই বুঝিতে হইবে।

আপেক্ষিক গুরুত্ব Specific gravity.

বিশুদ্ধ জল নির্দ্দিষ্টতাপে সর্ব্বত্র সম আয়তন ও সমভার বিশিষ্ট। এজন্য নির্দ্দিষ্টতাপের ও নির্দ্দিষ্ট আয়তনের বিশুদ্ধ জলকে আদর্শ স্থির করিয়া, উহার সহিত যাবতীয় তরল ও কঠিন দ্রব্যের নির্দ্দিষ্টতাপে ভার ও আয়তন তুলনা করিয়া আপেক্ষিক ভার অবধারন করা যায়। জল অপেক্ষা ভারী ও লঘু উভয় প্রকার দ্রব্যের আপেক্ষিক গুরুত্ব নির্ণয়ের সুবিধা জন্য জলকে ১.০০ ধরা হইয়াছে। আপেক্ষিক গুরুত্ব দ্বারা দ্রব্যের বিশুদ্ধতা

যত পরিপাটী রূপে নির্ণয় করা যায়, অন্য কোন সাধারণ উপায়ে তদ্রূপ পারা যায় না, পণ্ডিত বর আর্কিমিডিসের স্বর্ণ—মুকুটের পরীক্ষা বিষয় সকলে জ্ঞাত আছেন। সচরাচর ফার্ম্মাকোপিয়ায় তরল দ্রব্যের আপেক্ষিক গুরুত্ব অবধারণ করা আবশ্যক হয়। এজন্য হাইড্রোমিটার নামক যন্ত্র সচরাচর ব্যবহার হয়। ঐ যন্ত্রের গাত্রে বিশেষ২ আপেক্ষিক গুরুত্ব নির্ণায়ক ডিগ্রী চিহ্ন থাকে উহা ব্যবহার করা সহজ। মূত্র, দুগ্ধ, তৈল, দ্রাবক সকল. গিসরিন, স্পিরিটস প্রভৃতি দ্রব্যের আপেক্ষিক গুরুত্ব উহাদের বিশুদ্ধতা পরিচায়ক প্রধান ধর্ম্ম।

১৮৯০ খৃঃ অব্দের ব্রিটিশ ফার্ম্মাকোপিয়ায় নিম্নলিখিত নূতন ঔষধ গুলি গৃহীত হইয়াছে।

Acetanilidum এসিটেনিলাইডাম (এণ্টিফেব্রিণ)

Acetum Ipecacuanhæ এসিটাম ইপেকাকুয়ানী

Adeps Lanæ এডেপ্সল্যানী

Adeps Lanæ Hydrosus " " হাইড্রোসাস (ল্যানোলিন)

Antepyrine (Phenazonum) এণ্টিপাইরিন (ফেনাজোনাম)।

Blauds Pill (Pilula Ferri) ব্লাড্সপিল (পাইলিউলা ফেরি)।

Emplastrum Menthol এমপ্লাষ্ট্রম মেন্থল।

Eucalypti Gummi ইউকেলিপ্টাই গামাই।

Euonymi Cortex ইউনিমাই কর্টেক্স।

Euonymine (Exitractum Euonymine siccum) ইউমিমিন (এক্সট্রেক্টাম ইউনিমাই সিকাম)।

Extractum Hamamelidis Liquidum এক্সট্রাক্টাম হেমেমেলেডিস লিকুইডাম।

" Extractum Hydsratis Liquidum এক্সট্রাকটাম হাইড্রাষ্টিস লিকুইডাম।

Fehlings solution ফেলিঙ্গস্ সোলুশন।

Solution of Potassio Cupric Tartrate সোল্যুশন অফ পটাসিও কিউপ্রিক টার্টেট।

Gelatinum জিলেটীনাম।

Glonoine solution of গ্লোনোইন সোল্যুশন।

Liquor Trinitrine লাইকর ট্রাইনিট্রিনী।

Nitroglyceinm solution of নাইট্রোগ্লিসরিন বা সোলিউশন।

Saccharin স্যাকারিন। (Glusidum)

Hamamelidis Cortex হেমেমেলেডিস কর্টেক্স

Folia ফোলিয়া।

Homatropinæ Hydrobromas হোমাট্রোপাইনী হাইড্রোব্রমাস।

Huile De Cade হুইলি ডি কেড।

Oleum Cadenum ওলিয়াম ক্যাডিনাম।

Hydrastes Rhizoma হাইড্রাষ্টিস রিজোমা।

Liquor Cocainæ Hydrochloratis লাইকর কোকেনি হাইড্রোক্লোরেটিস।

Liquor Morphenæ Sulphatis লাইকর মর্ফিনি সল-
ফেটিস।

Magnesii Sulphatis effervescence মেগনেসি সলফেটিস
এফার্ভেসেন্স।

Mixtura Olei Ricini মিশ্চ্যুরা ওলিয়াই রিসিনাই।

Paraldehydum প্যারাল্ডিহিডাম্।

Phenacetinum ফেনাসিটিনাম।

Phenazonum ফেনাজোনাম।

Picrotoxinum পাইক্রটক্সিনাম।

Pulvis Sodae Tartaratæ effervescence পলভিস সোডি
টার্টাস এফাভেসেন্স।

Seidlitz Powder সিডলিজ পাউডার।

Sodii Benzoas সেডিয়াই বেনজোয়াস।

" Nitris " নাইট্রিস।

" Phosphas effervescence " ফস্ফাস এফার্ভেসেন্স

" Sulphas effervescence " সলফাস এফার্ভেসেন্স

Stramonii folia ষ্ট্র্যামোনিয়াই ফোলিয়া।

Strophanthus ষ্ট্রোফ্যান্থাস।

Sulphonal সল্‌ফোন্যাল।

Suppositoria glycerini সাপোজিটোরিয়া গ্লিসেরিনাই।

Syrupus Ferri Subchloridi সিরাপস ফেরি সাবক্লো-
রিডাই।

Tincura Hamameledis টিংচুরা হেমেমেলিডিস।

" Hydrastis " হাইড্রাষ্টিস।

Strophanthi " ষ্ট্রোফ্যান্থাই।

Trochisci Sulphuris ট্রোচিসাই সালফিউরিস।

Unguontum Conii অঙ্গুয়েণ্টাম কোনিয়াই।

" Hamamelidis " হেমেমেলিডিস।

ক। ঔষধ দ্রব্যকে খণ্ড২ ও চূর্ণ করণ প্রক্রিয়া।

১। Crashing ক্রাশিং—ঔষধ দ্রব্যকে নিষ্পীড়িত বা মাড়িয়া কিম্বা ছেঁচিয়া লওয়া। আদা ছেঁচিয়া উহার রস বাহির করা ইহার দৃষ্টান্ত।

২। Communition কমিউনিউশন, কুট্টিত বা গুঁড়া করণ ডিককশন প্রস্তুত করিতে সিঙ্কোনা বার্ক কুট্টিত করা ইহার দৃষ্টান্ত। কলম্বা ও কোয়াশিয়া কর্ত্তিত করা এই প্রক্রিয়ার অন্তর্গত

৩। Contution কণ্টিউশন, নিষ্পেষণ, দৃঢ় ও কঠিন দ্রব্যকে চূর্ণ করিতে এই প্রক্রিয়া ব্যবহৃত হয়।

৪। Levigation লেভিগেশন দুইটী কঠিন পদার্থ দ্বারা কোন দ্রব্যকে সূক্ষ্মচূর্ণ করণকে লেভিগেশন বলে।

৫। Pulvarisation পালভারিজেশন, চূর্ণ করণ। ময়দা প্রস্তুতের কলের ন্যায় জাঁতা কলে অধিক পরিমাণ ঔষধ চূর্ণ করা হয়, অল্প পরিমাণ চূর্ণ করিতে আমরা পেষ্টল ও মর্টার ব্যবহার করিয়া থাকি। ব্রিটিশ ফার্ম্মাকোপিয়ার চূর্ণের সূক্ষ্মতানুসারে ১০ হইতে ৬০ নং ব্যবহৃত হয়। তার নির্ম্মিত ছাঁকনি বা চালনী চূর্ণ ছাঁকিবার জন্য ব্যবহৃত হয়। ছাঁকনি প্রস্তুতের তারের জাল গুলির ছিদ্র নম্বর অনুসারে ছোট বড় হইয়া থাকে। বিলাতী তারের ছাঁকনা কলে প্রস্তুত সুতরাং বিশেষ২ নম্বরের তারের জাল আগাগোড়া সমান হইয়া থাকে। এই প্রকার ভিন্ন২

তারের জালে ছিদ্রের আকার অনুসারে প্রতিইঞ্চি স্থানে নির্দ্দিষ্ট সংখ্যক সমান্তরাল তার থাকে এই তারের সংখ্যানুসারে জালের নং দেওয়া হয়, এমতে ৬০ নং চালনী বলিলে বুঝিতে হইবে। ঐ চালনীর প্রতি ইঞ্চি স্থান ৬০টী সমান্তরাল তারদ্বারা গঠিত। ১০ নং বলিলে ঐ পরিমাণ স্থানে ১০টী মাত্র তার আছে অর্থাৎ এই জালঅত্যন্ত পাতলা। ব্রিটিশফার্ম্মা কোপিয়ার যে পাউডারে যত নং উক্ত হয় তাহা তত নং ছাকনি দিয়া চালা হইয়াছে বুঝিতে হইবে।

৬। Trituration ট্রিটিউ রেশন। অল্পপরিমাণ ঔষধ দ্রব্যকে (উদূখল ও মূষল) পেষ্টল ও মর্টার সাহায্যে চূর্ণকরিয়া লওয়া হয়।

৭। Granulation গ্রাণুলেশণ—দস্তাধাতু তাপে গলাইয়া ফোটা২ করিয়া শীতল জলে নিক্ষেপ করিলে অথবা দস্তা গলাইয়া শীতলহওয়া পর্য্যন্ত লৌহখলে নাড়িলে দস্তাচূর্ণ প্রস্তুত হয়। রঙ্গ-ধাতু তাপে গলাইয়া কাষ্টের বাক্সে উত্তমরূপে আবদ্ধ করত কঠিন অবস্থা প্রাপ্ত নাহওয়া পর্য্যন্ত সঞ্চালন করিলে রঙ্গচূর্ণ প্রস্তুত হয়।

খ। ঔষধদ্রব্যকে পরিশোধন করিবার, প্রণালী।

১। Clarification ক্লারিফিকেশন বা নির্ম্মল করন যথা মধু ওয়াটার বাথে উষ্ণকরিয়া মন্থন করত পরিষ্কার ফ্লানেলদিয়া ছাকিয়া লওয়া। চিনি জলেগুলিয়া ফুটাইয়া দুগ্ধ মিশ্রিত করিয়া গাদ তুলিয়া ফেলা, নানা প্রকার তৈলে অগুলাল মিলাইয়া জলবেষ্টন যন্ত্র বা বাষ্পের তাপে উষ্ণ করিয়া ছাকিয়া লওয়া এই প্রক্রিয়ার অন্তর্গত।

২। Crystallization ক্রিষ্ট্যালিজেশন বা দানাবান্ধন দানাবান্ধিলে ঔষধ দ্রব্য নির্ম্মল ও খাঁটি হয়। যত ভিন্নবার দানাবান্ধাযায় ততই শোধিত হয়, প্রথমবারে দানাবান্ধাকে ক্রিষ্ট্যালি জেশন, ২য় বারের দানাবান্ধানকে রিক্রিষ্ট্যালি জেশন, ৩য় বারের দানাবান্ধাকে ট্রিপল ক্রিষ্ট্যালি জেশনবলে লুনারকষ্টিক বা নাইট্রেট অফ সিলভারের বাতি অবিশুদ্ধ এইদ্রব্যকে রিক্রিষ্ট্যা-লাইজড কিম্বা ট্রিপল ক্রিষ্ট্যালাইজড করিয়া লইলে পরিশুদ্ধ হয়। অন্যান্য দানাশীল লবণ সম্বন্ধেও এইরূপ। দানাশীল ঔষধ দ্রব্যের ঘনদ্রব হইতে ধিরে২ দানাবান্ধিলে ঐসকল দানা বৃহদায়তন, সুগঠন ও বিশুদ্ধ হয়। আর তাপদিয়া এতদূর ঘনকরাযায় যে উপরে সরপড়ে তদবস্থায় নামাইয়া দানাবান্ধিলে ঐ দানা শীঘ্রহয় এবং ক্ষুদ্র, অপূর্ণ গঠন ও সম্পূর্ণ নির্ম্মল হয়না। দানা সকলে কিয়ৎপরিমান জলথাকে তাহাকে ওয়াটার অফ ক্রিষ্ট্যালিজেশন বলে। লবণ সকলকে তাপদ্বারা শুষ্ককরিলে এইজলভাগ অন্তর হইয়া দানা সকলের আকার প্রকার নষ্টহয় এবং ঔষধদ্রব্য সকল অপেক্ষাকৃত তীব্রহয়, এলম এক্সিকেটম, ফেরিসলফাস এক্সিকেটা ইহার দৃষ্টান্ত। কতকগুলি লবণ জলশোষক জল বা বাষ্পের সংশ্রব পাইলে আর্দ্র হইয়া যায়, ইহাদিগকে "ডেলিকোয়েসেণ্ট" জলাকর্ষক কহে। এসিটেট্ অফ পটাশ, ক্লোরাইড অফ্জিঙ্ক, এই প্রকারের লবণ। কতকগুলি লবণ ইহার বিপরীত ইহারা জলভাগ ত্যাগকরিয়া শুষ্ক হইয়া যায় ইহাদিগকে ইফ্লোরেসেণ্ট বলে, বোরাক্স, ফস্ফেট অফ্ সোডা, এলম এই প্রকার কতকগুলি লবণ উক্ত দুই প্রকারের অন্তর্গত নহে ইহারা জলভাগ ত্যাগও করেনা এবং জলশোষকও নহে ইহাদের দানা বরাবর সমান

থাকে ইহাদিগকে স্থায়ী লবণ বলে নাইট্রেট অফ পটাশ, কার্ব্বনেট অফ্ জিঙ্ক, ফস্ফেট অফ আয়রণ এই শ্রেণীর অন্তর্গত।

৩। Distillation ডিষ্টিলেশন চুয়াণ—যেসকল দ্রব্য উত্তাপে বাষ্পহয় তাহাদিগকে তাপে অনুদ্বায়ী দ্রব্য হইতে পৃথক্ করিবার জন্য চূয়ান প্রক্রিয়া ব্যবহৃত হয়। সুরা, বায়ীতৈল মিনারেল এসিডস গুজল প্রভৃতি চুয়াইয়া প্রস্তুত ও শোধিত হয়। যেসকল দ্রব্য চুয়াইলে অবিকৃত ভাবে ঐএকই দ্রব্যই চুয়াইয়া আইসে, তাহাদের চুয়ানকে সিম্পল ডিষ্টিলেশন বলে। যথা জল, তার্পিনতৈল ইত্যাদি। যেসকল দ্রব্য হইতে ভিন্নং তাপে নানাপ্রকার দ্রব্য চুয়াইয়া আইসে তাহাদের চুয়ান প্রক্রিয়াকে অংশতঃ চুয়ান "ফ্রাকশনেল ডিস্‌টিলেশন বলে" পিট্রোলিয়ম চুয়াইয়া কেরসিন তৈল, সফট্ পেরাফিন হাডপেরাফিন প্রাপ্ত হওয়া ইহার দৃষ্টান্ত। যেসকল দ্রব্য চুয়াইলে ঐদ্রব্য নষ্ট হইয়া অন্যদ্রব্য চুয়াইয়া আইসে তাহাদের চুয়ানকে ডেস্‌ট্রকটিভ ডিসটিলেসন বলে, কাষ্ঠচুয়াইয়া এসিটিক এসিড এবং ক্রিয়েজোট প্রস্তুত করা ইহার দৃষ্টান্ত।

৪। Sublimation সবলিমেশন ঊর্দ্ধপতিত করণ। যেসকল কঠিন দ্রব্য উত্তাপে সূক্ষ্মং কণাকারে উড়িয়া যায় যথা কার্ব্বনেট অফ্ এমোনিয়া, কর্পূর কেলোমেল, আসিনিয়স এসিড, পারদ প্রভৃতি দ্রব্য এই প্রক্রিয়ায় শোধিত ও প্রস্তুত করাহয়।

৫। Filtration ফিলট্রেসন, ছাঁকন, কোন দ্রব দ্রব্যে কঠিন ময়লা মিশ্রিত থাকিলে তাহা ছাঁকিয়া পৃথক করা যায়, ফিলটার বালু, ফ্লানেল, কেলিকো কাপড়, অঙ্গার, কাষ্ঠচূর্ণ গ্লাশউল্, সবেশটোজ প্রভৃতি দ্রব্য ফিল্টার জন্য ব্যবহার হয়।

জলে অদ্রবনীয় এবং জলসংযোগে নষ্ট হয় না এপ্রকার দ্রব্যের চূর্ণকে জলের সাহার্য্যে সূক্ষতার তারতম্য অনুসারে পৃথক করা যায়। দ্রব্যের চূর্ণ, জলে মিশাইয়া রাখিলে চূর্ণের স্থূলতানুসারে ভারীকণা সকল অগ্রে অধঃস্থ হয় সূক্ষতর কণা জলে ভাষমানথাকে উহারা অনেক বিলম্বে অধঃস্থ হয়। অতএব কিছুক্ষণপরে উপরিস্থ জল পাত্রান্তর করিলে প্রথম পাত্রে অধঃক্ষিপ্ত মোটাকণা ও ২য় পাত্রে অধঃক্ষিপ্ত সূক্ষ কণা প্রাপ্ত হওয়া যায়, উপরের জলভাগ অন্তর করিয়া উহাদিগকে ব্যবহার করা যাইতে পারে। কার্ব্বনেট অফ লাইম এই প্রকারে সূক্ষ চূর্ণ করা হয়। একটী চূর্ণের মধ্যে ভিন্ন ২ ভারবিশিষ্ট দ্রব্য থাকিলে তাহাদিগকেও এই প্রণালীতে পৃথক করা যায়, প্রস্তর চূর্ণও বালু হইতে স্বর্ণ রেণু এই প্রকারে পৃথক করা হয়। চক হইতে প্রিয়েয়ার্ডচক এই প্রক্রিয়ায় প্রস্তুত হয়।

Washing ধৌত করণ এই প্রক্রিয়া দ্বারা অধঃস্থ পদার্থ, ও অবিশুদ্ধ দানা ফিল্টার কাগজ করিয়া wash bottle দ্বারা ধৌত করা যায়। লম্বা কাচ পাত্রে অধঃক্ষেপ রাখিয়া জলসংযোগে পুনঃ২ ধৌত করত জল স্থিরভাবে রাখিয়া অধঃক্ষেপ নীচেসংযত হইতে দিয়া, উপরিস্থ জল ঢালিয়া ফেলা।

গ। ঔষধ দ্রব্যকে অন্য দ্রব্য হইতে পৃথক করা।

১। Decantation ডিক্যান্টেশন্ কোন পাত্রের তলে কঠিন পদার্থ সঞ্চিত থাকিলে ও উপরে তরল অংশ থাকিলে ও তরল অংশকে এরূপ শাবধানে পৃথক করা যায় যেন ঐ কঠিন দ্রব্য তরল দ্রব্যের সহিত মিশাইয়া নাযায়। এতদর্থে, সাইফন পিপেট ও পিচকারি এবং এস্পিরেটার ব্যবহৃত হয়।

২। Digestion ডিজেশ্চন ঔষধের সারাংশ ইত্যাদি দ্রব কারক দ্রবকে উহার স্ফুটন তাপের ন্যূণউত্তাপে নির্দ্দিষ্ট কাল উষ্ণ করিয়া তাহাতে ঔষধ দ্রবের সারাংস দ্রব করিয়া লওয়াকে ডিজেশ্চন বলে। ডিককশন হইতে ইহার প্রভেদ এই যে ডিককশন প্রস্তুত করিতে দ্রব কারক দ্রব্যকে নিদ্দিষ্ট কাল ফুটাইয়া তদ্দারা ঔষধ দ্রব্যের সারাংশ গ্রহণ করা হয়।

৩। Percolation পার্কোলেশন ঔষধ দ্রব্যের চূর্ণের মধ্য দিয়া সারাংশ দ্রব কারক দ্রব্য ক্রমে ক্রমে চালিত করিয়া উহার নীচের ছাকনিবং সূক্ষ্মছিদ্র বা বুটিংকাগজাদি দ্বরা এরূপ ভাবে ছাকিবে যেন তরল অংশ মাত্র চুয়াইয়া পাত্রন্তারিত হয়।

৪। Maceration ম্যাসিরেশন। সাধারণ উত্তাপে ঔষধ দ্রব্য বা তাহার সারাংশ দ্রবকারক দ্রব্য কোন তরল পদার্থে দ্রব করিয়া লওয়াকে ম্যসারেশন্ বলে।

৫ Lexiviation লিক্সিভিয়েশন—ঔষধ দ্রবের দ্রবনীয় পদার্থ হইতে অদ্রবনীয় পদার্থ পৃথক করা যায়। এই প্রক্রিয়া জন্য সচরাচর জল ব্যবহৃত হয়।

৬। Evaporaton ইভাপোরেশন। ঔষধ দ্রবকে উত্তাপ দ্বারা শুষ্ক করিয়া লওয়াকে ইভাপোশন বলে। তাপদ্বারা জল, সুরা প্রভৃতি দ্রব্য বাষ্পাকারে উড়িয়া যায়। কখন ২ যন্ত্রদ্বারা বায়ুচাপ কমাইয়া অল্পতাপে অধিক বাষ্প অন্তর করা যায়।

৭। Elutriation ইলুট্রিয়েশন বা ধৌত করনদ্বারা কোন চূর্ণ দ্রব্য পৃথক করা। যে সকলচূর্ণ জলেদ্রব হয়না ও জলসংযোগে যাহারা বিকৃত হয়না এরূপ দ্রব্যের চূর্ণ জলে মিলাইয়া অল্পক্ষণ স্থির ভাবে রাখিলে অপেক্ষাকৃত বৃহৎ সুতরাং ভারি কণা-

সকল পাত্রের নীচে পড়িয়া যায়, সূক্ষ্ম কণাসকল জলে ভাষমান থাকে এইজল অন্তর করিয়া শুষ্ক করিয়া লইলে সূক্ষ্ম দানা সকল প্রাপ্ত হইয়া যায়। স্থিতাইবার সময়ের তারতম্য অনুসারে দানা সূক্ষ্ম হইতে সূক্ষ্মতর করাযায়। ভিন্ন২ ভার বিশিষ্ট দ্রব্যের চূর্ণ এই উপায়ে পৃথক করাযায় যথা চাখড়ি হইতে প্রস্তর কঙ্কর ইত্যাদি।

৮। Precipitation প্রিসিপিটেশন। দ্রবদ্রব্যকে অদ্রব অবস্থা প্রাপ্ত হইতে দিলে তাহা দ্রাবক হইতে পৃথক হইয়া থাকে —যথা ক্লোরাইড অফ্ কেলসিয়ম দ্রবে কার্ব্বনেট অবসোডা যোগ করিলে কার্ব্বনেট অফ্ লাইম পৃথক হইয়া অধঃস্থ হয়। প্রিসিপিটেড্ সল্‌ফর ও ঐ প্রকার।

৯। Solution, সলিউশন, দ্রব। ঔষধ দ্রব্যকে দ্রবকরা ইহা জল, সুরা, শির্কা,ঈথর প্রভৃতির দ্রব্যে দ্রব করিয়া ব্যবহৃত হয়।

১০। Saturation স্যাচুরেশন। চূড়ান্ত বা পূর্ণ করণ মনেকর যে রূপ একটী টাকা পূর্ণ করিতে ষোল আনা আবশ্যক ৮৶১৯৮০ হইলেও তাহা পূর্ণ একটাকা নহে সেরূপ যদি একসের জলে তিনছটাক চিনি দ্রব হইতে পারে তিনছটাক অপেক্ষা কিঞ্চিৎ অধিক দিলেই তাহা আর দ্রব হইবে না এরূপ অবস্থায় একসের জলে তিন ছটাক চিনি দ্রব করিলে তাহা চিনির চূড়ান্ত দ্রব হইল। দ্রবকারি দ্রব্য যে ঔষধ যে পরিমাণ উদ্ধসংখ্যাদ্রব রাখিতে পারে তাহাই চূড়ান্ত দ্রব।

১১। Nutrilozation নিউট্রেলাইজেশন, সমক্ষারাম্ল করণ। ক্ষারের সহিত অম্ল ও অম্লের সহিত ক্ষার মিলিয়া লবণ প্রস্তুত

হয়। যে ক্ষারের যত টুকু অম্লের সহিত মিলিলে উহার ক্ষারত্ব সম্পূর্ণ নষ্ট হয়, কিম্বা যে অম্লের সহিত যত টুকু ক্ষার মিলিলে উহার অম্ল ও সম্পূর্ণ নষ্ট হয় ও তাদের তত পরিমাণ মিলনঅবস্থাকে সমক্ষারম্ল বলে।

প্রয়োগরূপ সকল (Preparations)

১। এসিটম, Acetum ভিনিগার Vinegar শির্কা—ঔষধ দ্রব্যকে শির্কায়ে ভিজাইয়া ছাঁকিয়া লইলে সারভাগ শির্কাতে দ্রব হইয়া যায়। স্কুইল ও কেম্থারি ডিসের এসিটম আছে।

২। একোয়া Aqua ওযাটার Water জল। এই প্রয়োগরূপ অতিশয় মৃদু কারণ ঔষধ দ্রব্যের সারাংশ অতি অল্প পরিমাণে জলে দ্রব থাকে। ফার্ম্মাকোপিয়ায় ২ প্রকার উপায়ে একোয়া প্রস্তুত হয় ১ম উদ্ভিদের ফল, ফুল, পত্র, শাখাগ্র প্রভৃতি জলের সহিত মিলাইয়া চুয়ানযন্ত্রদ্বারা ঐ জলের কিয়দংশ চুয়াইয়া লইতে হয়, অরেঞ্জ ফ্ল ওয়ার, ডিল, কেরওয়ে, সিনেমন ফেনেল, চেরিলয়েল পাইমেণ্টো, রোজ ও এলডার ফ্লাওয়ার ওযাটার এই প্রকারে প্রস্তুত হয়। ২য়। উদ্ভিদ্ হইতে প্রস্তুত বায়ী তৈল জলের সহিত মিলাইয়া ঐ জলের কিয়দংশ চুয়াইতে হয়, পেপার মিণ্ট, স্পিয়র মিণ্ট এই দুইটী ঔষধের জল এই প্রকারে প্রস্তুত হয়। কর্পূর জলে ভিজাইয়া একোয়া কেম্ফর ও ক্লোরফরম জলে দ্রব করিয়া একোয়া ক্লোরোফরম প্রস্তুত হইয়া থাকে। সুধারণ জল চুয়াইলে নির্ম্মল হয়, ইহাকে ডিষ্টিল্ড ওয়াটার বা চুয়ান জল কহে।

৩। ক্যাটাপ্লাজমা, Cataplasma পুল্টিস, Poultice

ইহারা কোমল ও আর্দ্রদ্রব্য, স্থানিক ব্যবহার হয়, কোনস্থান আর্দ্র ও উষ্ণ রাখিতে সচরাচর প্রয়োজন হয়, কিন্তু কখনং উহাদের সহিত ঔষধদ্রব্য মিশ্রিত করিয়া বিশেষ কার্য্যের জন্যও ব্যবহার হইয়া থাকে। ফার্ম্মাকোপিয়ার প্রচলিত পুল্টিসের প্রধান উপাদান তিসীর খইল, ইহা অমিশ্র বা ময়দা মিশ্রিত করিয়া ব্যবহার হয়, কাট প্লাজমা ফর্ম্মেনটাই প্রস্তুত করিতে ১০০ তাপের জল ব্যবহার হয়। অন্যগুলিতে ফুটিত জল ব্যবহার হইয়া থাকে। তৈল নিষ্পীড়ন করিয়া তিসির খৈল হইতে পুল্টিশ তৈয়ার করিলে উহার সহিত কিছু অলিভ অয়েল মিশ্রিত করা আবশ্যক। ময়দার পরিবর্তে পাঁউরটী ও গোধুম চূর্ণ ব্যবহার হইতে পারে। ক্যাস্কেরা, কোনায়াম, ইষ্ট, লিনসীড, সিনাপিস, সোডা ক্লোরিনেটি, এই ৬টী প্রকারের পুল্টিস আছে।

৪। কার্টা। Charta পেপার, Paper কাগজ। ঔষধ দ্রব্যকে বিশেষ প্রকার আঠাল দ্রব্যের সহিত মিশাইয়া কাগজের একপৃষ্ঠে মাখাইয়া প্রস্তুত হয়। এই কাগজ শুষ্ক করিয়া রাখিয়া দিলে প্রয়োজনমত ব্যবহার করা চলে। সিনাপিস (ক্যান্থারিডস) ইপিস পাসটীকা এই দুইটী কার্টা আছে।

৫। কনফেকশিও। Confectiones কনফেকশন, Confection ইলেকচুয়েরি, কনজ ও খণ্ড। মধু, শর্করা ও শর্করার পাক দিয়া ঔষধের খণ্ড প্রস্তুত হয়। পিলবা বটিকা প্রস্তুত, জলে অদ্রবনীয় বা অল্প দ্রবনীয় ঔষধ সকল বৃহৎ মাত্রায় ব্যবহার প্রয়োজন হইলে কনফেকশনরূপে ব্যবহার হয়। অহিফেন, পিপার, রোজি কেনাইনি, রোজি গেলিসি, স্কেমনি, সেনা, সলফর এই ৮টীর কনফেকশন আছে।

৬। ডিককটম, Decoctum ডিককশন, Decoction ক্বাথ, পাচন। ঔষধদ্রব্যজলের সহিত ফুটাইলে সারাংশ জলে মিশ্রিত হয়, এই জলকে ডিককশন কহে ফাম্মাকোপিয়ার অধিকাংশ ডিককশন ১০—২০ মিনিট ফুটাইয়া প্রস্তুত হয়, কোন২টী ১ ঘণ্টাকাল ফুটাইবার প্রয়োজন। ডিককটম গ্রানেটাই প্রস্তুত করিতে ২পাইণ্ট জল ফুটাইয়া একপাইণ্ট করিতে হয়। উক্ত জলে ঔষধ দ্রব্যের সার ভাগের দ্রবনীয়তানুসারে ফুটানের কালের ও ইতর বিশেষ করা আবশ্যক। দীর্ঘকাল ফুটাইলে ঔষধ দ্রব্যের গুণ খর্ব্ব বা নষ্ট হয়। উষ্ণ জলে ফুটাইলে ঐ তাপে যে সকল ঔষধের গুণ নষ্ট হয় না কেবল তাহাদিগেরই ডিককশন হয়। ঔষধ দ্রব্যে উদ্বায়ী দ্রব্য থাকিলে ডিককশন প্রস্তুত কালে তাহা অন্তর্হিত হয়। অধিকাংশ ডিককশন উষ্ণ থাকিতে ছাঁকিতে হয়, নচেৎ শীতল হইলে সারদ্রব্য জলেদ্রব না থাকিয়া পৃথক হইয়া পড়ে। যাবতীয় ডিককশন উদ্ভিদ দ্রব্যাদিতে প্রস্তুত হয়। একটী ঔষধ দিয়া ডিককশন প্রস্তুত হইলে তাহাকে সিম্পল বা অমিশ্র ক্বাথ কহে, একাধিক দ্রব্য থাকিলে কমপাউণ্ড বা মিশ্র ক্বাথ বলে। ফাম্মাকোপিয়ার সার্জ্জা ও এলোজের ক্বাথ মিশ্র। এভিন্ন সিট্রেরাই, সিঙ্কোনি, গ্রানেটাই, হিমাটক্সিলাই, হর্ডিয়াই, পেপেভরিস, কোয়ার্কস, সাল্ভি, স্কোপেরাই, টেরাক্সেসাই, এই ১০টী অমিশ্র ক্বাথ আছে।

৭। এমপ্লাষ্ট্রম, Emplastrum প্লাষ্টার, Plaster পলস্ত্রা।—তৈল সাবান, মোম মুদ্রাশঙ্খ প্রভৃতি দ্রব্য অগ্নিতাপে গলাইয়া আঠাল দ্রব্য প্রস্তুত হয় এই আঠালদ্রব্য সহিত ঔষধ দ্রব্য মিলাইলে ঐ ঔষধের পলস্ত্রা হয়। কোন স্থান আবৃত রাখিতে বা ঔষধ দ্রব্য ক্রমে২ স্থানিক ক্রিয়া প্রকাশ করিবার প্রয়োজন হইলে কিম্বা

কোন স্থানে চাপ প্রয়োগ কি কর্ত্তিত অস্থ একত্র রাখা জন্য পলস্ত্রা ব্যবহৃত হয়। এমোনায়েসাইকম হাইড্রার্জাইরো, বেলেডোনি কেলিফেসিয়েন্স, কেবি, গেলবেনাই, হাইড্রার্জইরাই, ওপিয়াই, পাইসিস, প্লম্বাই, প্লম্বাই আইওডিডাই' রেজিনি, সেপোনিস, সেপোনিস কাম্ফাম এই ১৪টী এম্প্লাষ্ট্রম আছে।

৮। এসেনসিয়া, Essentia এসেন্স। Essence ১ ভাগ ঔষধ দ্রব্যের তৈল ৪ ভাগ রেক্‌টি ফাইড (সোধিত) সুরাতে দ্রব করিয়া প্রস্তুত হয়। পেপারমিণ্ট ও এনিসি এই দুইটীর এসেন্স আছে। ঔষধ দ্রব্যের তৈল জলের সহিত মিলিত হয় না, কিন্তু স্পিরিট সহিত মিলাইয়া এসেন্স করিলে জলে প্রায় দ্রবনীয় হয়।

৯। এনিমেটা, Enemata এনিমা Enema (ক্লিষ্টার) পিচকারি। ঔষধ দ্রব্য গুহ্যদেশে প্রয়োগ করিবার জন্য এনিমা ব্যবহার হয়। এলোজ, এসাবিটিডা, মেগনেশি সলফেটিস, ওপিয়াই, টেবিবিস্থিনি, এই ৫টীর এনিমা আছে। এসাফিটিডা বা হিঙ্গের পিচকারি জলের সহিত প্রস্তুত হয়, অবশিষ্ট গুলি মিউসিলেজ অফ্‌ষ্টার্চ বা শ্বেত সারের মণ্ডের সহিত প্রস্তুত হইয়া থাকে।

১০। এক্সট্রাকটম, Extractum এক্সট্রাক্ট, Extract সার। ইহা ৬ প্রকার। (১) ফ্রেস বা গ্রীন এক্সটাক্ট (সদ্য বা হরিত সার। সরস পত্র হইতে রস বাহির করিয়া ১৩০ ফাং তাপে উষ্ণ করিবে তাহাতে হরিত বর্ণ পদার্থ সংযত হইবে ইহাকে ছাকিয়া স্বতন্ত্র রাখিবে রসকে ২০০ ফাঃ তাপে উষ্ণ করিলে এলবিউমেন (অণ্ডলাল) সংযত্ত হইবে, অণ্ডলাল ফিল্টার করিয়া অন্তর করিবে ছাঁকারন ১৪০ ফাঃ অনধিক তাপে শর্করার পাকের মত ঘন

ইহাকে উপযুক্তরূপ ঘন করিয়া লইবে। সরস বল্কল ও মূলাদির রস লইলে উহাকে একবারে ২১২ ফাঃ তাপে উষ্ণ করিয়া সংযত এলবিউমেন পৃথক করিবে। ছাঁকিয়া ছাকা রস ১৬০ তাপে উপযুক্ত ঘন করিবে। একোনাইট, বেলেডোনা, কোনায়ম, হায়েসায়েমস, ল্যাকটিউকি, কলচিকম, টেরাক্সিনাই এই ঔষধগুলির গ্রিণ এক্সট্রাক্ট আছে।

(২) ওয়াটারি এক্সটাক্ট জলীয়সার।—শুষ্ক ঔষধ দ্রব্যকে শীতল বা স্ফুটিত জলে ভিজাইলে সারভাগ জলে দ্রব হয়। এই জল ছাঁকিয়া উপযুক্ত রূপ ঘন করিলে সার প্রস্তুত হয়। বার্বেডোজ এলোজ, সকটাইন এলোজ, এস্থিমিডিস, কেসকেরি সেগরেডি, জেনসিয়েনি, গ্লিশরহিজি, হিমাটক্সিলাই, ক্রামারি, ওপিয়ম, পেরেয়া, কুয়াসিয়া। এই ঔষধ গুলির সার এই নিয়মে প্রস্তুত।

(৩) লিকুইড এক্সট্রাক্টম, তরলসার। অধিক পরিমাণ শীতল জলে ভিজাইয়া ঔষধ দ্রব্যের সারভাগ দ্রব করত ছাঁকিয়া ঐ জল ঘন করিতে হয়, ইহার সহিত স্পিরিট যোগ করিয়া রাখিয়া দিলে পচিয়া যাইতে পারে না। বেল, কেসকারা সেগরেডা, সিমিসি ফিউজি, সিঙ্কোনা, কোকে, আর্গট, ফিলিসিস, গ্লিশরহিজা, ওপিয়াই, পেরেরা রামনি ফ্রাঙ্গুলি, সার্জা, টেরাক্সিকম এইগুলির লিকুইড এক্সট্রাক্ট আছে।

(৪) সুরাঘটিত সার বা এলকোহলিক এক্সট্রাক্ট।—রেক্টিফাইড বা প্রুফ স্পিরিটে ভিজাইয়া ঔষধ দ্রব্যের সারভাগ দ্রব করতঃ ছাঁকিয়া সুরা চুয়াইয়া লইলে সার অবশিষ্ট থাকে। বেলেডোনা, কলম্বা, ক্যানাবিস ইণ্ডিকা, কেসকেরি সেগ্রেডি, কলো

সিষ্ঠ, জেলসিমাই, জেবরাণ্ডি, জালাপ, লপুলাই, নক্সভমিকা, পেপেভরিস, কেলেবারবিন, রামনাই ফ্রাঙ্গুলি, রিয়াই, ষ্ট্রেমো-নিয়ম এইগুলির সার এই উপায়ে প্রস্তুত।

(৫) ঈথরিয়েল এক্সট্রাক্ট—ঈথরে ঔষধ দ্রব্যের সারাংশ দ্রব করিয়া, ছাকিতে হয়, তারপর ঈথর চুয়াইয়া লইলে বা মৃদুতাপে উড়াইয়া দিলে সার অবশিষ্ট থাকে। ঔষধ দ্রব্যে তৈলাক্ত দ্রব্য অধিক থাকিলে এই প্রকারে সার প্রস্তুত করিতে হয়। এক্সট্রাক্ট ফিলিসিক লিকুইডা প্রস্তুত করিতে ঈথরে সারদ্রব্য দ্রব করিয়া লইতে হয়। আর এক্সট্রাক্ট ষ্ট্রামোনিয়ম প্রস্তুত করিতে উহার তৈলভাগ অন্তর করিবার জন্য ঈথর ব্যবহৃত হয়।

(৬) এক্সট্রাক্টম মেজিরাই ইথিরিয়ম প্রস্তুত করিতে রেক্টি-ফাইড স্পিরিট ও ঈথর ব্যবহৃত হয়। এক্সট্রাক্টম কলচিসাই এসিটিকম প্রস্তুত করিতে এসিটিক এসিডে সারদ্রব্য দ্রব করিয়া লওয়াযায়।

১১। গ্লাইসিরাইনম, Glycerinum গ্লিশিরিণ Glycerine—গ্লিশরিণ ও গ্লিশরিণ এবং জল সহ খলে মর্দ্দন করিয়া ঔষধদ্রব্য দ্রব করিয়া লইতেহয়। প্রয়োজন হইলে মৃদুতাপ দিয়া সম্পূর্ণ দ্রবকরিতে হয়। কার্ব্বলিক এসিড, গ্যালিক এসিড, টেনিক্স এসিড, এলম বোরাক্স, সব এসিটেট অফ্ লেড, ষ্টার্চ্চ, ট্রাগেকাস্থ এই ৮টীর গ্লিশরিণ আছে। এইগুলি স্থানিক ব্যবহার হয়।

১২। ইনফিউশা, Infusa, ইনফিউশন Infusions ফাণ্ট, ঔষধ দ্রব্যকে জলে ভিজাইয়া ছাঁকিয়া লইলে, ঔষধের দ্রবনীয় অংশ জলে দ্রব হয়, এই জল ব্যবহার করা যায়। অধিকাংশ ইনফিউশন প্রস্তুত করিতে ফুটিত ডিষ্টিল্ড ওয়াটার ব্যবহার হয়, ঔষধ দ্রব্যের দ্রবনীয়তানুসারে ১০ মিনিট হইতে ৪ ঘণ্টা কাল

ভিজান আবশ্যক। ইনফিউশন চিরতা ও কম্পেশিয়া প্রস্তুত করিতে ১২০ ফাং উষ্ণজল ব্যবহার হয়। ইনফিউশন কলম্বা ও কুয়াসিয়া প্রস্তুত করিতে শীতলডিষ্টিল্ড ওয়াটার ব্যবহার করা কর্ত্তব্য। কলম্বা মধ্যে শ্বেতসার থাকে, এজন্য শীতল জলে ইনফিউশন করাতে শ্বেতসার দ্রব হইতে পারেনা। লৌহের পার-সল্ট যোগে কলম্বা ও কুয়াশিয়ায় ইনফিউশন ব্যতীত অন্যান্য ইনফিউশন ঘোর বর্ণ হয়। এন্থিমিথিস, অবেনসাই, অরেন-সাই কম্পজিটম, বুকু, কলম্বা, কেরিওফাইলাই, কেসকেরিলা, কেটিকিউ, চিরেতা, সিঙ্কোনিএসিডম, কম্পেরাই, কুশো, ডিজি-টেলিস, আর্গটি, জেনসিয়েনি কম্পজিটম, জেবরাণ্ডি, ক্রামারি, লিনাই, লপুলাই, মেটিকি, কোয়াসিই, রিয়াই, রোজি এসিডম, সেনেগি, সেনি, সার্পেণ্টরি, ইউভিয়র্সাই ভেলিরিয়েনি, এই কয়টীর ইনফিউশন আছে।

১৩। Injections Hypodermica ইনজেকশিয়েন হাই-পোডার্ম্মিকা, হাইপোডার্ম্মিক ইনজেকশন, চর্ম্মাভ্যন্তরে পিচকারী। —রোগী ঔষধ খাইতে অক্ষম হইলে, অথবা শীঘ্র ঔষধের ক্রিয়া প্রকাশ আবশ্যক হইলে কিম্বা কোন স্থানে ঔষধের স্থানিক ক্রিয়া প্রকাশ প্রয়োজন হইলে এই প্রকারে ঔষধ ব্যবহার হয়।—১০-২০ মিনিম মাত্র ঔষধ এই উপায়ে একবারে প্রয়োগ করা হয়, কিন্তু প্রয়োজন হইলে পুনঃ২ ব্যবহার করা যাইতে পারে। সূক্ষ্ম কাচ নলের পিচকারিতে তীক্ষ্ণাগ্রনাল যুক্ত সূচী সংযুক্ত যন্ত্র হাই পোডার্মিক সিরিঞ্জ) এই জন্য ব্যবহার হয়। এট্রোপিনি (৫০ ভাগে ১ভাগ) আর্গটিনি (২ভাগে ১ভাগ) মর্ফিনি (১০ ভাগে ১ ভাগ) এইতিনটীর হাইপোডার্ম্মিক ইনজেকশন আছে।

১৪। ল্যামেলি, Lamelao ডিস্ক, Disks ক্ষুদ্র পাতলা চাক্তি—গ্লিশরিন সংযুক্ত জিলেটিনের চাক্তি। ইহা এত পাতলা ও ক্ষুদ্র যে প্রত্যেকটী ওজনে $\frac{1}{50}$ গ্রেণ। এইগুলি ঔষধ দ্রব্য সংযুক্ত করা হয়। এট্রোপাইনি প্রত্যেকটীতে $\frac{1}{5000}$ গ্রেণ। কোকেইনি প্রত্যেকটীতে $\frac{1}{200}$ গ্রেণ, ফাইজসটিগমেনি (ইসেরিনি) $\frac{1}{1000}$ গ্রেণ সংযুক্ত। ইহারা চক্ষু রোগের চিকিৎসায় সচরাচর ব্যবহার হয়।

১৫। লিনিমেণ্টম, Linimentam লিনিমেণ্টস, Liniments এমব্রোকেশন) মর্দ্দন।—তৈল ও সাবান যুক্ত ঔষধ গাত্রের কোনস্থানে মর্দ্দন রূপে ব্যবহারকে লিনিমেণ্ট কহে, কিন্তু স্পিরিটাদি সংযুক্ত যাবতীয় তরল বাহ্য প্রয়োগকে কার্ম্মাকোপিয়ায়লিনিমেণ্ট কহে। একোনিটাই, এমোনি, বেলাডনি, কেলসিস, কেম্ফরি, কেম্ফরি কম্পজিটম, ক্লোরো ফর্ম্মাই, ক্রোটনিস, হাইড্রার্জ্জাইরাই, আইওডাই, ওপাই, পটাসি আইওডাই কমসেপোন, সেপোনিস, সিনাপিস কম্পজিটা, টেরিবিন্থিনি, টেরিবিন্থিনি এসিটিকম, এই ১৬টী লিনিমেণ্ট আছে।

১৬। লাইকর, Liquores সলিউশন, Solutions দ্রব।—উগ্র ঔষধ সকলকে জল, সুরা প্রভৃতির সহিত বিশেষ পরিমাণে মিশাইয়া উহাদিগকে সুবিধা মত ব্যবহার করা যাইতে পারে এই প্রকার তরল প্রয়োগরূপকে লাইকর কহে। এসিডাই ক্রোমিসাই, এমোনি, এমোনি ফর্সিয়র, এমোনি এসিটেটিস, এমোনি এসিটেটিস ফর্সিয়র, এমোনিসাইট্রেটিস, এমোনিসাইট্রেটিস ফর্সিয়র, এথিলস, ই ক্লোরিডাই, আর্সিনিকেলিস, আর্সিনিসাই হাইড্রোক্লোরিকস, আর্সিনিসাই এট্হাইড্রার্জ্জাইরাই আইওডিডি,

এট্রোপাইনি সলফেটিস, বিসমথাইএট্ এনোনাই সাইট্রেটিস, কেলসাই ক্লোরিডাই, কেলসিসি, কেলসিস ক্লোরিনেটি, কেলসিস, কেলসিস ক্লোরিনেটী, কেলসিস সেকেরেটম, ক্লোরাই, ইপিস-পাসটিকস, ফেরি এসিটেটিস, ফেরি এসিটেটিস ফসিয়র, ফেরি ডায়েলাইজেটস, ফেরি পারক্লোরিডাই, ফেরি পারক্লোরিডাই ফর্সিয়র ফেরি পারনাইট্রেটীস, ফেরি পারসলফেটিস, গটাপর্চ্চা, হাইড্রার্জ্জাইরাই নাইট্রেটিস এসিডস, হাইড্রারর্জ্জাইরাই পারক্লো-রিডাই, আইওডাই, লিথিএকারভেসেন্স, মেগনেসি কার্ব্বনেটিস, মর্ফিনি হাইড্রোক্লোরেটিস, প্লম্বাই সব এসিটেটিস, প্লম্বাই সব এসিটেটিস ডাইলিউটস, পটাসি, পটাসি একারভেসেন্স, পটাসি পারমেনগেনেটিস, সোডি, সোডিক্লোরিনেটি, সোডি একারভেসেন্স, সোডি আর্সিনারেটিস, সোডি ঈথাইলেটিস, ষ্ট্রিকনাইনি হাইড্রোক্লোরেটিস, জিনসাই ক্লোরিডাই।

১৭। লোসিও, Lotio লোসন, Lotions ধৌত।—ঔষধ দ্রব্যকে জলের সহিত মিলাইয়া ক্ষতাদি ধৌত করা হয়। লোসিও হাইড্রার্জ্জাইরাই ফ্লেভা ও লোসিও হাইড্রারর্জ্জাইরাই নাইগ্রা এই দুইটী লোসন আছে।

১৮। মেল, Mel, হনি, Honey মধু।—মধুর সহিত ঔষধ দ্রব্য মর্দ্দন করিয়া মিলাইতে হয়। প্রয়োজন মত অন্য দ্রব্যও সংযুক্ত করা হয়। মেল বোরেসাই মাত্র ফার্ম্মাকোপিয়ায় প্রচলিত।

১৯। মিশচুরি, Misture মিক্শচার, Mixtures মিশ্র। জলে অদ্রবনীয় ঔষধ দ্রব্যকে গঁদ, শর্করা প্রভৃতি দ্রব্যের সহিত জলেমর্দ্দন

করিয়া ব্যবহার করা হয়। যে সকল ঔষধে আঠাল দ্রব্য থাকে তাহাদিগকে জলের সহিত মর্দ্দন করিলেই হয়। মিসচুরা গোয়েকম ও এমোনায়েকম গঁদযুক্ত দ্রব্য বলিয়া জলের সহিত মর্দ্দন করিলে মিক্সচার হয়, মিশ্চুরা স্কেমনি দুগ্ধ দিয়া প্রস্তুত হয়। এমোনায়েসাই, এমেগডেলি; ক্রিয়ে ক্রোটাই, ক্রিটি, ফেরি এরোমেটিকা, ফেরিকম্পজিটা, গোয়েসাই, স্কেমনাই সেনিকম্পজিটা, স্পিরিটাস ভাইনাই গেলিসাই। এইকয়টী মিক্শ্চার আছে।

২০ Mucilagines মিউসিলেজিনিস, মিউসিলেজ, Mucilages মণ্ড।—গঁদ, শ্বেতসার প্রভৃতি জলে সম্পূর্ণ বা আংশিক দ্রবনীয় দ্রব্য শীতল বা স্ফুটিত জলে দ্রব করিলে মণ্ড প্রস্তুত হয়, জলে অদ্রবনীয় ঔষধ মণ্ডযোগে মিক্সচার করা যায়, বটিকা, চাক্তি প্রভৃতি প্রস্তুত করিতে ব্যবহার হয়, এভিন্ন প্রদাহিত ও উত্তেজিত মিউকস মেমব্রেণ প্রভৃতির আবরকরূপে ব্যবহার হইয়াথাকে। একেসি, এমিলাই, ট্রগেকান্থি এই তিনটীর মণ্ড আছে।

২১। ওলিয়েটম, Oleatum ওলিয়েটম Oleate ওলিয়িক এসিড ও গ্লিশরিণবেস তৈলের উপাদান, তৈল হইতে গ্লিশরিণ অন্তর করিলে ওলিইক এসিড প্রস্তুত হয়, ধাতু দ্রব্য এই অম্লে দ্রব করিয়া ওলিয়েট লবণ প্রস্তুত হন, ইহারা মলমাদি বাহ্য প্রয়োগার্থে ব্যবহৃত হয়, সাধারণ মলম অপেক্ষা চর্ম্মপথে অধিক শোষিত হয় বলিয়া আদরনিয়। ওলিয়েটম হাইড্রার্জাইরাই ও ওলিয়েটম জিনসাই এই দুইটী ওলিয়েট আছে।

২২। ওলিয়ম, Oleum অয়েল Oil তৈল। উদ্ভিদ হইতে প্রস্তুত তৈল সচরাচর ঔশধার্থে ব্যবহার হয় কেবল কডলিভার অয়েল মৎস্য হইতে পাওয়া যায়। তৈল দুই প্রকার; স্থায়ী ও বায়ী।

বাদাম, জলপাই, এরেণ্ড প্রভৃতির তৈল অনাবৃত রাখিলে উড়িয়া যায়না ইহাদিগকে স্থায়ী তৈল বলে, কাজুপট, আতর, তার্পিণ প্রভৃতি অনাবৃত থাকিলে উড়িয়া যায় এজন্য ইহাদিগকে বায়ী তৈল বলে। স্থায়ী তৈল সচরাচর ঘানীযন্ত্রের চাপে বীজ হইতে প্রস্তুত হয়। বায়ী তৈল, পুষ্প, পুষ্পিত শাখাগ্র, মঞ্জরি ও পত্র, জলের সহিত চুয়াইয়া প্রস্তুত হয়। বাদাম, জয়পাল, তিসি, কডলিভার, জায়ফলের স্থায়ী তৈল, যষ্ঠবেটম? জলপাই, এরেণ্ড, থিওব্রামা, এই ৮টী স্থায়ী তৈল। এনিথি, এনিসি, এন্থিমিডস, কেজুপটি, কেরণে, কেরিও ফাইলাই, সিনামোমাই, কোপেবা, কোরিয়েণ্ডার কিউবেব ইউকেলিপটস, জুনিপেরাই, লেভেনডিউলি, লিমনিস, মেন্থাপিপারেটা, মেন্থাভিরেডিস, মাইরসটিকা, পাইমেনটী, পাইনাইসিলভেসট্রিস, রোজমেরিনি, রিউ, সেবিনি সেণ্টালিনি, টেরিবিন্থি এই কয়টী বায়ী তৈল।

২৩। ওলিওরেজিনা Oleoresina ওলিওরেজিন, Oleoresin রজন ও বায়ী তৈলমিশ্র। ওলিওরেজিন কিউবেবি মাত্র ফার্মাকোপিয়ায় ব্যবহৃত।

২৪। অকসিমেল Oxymel অকজিমেল, সির্কাক্ত মধু। শির্কা ও মধু একত্র মিলাইয়া প্রস্তুত হয়। অকজিমেল ও অকজিমেলসিলি এই দুইটী মাত্র প্রচলিত।

২৫। পাইলিউলা, Pilula পিল, Pill বটীকা। তীব্রগন্ধাস্বাদযুক্ত ঔষধ, জলে অদ্রবনীয় ও পাকস্থলিতে ক্রমেঃ দ্রব হওয়া বাঞ্ছনীয় হইলে ঔষধ বটীকাকারে ব্যবহার হয়, জৈষ্টমধু, গোলাপের খণ্ড, সাবান, গুড়, গ্লিশরিণ প্রভৃতি আঠাল মিষ্ট দ্রব্য যোগে বটীকা প্রস্তুত হয়, এলোজ বার্বেডেন্সিস, এলোজ এট এসাফি-

টীড', এলোজ এটফেরি, এলোজ এট মর্হি, এলোজ সকট্রাইটেকে এসাফিটিডি কম্পজিটা, কেম্বজি কম্পজিটা, কলসিস্থডিস কম্পোজিটা কলসিস্থডিস এটহায়েসায়েমাই. কোনাই কম্পজিটা, ফেরি কার্ব্বনেটীস, কেরি আইওডাই, হাইড্রায়র্জাইরাই হাইড্রারর্জাই-রাই সবক্লোরিডাই কম্পজিটা. ইপিকাকুয়ানি কমসিলা, ফফরাই, প্লম্বাইকম ওপিও, রিয়াইকম্পজিটা. সেপোনিস কম্পজিটা স্কেমনাই কম্পজিটা, সিলি কম্পজিটা।

২৬। পালভরিস, Pulveris পাউডার, Powder চূর্ণ—ঔষধ দ্রব্যকে চূর্ণ করিয়া, একাধিকচূর্ণ একত্র মিলাইয়া ফার্ম্মাকোপিয়ার পাউডার হয়। এমিগডেলি কম্পজিটা, এণ্টিমনিয়েলিস, কেটিকিউ কম্পজিটা, সিনেমোমাই কম্পজিটা, ক্রিটি এরোমাটীকম ক্রিটী এরোমাটীকম ওপিও, ইলাটিরিনি কম্পজিটম. গ্লিশবাইজি কম্পজিটম, ইপিকাকুয়ানি কম্পজিটম. জালাপি কম্পজিটম কাইনো কম্পজিটম, ওপাই কম্পজিটম. রিয়াই কম্পজিটম, স্কেমনাই কম্পজিটম, ট্রেগেকাস্থি কম্পজিটম এই ১৫টী পাউডার আছে।

২৭। স্পিরিটস Spiritus স্পিরিট Spirits সুরাদ্রব। ঔষধ দ্রব্যকে সুরাতে দ্রব করিয়া না সুরার সহিত চুয়াইয়া স্পিরিট প্রস্তুত হয়, ঈথরিস, ঈথরিস কম্পজিটস, ঈথরিস নাইট্রোসাই, এমোনি এরোমাটীকস, এমোনি ফিটীডস. আর্ম্মোরেসি কম্পজিটম কাজুপটী. কেম্ফরি, ক্লোরোফর্ম্মাই, সিনেমোমাই. জুনিপেরাই লেভেণ্ডুইলি মেন্থিপিপারেটী, মাইরিসষ্টিসি, রোজমেরিনি।

২৮। সকস, Succus জুস, Juice রস। উদ্ভিদের সরস ফল, মূল, পত্র, সর্ব্বল প্রভৃতি নিষ্পীড়নে রস বাহির করিয়া উহার তিন ভাগে ১ ভাগ রেক্টিফাইড. (শোধিত) স্পিরিট মিলাইয়া

দিন পরে ছাকিলে ব্যবহার উপযোগী হয়। বেলেডনি, কোনাই, হারেসায়েমাই, স্কোপেরাই, টেরাক্সেসাই, এই ৫টীর সকস প্রচলিত।

২৯। সপজিটরিয়া, Suppositoria সপজিটরি. Suppository বটীকা বিশেষ। গুহ্যমধ্যে প্রয়োগ জন্য এই প্রকারে ঔষধ ব্যবহার হয়। এসিডাই কার্বলিসাই কমসেপোন, এসিডাই টেনিসাই, এসিডাই টেনিসাইকম সেপোন, হাইড্রারর্জাইরাই, আইওড ফর্ম্মাই, মর্ফিনি, মর্ফিনি কমসেপোন, প্লম্ব ই কম্পজিটা নামক আটটী সপজিটরি প্রচলিত।

৩০। সিরপস, Syrupus সিরপ, Syrup শর্করাপাক (সিরা)। ঔষধ দ্রব্যকে শর্করা ও জলের সহিত মিলাইয়া শর্করা পাক প্রস্তুত করিলে অথবা সর্করা পাকের সহিত মিলাইলে সিরপ প্রস্তুত হয়। বিস্বাদ দুর্গন্ধি ঔষধের গন্ধাস্বাদ দূর করিতে এবং ঔষধ দ্রব্যকে সংরক্ষা করিতে এই প্রকারে ঔষধ ব্যবহার হয়। শর্করা, আরেসাই, অরেনসাই ফ্লোরিস, ক্লোরাল, ফেরি আইওডাই, ফেরি ফস্ফেটীস, হেমিডেসমাই, লিমনিস; মোরাই পাপেভরিস, রিয়াই, রয়েডস, রোজি গেলিসি, সিলি, সেনি, টলুটেনা, জিঞ্জিবরিস; এই ১৭টীর সিরপ প্রচলিত।

৩১। Sinctura Tincture টীংচার অরিষ্ট, (আরক)। অনেক ঔষধের এই প্রয়োগরূপ আছে। ইহা দুইপ্রকারে প্রস্তুত হয় ১ম পর্কোলেশন, বা আবদ্ধপাত্রে রাখিয়া ছাঁকিয়া লওয়া। ২য় ম্যাসিরেশন—আবদ্ধ পাত্রে ১ সপ্তাহ কাল ভিজাইয়া ছাঁকিয়া লইতে হয়। পর্কোলেশন করিবার বিশেষ প্রকার যন্ত্র আছে তাহাকে পর্কোলেটার কহে, সচরাচর ২॥০ আউন্স ঔষধ দ্রব্যের চূর্ণ ১৫

আউন্স সুরাতে ৪০ ঘণ্টা আবদ্ধ পাত্রে ভিজাইয়া পরে যন্ত্রের দ্বারা চুয়াইয়া বা ছাকিয়া লইবে, সমুদয় তরল দ্রব্য হইলে আর ৫ আউন্স স্পিরিট পর্কোলেটারে ঢালি ঔষধের মধ্যদিয়া চুয়াইয়া লইবে. পর্কোলেটারের মধ্যস্থ আর্দ্রচূর্ণকে টীংচার প্রেসনামক যন্ত্র দ্বারা চাপিয়া রস করিয়া উক্ত চুয়ান দ্রব্যে যোগ করিতে হয়. প্রয়োজন স্পিরিট যোগ করিয়া ১ পাইণ্ট করিতে হয়। ঔষধে ও ধুনাযুক্ত দ্রব্য থাকিলে এবং কোন উপক্ষার সকল (পরীক্ষিত) দ্রব না হইলে ঐ সকল দ্রব্যের টীংচারে ফাইড স্পিরিট ব্যবহার হয়। অতিশয় রঞ্জন যুক্ত দ্রব্য এরোমেটিক স্পিরিট ব্যবহার হইয়া থাকে।

পর্কোলেশন দ্বারা প্রস্তুত টীংচার—একোনিটাই, ক কেপসিসাই, ভিরাট্রাইভিরিডি সিমিসি ফিউগি, জেলসি জেবয়াণ্ডি, সিঙ্কোনি. সিঙ্কোনি কম্পজিটা সিনে সকু, বিয়াই, ভেলিরিয়েনি, বেলাডনি, কেলম্বি, কার্ডেমে কম্পজিটা, কেসকারিলি. ক্রোকাই, চিরেটি, কিউবেব গ্যালি, জেনসিয়েনি কম্পজিটা. ক্রেমেরি, সর্পেণ্টরাই, ল্য কলচিসাই সেমিনস্, ডিজিটেলিস, লোবিলি, নিউসিস ষ্ট্রেমনিয়াই. সম্বল, জিঞ্জিবরিস, জিঞ্জিবরিস ফর্টিয়র ড লপুলাই, সেনিগি, কোনিয়াই, হায়েসায়েমাই, সেবাইনি সিলি, সেনি, পাইরিথ্রাই।

মেসিরেশন দ্বারা প্রস্তুত টিংচার—এলোজ, এসা অরেনসিয়াই, অরেন সিয়াই রিসেণ্টিস, বেনজয়িনি ক কার্ম্মাসিয়া, কোকাই, কেট্রিকিউ, গোয়েসাই এমোনিয়েটা,

নো, সিমোনিস, ভেলিরিয়েনি এমোনিয়েটা, কেম্ফরি কম্পজিটা, কেম্থারিডিস, লেবেণ্ডিউলি কম্পজিটা, লোবিলিস ইথিরিয়া, ওপাই, ওপাই এমোনিয়েটা. স্পিরিটে সম্পূর্ণ দ্রবনীয় দ্রব্যকে কেবল দ্রব করিয়া প্রস্তুত টিংচার কেনাবিস ইণ্ডিকা, ক্লোরো-ফর্ম্মাই কম্পজিটা, ক্লোরফর্ম্মাই এট্ মর্ফিনি, আইওডাই, কুই-নাইনি, কুইনাইনি এমোনিয়াটা, টোলুটেনা, ফেরিএসিটেটিস, ফেরিপারক্লোরিডাই, পডফিলাই।

৩২। ট্রোচিসাই; Trochisci লোজেঞ্জেস, Lozenges চাক্তি শর্করা, গদ, কতিলা গাঁদের মণ্ড প্রভৃতি তরল দ্রব্যের সহিত ঔষধদ্রব্য মিলাইয়া চাক্তি প্রস্তুত করা হয়। ঔষধ দ্রব্যের গন্ধাস্বাদ দূরকরা, উদরস্থ হইয়া ক্রমে ক্রমে দ্রবহওয়া অথবা গলদেশে কিম্বা মুখে ক্রমেং দ্রব হইবে এরূপ বাঞ্ছনীয় হইলে এই আকারে ঔষধ ব্যবহার হয়। এসিডাই বেনজোয়েসাই, এসিডাই টেনিসাই, বিসমথাই, কেটীকিউ, ফেরিরিডক্টাই, ইপিকাকুয়ানহি, মর্ফিনি মর্ফিনি এট ইপিকাকুয়ানহি, ওপাই, পটাসি ক্লোরেটীস, স্যন্টনিনাই, সোডি বাইকার্ব্বনেটীস নামক ট্রোচিসাই প্রচলিত।

৩৩। ট্যাবেলী Tabellæ ট্যাবলেটস Tablets চাক্তি বিশেষ ঔষধ যুক্ত করিয়া ব্যবহার হয়. ফার্ম্মাকোপিয়ার টেবিলি নাইট্রো-গ্লিশরিন আছে।

অঙ্গুয়েণ্টম, Unguartum অয়েণ্টমেণ্ট, Ointment মলম। মলম সকল বাহ্য প্রয়োগ হয়। মোম, মেদ, তৈল, পেরাফিন প্রভৃতি দ্রব্যের সহিত ঔষধ দ্রব্য মিলাইয়া মলম প্রস্তুত হয়। এসিডাই বোরিসাই, এসিডাই কার্ব্বলিসাই, এসিডাই সেলিসি-লিসাই, একোনিটীনি, এণ্টিমনাই টার্টারেটাই, এট্রোপিনি,

কেলেমাইন, কেনথারিডিস, সিটেসিয়াই, ক্রাইসরোবাইনাই, ক্রিয়েজোটাই, ইলিমাই, ইউকেলিপটাই, গেলি, গেলিকমওপিও, মিশরিণি প্লম্বাই সবএসিটেটিস, হাইড্রার্জাইরাই, হাইড্রারর্জাই রাই এমোনিয়েটী, হাইড্রারর্জাইরাই কম্পজিটম, হাইড্রারজাই-রাই আইওডিডাই রুব্রাই, হাইড্রারর্জাইরাই নাইট্রেটীস, হাইড্রা-রজাইরাই নাইট্রেটীস ডাইলিউটম, হাইড্রারর্জাইরাই অক্সিডাই রুব্রাই, হাইড্রারর্জাইরাই সবক্লোরিডাই, আইওডাই, আইওডো-ফর্ম্মাই, পাইসিস লিকুইডি, প্লম্বাই এসিটেটীস, প্লাম্বাই কার্ব্বনে-টীস, প্লাম্বাই আইওডিডাই, পটাসি সলফিউরেটী, পটাসি আইও-ডিডাই, রেজিনি, সেবিনি, সিম্পেলেক্স, ষ্টেফিগ্রেসি সলফিউরিস সলফিউরিস আইওডিডাই, টোরবিন্থিনি, ভিরাট্রিনি, জিনসাই, জিনসাই ওলিয়েটাই নামক ৪৩টী মলম প্রচলিত।

৩৫। ভেপর, vapor ইনহেলেশন, Inhalation ...

প্রায়ই উদ্বায়ী ঔষধের ভেপর ব্যবহৃত হয়। ঔষধ দ্রব্যকে ইন-হেলার নামকযন্ত্রমধ্যে শীতল বা উষ্ণ জলের সহিত স্থাপন করিয়া উদ্ভূত বাষ্প শ্বাসপথে গ্রহণ করিতে হয়। এসিডাই হাইড্রোসি-য়ানিসাই, ক্লোরাই, কোনাইনি, ক্রিয়েজোটাই, আইওডাই, ওলিয়াই পাইনাইসিল ভেসট্রিস এই ৬টী ভেপর আছে।

৩৬। ভাইনম, vinum ওয়াইন, wine আসব। সেরি কিম্বা অরেঞ্জ ওয়াইন মধ্যে ঔষধ দ্রব্যকে ৭দিন ভিজাইয়া ছাকিয়া লইলে ভাইনম প্রস্তুত হয়। এলোজ, এণ্টিমনিয়েলিস, অরেনসাই কলচিসাই, ফেরি, ফেরিসাইট্রেটীস, ইপিকাকুয়ানহি, ওপাই, কুই-নাইনি, রিয়াই। এই ১০টী ভাইনম আছে।

কার্ব্বন (অঙ্গার) Carbon. ($C = 12$)

কার্ব্বন বা অঙ্গার মূল পদার্থ। হীরক, প্লম্বেগো এবং এনথ্রা-সাইট নামক স্বাভাবিক দ্রব্য প্রায় বিশুদ্ধ অঙ্গার। অঙ্গার বিমিশ্র অবস্থায় প্রায় যাবতীয় জান্তব ও উদ্ভিদ্ দ্রব্যে বিদ্যমান আছে। জন্তুদেহ ও উদ্ভিদ্ হইতেই প্রস্তুত অঙ্গার ঔষধার্থে ব্যবহৃত হয়। উৎপত্তি অনুসারে অঙ্গার দুই প্রকার, ১ম উদ্ভিদ ২য় জান্তব।

(১) কার্ব্বো লিগ্নাই carbo Ligni উড চারকোল ([illegible] har coal কাষ্ঠদগ্ধাঙ্গার।)

উৎপত্তি।—[illegible] দ্ধ স্থানে কাষ্ঠ লোহিতোত্তপ্ত করিলে প্রস্তুত হয়। কাষ্ঠ দগ্ধ [illegible] বা শতকরা ১৭—২৩ অংশ অঙ্গার পাওয়া যায়। অঙ্গা[illegible] বা ২ অংশ মাত্র ছাই ও লবণাদি থাকে।

গুণ ধর্ম্ম।—[illegible] ন, প্রায় স্বাদহীন, শুষ্কাবস্থায় বিবিধ বাষ্প ও গন্ধ প্রচুর [illegible] শোষণ করে, সদ্য অবস্থায় এই ক্রিয়া অতিশয় প্রবল, [illegible] দ্রবনীয়, আবদ্ধ পাত্রে অতিশয় উষ্ণ করিলেও উড়িয়া [illegible] যায় না।

ক্রিয়া।—[illegible] দুর্গন্ধ নাশক, পচন নিবারক, বয়ু ও অম্ল নাশক (Absor[illegible], Deodouriser, Autiseptic, Carminative and Anta[illegible])

ব্যবহার।—[illegible] ও ইনটেস্‌টাইনে অম্লাধিক্য ও অধিক বায়ু জন্মিলে এবং ব্যা[illegible] শেষে মলের অবস্থা সংশোধন জন্য ব্যবহৃত হয়।

স্থানিক।—[illegible] পুল্‌টীস সহিত ক্ষতাদির দুর্গন্ধ হরণ জন্য, কু বায়ুতে অ[illegible] কালে ইহার রেস্‌পিরেটার বা বায়ুপরি-

শোধক বস্তু, এবং ইহার দন্তমঞ্জন ব্যবহার হয়। বিসকুট Brag's biscuits ও লোজেঞ্জ আকারেও কখনং ব্যবহৃত হয়। সদ্য দগ্ধাঙ্গারই ঔষধার্থে ব্যবহার্য্য। প্রস্তুত হইবামাত্র ষ্টপার বোতলে রাখা উচিত।

প্রয়োগরূপ।—কাটাপ্লাজমাকার্ব্বনিস Cataplasma carbonis। চারকোল পুল্টিস Char coal poultice।

কাষ্ঠাঙ্গার চূর্ণ ...	।০ আউন্স	...	বা	১ ভাগ
পাওরুটীর শাঁস (মধ্যভাগ)	২ আং	...	"	৪ ভাগ
তিসীর খৈল ...	১।।০ আং	...	"	৩ ভাগ
ফুটিত জল ...	১০ আং	...	"	২০ ভাগ

রুটীর সহিত জল মিশাইয়া অগ্নির নিকট দশ মিনিট রাখিয়া ক্রমে তিসীর খইল মিলাবে ও নাড়িতে থাকিবে, উপযুক্তরূপ ঘন ও কোমল হইলে, অঙ্গার চূর্ণের অদ্ধেক পুল্টিস সহিত মিলাইয়া অপরার্দ্ধ পুল্টিসের ভিতরের পার্শ্বে ছড়াইয়া দিতে হয়।

(২) কার্ব্বো এনিমেলিস Carbo Animalis এনিমেল চারকোল Animal Charcoal

(অস্থি দগ্ধাঙ্গার) (Bone black Ivory black)।

আবদ্ধ স্থানে মেষ বৃষাদি জন্তুর অস্থি লোহিতোত্তপ্ত করিয়া চূর্ণ করিলে প্রস্তুত হয়। ইহাতে শতকরা ১০ ভাগ অঙ্গার ও ৯০ ভাগ ফস্ফেট ও কার্ব্বনেট অব লাইম থাকে।

কার্ব্বো এনিমেলিস পিউরিফিকেটস Carbo Animalis purificatus পিউরিফাইড এনিমেলচারকোল Purified Animal Charcoal (শোধিত জান্তবাঙ্গার)।

অস্থিদগ্ধাঙ্গার চূর্ণ .. .. ১৬ আউন্স

হাইড্রোক্লোরিক এসিড ... ... ১০ তং আং
ডিস্‌টিল্ড ওয়াটার ... ... যথা প্রয়োজন

এসিড ও জল একত্র করিয়া তাহাতে অস্থিভস্ম দুই দিন ভিজাইয়া ঈষদুত্তাপ প্রয়োগ করত ছাঁকিয়া ধৌত করিবে এইপ্রক্রিয়ায় ফস্ফেট ও কার্ব্বনেট প্রভৃতি লবণ পৃথক্ হইয়াযায়। পরে শুষ্ক চূর্ণকে আবদ্ধ মুষানধ্যে লোহিতোত্তপ্ত করিয়া লইবে।

ক্রিয়া।—কাষ্ঠাঙ্গারের ন্যায় শোষক, দুর্গন্ধহারক, বর্ণ হারক।

(Absorbent, Deodo uriser. Decolouriser)।

ব্যবহার।—কাষ্ঠাঙ্গারের ন্যায়। এতদ্ভিন্ন অহিফেন, নক্স ভমিকা একোনাইট্‌ প্রভৃতি যাবতীয় উদ্ভিদ-বিষদ্রব্য শোষণ করিয়া উহাদের গুণ নষ্ট করিতে সক্ষম। এজন্য ঐ সকল বিষ ভক্ষণের চিকিৎসার্থে ব্যবহৃত হয়। ফার্ম্মাকোপিয়াতে উদ্ভিদবীর্য্যাদির বর্ণনষ্ট করিতে ব্যবহার হয়। উদ্ভিদবিষ ক্রিয়াহীন করিতে বিষের পরিমাণ অনুসারে ।০—২ আউন্স বা আরও অধিক ব্যবহার্য্য।

মাত্রা। ২০—৬০ গ্রেণ (এবং তদূর্দ্ধ এক টিস্পূন হইতে এক টেবেল স্পূন। বিষনাশকমাত্রা ॥০ হইতে ২ আউন্স।

সলফর Sulphur. গন্ধক (ব্রিমষ্টোন (S...32)

গন্ধক একটী মূল পদার্থ। অমিশ্র অবস্থায় ভার্জিন সল্‌ফর নামে স্বভাবতঃ খনি ও আগ্নেয় গিরি হইতে পাওয়া যায়। মিশ্র অবস্থায় বিবিধ ধাতুর সলফাইড বা সলফিউরেট সকলে বিদ্যমান আছে, ঔষধার্থে ১। সব্‌লাইমড্‌ সল্‌ফর। ২। প্রিসিপিটেটেড্‌ সল্‌ফর এই দুই প্রকার ব্যবহার হয়।

সাধারণ গন্ধক ঊর্দ্ধপাতিত বা তাপদ্বারা চুয়াইয়া প্রস্তুত হয়। রেণুবৎ চূর্ণ, হরিদ্রাভ পীতচূর্ণ গন্ধ ও স্বাদ হীন, দাহ্য।

ক্রিয়া।—অল্পমাত্রায় চর্ম্ম ও বিশেষ২ মিউকস মেমব্রেণের উত্তেজক, পরিবর্ত্তক, বলকারক, কফনিঃসারক, ঘর্ম্মকারক অধিক মাত্রায় মৃদুবিরেচক (লাক্সেটিভ।)

স্থানিক।—মৃদু উত্তেজক, পাচড়া কীট নাশক ও চর্ম্মের সকল প্রকার উদ্ভিদ পরাঙ্গ পুষ্ট নাশক।

ব্যবহার।—ইম্পিটাইগো, প্রুরাইগো প্রভৃতি চর্ম্মরোগে, ক্রনিক ব্রঙ্কাইটীস, বাতরোগ, মৃদুবিরেচন জন্য বালক ও দুর্ব্বল ব্যক্তিকে, অর্শ, পারদসেবনে মুখ আসা। মলম আকারে পাচড়া, দদ্রু ও দাউদ, ট্রিনিয়া প্রভৃতি উদ্ভিদপরাঙ্গপুষ্টরোগে।

মাত্রা। ২০ হইতে ৬০ গ্রেণ। উত্তেজক ৫ হইতে ১০ গ্রেণ ও তদূর্দ্ধ। মৃদুবিরেচক ৩০—৬০ গ্রেণ ও তদূর্দ্ধ।

১। কন্ফেকসিও সল্ফিউরিস। কনফেকশন অফ সল্ফর

সবলাইমড্ সলফর	... ...	৪ আং বা ৪ ভাগ।
এসিডটার্ট্রেট অবপটাসিয়মচূর্ণ	...	১ আং বা ১ ভাগ।
সিরপ অব অরেঞ্জপিল	... ...	৪ তং আং বা ৪ তং ভাগ
ট্রেগেকান্থ চূর্ণ	... ...	১৮ গ্রেণ বা $\frac{3}{8}$ ভাগ।

একত্রে উত্তমরূপে মর্দ্দন করিয়া মিলাইবে।

মাত্রা। ৬০—১২০ গ্রেণ। অর্শরোগে বিশেষ উপকারী।

২। অঙ্গুয়েণ্টম সল্ফিউরিস। অয়েণ্টমেণ্ট অফ্ সল্ফর।

সব্লাইমড্ সল্ফর	... ...	১ আং বা ১ ভাগ।
বেনজোয়েটেড্ লার্ড	... ...	৪ আং বা ৪ ভাগ।

উত্তমরূপে মিলিত কর।

(২) সল্‌ফার প্রিসিপিটেটম Sulphur precipitatum প্রিসিপিটেটেড্‌ সল্‌ফর। Precipitated Sulphur নামান্তর—ল্যাক সল্‌ফিউরিস, মিল্ক অফ্‌ সল্‌ফর।

সব লাইমড্‌ সল্‌ফর	...	৫ আং।
স্লেক্‌ড্‌ লাইম	...	৩ আং।
হাইড্রো ক্লোরিক এসিড	...	৮ তং আং বা যথা প্রয়োজন
ডিসটিল্ড ওয়াটার	..	যথা প্রয়োজন।

গন্ধক ও চূণ উত্তমরূপে মিশ্রিত করিয়া, একপাইণ্ট জলে ১৫ মিনিট ফুটাইবে, কাষ্ঠ নির্ম্মিত স্পেচুলাদ্বারা উত্তমরূপে আলোড়ন করিবে ফিল্টারস্থ অদ্রব দ্রব্যকে ১০ পাইণ্ট জলে ফুটাইয়া ফিল্টার করিবে। উভয় বারে ফিল্টার করা তরল দ্রব্য একত্র করিবে শীতল হইলে, ১ পাইণ্ট জল মিশ্রিত করিবে। হাইড্রোক্লোরিক এসিড ১ পাউণ্ড জলে ডাইলিউট করিয়া উহাতে ক্রমেই যোগ করিবে; উচ্ছ্বলন শেষ হইয়া ঈষৎ অম্লাক্ত হইলে, গন্ধক কণা সকল অধঃক্ষিপ্ত হইবার জন্য স্থির রাখিবে। উপরের জল অন্তর করিয়া অধঃস্থ গন্ধক পুনঃ২ ধৌত ও শুষ্ক করিয়া লইবে। আকার প্রকার—ধূসরাভ পীতবর্ণ, কোমল মসৃণ চূর্ণ, গন্ধহীন, দাহ্য।

ক্রিয়া ও ব্যবহার।—সব্‌লাইমড্‌ সল্‌ফরের ন্যায়।

মাত্রা ২০ হইতে ৬০ গ্রেণ।

(উত্তেজক ৫—১০ গ্রেণ, ওতদূর্দ্ধ। বিরেচক ৩০—৬০ গ্রেণ তদূর্দ্ধ।)

ট্রোচিসাই সলফিউরিস। সালফার লোজেঞ্জস।

প্রিসিপিটেটেড সালফার ৩৬০০ গ্রেণ, এসিডটার্টেট অফ পো-

টাসিয়াম ৭২০ গ্রেণ, রিফাইণ্ড শুগার চূর্ণ ৫৭৬০ গ্রেণ, গম একেশিয়াচূর্ণ ৭২০ গ্রেণ টিং চার অফ্ অরেঞ্জপীল ৭২০ মিনিম, মিউসিলেজ অব একেসিয়া ৭২০ মিনিম। টিংচার অফ্ অরেঞ্জপিলকে চূর্ণ সকলের সহিত মিশ্রিত করিবে, পরে মিউসিলেজ যোগে উপযুক্ত পিণ্ড প্রস্তুত করিবে, উহাকে ৭২০ চাক্তিতে বিভক্ত করিয়া, উষ্ণ বায়ুর মৃদুতাপে শুষ্ক করিবে। প্রতি চাক্তিতে ৫ গ্রেণ গন্ধক আছে। মাত্রা ১—৬ চাক্তি।

নিম্নলিখিত ৫টী প্রয়োগরূপে গন্ধক আছে।—কনফেকসিও সল্‌ফিউরিস $\frac{1}{10}$। এমপ্লাষ্ট্রম এমোনায়েসাইকম হাইড্রার্জাইরো। এমপ্লাষ্ট্রম হাইড্রার্জাবাই। পলভিসগ্লিসিরিজি কম্পজীটস, $\frac{1}{6}$ অঙ্গুয়েণ্টম সল্‌ফিউরিস $\frac{1}{5}$।

সবলাইমড্ সল্‌ফর যোগে প্রস্তুত ঔষধ—এণ্টিমনিয়ম সলফিউরেটম। পটাসা সলফিউরেটা। সলফিউরিস আইওডাইডম। সল্‌ফর সব লিমেটম।

ফস্ফরস। Phosphorus দীপক (P = 31)

ফস্ফরস—অধাতব মূলপদার্থ।

প্রস্তুত।—অস্থিভস্ম সল্‌ফিউরিক এসিড সহিত মিলাইয়া সুপার্ ফস্ফেট অফলাইম প্রস্তুত হয়, ইহাকে অঙ্গার সহ চুয়াইলে ফস্ফরস প্রস্তুত হয়। মাত্রা—ফস্ফরস অমিশ্র অবস্থায় ব্যবহার নিষিদ্ধ (মাত্রা $\frac{1}{100}$ হইতে $\frac{1}{20}$ গ্রেণ)

আকারাদি—অর্দ্ধ স্বচ্ছ, বর্ণহীন, মোমের ন্যায় কোমল অতিশয় দাহ্য, বায়ুতে রাখিলে ধূমোদগম হয়, স্বতঃ জ্বলিয়া উঠে এজন্য জলে মগ্ন করিয়া রাখা হয়। আঃ গুঃ ১৷৭৭ জলে অদ্রবনীয়

ঈথর ও স্ফুটিত তার্পিন তৈলে দ্রবনীয়। তুঁতে ও তার্পিন তৈল ইহার বিষঘ্ন।

ক্রিয়া :—প্রবল উত্তেজক, কামোদ্দীপক। Powerful Stimulant. Aphrodisiac—ব্যবহার। কে ভার কলরা, থাইসিস, ইণ্টার কষ্টেল ও ট্রেই জেমিনেল য়া, সোরা য়েসিস, একজিমা, গইটার, ধ্বজভঙ্গ, নিক্রোসিস, মানসিক শ্রমাধিক্য জনিত শীরোপীড়া।

প্রয়োগরূপ।

১। এসিডম ফস্ফরিকম কনসেণ্ট্রেটম। ৩। ওলিয়ম ফস্ফোরেটম
২। এসিডম ফস্ফরিকম ডাইলিউটম। ৪। পাইলিউলা ফস্ফোরাই।

ওলিয়ম ফস্ফরেটম্। ফস্ফরেটেড অয়েল।

ফস্ফরস যথা প্রয়োজন বা ১৬ গ্রেণ, এমণ্ড অয়েল (বাদাম তৈল) যথা প্রয়োজন বা ৪ আং, একটী পর্সিলেন ডিসে বাদামতৈল ৩০০ ফাং তাপাংশ উষ্ণ করিবে। ১৫ মিনিট পর্য্যন্ত উক্ত তাপে উষ্ণ করিতে থাকিবে। শীতল হইলে কাগজদিয়া ফিল্টার করিবে। একটী ৪৷৷০ আউন্স পরিমাণ ষ্টপার্ড শিশিতে এই তৈলের ৪ আউন্স লইয়া ইহাতে ১৬গ্রেণ বিশুদ্ধ ও শুষ্ক ফস্ফরস যোগকরিবে. শিশিটিকে ১৮০ তাপাংশের উষ্ণজলে গলাপর্য্যন্ত মগ্নকরিয়া রাখিবে, শিশিরতৈল ১৮০ তাপাংশ পর্য্যন্ত উষ্ণ হইলে, মধ্যে মধ্যে দুইতিনবার ছিপি খুলিয়া মধ্যের প্রসারিত বায়ু বাহির হইতে দিবে। ফস্ফরস ও তৈল নাড়িতে২ ফস্ফরস সম্পূর্ণ দ্রব হইলে প্রস্তুত হইবে। ইহাতে শতকরা প্রায় ১ ভাগ ফস্ফরস আছে।

মাত্রা। ৫—১০ মিনিম।

পাইলিউলা ফস্ফরাই। ফস্ফরস পিল।

ফস্ফরাস	৩গ্রেণ
বালসম অব	১২০গ্রেণ
ইওলোওরাক্স	৫৭গ্রেণ
কার্ড সোপ	৯০গ্রেণ

১৪০ তাপাংশে উষ্ণজল একটী খলে রাখিয়া তাহাতে বালসম ও ফস্ফরস ভিজাইয়া রাখিবে। জলের নীচে মর্দন করিয়া সোপের সহিত মিশাইবে. কোমল হইলে শীতল করিয়া বোতল মধ্যে রাখিয়া দিবে। ব্যবহার কালে ইহার ২ গ্রেণ, ১ গ্রেণ সোপসহ মিশাইয়া লইবে. প্রয়োজন হইলে ইহাকে নরম করিবার জন্য রেক্টিফাইড স্পিরিট ব্যবহার হয়। সামান্যসহ ইহার ৩ গ্রেণে ·১ গ্রেণ ফস্ফরস আছে।

মাত্রা। ২—৪ গ্রেণ।

আইওডম Iodum। আইওডাইন। Iodine. (I=127)

আইওডিন অধাতব মূলপদার্থ। স্কটল্যাণ্ড উত্তর ও আয়র-লণ্ড প্রভৃতি স্থানে সিউইড্স বা সিব্র্যাক Seawrack নামক ক্ষুদ্র২ সামুদ্রিক উদ্ভিদ ভস্মকরিলে যে ক্ষার প্রস্তুত হয় তাহাকে কেল্প কহে। এই কেল্প হইতে এবং খনিজ আইওডাইড ও আইওডেট্ লবণ হইতে আইওডিন প্রস্তুত হয়। শোধিত কেল্পে আইওডাইড অফ্ সোডিয়ম, পটাশিয়ম ও মেগনেশিয়ম থাকে, ইহাতে সলফিউরিক এসিড যোগকরিয়া পেরক্সাইড মেংগেনিজ সহ উপযুক্ত পাত্রে উষ্ণ করিলে আইওডাইন উর্দ্ধপাতিত হয়। আকারাদি।

চেপটা পাত বা সন্তুর দানাদার, গন্ধ বিশেষপ্রকার উগ্র,তীব্র ও কটু আস্বাদ বর্ণগাঢ় বেগুনি বা কৃষ্ণ, ধাতুবৎ উজ্জ্বল, উদ্বায়ী, আঃ গুঃ ৪·৯৫ জলে সামান্য দ্রবনীয়, ঈথার ও রেক্টিফাইড স্পিরিটে সহজেদ্রবহয়। আইওডাইড অপ্‌পটাস মিশ্রজল ও সামান্য লবণ মিশ্রজলে দ্রবনীয়। ষ্টার্চসলিউশন সহ ঘোরনীল বর্ণহয়। বিরুদ্ধ—ষ্টার্চ ও ময়দা, আরারুট, প্রভৃতি দ্রব্য।

ক্রিয়া—স্থানিক —শোষক, উগ্রতাসাধক, ফোস্কাকারক। Absorbent, Irritent, Vesicant.

আভ্যন্তরিক।—পরিবর্ত্তক, মূত্রকারক, লালনিঃসারক, রজঃ-নিঃসারক ঘর্ম্মকারক, শোষক।

Alterative, Diuretic, Sialogogue Emmenagogue, Diaphoratic, Absorbent.

ব্যবহার। স্থানিক।—নানাবিধ চর্ম্মরোগ, বিবর্দ্ধিতও ইনফিল্‌ট্রেটেড (পোদাহ জনিত দৃঢ় স্থানে, পীড়িত সন্ধিস্থান, রিউমাটিজম, গাউট, বিশেষ প্রকার এক্সাইটিস ও থাইসিস রোগে ভেপর আইওডাইন ব্যবহৃত হয়। পেরিয়সটাইটিস, হাইড্রোসিলে পিচকারি, নালিক্ষতাদিতে লোসন বা তুলাতে মাখাইয়া, প্লীহাও যকৃত বিবর্দ্ধন, ব্রঙ্কসিল, গ্রন্থিবর্দ্ধন।

আভ্যন্তরিক।—ড্রপ্সি, লিকোরিয়া, এমিনরিয়া, সিফিলিস, স্ক্রফিউলা, ব্রঙ্কসিল, বিবিধ গ্রন্থি বর্দ্ধন, কোন যন্ত্র ও বিধানের প্রদাহ জন্য বিবর্দ্ধন ও দৃঢ়তা, যথা হাইপারট্রফি অর্ব্বুদ, স্প্লিন, ইউট্রাস ও লিভার, উপদংশজ ও অন্যপ্রকার চর্ম্মরোগ, টার্সিয়ারি সিফিলিস রোগের গমেটা, নোডস্ ও ক্ষতাদির অবস্থা, পুরাতন বাত ও গাউট।

নিম্নলিখিত ঔষধগুলিতে আইওডিন আছে।

আর্সেনাই আইওডাইডম সলফিউরিস আইওডাইডম

হাইড্রারজিরাই আইওডাইডম রুব্রম সিরপস ফেরি আইওডিডাই।

আইওডফরমম। টিংচুরা আইওডাই।

লিনিমেণ্টম আইওডাই অঙ্গুয়েণ্টম আইওডাই

লিনিমেণ্টম পটাসি আইওডিডাই কম সেপোনে "আইওডফর্মাই।

লাইকর আইওডাই "প্লাম্বাই আইওডিডাই

পাইলিউলা ফেরি আইওডিডাই "সলফিউরিস আইওডিডাই।

পটাসি আইওডাইডম ভেপর আইওডাই।

সোডি আইওডাইডম

১। লিনিমেণ্টম আইওডাই। লিনিমেণ্ট অফ আইওডাইন।

আইওডাইন	১।০ আং বা ৫ ভাগ
আইওডাইড অফ পটাসিয়ম	।০ আং বা ২ ভাগ
গ্লিসরিণ	।০ আং বা ১ ভাগ
রেক্টিফাইড স্পিরিট	১০ তুং আং বা ৪০ তুং ভাগ।

২। লাইকর আইওডাই। সলিউশন অফ আইওডিন।

আইওডাইন	২২ গ্রেণ বা ১০ ভাগ
আইওডাইড অফ পটাসিয়ম ...	৩৩ গ্রেণ বা ১৫ ভাগ
ডিষ্টিলড্ ওয়াটার দ্বারা	১ আউন্স বা ২০০ তুং ভাগ

পূর্ণ করিলে। (১০০ ভাগে ৫ ভাগ আইওডিন)।

(মাত্রা। ৫—২০ মিনিম।)

৩। টিংচুরা আইওডাই। টিংচার অফ্ আইওডিন।

আইওডিন	॥০ আউন্স
আইওডাইড অফ্ পটাসিয়ম ...	॥০ আউন্স

রেক্টিফাইড স্পিরিট ... ১ পাইণ্ট

মাত্রা। ৫—২০ মিনিম। প্রয়োগরূপ।—ভেপার আইওডাই।

৪। অঙ্গুয়েণ্টম আইওডাই। অয়েণ্টমেণ্ট অফ্ আইওডাইন।

আইওডাইন ... ... ৩২ গ্রেণ বা ১ ভাগ

আইওডাইড অফ্ পটাসিয়ম ... ৩২ গ্রেণ বা ১ ভাগ

গ্লিশরিন ... ১৩০ ড্রাম বা ১২ ৩০ ভাগ

প্রিপেয়ার্ড লার্ড (শোধিত শূকরের বসা)... ২আউন্স বা ১৯ভাগ।

৫। ভেপর আই ওডাই। ইনহেলেশন অফ আইওডিন।

টিংচার অফ্ আইওডিন... ... ১ ৩০ ড্রাম

জল ... ১ ৩০ আউন্স

উপযুক্ত পাত্রে রাখিয়া মৃদুতাপ দিয়া উদ্ভূত বাষ্প ঘ্রাণ লইবে।

সলফিউরিস আইওডাইডম। আইওডাইড অফ্ সলফর।

Iodide of Sulphur. (S_2 I_2)

প্রস্তুত।—আইওডাইন ... ... ৪ আউন্স

সবলাইমড্ সলফর ... ১ আউন্স

ওয়েজউড মর্টারে একত্রে মর্দন করিয়া, একটী ফ্লাস্কে মৃদু তাপ দিবে যে পর্য্যন্ত না সমুদায় ঘোর বর্ণ হয়, তারপর তাপ বৃদ্ধি করিয়া তরল অবস্থা প্রাপ্ত হইলেই, শীতল হইতে দিবে, ফ্লাস্ক ভাঙ্গিয়া মধ্যস্থ দ্রব্য পৃথক ও চূর্ণ করিয়া ষ্টপার্ড বোতলে আবদ্ধ রাখিবে। ধূসরাভ কৃষ্ণবর্ণ,দানাময়,দেখিতে ধাতুবৎ, সুর্মার ন্যায় দেখাযায়, আইডিনের গন্ধ বিশিষ্ট, গাত্রে লাগিলে পাণ্ডুবর্ণ দাগ হয়। ৬০ ভাগ গ্লিশরিনে ১ ভাগ দ্রব হয়, জলে অদ্রবনীয়।

ক্রিয়া।—স্থানিক ক্রিয়া প্রায় আইওডিনের মত।

ব্যবহার। সোরা, একুনি ইনভিটরেটা প্রভৃতি দুরারোগ্য

চর্ম্মরোগে ইহার মলম ব্যবহৃত হয়। কদাচ পরিবর্ত্তন ক্রিয়া জন্য আভ্যন্তরিক ব্যবহার হয় (মাত্রা ৷৷৹—২ গ্রেণও তদূর্দ্ধ)

প্রয়োগরূপ।—অঙ্গুয়েণ্টম সল্‌ফিউরিস আইওডিডাই। ১ (আউন্সে ৩০ গ্রেণ।)

অয়েণ্টমেণ্ট অফ আইওডাইড অফ্ সালফর।

আইওডাইড অফ সল্‌ফর	... ...	৩০ গ্রেণ	বা ৫ ভাগ
হার্ডপেরাফিন	.. ...	।৹ আউন্স	বা ১৮ ভাগ
সফট পেরাফিন	... ...	৸৹ আউন্স	বা ৫৫ ভাগ

আইওডাইড্ অফ সলফরকে কাচ বা পর্সিলেন নির্ম্মিত মর্টারে চূর্ণ করিয়া, হার্ড ও সফটপ্যারাফিনেবদ্রব মিশ্র উহাতে ক্রমে ২ যোগ করিবে, সম্পূর্ণ শীতল ও রেণুহীন হওয়া পর্য্যন্ত একত্রে মর্দ্দন করিবে।

ব্রোমম। ব্রোমিন। Bromine. (Br=80)

ব্রোমিন অধাতব মূল তরল পদার্থ।

প্রস্তুত।—সমুদ্রজউদ্ভিদ্, সমুদ্রজল ও লবণাক্ত প্রস্রবণ বা ঝরণার জলে বিমিশ্র অবস্থায় পাওয়া যায়। সমুদ্র জল হইতে সামান্য লবণ প্রস্তুত করিয়া লইলে যে জল থাকে, তাহাকে বিটরণ্ কহে, এই বিটরণ্ হইতে সচরাচর ব্রোমিন প্রস্তুত হয়। Bittern বিটরেনে মেগনেশিয়ম ব্রোমাইড থাকে, বিটরণের মধ্যদিয়া ক্লোরিণ গ্যাস চালাইলে ক্লোরিন মেগনেশিয়মের সহিত মিলিত হয়, ব্রোমিণ পৃথক হইয়া আইসে। ইহাকে ইথর দ্বারা পৃথক করিয়া শোধন জন্য ব্রোমাইড অফ্ পটাশে পরিবর্ত্তিত ও সল্‌ফিউরিক এসিড এবং পেরক্‌সাইড অফ্ মেনগেনিজ্ সহ যোগে ব্রোমিন প্রস্তুত হয়।

ঘোর কটামিশ্র লাল বর্ণের তরল পদার্থ, গন্ধাস্বাদ উগ্র ও কদর্য্য। আঃ গুঃ ২·৯৭—৩·১৪। জলে অল্প দ্রবহয়। ঈথার ও এলকোহলে দ্রবনীয়।

ক্রিয়া।—ব্রোমিন দাহক। জলমিশ্র—বলকারক, পরিবর্ত্তক, শোষক। ইহার যৌগিক দ্রব্য বিশেষতঃ ব্রোমাইড অফ পটাসিয়ম ও ব্রোমাইড অফ্ এমোনিয়ম সচরাচর ব্যবহৃত হয়।

পটাশি ব্রোমাইডম Potassii Bromidum ব্রোমাইড অফ্ পটাসিয়ম Bromide of Potassium ব্যবহার।

প্রস্তুত।	সলিউশন অফ পটাশ	১ পাইন্ট
	ব্রোমিন	৪ আউন্স বা যথা প্রয়োজন
	উড্চার কোল স্ক্ষ্মচূর্ণ	২ আউন্স।
	বয়েলিং ডিষ্ট ওওয়াটার	।০ পাইন্ট।

কাচ বা পোর্সিলেন পাত্রে পটাশ দ্রব রাখিয়া ব্রোমিন ক্রমেং যোগ কর ও ক্রমাগত নাড়িতে থাক, মিশ্রিত করিয়া লোহিতোত্তপ্ত লৌহ মুষিকায় (Iron crucible) ক্রমেং অল্পং করিয়া দিতে থাকিবে, সমুদায় গলিয়া গেলে, মুষিকা অগ্নি হইতে নামাইয়া শীতল হইলে, মুষিকা মধ্যস্থ ব্রোমাইডকে জলে দ্রব করিবে। ফিল্টার করিয়া দানা বান্ধিয়া শুষ্ক করিয়া লইবে।

আকারাদি—শ্বেতবর্ণ, স্বচ্ছ, সমষট্প্রদেশযুক্ত (cubical) দানা বিশিষ্ট, গন্ধহীন, তীব্রলবণাস্বাদ, জলে ক্রিয়া দ্রবনিয় পরিবর্ত্তক, স্নায়বিয় অবসাদক, শোষক, জননেন্দ্রিয়ে ও গলনলীর শৈম্মিক ঝিল্লির অবসাদক, Alterative, Absorbent,

১। পরিবর্ত্তন জন্য উপদংশজ স্বস্থ রোগে, রোগীর আইও-

ডাইন ঘটিত ঔষধ সহ্য না হইলে ব্রোমাইড প্রধান অবলম্বন। গ্রন্থি বর্দ্ধন, প্লীহা বিবর্দ্ধন।

২। স্নায়বিক পীড়ায়, অনিদ্রা বিশেষতঃ কোন একিউট ব্যাধির পর, যখন অহিফেন সেবনে নিদ্রার পরিবর্ত্তে উত্তেজনা জন্মে ও হায়োসায়েমস এবং বেলেডোনা নিদ্রা উৎপাদন করিতে বিফল হয়। কোরিয়া, কনভল্‌সনস্‌ ইপিলেপ্সি টিটেনস প্রভৃতি আক্ষেপিক ব্যাধি সকল। হিষ্টিরিয়া সহিত ইপিলেপ্টি ফরম কনভল্‌সনে ইহা প্রায় অব্যর্থ। ডিলিরিয়ম ট্রিমেন্স ও স্পেসিফিক ফিভর সকলে অনুরূপ অবস্থায়, নিম্ফোমেনিয়া, প্রায়েপিজম, মেনরেজিয়া, ডায়েবিটিস, লোরংসের বিবিধ ব্যাধি স্পার্মেটোরিয়া।

নিম্নলিখিত ৪টী ঔষধে বোমিন আছে—

এসিডম্ হাইড্রো ব্রোমিকম ডাইলিউ। এমোনাই ব্রোমাইডম। পটাসি ব্রোমাইডম। সোডাই ব্রোমাইডম।

ক্লোরিন। Chlorine (Cl—35·5)

ক্লোরিণবাষ্প, অধাতব মূল পদার্থ, মুক্ত অবস্থায় স্বভাবতঃ পাওয়া যায় না। ঔষধার্থে ইহার জল ব্যবহৃত হয়। ইহা হইতে লাইকর ও ভেপর এই দুইটী ঔষধ প্রস্তুত হয়।

লাইকর ক্লোরাই। সলিউসন অফ্‌ ক্লোরিণ।

ক্লোরিণ বাষ্প জলে দ্রব করিলে প্রস্তুত হয়। শীঘ্র নষ্ট হইয়া যায় এজন্য ব্যবহার কালে সদ্য প্রস্তুত করিয়া লইতে হয়। অন্ধকারে শীতল স্থানে হরিদ্বর্ণ কাচ বোতলে রাখিলে কয়েকদিন ভাল থাকে।

প্রস্তুত—হাইড্রোক্লোরিক এসিড..... ১ ভং আং

ব্লাক অক্সাইড অফ্ মেনগেনিজ সূক্ষ্মচূর্ণ ১ আং
ডিসটিল্ড ওয়াটার ৩৪ তং আং

একটী গ্যাস বোতলে মেন্গেনিজ এসিড এবং ২আউন্স জল রাখিয়া মৃদু তাপ দিবে, উহা হইতে অদ্ভুত বাষ্প উপযুক্ত নল দ্বারা একটী বোতলে ২ আংজলের মধ্যদিয়া চালাইয়া বাষ্প শোধিত করিবে, এই বোতলের সহিত উপযুক্ত নল সংযুক্ত করিয়া ৩ পাইণ্ট পরিমাণ একটী বোতলে অবশিষ্ট (৩০ আং) জল রাখিয়া তাহার মধ্যদিয়া ঐ শোধিত গ্যাস যতক্ষণ উঠিতে থাকে চালাইতে থাকিবে।

ক্রিয়া।—পরিবর্ত্তক, পচন নিবারক, যকৃতের উপর কার্য্য করে।

স্থানিক।—উত্তেজক, পচন নিবারক, দুর্গন্ধহারক।—

ব্যবহার।—আভ্যন্তরিক ব্যবহার প্রায় হয় না ভেপার ও গার্গলরূপে যক্ষ্মাকাশ, পুরাতন ব্রঙ্কাইটীস, এমপাইমা গ্যাংগ্রিণ অফ্ দি লংস, ক্যানক্রম অরিস, টায়েলিজম, এফ্থা, অলসারেশন অফ্ টনসিলে, স্কার্লেটিনা ও ডিফথিরিয়ার গলার ক্ষত, লোসনরূপে কেনসার ও গলিত ক্ষত এবং চর্ম্মরোগে।

মাত্রা। ১০—২০ মিনিম।

ভেপর ক্লোরাই। ইনহেলেশন অফ্ ক্লোরিন

ক্লোরিনেটেড লাইম......২আউন্স। শীতল জল যথা প্রয়োজন উপযুক্ত পাত্রে রাখিয়া ইহার বাষ্প ঘ্রাণ লইতে হইবে।

একোয়া। ওয়াটার। জল Aqua, Water.

ফার্ম্মাকোপিয়ায় চুয়ান জল বা ডিষ্টিলড্ ওয়াটার ব্যবহৃত হয়। বকযন্ত্র বা ষ্টিল নামক যন্ত্র দ্বারা জল চুয়ান যায়। ঔষধ

প্রস্তুত করিতে চুয়ান জল বা ডিষ্টিলড্ ওয়াটার স্থলে সাধারণ জল ব্যবহার করিলে অনেক সময় অনেক ঔষধের গুণ নষ্ট হয় এবং অনেক ঔষধ দ্রব্য ও উহার সারাংশ চুয়ান জলে যেরূপ দ্রব হয় সাধারণ জলে সেরূপ হয় না ।

মিনারেল ওয়াটার Mineral waters. প্রস্রবণের জল ।

৭ প্রকার জল সচরাচর ঔষধার্থে ব্যবহৃত হয় । ১ম ফেরু জিনিস বা কেলিবিয়েট ওয়াটার । (লৌহযুক্ত)—Ferruginous or chaly beate waters (হেরগেট, বক্সটন, স্পা ইত্যাদি কার্ব্বনেট অব আয়রণ অধিক কার্ব্বনিক এসিড প্রভাবে দ্রব থাকে । এনিমিয়া রোগে ব্যবহার হয় ।

২ । সলফর ওয়াটার, সলফিউরেটেড বা হিপাটিক ওয়াটার (গন্ধকযুক্ত) Sulphur water, or Sulphuretted or Hepatic waters. এই সকল জলে সলফিউরেটেড হাইড্রোজেন বাষ্প দ্রব থাকে । কখনং সলফাইড লবণ ও থাকে ।—হেরোগেট ষ্ট্রাথপেফার, মফাট, লিসডনভর্ণা, ল্যানড্রিডনড ইত্যাদি ।

ক্রিয়া ।—লিভার, ইউট্রাস, বিবিধ মিউকসমেমব্রেণ ও চর্ম্মের উত্তেজক ও পরিবর্ত্তক ।

ব্যবহার । সোরায়েসিস, একজিমা, রিউমাটয়েড আর্থ্রাইটিস, ক্রনিক লেরিঞ্জিয়েল ও ব্রঙ্কিয়েল ব্যাধি ।

৩ । এলেকেলাইন ওয়াটার Alkaline waters ক্ষারজল । ভিসি, ভালস, এমস্ ইত্যাদি ।

ক্রিয়া । রক্তের ক্ষারত্ব বৃদ্ধি করিতে ব্যবহার হয় । যকৃত ও পাক যন্ত্রের পরিবর্ত্তক, মূত্রের অম্লত্ব দূর করিতে ব্যবহার হয় । ভিসিওয়াটার, গাউটি ও ইউরিক এসিড্ গ্রেভেল মূত্রযন্ত্র ও মূত্রাশয়ের উত্তেজনা ।

৪। সেলাইন ওয়াটার Acedulous or cabonated saline waters. বাথ, মিউনেহার, কিসিনজেন, ওয়েসবাডেন, টেরাম্প এইগুলি প্রধান। ইহাতে অত্যধিক কার্ব্বনিক এসিড বাষ্প থাকাতে এইগুলি অম্লগু। বিশিষ্ট, কার্ব্বনেট অবস্নোডিয়ম, মেগনেসিয়ম ও কেলসিয়ম এই অম্লের প্রভাবে দ্রব থাকে।

ব্যবহার। এটনিক ডিসপেপসিয়া, (কিসিনজেন বিলিন, বাডেন বাডেন) বাডেন বাডেন মধ্যে লিথিয়ম লবণ থাকে। পরিবর্ত্তক, মূত্রকারক, ঘর্ম্মকারক, গাউট, রিউমাটিজমও পাথরি।

৫। সেলাইন এপিরিয়েণ্ট ওয়াটার Saline Aperient Waters. এই জলে সলফেট অব সোডিয়ম এবং মেগনেসিয়ম ক্লোরাইড অব সোডিয়ম ও মেগনেসিয়ম কার্ব্বনেটঅফ কেলসিয়ম ও সোডিয়ম থাকে। চেল টেনহাম, লেমিঙ্গটন, কেলসবাড মেরিনবাড, হোমবর্গ, ফ্রাঞ্জেন্স বাড প্রধান। ব্যবহার—পোর্টাল কনজেশ্চন, যকৃত পীড়া, গাউট, প্লিহা, ইউরিক এসিডের আধিক্য।

৬। ইনডিফারেণ্ট থার্ম্মাল ওয়াটার In different Thermal waters এই জলে লবণাদি অতি অল্প থাকে, নাইট্রোজেন, বাষ্প অনেক থাকে, এই জলের তাপ৭০—১৫০ ফাঃ। গ্যাসটিয়েন উবাইল্ডবাড, স্লেলেনজেন বাড, টেপলিজ, প্লমবারস, বক্সটন ইত্যাদি।

এই সকল জল বাথ জন্ম ব্যবহার হয়। ক্রিয়া—অবসাদক। ব্যবহার—নিউরাল জিয়া, হিষ্টিরিয়া, লোকোমোটর এটাক্সি রিউমাটিজম, জরায়ুপীড়া।

৭। মিসিলেনিয়স ওয়াটার Miscellaneous waters এই

সকল জলে আইওডিন ও ব্রোমিন এবং আর্সিনিক প্রভৃতি থাকে।

এসিডস বা অম্ল ঔষধ সকল।

এসিডম অ্যাসিটিকম। এসিটিক এসিড। Acetic Acid কাষ্ঠ চুয়াইয়া বিমিশ্র শির্কাম্ল পাওয়া যায়, উহাকে কার্ব্বনেট অব সোডার সহিত মিলিত করিয়া দানা বান্ধিয়া ঐ দানাকে সলফিউরিক এসিড সহ চুয়াইলে প্রস্তুত হয়। ইহার ১০০ ভাগে ৩৩ ভাগ মাত্র বিশুদ্ধ এসিটিক এসিড আছে গুণধর্ম্ম = বর্ণহীন তরল, উগ্রগন্ধ, তীব্র অম্ল গুনবিশিষ্ট, স্পেঃগ্রাঃ ১·০৪৪

ক্রিয়া।—প্রচুর পরিমাণ জল মিশ্রিত করিয়া সেবন করিলে শৈত্যকারক, ধামনিক অবসাদক, ক্ষার নাশক, সঙ্কোচক. কিন্তু এই জন্য ব্যবহার অল্প।

স্থানিক—অমিশ্রাবস্থায় উগ্রতা সাধক কখনং স্ফোটকারক ও দাহকরূপে ব্যবহার হয়। কিন্তু এই কার্য্য জন্য গ্লেশিয়েল এসিটীক এসিড শ্রেষ্ঠ।

ব্যবহার—অতিঘর্ম্মরোগে ও জ্বরাদিতে উপাধিরো জলের সহিত স্পঞ্জিং করিতে ব্যবহৃত হয়

স্থানিক।—প্রদাহ ও আঘাতাদিতে শৈত্যকারক জন্য লোশনরূপে ব্যবহার হয়। কিন্তু ইহার প্রধান ব্যবহার নানা প্রকার ঔষধ দ্রব্যকে দ্রব করা।

নিম্নলিখিত ১১টী ঔষধে এসিটিক এসিড মুক্তভাবে আছে।।

এসিটম—শতকরা ৫০৪১ ভাগ বিশুদ্ধ এসিটিক্ এসিড।

এসিটম কেনথারিডিস্

" সিলি

এসিডম এসিটিকম্ গ্লেসিয়েলি—শতকরা ৯৯·৮ ভাগ খাঁটী এসিটিক এসিড আছে।

৭এসিডম এসিটিকম্ শতকরা ৩৩ ভাগ বিশুদ্ধ এসিটিক্ এসিড্।

এসিটিকম্ ডাইলিউটম—শতকরা ৪·২৭ ভাগ বিশুদ্ধ এসিটীক্ এসিড।

এক্সট্রাক্টম কলচিসাই এসিটিকম্।

অক্সিমেল।

সিপি।

সিরপস সিলি।

টিংচুরা ফেরি এসিটেটিস।

নিম্নলিখিত ১৩টি এসিটেট ঔষধ ফার্ম্মাকোপিয়ার ব্যবহৃত হয়।

ইথার এসিটিকস।

লাইকর এমোনাই এসিটেটিস	লাইকর মর্ফিনি এসিটেটিস্
" " ফর্টিয়র।	প্লম্বাই এসিটাস।
লাইকর ফেরি এসিটেটিস্।	লাইকর প্লম্বাই সব্ এসিটেটিস।
" " " ফর্টিয়র।	" " " ডাইলিউটস্।
টিংচুরা ফেরি এসিটেটিস।	পটাসি এসিটাস।
মর্ফিইনি এসিটেটিস।	জিনসাই এসিটাস।

এসিডম এসিটিকম ডাইলিউটম। ডাইলিউট্ এসিটিক্ এসিড।

এসিটিক্ এসিড	১ পাইণ্ড বা ১ অং ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার	৭ পাইণ্ড বা ৭ অং ভাগ।

মাত্রা—১ ড্রাম হইতে ২ ড্রাম যথেষ্ট জল যোগে।

নিম্নলিখিত ২টী ঔষধে ডাইলিউট এসিটিক্ এসিড ব্যবহৃত হয়।

এসিটম্ সিলি।	লাইকর্ মর্ফি ইনি এসিটেটিন্।

এসিডম এসিটিকম গ্লেসিয়েলি। গ্লেসিয়েল এসিটিক এসিড।

নির্জ্জল এসিটেট অফ সোডা কিম্বা পটাস সল্ফিউরিক এসিড সহ চুয়াইয়া প্রস্তুত হয়।

ঘনীভূত এসিটিক এসিড মাত্র। শতকরা প্রায় ৯৯ ভাগ বিশুদ্ধ এসিটিক এসিড আছে। গুনধর্ম্ম—শীতল হইলে দানাকার কঠিন অবস্থা প্রাপ্ত হয়, ৬০ ফাঃ তাপপর্য্যন্ত কঠিন থাকে, স্পে: গ্রাঃ ১·৫৮ সাধারণ তাপে বর্ণহীন তরল উগ্রদ্রব।

স্থানিক—দাহক, উগ্রতাসাধক, ফোস্কাকারক

(কষ্টিক, ইরিটেণ্ট, ভেসিকেণ্ট, কেরোটিক)।

স্থানিক প্রয়োগে উগ্র ব্যবহার হয়।

নিম্নলিখিত ৩টী ঔষধ প্রস্তুত করিতে এইদ্রব্য ব্যবহৃত হয়।

এসিটম কেম্থারিডিস। মিসচুরা ক্রিয়োজোটাই।

লিনিমেণ্টম টেরিবিন্থিনি এসিটিকম।

এসিটম, ভিনিগার (শির্কা)। Vinegar

মল্টেড ও অনমল্টেড শস্য একত্রে পচাইয়া এই দ্রব্য প্রস্তুত হয়। গুন ও ধর্ম্ম—কটাবর্ণ তরল গন্ধ বিশেষ প্রকার স্পে: গ্রাঃ ১·০৫১৭—১·০১৯

ক্রিয়া—শৈত্যকারক, ধামনিক অবসাদক, ক্ষারনাশক, সঙ্কোচক।

মাত্রা—১ ড্রাম হইতে ১ ঔং আউন্স

নিম্নলিখিত একটী ঔষধে ভিনিগার আছে।

এমপ্লাষ্ট্রম সেপোনিস ফস্কক।

এসিডম আর্সেনিওসম—ধাতুঘটিত ঔষধ মধ্যে উক্ত হইবে।

এসিডম বেনজোইকম— উদ্ভিদ ঔষধ মধ্যে উক্ত হইবে।

এসিডম বোরিকম। বোরাসিক এসিড (বোরিক এসিড (হ্মরর্গস সিডেটিভ্ সল্ট) Boracic Acid.

সোহাগা ও সল্‌ফিউরিক এসিড যোগে প্রস্তুত হয়, এবং ইটালির টস্কানিতে স্বভাবজ বোরিক এসিডবিশুদ্ধ করিয়া ও প্রস্তুত হয়। গুণ ও ধর্ম্ম— বর্ণহীন, কঠিন, মুক্তার স্থায় শ্বেতবর্ণ ও উজ্জ্বল মসৃণ চেপটা দানাকার, বর্থন নিয়ম দনাকার, সহ যে চূর্ণহয়, হাতে তেলা বোধহয়, আস্বাদ ঈষৎ অম্ল ও তিক্ত, আস্বাদ গ্রহণের পর মুখে মিষ্টাস্বাদ থাকে, ২৫ ভাগ জলে ৫ ভাগ গ্লিশরিনে ১৬ ভাগ রেক্টিফাইড স্পিরিটে অথবা ৩ ভাগ উষ্ণ জলে দ্রবনীয়। স্থরাযুক্ত দ্রব হরিতাভ শিখায় দগ্ধ হয়।

ক্রিয়া—পচন নিবারক, সংক্রমণ নিবারক, দুর্গন্ধহারক। (এণ্টিসেপ্‌টিক্, ডিস্‌ইনফেকটেণ্ট, ডিওডরেণ্ট)।

ব্যবহার—ক্ষতাদি ড্রেস করিতে ব্যবহার হয়।

মাত্রা। ৫—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—অঙ্গুয়েণ্টম্ এসিডাই বোরেসাই। বোরিকএসিড অয়েণ্টমেণ্ট।

বোরিক এসিড সূক্ষ্মচূর্ণ	২॥০ আউন্স বা ১ ভাগ।
সফ্ট্ পেরাফিণ	১০ আউন্স বা ৪ ভাগ।
হার্ড পেরাফিণ	৫ আউন্স বা ২ ভাগ।

এসিডম কার্ব্বনিকম—স্থানান্তরে উক্ত হইবে।

এসিডম কার্ব্বনিকম। কার্ব্বনিক এসিড। Carbonic Acid.

কার্ব্বনিক এসিড বাষ্প জলে দ্রবকরিয়া অরেটেড ওয়াটার, সোডাওয়াটার প্রভৃতিনামে প্রসিদ্ধ।

মার্ব্বেল পাথর কিম্বা চাখড়িও হাইড্রোক্লোরিক এসিড মিশ্রণে উৎপন্ন বাষ্প বিশেষ প্রকার যন্ত্রদ্বারা (গেজোজেন দৃঢ় বোতলে জলে চাপদ্বারা দ্রবকরিয়া প্রস্তুতহয়। বাজারে চাখড়িও সলফিউরিক এসিড ব্যবহার করে।

ক্রিয়া। পাকযন্ত্রের উগ্রতাহারক, বমননিবারক।

ব্যবহার।—পিপাসাধিক্য, বমনও বিবমিশা, পাকযন্ত্রের উগ্রত।,

* চিহ্নিত এসিডগুলি মিনারেল এসিড।

জ্বর, অজীর্ণ, ওলাউঠা ইত্যাদি। কার্ব্বনেট অব্ ম্যাগনেসিয়া, কার্ব্বনেট অবলিথিয়ম প্রভৃতি নানাপ্রকার লবণ কার্ব্বনিকএসিড যুক্ত জলেদ্রব করিয়া ব্যবহার হয়। এফারভেসিংড্রাফট এবং গ্রাণুলার এফারভেসিং ঔষধ সকল যথা সোডাসাইট্রেট,টার্টাস এম ব ক্রেসেন্স প্রভৃতি কার্ব্বনিকএসিড সংযুক্ত ঔষধ।

সোডাওয়াটারের মাত্রা। যথেচ্ছা।

এসিডম ক্রোমিকম। ক্রোমিক এসিড। * Chromi Acid

ক্রোমিক এনহাইড্রাইড।

প্রস্তুত—	বাইক্রোমেট্ অব্ পটাস	৩০ আউন্স।
	সলফিউরিক এসিড	৫৭ আউন্স।
	ডিষ্টিল্ড ওয়াটার	যথাপ্রয়োজন।

বাই ক্রোমেট অব পটাসের চূড়ান্ত দ্রবে উগ্র সলফিউরিক এসিড যোগ করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া। দাহক, দুর্গন্ধহারক, সংক্রমণ নিবারক।

কষ্টিক, ডিওডরাইজার, ডিসইন্‌ফেকটেণ্ট।

ব্যবহার—এসিড ১ ভাগ, জল ৪ ভাগ—কণ্ডিলোমেটা দগ্ধ করিতে। এসিড ১ ভাগ জল ৪০ ভাগ লোশন—মাড়িতে ক্ষত,

জিহ্বা, ল্যারিংস্ ও ফ্যারিংসের উপদংশজ ক্ষতে ব্যবহার হয়।

প্রয়োগরূপ—লাইকর এসিডাই ক্রোমিসাই। শতকরা ২৫ ভাগ এনহাইড্রস ক্রোমিক এসিড জলে দ্রব আছে।

প্রস্তুত—ক্রোমিক এসিড ১ আউন্স বা ১ ভাগ।

ডিষ্টিল্ড ওয়াটার ১ ফ্লুং আউন্স বা ১ ভাগ।

আপেক্ষিক গুরুত্ব ১·৮৫।

এসিডম সাইট্রিকম। সাইট্রিক এসিড (জম্বিরাম্ল)

Citric Acid

লেবুর রস হইতে খটিক ও গন্ধকদ্রাবক যোগে প্রস্তুত হয়।

প্রস্তুত—লেবুর রস ৪ পাইণ্ট।

প্রিপেয়ার্ড চক ৩।০ আউন্স।

সলফিউরিক এসিড ২।০ ফ্লুং আউন্স।

ডিষ্টিল্ড জল যথাপ্রয়োজন।

লেবুর রস ফুটাইয়া ক্রমশঃ উহাতে খড়ি যোগ করিবে। অধঃক্ষিপ্ত সাইট্রেট অব লাইম উত্তম রূপে ধৌত করিবে। এক পাইণ্ট জলে রাখিয়া ডাইলিউট সলফিউরিক এসিড যোগ করিবে, যথাবিধি ছাঁকিয়া ঘনীকরণ দ্বারা [illegible] করিবে।

ক্রিয়া। জ্বরাবিরোধে শৈত্যকারক, পিপাসানিবারক, স্কার্ভি নিবারক। (রিফ্রিজেরাণ্ট, এণ্টিস্কর্বিউটিক

মাত্রা ১০—৩০ গ্রেণ।

যুক্ত সাইট্রিক এসিডযুক্ত ঔষধ ৩টী

সরবৎ লিমনিস, সিরপস্ লিমনিস, ভাইনম কোয়াইনি

মিশ্রিত সাইট্রিক এসিডযুক্ত ঔষধ ৮টী

লাইকর এমোনাই সাইট্রেটিস্ ফর্টিয়র।

বিসমথাই সাইট্রাস।

লাইকর বিসমথাই এট এমোনাই সাইট্রেটিস

কেবিএট এমোনাই সাইট্রাস।
কেবিএট কোনাইনিসাইট্রাস।
সোডি সাইট্রোটাট্রাস্ এফারবেসেন্স।
লিথিসাইট্রাস্।
পটাসি সাইট্রাস।

এসিডম হাইড্রোব্রোমিকম্ ডাইলিটম্। ডাইলিউটেড্ হাইড্রোব্রোমিক এসিড॥ Dilute Hydrobromic Acid.

শতকরা ১০ ভাগ ওজন হাইড্রোব্রোমিক এসিড থাকে এমন জলীয় দ্রব।

প্রস্তুত। ব্রোমিন ... ১৩০ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার যথা প্রয়োজন।
সলফিউরেটেড হাইড্রোজেন যথা প্রয়োজন।

ব্রোমিন জলের সহিত মিলাইয়া উহার মধ্যদিয়া সলফিউরেটেড্ গ্যাস চালাইয়া বর্ণহীন হওয়ার পর ছাঁকিয়া চুয়াইয়া বিশুদ্ধ করিতে হয়। আপেক্ষিক গুরুত্ব ৬০ ফাং তাপে ১·০৭৭।

ক্রিয়া। নিদ্রা কারক, অবসাদক আক্ষেপ নিবারক, বেদনা নিবারক, পরিবর্ত্তক, শোধক।

ব্যবহার—ইহাতে কুইনাইন দ্রব করিয়া নিঃশ্যেষ করা হয়। কুইনাইন সহিত ব্যবহার করিলে কান ভোঁভোঁ, মাথাধরা ইত্যাদি নাড়ীসম্বন্ধীয় উপদ্রব হইতে দেয় না, কুইনাইন জনিত ও অন্যবিধ কানভোঁভোঁ এবং শিরোপীড়া, রুগী হিষ্টিরিয়া নিউরালজিয়া নার্ভস এক্সাইটমেন্ট, প্যালপিটেশন্ অগ্নিমান্দ্যাদি।

মাত্রা। ১৫—৫০ মিনিম।

এসিডম্ হাইড্রোক্লোরিকম। হাইড্রোক্লোরিক এসিড (মিউরিয়েটিক এসিড) Hydro Chloric Acid.

স্পিরিটস অফ সল্ট (লবণ দ্রাবক। ইহাতে শতকরা ৩২ ভাগ ওজন বাষ্প জলে দ্রব আছে।

প্রস্তুত।—শুষ্ক ক্লোরাইড অব্ সোডিয়ম... ৪৮ আউন্স।
সল্ফিউরিক এসিড ....৪৪ তং আউন্স।
জল .... ৫০ তং আউন্স।

৩২ আউন্স জলে ক্রমে ২ সলফিউরিক এসিড যোগ করিবে, শীতল হইলে, একটী উপযুক্ত ফ্লাস্কে লবণের সহিত মিলিত করিয়া তাপ প্রয়োগ করিবে, উদ্ভূত বাষ্প প্রথমে উপযুক্ত যন্ত্রদ্বারা ধৌত করত কাচনির্ম্মিত আধারে ডিষ্টিল্ড ওয়াটারে দ্রব হইতে দিবে যে পর্য্যন্ত না পরিমাণ ৬৬ আউন্স, অথবা ১·১৬ আপেক্ষিক গুরুত্ব হয়।

মুক্ত হাইড্রোক্লোরিক এসিডযুক্ত ঔষধ ৫টী!

১। এসিডম হাইড্রোক্লোরিকম ডাইলিউটম।
২। এসিডম নাইট্রো হাইড্রোক্লোরিকম ডাইলিউটম।
৩। লাইকর্ এণ্টিমনাই ক্লোরিডাই।
৪। লাইকর্ আর্সিনিসাই হাইড্রোক্লোরিকস্।
৫। লাইকর্ মর্ফিইনি হাইড্রোক্লোরেটিস্।

মিলিত হাইড্রোক্লোরিক এসিডযুক্ত ঔষধ ১৫টি।

১। এমোনাই ক্লোরাইডম্।
২। লাইকর এণ্টিমনি ক্লোরিডাই।
৩। কেলসিয়ম্ ক্লোরাইডম।
৪। লাইকর আর্সিনিসাই হাইড্রোক্লোরিকস।
৫। লাইকর ফেরি পারক্লোরিডাই।
৬। লাইকর ফেরি পার্ক্লোরিডাই ফর্সিয়র্।
৭। হাইড্রার্জ্জাইরাই পারক্লোরাইডম।
৮। লাইকর্ হাইড্রারর্জ্জাইরাই পার্ক্লোরাইডম।
৯। হাইড্রার্জ্জাইরাই সব্ ক্লোরাইডম্।
১০। মর্ফিইনি হাইড্রোক্লোরাস্।

১১। লাইকর মর্ফিইনি হাইড্রোক্লোরেটিস্‌।
১২। সোডাই ক্লোরাইডম।
১৩। টিংচুরা ফেরি পারক্লোরিডাই।
১৪। জিন্সাই ক্লোরাইডম।
১৫। লাইকর জিন্সাই ক্লোরিডাই।

এসিডম হাইড্রোক্লোরিকম ডাইলিউটম। ডাইলিউট হাইড্রো

ক্লোরিক এসিড। (এসিড ৮ জল ২৬।৹)

প্রস্তুত—হাইড্রোক্লোরিক এসিড... ... ... ৮আউন্স।
ডিসটিল্ড ওয়াটার যথা প্রয়োজন।
এসিডের সহিত ১৬ আউন্স জল মিলাইয়া, পরে এপরিমাণ জল মিলাইবে যেন ৬০ফাং তাং পরিমাণ সমুদায়ে ২৬।৩২ আউন্সহয়।

অথবা।

হাইড্রোক্লোরিক এসিড .. .. ৩০৬০ গ্রেণ।
ডিষ্টিল্ড ওয়াটার ... ...যথা প্রয়োজন।

এসিডের সহিত এপরিমাণ জল উত্তমরূপে মিলাইবে যেন ৬০ ফাং তাং উহার পরিমাণ সমুদায়ে ১ পাইন্ট হয়।

ক্রিয়া।—ষ্ট্রং হাইড্রোক্লোরিক এসিড স্থানিক প্রয়োগে প্রবল দাহক, চর্ম্মের উপর সাদা দাগ উৎপন্ন হয়, ঐ স্থান পরে পচিয়া যায়। আভ্যন্তরিক ব্যবহারে উগ্রবিষ (এরিড্ পয়জন)

ডাইলিউট এসিড জলমিশ্র করিয়া ব্যবহারে.—

শৈত্যকারক, বলকারক, সঙ্কোচক, ক্ষারনাশক, কৃমিনাশক।
(রিফ্রিজরেণ্ট, টনিক, এষ্ট্রীনজেণ্ট, এণ্টিএলকেলাইন, ভার্মিফিউজ

ব্যবহার—এটনিক ডিসপেপসিয়া, দৈহিক সাধারণ দুর্ব্বলতা. একজেনথিমেটস্। গার্গলরূপে—সোরথ্রোট, ডিপথিরিয়া প্রভৃতিতে ব্যবহার হয়।

ডাইলিউট এসিডের মাত্রা ১০—৩০ মিনিম।

ডাইলিউট হাইড্রোক্লোরিক এসিযুক্ত ঔষধ ২টি

লাইকর মর্ফিনি হাইড্রোক্লোরেটিস্।

" ষ্ট্রীকনাইনি

এসিডম হাইড্রোসিয়ানিকম ডাইলিউটম। ডাইলিউট্ হাইড্রোসিয়ানিক এসিড বা প্রুসিক এসিড।

Acidum Hydrocyanicum dilutum Dilute Hydrocyanic Acid.

শতকরা ২ ভাগ ওজন হাইড্রোসিয়ানিক এসিড বাষ্প জলে দ্রব করিয়া প্রস্তুত হয়।

প্রস্তুত—ফেরোসায়েনাইড অব্ পটাসিয়ম্ ২।০ আউন্স।

সলফিউরিক এসিড ... ... ১ তং আউন্স।

ডিষ্টিল্ড ওয়াটার ৩০ তং আউন্স অথবা যথা প্রয়োজন।

সল্ফিউরিক এসিড ৪ আউন্স জলের সহিত ডাইলিউট করিয়া শীতল হইলে, ফেরোসায়েনাইড অফ্ পটাসিয়ম ১০ আউন্স জলে দ্রব করিয়া উহাতে যোগ করিবে। মিশ্রণটী উপযুক্ত মাটী কি কাচ পাত্রে রাখিয়া উহার সহিত একটি আধান সংযুক্ত করিবে, এই আধারে ৮ আউন্স ডিষ্টিও জল রাখিবে, আধার ভাণ্ড শীতল রাখিয়া মৃদুতাপে চুয়াইবে, যে পর্য্যন্ত না আধার ভাণ্ডের জল ১৭ আউন্স হয়। আধার পাত্র অন্তর করিয়া উহাতে ৩ আউন্স বা যথা প্রয়োজন ডিষ্টিল্ড ওয়াটারযোগে মোট ১ পাইন্ট পূর্ণ করিবে।

ক্রিয়া। বেদনানিবারক, আক্ষেপনিবারক, বমননিবারক, স্নায়বীয় ও ধামনিক অবসাদক। অধিক মাত্রায় ভয়ানক বিষক্রিয়া হয়।

(এনোডাইন্, এণ্টিস্পাজমডিক, এণ্টামেটিক, সিডেটিভ)

স্থানিক ক্রিয়া।—চর্ম্মের উত্তাহারক বেদনাহারক।

ব্যবহার—উপযুক্ত পরিমাণ জল মিলাইয়া উচিত মাত্রায় ব্যবহার করিলে বেদনা ও আক্ষেপ নিবারণ করে, মাত্রা অধিক হইলে শীরোঘূর্ণন ইত্যাদি লক্ষণ প্রকাশ পায়, ষ্টমাক ও ইণ্টেসটাইনের বেদনাযুক্ত ব্যাধি সকলে যথা—গেষ্ট্রোডিনিয়া, এণ্টোডিনিয়া, পাইরোসিস্ ও বমনরোগে ব্যবহার্য্য, পারটুসিস, এজ্মা প্রভৃতি স্নায়বিয়-বক্ষগহ্বরীর পীড়াতে উপকারক, কখন ২ পালপিটেশন অব্ দিহার্ট রোগে ব্যবহার হয়, বিশেষতঃ অজীর্ণ রোগের সহিত ইহা বর্ত্তমান থাকিলে ফলপ্রদ। ফৎসনাল পালপিটেশন্ বা ক্রিয়াবিকার জন্য হৃদ্‌স্পন্দন রোগেই এই ঔষধ উপকার করে। কোরিয়া, হিষ্টিরিয়া, নিউরালজিয়া, ইপিলেপ্‌সি ও টেটেনস্ রোগে ও ব্যবহার হয়। ইহার বাষ্প বক্ষগহ্বরীর পীড়াতে ফুসফুসের স্থানিয় ক্রিয়া প্রকাশ জন্য ব্যবহার হয়। হুপিংকফ রোগে বিশেষ উপকারী।

যেসকল চর্ম্মরোগে অত্যন্ত চুলকানি বর্ত্তমান থাকে তাহাতে লোশনরূপে ব্যবহার করিলেও উপকার হয়।

মাত্রা। ২—৮ মিনিম।

প্রয়োগরূপ ২টী। ১। ভেপর এসিডাই হাইড্রোসিয়ানিসাই। ১০—১৫ মিনিম।

শীতল জল ... ... ১ ড্রাম।

মিলিত করিয়া উপযুক্ত যন্ত্রে বাষ্প ঘ্রাণ লইবে।

২। টিংচুরা ক্লোরোফর্ম্মাই এট মর্ফিনি। (১৬ মাপ)।

এসিডম ল্যাকটিকম ল্যাকটিক এসিড Acidum Lacticum, Lactic Acid,

জক্রায়। শতকরা ২৫ ভাগ জলমিশ্র ল্যাকটিক এসিড

চিনির সহিত বিশেষ প্রকার ফর্ম্মেণ্ট বা খমিরা যোগ করিয়া প্রস্তুত হয়।

বর্ণহীন, ঘন তরল দ্রব, গন্ধহীন, আস্বাদ অম্ল, জল, ইথর ও স্পিরিটের সহিত মিলিত হয়।

প্রয়োগরূপ—এসিডম ল্যাকটিকম্ ডাইলিউটম্।

ল্যাকটিক এসিড ... ... ৩ তং আউন্স।

ডিষ্টিল্ড ওয়াটার ... যথাপ্রয়োজন, ১ পাইণ্ট পূর্ণ করিবে।

ক্রিয়া। আগ্নেয়, ক্ষারনাশক, শৈত্যকারক,

ব্যবহার—৫। ৮ অথবা আরও অধিক ভাগ জলের সহিত ১ ভাগ এসিড মিলাইয়া লোশন বা স্প্রেরূপে ডিপথিরিয়ার ফল্স্ মেম্ব্রেণ দ্রব করিতে ব্যবহার হয়।

অজীর্ণ, ভেসাইকেলকেটার বা মূত্রাধারের প্রদাহ, ডায়েবিটীস্।

মাত্রা—॥০—২ তং ড্রাম।

এসিডমনাইট্রিকম। নাইট্রিক এসিড (একোয়াফর্টিস্)

. যবক্ষার দ্রাবক Nitric acid. *

শতকরা ৭৬ভাগ ওজন বিশুদ্ধ নাইট্রিক এসিড জলে দ্রব আছে।

নাইট্রেট অব্ পটাস কিম্বা নাইট্রেট অব্ সোডা জল ও সল্‌ফিউরিক এসিড সহিত চুয়াইয়া প্রস্তুত হয়। (সোরা ৩২ আউন্স গন্ধক দ্রাবক ১৭ আং)।

ক্রিয়া স্থানিক—দাহক, ফোস্কাকারক। চর্ম্মে হরিদ্রাবর্ণ দাগ উৎপাদন করে।

ব্যবহার। স্থানিক দুষ্টক্ষত, বিষাক্ত জন্তুর দংশন, বিষাক্তক্ষত, কাংক্রমরিস, শ্চাঙ্কর ইত্যাদি দগ্ধ করিতে ব্যবহৃত হয়, এতদ্ভিন্ন

ওয়াট, ক্ষত, কণ্ডিলোমা, অর্শ প্রভৃতি দগ্ধ করিতে প্রয়োজন হয়।

মুক্ত নাইট্রিক্ এসিডযুক্ত ঔষধ ৫টী।

১। ডাইলিউট নাইট্রিক এসিড। ২। ডাইলিউট নাইট্রো হাইড্রোক্লোরিক এসিড। ৩। লাইকার ফেরিপারনাইট্রেটীস। ৪। এসিড নাইট্রেট্ অব্ মার্করি। ৫। এসিড নাইট্রেট অব্ মার্করি অয়েণ্টমেণ্ট।

মিলিত নাইট্রিক্ এসিডযুক্ত ঔষধ ৭ টী।

১। নাইট্রেট্ অব্ সিলভার। ২। সব্নাইট্রেট অব্ বিস্মথ্। ৩। লাইকর ফেরিপার নাইট্রেটিস্। ৪। নাইট্রেট অব লেড। ৫ নাইট্রেট অব্ পটাস। ৬। নাইট্রেট অব্ সোডা ৭। এসিড নাইট্রেট অব্ মার্করি সলিউশন্।

এসিডম নাইট্রিকম ডাইলিউটম্। ডাইলিউট্ নাইট্রিক এসিড। *

নাইট্রিক এসিড	১ ৩ং আউন্স।
ডিষ্টিল ওয়াটার	যথা প্রয়োজন।

প্রথমে এসিডের সহিত ২৪ ৩ং আউন্স জল মিলাইয়া পরে এপরিমাণ জল মিলাবে যেন ৬০ ফাং তাপাংশে উহার পরিমাণ ৩১ ৩ং আউন্স হয়। অথবা

নাইট্রিক এসিড	২৪০০ গ্রেণ।
ডিষ্টিল্ড ওয়াটার	যথাপ্রয়োজন।

এসিডের সহিত জল উত্তমরূপে মিলাইয়া ৬০ ফাং তাপাংশে এক প্যাইণ্ট পূর্ণ করিবে। (৬ আং জলযোগে ৩১ আং)

ক্রিয়া। শৈত্যকারক, বলকারক, পিত্তনিঃসারক, পরিবর্ত্তক। (রিফ্রিজরেণ্ট, টনিক, কোলেগগ, অলটারেটিভ,)

ব্যবহার—জ্বররোগে, ফস্ফেটীক ডিপজিট, ... উলা, সিফিলিস, টর্পিডিটি অব্ লিভার। কোনং লোশনরূপে—ক্ষত, পিচকারিদ্বারা মূত্রধারে পাপবি দ্রব

মাত্রা। ১০—৩০ মিনিম।

এসিডম নাইট্রোহাইড্রোক্লোরিকম ডাইলিউটম। ডাইলিউট্ নাইট্রোহাইড্রোক্লোরিক এসিড। Dilut Nitro Hydrochloric Acid.

ইহাতে মুক্ত ক্লোরিণ, হাইড্রোক্লোরিক, নাইট্রীক, নাইট্রস্ এসিড ও অন্যান্য দ্রব্য জলে দ্রব আছে।

প্রস্তুত। নাইট্রীক এসিড .... ৩ তং আউন্স।
হাইড্রোক্লোরিক এসিড ...... ৪ তং আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার .... ২৫ তং আউন্স।
মিশ্রিত করিয়া ১৪ দিন পরে ব্যবহার করা কর্ত্তব্য।

ক্রিয়া। কোরিনের ক্লীন দ্রাবণ বা লাইকর্ ক্লোরাইনের মত, এভিন্ন বলকারক, আগ্নেয়, পিত্তঃনিঃসারক, পরিবর্দ্ধক।

(টনিক, ষ্টমাকিক, কোলেগগ, অলটারেটিভ)

ব্যবহার—অজীর্ণ, মুত্রে ফস্ফেটিক্ ডিপজিট, ক্রনিক হিপেটাইটিস্ সিফিলিস্।

স্থানিক। লোসন ও বাথ রূপে সিফিলিস ও যকৃতের পীড়ায় ব্যবহার হয়। বাথজন্য প্রতি গেলন জলে ৬ তং আউন্স যোগ করিতে হয়। কাঠের পাত্র ব্যবহার্য্য।

মাত্রা। ৫—২০ মিনিম।

ওলিইক এসিড—সুইট অয়েল দেখ।

রিকম্ কন্‌সেন্ট্রেটম্। কনসেন্‌ট্রেটেড্ ফস্ফরিক এসিড। Concentrated Phosphoric acid *

শতকরা ৩৩·৭ ভাগ জলমিশ্র ফস্ফরিক এসিড।

ফস্ফরস	...	৪১৩ গ্রেণ।
নাইট্রিক এসিড	..	৬ ৩২ আউন্স
ডিষ্টিল্ড ওয়াটার	...	যথাপ্রয়োজন।

নাইট্রিক এসিড ৮ আউন্স ডিষ্টিল্ড জলের সহিত ডাইলিউট করিয়া একটী কাচের ফ্লাস্কে রাখ, উহার মুখ একটী উর্দ্ধাধভাবে স্থিত কনডেনসর নামক যন্ত্রের সহিত সংযুক্ত কর, ফ্লাস্ক বা কাচকুপিতে ফস্ফরস দিয়া উহাকে তাপ দ্বারা এরূপভাবে ফুটাইতে থাক, যেন জল ও নাইট্রিক এসিডের ধূম, বাষ্প ইত্যাদি যাহা জমিয়া যায় যেন কাচকুপিতে ফিরিয়া আসিতে পারে, ফস্ফরস সমুদয় দ্রব হইলে, উহাকে ঘন করিয়া পরিমাণ ৪ আউন্স হইলে প্লাটিনাপাত্রে ২ আউন্স পর্য্যন্ত ঘন করিবে, কমলা রঙ্গের বাষ্প নির্গমন শেষ হইলে ডিষ্টিল্ডজল মিলাইয়া শীতল অবস্থায় পরিমাণ ৩ আউন্স পূর্ণ করিবে ও আপেক্ষিক গুরুত্ব যেন ১·৫ হয়।

মাত্রা। ২—৫ মিনম। জলের সহিত সেব্য।

ফস্ফরিক এসিডযুক্ত ঔষধ।

এসিডম্ ফস্ফরিকম ডাইলিউটম। সিরপস্ ফেরি ফস্ফেটিস।

ফস্ফরিক এসিডের যৌগিক ঔষধ ৪টী।

এমোনাই ফস্ফাস্।	ফেরি ফস্ফাস।
কেলসাই ফস্ফাস্।	সোডাই ফস্ফাস্

এসিডম্ ফস্ফরিকম্ ডাইলিউটম্। ডাইলিউট ফস্ফরিক এসিড

শতকরা ১৩·৮ ভাগ ওজনে ফস্ফরিক এসিড জলে দ্রব।

কনসেনট্রেটেড ফস্ফরিক এসিড	...	৩ তুং আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	যথাপ্রয়োজন।
		২০ আউন্স পূর্ণ করিবে।

ক্রিয়া।—সল্ফিউরিক এসিডের ন্যায়, কিন্তু সঙ্কোচক গুণ অনেক কম। বলকারক, শৈত্যকারক, পরিবর্ত্তক

ব্যবহার।—ডায়েবিটিস্ রোগে পিপাসাধিক্য, মূত্রের ক্ষারত্ব, স্ক্রফিউলা।

মাত্রা ১০—৩০ মিনিম।

এসিডম সল্ফিউরিকম। সল্ফিউরিক এসিড।

Sulphuric acid

অয়েল অফ ভিট্রিয়ল (গন্ধক দ্রাবক, মহাদ্রাবক)

সীসনির্ম্মিত গৃহে গন্ধক দগ্ধ করিয়া সল্ফর্‌ডাইঅক্‌সাইড প্রস্তুত হয়। এই সল্ফর ডাইঅকসাইড নাইট্রিক অকসাইড ও জলীয়বাষ্পের প্রভাবে অম্লজান ও জলজানের সহিত মিলিত হইয়া গন্ধকদ্রাবক প্রস্তুত হয়।

শতকরা ৯৮ ভাগ ওজন বিশুদ্ধ গন্ধকদ্রাবক ইহাতে আছে।

ক্রিয়া।—নির্জ্জল এসিড ভয়ানক দাহক, উদ্ভিদ ও জান্তব দ্রব্যে সংযুক্ত হইলে দগ্ধ হইয়া অঙ্গারবৎ কাল হয়। দাহকরূপে ইহা ব্যবহার হয় না।

মুক্ত সলফিউরিক এসিডযুক্ত ঔষধ ৩টী।

১। এরোমেটিক সল্ফিউরিক এসিড। ২। ডাইলিউট সল্ফিউরিক এসিড। ৩। এসিড ইনফিউজন অব্ রোজেস্।

সলফিউরিক এসিডের যৌগিক ঔষধ ১৫টী।

১। ফেরম, ২। ফেরম এসিটেটম, ৩। এট্রোপিনি সল্ফাস, ৪। বেবেরিনি সল্ফাস, ৫। কুপ্রাই সল্ফাস, ৬। লাইকর ফেরিপার সলফেটীস, ৭। ফেরি সলফাস, ৮। ফেরি সলফাস এক্সিকেটম, ৯। ফেরি সলফাস গ্রেন্যুলেটা, ১০। হাইড্রার্জি ইরাই সলফাস, ১১। মেগনেসি সলফাস, ১২। পটাসি সলফাস, ১৩। কুইনাইনি সলফাস, ১৪। সোডাই সলফাস, ১৫। জিন-সাই সলফাস।

এসিডম সলফিউরিকম এরোমেটিকম এরোমেটিক সলফিউরিক এসিড। Aromatic Sulphuric Acid.*

প্রস্তুত।—টিংচার অব জিঞ্জার ২ তং আউন্স বা ১ তং ভাগ।
স্পিরিট অব সিনামন ২ তং আউন্স " ১ তং ভাগ।
রেক্টিফাইড স্পিরিট ৩৬ তং আউন্স " ১৮ তং ভাগ।
সলফিউরিক এসিড ৩ তং আউন্স (১৪১৯ গ্রেণ) বা ১॥০ তং ভাগ। মোট ৪৩ আউন্স হইবে।

ক্রিয়া ও ব্যবহার।—সলফিউরিক এসিডের ন্যায়. স্পিরিট থাকাতে উত্তেজক, সুগন্ধ দ্রব্য থাকাতে বায়ুনাশক ও আগ্নেয়।

মাত্রা ৫—৩০ মিনিম।

এরোমেটিক সলফিউরিক এসিডযুক্ত ঔষধ ১টী।

ইনফিউজম সিনকোনি এসিডম। (৮০ তং ভাগে ১ তং ভাগ)

এসিডম সলফিউরিকম ডাইলিউটম। ডাইলিউট্ সলফিউরিক্ এসিড।*

সলফিউরিক এসিড	...	৭ তং আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	যথাপ্রয়োজন।

সলফিউরিক এসিড সহিত প্রথমে ৭৭ তং আউন্স জল

মিলাইবে, পরে এপরিমাণ জল মিলাইবে যেন ৬০ ফাঃ তাপে ৮৩।।০ ড্রং আউন্স পূর্ণ হয়। (৭ আউন্স জলযোগে ৮৩।।০ আং)।

অথবা।

সলফিউরিক এসিড	...	১৩৫০ গ্রেণ।
ডিষ্টিল্ড ওয়াটার	...	যথা প্রয়োজন।

এসিডের সহিত এ পরিমাণ জল মিলাইবে যেন ৬০ ফাঃ তাপে ১ পাইণ্ট হয়।

ক্রিয়া।—শৈত্যকারক, বলকারক, সঙ্কোচক। (রিফ্রিজরেণ্ট, টনিক, এষ্ট্রীনজেণ্ট)।

মাত্রা। ৫—৩০ মিনিম।

ব্যবহার।—পিপাসা নিবারণার্থে—জ্বরযোগে বিশেষতঃ হেক্টীক্ বা সপুজজ্বরে, থাইসিস্ রোগে অতি ঘর্ম্ম নিবারণ জন্য, প্যাসিভ্ মিউকস্ ডিসচার্য্য, বিবিধ রক্তস্রাব, অজীর্ণ, ফুর্ব্বলতা মূত্রে ফস্ফেটিক ডিপজিট, সর্ব্বাঙ্গিক দুর্ব্বলতা সংযুক্ত চর্ম্মরোগ, উদরাময়, কলেরা।

ডাইলিউট্ সল্ফিউরিক এসিডযুক্ত ঔষধ ১টী।

ইনফিউজন রোজি এসিডম—(১০ ড্রং আউন্সে ১ ড্রং ভাগ।)

এসিডম সলফিউরোসম। সলফিউরস এসিড।

Sulphurous acid *

শতকরা ৫ ভাগ ওজন সলফরস এসিড গ্যাস জলে দ্রব করিয়া প্রস্তুত হয়।

প্রস্তুত। সলফিউরিক এসিড	... ...	৪ ড্রং আউন্স।
কাষ্ঠদগ্ধাঙ্গার ক্ষুদ্র খণ্ড	......	১ আউন্স।
জল	... ...	২ ড্রং আউন্স।

ডিষ্টিল্ড ওয়াটার ... ... ৩০ তং আউন্স।

সলফিউরিক এসিড অঙ্গার সহ চুয়াইলে বাষ্প নির্গত হয়, উহাকে উপযুক্ত পাত্রেস্থিত ২ আং জলে ধৌত করিয়া, ডিষ্টিল্ড জলে দ্রব করিয়া লইতে হয়।

ক্রিয়া। উদ্ভিদ জীবন নষ্ট করে, এই গুণের উপরই ইহার রোগ নাশক ক্রিয়া প্রধানতঃ নির্ভর করে। স্থানিক প্রয়োগে উগ্রতাসাধন ও ঐস্থান লাল হয়, পেরাসেটিক্ চর্ম্ম রোগে ব্যবহৃত হয়। নানাপ্রকার টিনিয়া, পিটিরায়েসিস্ ভার্সি কোলার, ফেবস ইত্যাদি এভিন্ন পচাক্ষতে প্রয়োগে উপকার হয়, ভেপর আকারে অথবা গ্লিশরিণ কিম্বা জলের সহিত লোসন আকারে ব্যবহৃত হয়। মুক্ত অবস্থায় আভ্যন্তরিক ব্যবহার হয় না, জলমিশ্র করিয়া ইহার স্প্রে সোরথ্রোট, অলসারেটিভ ষ্টমেটাইটিস্ টনসিলাইটীস ও নানাপ্রকার মুখ ও গলের ক্ষতে মেলিগনেণ্ট জ্বরে দুর্গন্ধযুক্ত সর্ডিসে বড় উপকারী।

মাত্রা ॥০—১ তংড্রাম।

সল্ফাইট ঔষধ একটী।

১। সোডাই সলফিস্।

এসিডম টার্টারিকম। টার্টারিক এসিড (দ্রাক্ষাম্ল)।

Tartaric acid.

এসিড টার্টেট অব্ পটাস বা ক্রিম অব্ টার্টার হইতে প্রস্তুত হয়।

প্রস্তুত। এসিড টার্টেট অফ্ পটাস ... ৪৫ আউন্স।

ডিষ্টিল্ড ওয়াটার ... ... যথা প্রয়োজন।

প্রিপেয়ার্ড চক ... ... ১২॥০ আউন্স।

ক্লোরাইড অব্ কেলসিয়ম ... ... ১৩।।০ আউন্স।

সল্ফিউরিক এসিড ... ... ১৩ ড়ং আউন্স।

২ গ্যালেন জলের সহিত এসিড টার্ট্রেট অফ পটাস ফুটাইতে থাকিবে, ক্রমে২ চাখড়ি যোগ করিয়া নাড়িবে. উচ্ছলন শেষ হইলে, ২ পাইণ্ট জলে ক্লোরাইড অব কেলসিয়ম দ্রব করিয়া ইহাতে যোগ করিবে, তাহাতে টার্ট্রেট অব্ লাইম পৃথক হইয়া অদ্রব হইয়া পাত্রের নীচে পড়িবে। ইহাকে পৃথক করিয়, ডিষ্টিল্ড জলে পুনঃ ২ ধৌত করিবে, সলফিউরিক এসিড ৩ পাইণ্ট জলে দ্রব করিয়া ইহাতে যোগ করিবে, অর্দ্ধঘণ্টা ফুটাইবে ও নাড়িতে থাকিবে, শীতল হইলে ছাঁকিয়া মৃদু তাপে ঘন করিয়া ১·২১ আঃ গুঃ হইলে শীতল হইতে দিবে, কেলসিয়ম সলফেটের দানা পৃথক করিয়া, মৃদু তাপে ঘন করিয়া দানা বান্ধিয়া লইবে।

ক্রিয়া।—শৈত্যকারক, ধামনিক অবসাদক, ক্ষারনাশক পিপাসানিবারক। (রিফ্রিজরেণ্ট, সিডেটিভ, এণ্টালকেলাইন)।

ব্যবহার—জ্বরবোগে পিপাসানিবারণ করিতে একারভেসিং ড্রাফ্ট্ রূপে, এজন্য ক্রিম অব্ টার্টার আকারে বা বাইকার্ব্বনেট অব্ সোডা সহিত উচ্ছলন অবস্থায় ব্যবহৃত হয়।

মাত্রা। ১০—৩০ গ্রেণ। শর্করাযুক্ত জলের সহিত সেব্য।

টার্ট্রেট্ লবণ ৬টী।

১। টার্ট্রেট অব্ এণ্টিমনি, ২। টার্ট্রেট অব্ আয়রণ, ৩। টার্ট্রেট অব পটাস, ৪। এসিড টার্ট্রেট অব্ পটাস, ৫। সোডাসাইট্রোটার্ট্রাস একারভেসেন্স, ৬। সোডা টার্টারেটা

এমোনিয়ম ও ইহার লবণ।

এমোনিয়া একপ্রকার বাষ্প, বিবিধ অম্লের সহিত লবণ প্রস্তুত করে বলিয়া ইহাকে বিশেষ প্রকার ধাতু কল্পনা করতঃ ইহার নাম এমোনিয়ম দেওয়া হইয়াছে।

লাইকর্ এমোনিয়া ফর্সিয়র্। ষ্ট্রংসলিউসনঅফ্ এমোনিয়া (কষ্টিক এমোনিয়া) Liquor Ammoniæ Fortior

শতকরা ৩২·৫ ভাগ বাষ্প জলে দ্রব আছে।

প্রস্তুত—ক্লোরাইড্ অব্ এমোনিয়ম স্থূলচূর্ণ ... ৩ পাউণ্ড।
শ্লেকড্‌লাইম .... ৪ পাউণ্ড।
ডিষ্টিল্ড ওয়াটার ....৩২ তং আউন্স।

ক্লোরাইড অব্ এমোনিয়া ও লাইম লৌহ পাত্রে রাখিয়া তাপ দিলে এমোনিয়া বাষ্প উৎপন্ন হইবে, ২টী ১ পাইণ্ট আয়তনের উল্‌ফস্ বোতলের মধ্যদিয়া ক্রমান্বয়ে চালাইয়া বাষ্প শোধিত করতঃ ৩ পাইণ্ট আয়তনের একটী বোতলে ২২ আং ডিষ্টিল্ড জল রাখিয়া বাষ্প দ্রব করিবে পরিমাণ ৪৩ আং হইবে।

ক্রিয়া। মুক্ত এমোনিয়া যুক্ত ঔষধ সকল ঔষধ মাত্রায় অম্লনাশক, ধামনিক উত্তেজক, আক্ষেপ নিবারক, কফনিঃসারক, ঘর্ম্মকারক, ইপিগ্যাষ্ট্রীয়ম প্রদেশে গরম বোধ হয়। অধিক মাত্রায় শীরোপীড়া, মাথায় ধপ২ বোধ, মাথাঘোরা, তদপেক্ষা অধিক মাত্রায় বমন হয়। ইহা অপেক্ষা অধিক মাত্রায় উগ্র বিষ লক্ষণ প্রকাশ পায়।

বাহ্যপ্রয়োগে, উগ্রতা সাধক, ফোস্কাকারক।

ব্যবহার—সিঙ্কোপ বা মূর্চ্ছা, হিষ্টিরিয়ার আক্ষেপ, নার্ভস-

হেডেক, টাইফয়েড লক্ষণাক্রান্ত জ্বরে, দৈহিক অবসন্নতা, নিমো-নিয়া, ব্রঙ্কাইটীস্, আধ্মান ও অম্লসংযুক্ত অজীর্ণ।

স্থানিক—মূর্চ্ছা ও অজ্ঞান অবস্থায় ঘ্রাণ লওয়া, ক্রনিকব্রঙ্কা-ইটিস রোগেও ঘ্রাণ লওয়া যায়। তৈল ও বায়ী তৈল সহিত মিলাইয়া বেদনাযুক্ত স্থান, দৃঢ় সন্ধিস্থান। লাইকর এমোনিয়া মেদের সহিত মিলাইয়া কোনস্থানে সংযুক্ত করত আবৃত রাখিলে ফোস্কাহয়।

হাইড্রোসিয়ানিক এসিড. ডিজিটেলিস, তামাক, কলচিকম প্রভৃতি অবসাদক বিষপানের চিকিৎসার্থে এমোনিয়া ব্যবহার হয়।

মাত্রা। ৩—১০ মিনিম। জলের সহিত সেব্য।

লাইকর এমোনিয়া সংযুক্ত ঔষধ ৭টী।

১। ফস্ফেট অব্ এমোনিয়া। ২। কমপাউণ্ড কেম্ফর লিনিমেণ্ট ৩। লাইকর এমোনিয়া। ৪। লাইকর এমোনিয়া সাইট্রেটিস্ ফর্সিয়র্। ৫। স্পিরিটস্ এমোনাই এরোমাটিক্স। ৬। স্পিরিটস্ এমোনাই ফিটিডস্। ৭। টিংচার ওপিয়াই এমোনিয়েটা।

লাইকার এমোনি। সলিউসন অফ্ এমোনিয়া।

একড্রামে ৫.২ গ্রেণ এমোনিয়া বাষ্প দ্রব আছে।

প্রস্তুত। ষ্ট্রংসলিউসন অব্ এমোনিয়া ১ পাইণ্ট বা ১ তং ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার ...... ২ পাইণ্ট বা ২ তং ভাগ।

মাত্রা। ১০—৩০ মিনিম। যথাযোগ্য জলের সহিত সেব্য।

প্রয়োগরূপ—লিনিমেণ্টম এমোনিই। লিনিমেণ্ট অব্ এমোনিয়া।
সলিউসন্ অব্ এমোনিয়া ... ১ তং আউন্স বা ১ তং ভাগ।

অলিভ অয়েল .... ৩ তং আউন্স বা ৩ তং ভাগ।

৪ ভাগে একভাগ লাইকর এমোনিয়া আছে।

এমোনাই কার্ব্বনাস। কার্ব্বনেট অব্ এমোনিয়া।

Ammonii Carbonas, Carbonate of Ammonium.

নামান্তর।—এমোনিয়া সেস্কুইকার্ব্বনাস, কার্ব্বনেট অব্ এমোনিয়া। (স্মেলিংসণ্ট)

উদ্বায়ী ও উগ্রগন্ধযুক্ত এমোনিয়ার লবণ বিশেষ।

প্রস্তুত।—সল্‌ফেট বা ক্লোরাইড অব এমোনিয়া চাখড়ির সহিত উদ্ধপাতিত করিলে প্রস্তুত হয়।

ক্রিয়া।—কার্ব্বনেট বা সেস্কুইকার্ব্বনেট সদ্যাবস্থায় স্থানিক ও সর্ব্বাঙ্গিক লাইকর এমোনিয়ার মত ক্রিয়া প্রকাশ করে। পুরাতন হইলে উত্তেজকগুণ নষ্ট হয়, তখন অন্যান্য এমোনিয়া লবণের মত কার্য্য করে। সদ্যাবস্থায় অম্লনাশক, ধামনিকউত্তেজক, ঘর্ম্ম কারক, কফ নিঃসারক, আক্ষেপ নিবারক।
(এণ্টাসিড, আর্টিরিয়েল ষ্টিমুলেণ্ট, ডায়েফোরেটিক্, এক্সপেকটোরেণ্ট, এণ্টিস্পেজমডিক।)

কিঞ্চিৎ অধিক মাত্রায় বমনকারক, তদপেক্ষা অধিক মাত্রায় বিষক্রিয়া করে।

স্থানিক—উগ্রতাসাধক, (কাউন্টারইরিটেণ্ট।)

ব্যবহার।—হিষ্টিরিয়া, মূর্চ্ছা, অবসন্ন অবস্থা, নার্ভসহেডেক, ডিলিরিয়মট্রিমেন্স, টাইফয়েড লক্ষণাক্রান্তজ্বর, নিমোনিয়া, ব্রঙ্কাইটীস্, অম্লাধিক্য ও উদরাধ্মান সংযুক্ত অজীর্ণ।

স্থানিক প্রয়োগ—সিনকোপ ও অচৈতন্য অবস্থায় ঘ্রাণ লওয়া যায়।

২০গ্রেণ কার্ব্বনেট অব্ এমোনিয়া	সমক্ষারাম্ল করিতে	২৬৮০গ্রেণ সাইট্রিক এসিড বা ২৮৮০গ্রেণ টার্টারিক এসিড

মাত্রা। উত্তেজক ৩—১০ গ্রেণ ও তদূর্দ্ধ। (বমন কারক ১০—৩০) গ্রেণ যথাযোগ্য জল যোগে সেব্য।

কার্ব্বনেট অব্ এমোনিয়া যোগে প্রস্তুত ঔষধ ৩টী।

১। বিসমর্থাই কার্ব্বনাস। ২। লাইকর এমোনাই এসিটেটিস্ ফর্সিয়র্। ৩। স্পিরিটস্ এমোনি এরোমাটিকস্।

স্পিরিটস এমোনি এরোমাটিকস। এরোমাটিক স্পিরিট অফ্ এমোনিয়া।

নামান্তর,—স্পিরিটস এমোনাইকম্পজিটস। স্যাল ভলেটাইল।

প্রস্তুত—কার্ব্বনেট অফ্ এমোনিয়া	৪ আউন্স
ষ্ট্রং সলিউশন অফ্ এমোনিয়া	৮ তং আং।
ভলেটাইল অয়েল অফ্ নটমেগ	৪॥ তং ড্রাম।
লেমন অয়েল	৬॥ তং ড্রাম।
রেক্টিফাইড স্পিরিট	৬ পাইণ্ট।
জল	৩ পাইণ্ট।

জল, রেক্টিফাইড স্পিরিট, অয়েল অফ্ লেমন ও অয়েল অফ্ নটমেগ একটী রিটর্টে রাখিয়া ৭ পাইণ্ট চুয়াইবে। পরে ১ পাইণ্ট অপেক্ষা বৃহৎ আয়তন স্বতন্ত্র বোতলে ৯ তং আউন্স চুয়াইয়া ইহার সহিত কার্ব্বনেট অফ্এমোনিয়া ও লাইকার এমোনিয়া মিলাইয়া উত্তমরূপে ছিপি বন্ধ করিবে। উহাকে ওয়াটার বাথের ১৪০ ফাং তাপে উষ্ণ করিবে ও মধ্যে ২ নাড়িয়া দিবে যে পর্য্যন্ত না সমুদয় দ্রব হয়, শীতল হইলে, যদি নির্ম্মল না হয় তবে ফ্লানার মধ্যে দিয়া ছাঁকিয়া প্রথমবার চয়ান ৭ পাইণ্ট

দ্রব্যে ক্রমেঃ মিশাইবে, মোট পরিমাণ ১ গ্যালন হইবে।

মাত্রা—॥০—১ ড্রাম।

প্রয়োগরূপ—টিংচুয়া গোয়েসাই এমোনিয়েটা। টিংচুয়া টিংচুরা ভেলিরিয়েনি এমোনিয়েটা।

এমোনাই ক্লোরাইডম। ক্লোরাইড্ অব্ এমোনিয়ম।

Ammonii Chloridum. Chloride of Ammonium.

(এমোনি মিউরাস) স্থাল এমোনিয়াক। নিশাদল।

হাইড্রোক্লোরিক এসিড, এমোনিয়া বা কার্ব্বনেট অব্ এমোনিয়া দ্বারা সমক্ষারাম্ল করিয়া প্রস্তুত হয়। সচরাচর গ্যাস লিকর হইতে প্রস্তুত করে। এবং সব্লিমেসন দ্বারা শোধিত হয়।

ক্রিয়া—এপর্য্যন্ত উত্তমরূপে জানা যায় নাই, চর্ম্ম ও মিউকস্মেম্ব্রেণের ক্রিয়া বৃদ্ধি করে, এজন্য ঘর্ম্মকারক ও কফঃ নিঃসারক কেহ২ ইহাকে পিত্তনিঃসারক বলিয়া থাকেন, এবং কেহ২ বা রজঃনিঃসারকও কহিয়া থাকেন, স্নায়ুর উপরও ইহার ক্রিয়া আছে। পূর্ব্বে পর্য্যায় নিবারণ জন্য ব্যবহার হইত। ইহা শোষক ও পরিবর্ত্তক। স্নায়ু শূল নাশক।

স্থানিক।—উত্তেজক, শোষক, জলের সহিত স্থানিক শৈত্যকারক।

ব্যবহার।—নিউরালজিয়া, যকৃতপীড়া, পারদের পরিবর্ত্তে, পুরাতন প্রদাহে, ক্রনিক ব্রঙ্কাইটিস রোগে অধিক শ্লেষ্মা নির্গমন রোধার্থে। পূর্ব্বে পর্য্যায়নিবারণ জন্য ব্যবহার হইত।

স্থানিক।—প্রদাহাদিতে লোসনরূপে। গলনলী ও শ্বাস নলীর বিবিধ পীড়ায় ইহার ভেপার স্থানিক ব্যবহার হয়।

মাত্রা।—৫—২০ গ্রেণ। (পর্য্যায় নিবারক ২০—৩০ গ্রেণ। এক্‌ষ্ট্রাক্ট লিকরিস লিকুইডাসহ প্রয়োগে ইহার লাবনীক কদস্বাদ খর্ব্বহয়। ২টী ঔষধ প্রস্তুত করিতে ক্লোরাইড্‌ অব্‌ এমোনিয়া ব্যবহৃত হয়।

১। লাইকর হাইড্রাবর্জাইরাই পারক্লোরিডাই (১ তং আ-

২। লাইকর এমোনাই ফর্সিফ্লর্। (উভে ॥০ গেণ)

এমোনাই ব্রোমাইডম। ব্রোমাইড্‌ অব্‌ এমোনিয়া।

Ammonii Bromidum. Bromide of ammonia. NH4Br

হাইড্রোব্রোমিক এসিড এমোনিয়া দ্বারা সমক্ষারাম্ল করত ঘন করিয়া দানা বান্ধিয়া লইতে হয়।

ক্রিয়া।—পরিবর্ত্তক, শোষক।

ব্যবহার—ব্রোমাইড্‌ অব্‌ পটাসের ন্যায়।

মাত্রা ২—২০ গ্রেণ।

লাইকর এমোনিয়া এসিটেটিস ফর্সিয়র।

ষ্ট্রংসলিউশন অফ্‌ এসিটেট অফ্‌ এমোনিয়া।

কার্ব্বনেট অব্‌ এমোনিয়া	১৭॥০ আউন্স।
এসিটীক এসিড	৫০ তং আউন্স বা যথাপ্রয়োজন।
ডিষ্টিল্ড ওয়াটার	যথাপ্রয়োজন।

কার্ব্বনেটঅফ্‌ এমোনিয়া চূর্ণ করিয়া উহাতে এসিটিক এসিড যোগ করিবে যে পর্য্যন্ত না সমক্ষারাম্ল হয়। ডিষ্টিল্ড জল যোগে ৩ পাইন্ট পূর্ণ করিবে।

মাত্রা। ২৫—৭৫ মিনিম।

প্রয়োগরূপ—লাইকর্‌ এমোনাই এসিটেটিস্‌। (স্পিরিটস্‌মিণ্ডরিজ)

ষ্ট্রংসলিউশন্ অব্ এসিটেট অবএমোনিয়া ৪তংআং বা ১তং ভাগ ডিষ্টিল্ড ওয়াটার যথাপ্রয়োজন মিলাইয়া ২০ তং আং বা ৫ ভাগ।

অসম্মিলন—ইহা সম্পূর্ণ সমক্ষারাম্ল হওয়া আবশ্যক। স্থায়ী ক্ষার, চুণ ও মেগনেসিয়া সহ ব্যবহার অকর্ত্তব্য।

মাত্রা। ২—৬ তং ড্রাম।

ক্রিয়া—ঘর্ম্মকারক, শৈত্য কারক, মূত্রকারক।

ব্যবহার।—জ্বর, প্রদাহ, কষ্টরজঃ।

লাইকর এমোনাই সাইট্রেটিস ফর্মিয়র। ষ্ট্রংসলিউশন অফ্ সাইট্রেট অফ্ এমোনিয়া।

প্রস্তুত।—সাইট্রিক এসিড ১২ তং আউন্স।

ষ্ট্রং সলিউশন্ অব্ এমোনিয়া ১১ তং আউন্স।

অথবা যথা প্রযোজন।

ডিষ্টিল্ড ওয়াটার যথা প্রয়োজন।

এসিডকে এমোনিয়া যোগে সমক্ষারাম্ল করিয়া ডিষ্টিল্ড জলযোগে এক পাইণ্ট পূর্ণ করিবে।

মাত্রা।—৷৷০—১৷৷০ তং ড্রাম।

প্রয়োগরূপ—লাইকর এমোনাই সাইট্রেটিন্।

ষ্ট্রং সলিউশন্ অব্ সাইট্রেট অব্ এমোনিয়া ৫ তং আউন্স। বা ১ তং ভাগ।

ডিষ্টিল্ড ওয়াটার যথা প্রয়োজন যোগ করিয়া ২০ তং আউন্স বা ৫ তং ভাগ পূর্ণ করিবে।

ক্রিয়া ও ব্যবহার—এসিটেট অফ্ এমোনিয়ার ন্যায়।

মাত্রা।—২—৬ তং ড্রাম।

এমোনাই বেনজোয়াস। বেনজোয়েট অব এমোনিয়া।

Ammonii Benzoas, Benzoate of Ammonia.

সলিউশন্ অব্ এমোনিয়া	৩ তং আউন্স বা যথাপ্রয়োজন।
বেনজোয়িক্ এসিড	২ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	৪ তং আউন্স।

একত্রে মিলাইবা স্থিরভাবে রাখিলে দানা বান্ধিবে।

ক্রিয়া। মূত্রকারক, ঈষৎ উত্তেজক। মূত্র যন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির উত্তেজক।

ব্যবহার—ক্রনিক সিষ্টাইটিস্, ফস্ফেটিক ডিপজিট।

মাত্রা। ১০—২০ গ্রেণ।

এমোনাই নাইট্রাস। নাইট্রেট অব্ এমোনিয়া।

Ammonii Nitras. Nitrate of Ammonia.

ডাইলিউট নাইট্রিক এসিড, সলিউশন অব্ এমোনিয়া বা কার্ব্বনেট অব্ এমোনিয়া দ্বারা সমক্ষারাম্ল করিয়া উত্তাপে ঘন করত দানা বান্ধিয়া লইলে প্রস্তুত হয়।

ঔষধরূপে ব্যবহার হয় না। নাইট্রস অকসাইড অর্থাৎ ল্যাফিংগ্যাস প্রস্তুত করিতে ব্যবহার হয়। ক্রিয়া মূত্রকারক।

এমোনাই ফস্ফাস। ফস্ফেট অব্ এমোনিয়া।

Ammonii Phosphas. Phosphate of Ammonia.

ডাইলিউট ফস্ফরিক এসিড ষ্ট্রং সলিউশন্ অব্ এমোনিয়া দ্বারা সমক্ষারাম্ল করিয়া দানা বান্ধিয়া লইবে।

মাত্রা। ৫—২০ গ্রেণ।

ক্রিয়া ও ব্যবহার —ফস্ফেট অব্ এমোনিয়া অধিক পরিমাণ ইউরেট অব্ সোডা দ্রব করিতে সক্ষম, এজন্য মূত্রে ইউরিক এ-সিড পাথরি জন্মিবার সম্ভাবনায় ইহা উপকারী। গাউট রোগের কোন২ অবস্থায় ব্যবহার্য্য।

ধাতু ঘটিত ঔষধ সকল।

এলুমেন Alumen এলম্। Alum (ফিটকারি)।

$Al_2 3SO_4, K_2 SO_4. 24H_2O$ or $Al_2 3SO_4 (NH_4)_2SO_4 24H_2O$

সলফেট অফ্ এলুমিনিয়ম এবং সলফেট অফ্ পটাস একত্র মিশ্রিত করিয়া দানা বান্ধিলে পটাস এলম হয়। সলফেট অফ্ এলুমিনিয়ম ও সলফেট অব্ এমোনিয়া একত্র মিশ্রিত করিয়া দানা বান্ধিলে এমোনিয়া এলম হয়। এই প্রকার মিশ্র লবণ ব-লিয়া ইহাকে দ্বৈধ লবণ কহে। ফার্ম্মাকোপিয়ায় উভয়প্রকার এলম্ প্রচলিত।

গুণধর্ম্ম—বর্ণহীন স্বচ্ছ রেগুলার অক্টোহিড্রণ দানাকার, মিষ্ট, অম্লাক্ত কসায় আস্বাদ। শীতলজলের ১০ বা ১১ ভাগে ১ ভাগ দ্রবহয়।

সচরাচর এলমশিষ্ট Alum Schist দগ্ধ করিয়া প্রস্তুত হয়।

অসম্মিলন-ক্ষার ও ক্ষার কার্ব্বনেট সকল, টেনিক এসিড ও তদ্ঘটিত, ঔষধ, টার্ট্রেট লবণ সকল, সীস ঘটিত লবণ, বেরিয়ম লাইম।

ক্রিয়া। সঙ্কোচক, অধিকমাত্রায় বিরেচক। (এষ্ট্রীনজেণ্ট, পর্গেটিভ্)।

স্থানিকক্রিয়া। সঙ্কোচক।

ব্যবহার। স্থানিক। সোরথ্রোট, লিউকোরিয়া, একিউট্ অপথালমিয়া। আভ্যন্তরিক—পেসিভ হেমরেজ এবং ডিসচার্জ, লেড্ কলিক রোগে বিরেচন জন্য, হুপিংকফ।

মাত্রা—সঙ্কোচক১০—২০ গ্রেণ। (বিরেচক। ৩০—৬০গ্রেণ

প্রয়োগরূপ। ১ এলম এক্সিকেটম। ড্রায়েড এলম্।

পটাসিয়ম এলম ... ... ৪ আউন্স

উষ্ণ করতঃ জলীয়বাষ্প নির্গমন বন্ধ হইয়া শতকরা ৪৫ কি ৪৬ ভাগ ওজন কম হইলেই চূর্ণ করিলে প্রস্তুত হয়।

ক্রিয়া। মৃদুদাহক। ব্যবহার—স্থানিক ব্যবহার হয়।

২। গ্লিশরিনম এলুমিনিস। গ্লিশরিণ অব্ এলম। ৭০ ভাগে ১ ভাগ)।

এলমচূর্ণ	......	১ আউন্স বা ১ ভাগ।
গ্লিশরিণ	......	৫ তং আউন্স বা ৫ তং ভাগ।

পর্সিলেইন ডিসে করিয়া মৃদু তাপে দ্রব হওয়া পর্য্যন্ত নাড়িতে থাকিবে, শীতল হইলে স্থিরভাবে রাখিয়া পরিস্কার অংশ ঢালিয়া লইবে।

এণ্টিমনিয়ম নাইগ্রম পিউরি ফিকেটম।

Ani monium Nigrum purificatum. Purified black antimoney.

পিউরিফাইডব্লাক এণ্টিমনি। রসাঞ্জন। সুর্ম্মা।

খনিজ সলফ্যুইড অব্ এণ্টিমনি উপযুক্তরূপ উষ্ণ করিয়া উহার বালুকাদি পৃথক করিলে প্রস্তুত হয়, এই দ্রব্য চূর্ণ করতঃ

পরীক্ষা করিয়া আসিনিক প্রভৃতি থাকিলে নিম্নলিখিত মত পুনরায় পরিষ্কার করিতে হয়।

সলফাইড অব্ এণ্টিমনি চূর্ণ	......	১ পাউণ্ড।
সলিউশন অব্ এমোনিয়া	......	৪ তং আউন্স।
ডিষ্টিল ওয়াটার	......	যথা প্রয়োজন।

"সলফাইড অব্ এণ্টিমণি চূর্ণ ৫ দিন এমোনিয়া দ্রবে ভিজাইয়া মধ্যে ২ নাড়িয়া দিবে, পরে স্থিরভাবে রাখিয়া উপরের তরল অংশ ঢালিয় নীচের চূর্ণ গুলিকে উত্তমরূপে জলে ধৌত করত শুষ্ক করিয়া লইবে। ইহাতে আর্সেনিক থাকিলে অন্তরিত হয়।

এইদ্রব্য ঔষধার্থে ব্যবহার হয় না। নিম্নলিখিত ঔষধ প্রস্তুত করিতে ব্যবহার হয়।

এণ্টিমনিয়ম সলফিউরেটম। লাইকার এণ্টিমনাই ক্লোরিডাই।

এণ্টিমনি ঘটিত ঔষধ ৯টী।

১। এণ্টিমনাই অকসাইডম।

২। এণ্টিমনিয়ম্ নাইগ্রম্ পিউরিফিকেটম।

৩। এণ্টিমনিয়ম্ সলফিউরেটম্।

৪। " টার্টারেটম।

৫। লাইকর এণ্টিমনাই ক্লোরিডাই।

৬। পাইলিউলা হাইড্রার্জাইরাইসব্ ক্লোরিডাই কম্পজিটা

৭। পলভিস এণ্টিমনিয়েলিস্।

৮। অঙ্গুয়েণ্টম এণ্টিমনিয়াই টার্টারেটাই।

৯। ভাইনম এণ্টিমনি।

এণ্টিমনিয়ম সলফিউরেটম। সলফিউরেটেড্ এণ্টিমনি।

Antimonium Sulphuratum Sulphuretted Antimony

সলফাইড ও অকসাইড অব্ এণ্টিমনি মিশ্রদ্রব্য।

প্রস্তুত—পিউরিফাইড ব্লাকএণ্টিমনি ১০ আউন্স।
সবলাইমড্ সলফর ... ১০ আউন্স।
সলিউশন্ অব্ সোডা ... ৪॥০ পাইণ্ট:
ডাইলিউট সলফিউরিক এসিড } যথা প্রয়োজন।
ডিষ্টিল্ড ওয়াটর

সলফাইড অফ্ এণ্টিমনি, সলফর ও সলিউশন অব্ সোডা একত্রে ২ঘণ্টা কাল তাপে ফুটাইবে ও ক্রমাগত নাড়িবে, মধ্যে২ ডিষ্টিওজল যোগ করিবে, গরম থাকিতে ৯ পাইণ্ট স্ফুটিতডিষ্টিও জল যোগ করিবে, কেলিকোদিয়া ছাঁকিয়া গরম থাকিতে সলফিউরিক এসিড যোগ করিবে, কেলিকোফিল্টারে ছাঁকিয়া ডিষ্টিও জলে ধৌত করত ২১২ তাপে শুষ্ক করিবে।

ক্রিয়া—অন্যান্য এণ্টিমনি লবণের ন্যায়, কিন্তু অনিশ্চিত। পরিবর্ত্তকগুণ থাকাতে কমপাউণ্ড কেলমেল পিলের সহিত পরিবর্ত্তন ক্রিয়াজন্য ব্যবহার হয়, এভিন্ন ইহা প্রায় ব্যবহৃত হয়না।

মাত্রা পরিবর্ত্তক ১—৫ গ্রেণ। বমনকারক ৫—২০ গ্রেণ

প্রয়োগরূপ।

পাইলিউলা হাইড্রারর্জাইরাই সবক্লোরিডাই কম্পজিটা (২)

এণ্টিমনিয়ম টার্টারেটম। টার্টারেটেড এণ্টিমনি।

Antimonium Tartaratum Tartarated Atimonv

Tartar Emetic.

নামান্তর এণ্টিমনাই পটাসি ও টাট্রাস, এণ্টিমনিয়ম টার্টারাই টম, টার্টার এমেটিক্।

অক্সিটার্টেট্ অব্ এণ্টিমনি এবং পটাসিয়ম্।

অক্সাইড অব্ এণ্টিমনি	......	৫ আউন্স।
এসিড টার্টেট অব্ পটাসিয়ম্ সূক্ষ্মচূর্ণ		৬ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	......	২ পাইণ্ট।

অক্সাইড অফ এণ্টিমনি ও এসিড টার্টেট অফ্ পটাস সূক্ষ্ম চূর্ণ করিয়া অল্প জলের সহিত একত্রে মিলাইয়া কাদার মত করিবে, ২৪ ঘণ্টা রাখিয়া দিবে। পরে জলের সহিত ১৫ মিনিট ফুটাইয়া ছাঁকিবে, নির্ম্মল ছাঁকা দ্রব্য হইতে দানা বান্ধিয়া লইবে।

গুণধর্ম্ম—বর্ণহীনস্বচ্ছাদানা, অষ্ট প্রদেশ যুক্ত ঈষৎমিষ্ট কষায় ধাতবআস্বাদ, জলে দ্রবনীয়।

অসম্মিলন। অম্ল ও ক্ষার এবং ক্ষার কার্ব্বনেট সকল, লাইম ও লেড সল্ট সকল, উদ্ভিদ সঙ্কোচক সকল।

ক্রিয়া। অল্পমাত্রায় ঘর্ম্মকারক, কফনিঃসারক, সম্ভবতঃ পিত্তনিঃসারক, অধিক মাত্রায় বমনকারক, ধামনিক অবসাদক। এবং কখন বিরেচক। বিবমিসাজনক, স্বেদজনক।

(ডায়েফোরেটীক, এক্সপেক্টোরেণ্ট, এমেটিক, আর্টিরিয়েল সিডেটিভ্

স্থানিক ক্রিয়া—প্রবল উগ্রতাসাধক, পুয়পূর্ণ উদ্ভেদ উৎপাদন করে।

ব্যবহার। জ্বর, প্রদাহ যথা একিউট নিমোনিয়া, ব্রঙ্কাইটীস, বমনকরণ জন্য, কিন্তু আজকাল ইহার ব্যবহার নিতান্ত কম।

স্থানিক। মলম আকারে—মস্তক, বক্ষ ও উদর গহ্বরের, পীড়াতে প্রত্যুগ্রতাসাধন জন্য, সন্ধিস্থানের ব্যাধি ও অন্যান্য পুরাতন প্রদাহে স্থানিক ব্যবহার হয়।

মাত্রা। ঘর্ম্মকরণ কফঃস্রিসারের জন্য $\frac{1}{16}$—$\frac{1}{6}$ গ্রেণ, বমন জন্য—১—২ গ্রেণ।

প্রয়োগরূপ। (ধামনিক অব সাদক $\frac{1}{6}$ হইতে ২ গ্রেণ)

অঙ্গুয়েণ্টম এণ্টিমনাই টার্টারেটাই (৫ ভাগে ১ ভাগ)।

ভাইনম এণ্টিমনিয়েল (১ তৎ আউন্সে ২ গ্রেণ)।

ভাইনম এণ্টিমনিয়েল। এণ্টিমনিয়েলওয়াইন।

টার্টারেটেড্ এণ্টিমনি	...	৪০ গ্রেণ বা ১ ভাগ।
সেরি	...	১ পাইণ্ট বা ২১৯ তৎ ভাগ।

মাত্রা। ৫ মিনিম—১ ড্রাম।

(কফ নিঃসারক, ঘর্ম্মকারক—১০—৩০ মিনিম।

বিবমিষাজনক ॥—২ ড্রাম।

বমন কারক—২—৪ ড্রাম।)

অঙ্গুয়েণ্টম্ এণ্টিমনাই টার্ট্রারেটাই।

টার্টারেটেড্ এণ্টিমনি সূক্ষ্মচূর্ণ	......	।০ আউন্স বা ১ ভাগ।
সিম্পল অয়েণ্টমেণ্ট	......	১ আউন্স বা ৪ ভাগ।

এণ্টিমনিয়ম অকসাইডম। অকসাইড অব্ এণ্টিমনি।

Antimonium oxidum oxide of Antimony.

(ফ্লাওয়ার্স অব্ এণ্টিমনি।)

সলিউশন অব্ ক্লোরাইড অব্ এণ্টিমনি		১৬ তৎ আউন্স।
কার্ব্বনেট অব সোডিয়ম	......	৬ আউন্স।
জল	......	২ গ্যালন।
ডিষ্টিল্ড ওয়াটার	......	যথাপ্রয়োজন।

ক্লোরাইড অফ এণ্টিমনি জলে যোগ করিয়া তাহাতে কার্ব্বনেট অফসোডিয়ম যোগ করিবে. অক্সাইড অব এণ্টিমনি অধঃস্থ

হইলে, উত্তমরূপে ধৌত করত ২১২ তাপে শুষ্ক করিয়া লইবে।

ক্রিয়া। টার্টার এমেটিকের ন্যায়, ইহাকে ক্রমে ক্রমে দ্রব হওয়াতে স্থানিক উত্তেজনা মৃদু। ঘর্ম্মকারক ও মৃদু পরিবর্ত্তক। (ডায়েফোরেটীক্, অল্টারেটীভ।) ব্যবহার। জ্বর, কাশ, ইত্যাদি। মাত্রা ১—৪ গ্রেণ।

অকসাইড অব্ এণ্টিমনিদ্বারা প্রস্তুত ঔষধ ২টী।

১। এণ্টিমনিয়ম্ টার্টারেটম্।

২। পলভিস্ এণ্টিমনিয়েলিস্। (৩ ভাগে ১ ভাগ)।

পলভিস্ এণ্টিমনিয়েলিস্। জেমস্ পাউডারের অনুরূপ।

(পলভিস জেকোবাই।)

অকসাইড অব্ এণ্টিমনি ...... ১ আউন্স বা এক ভাগ।
ফস্ফেট অব্ কেলসিয়ম্ ...... ২ আউন্স বা ২ ভাগ।

মাত্রা ৩—৫ গ্রেণ।

লাইকর এণ্টিমনাই ক্লোরিডাই। সলিউশন অব্ ক্লোরাইড অব্ এণ্টিমনি।

Liquor Antimonii Chloridi Solution of Chloride of antimony.

টারক্লোরাইড অব্ এণ্টিমনি হাইড্রোক্লোরিক এসিডে দ্রব। একপাউণ্ডপিউরিফাইড ব্লাক এণ্টিমনি চারিপাউণ্ড হাইড্রোক্লোরিক এসিডে তাপদ্বারা দ্রবকরত, ঘনকরিয়া ২ পাউণ্ড পরিমাণ করিলে প্রস্তুত হয়।

ক্রিয়া—প্রবল দাহক, ক্ষয়কারক। (কষ্টীক, এস্কেরটিক)

স্থানিক ব্যবহার—কথনং কানসার, বিষাক্তক্ষত, বিষাক্ত

সর্পদংশন, আভ্যন্তরিক ব্যবহার হয় না, অক্সাইড্ অব এণ্টিমনি প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

রিফাইণ্ড সিল্ভার (বিশুদ্ধ রৌপ্য)।

বিশুদ্ধ রোপ্য মূলধাতু ইহা ঔষধার্থে ব্যবহার হয় না, রূপার পাতলা পাতা, রোপ্যমণ্ডিত বটিকা প্রস্তুত করিবার জন্য ব্যবহার হয়। নাইট্রেট অব্ সিলভার প্রস্তুত করিবার জন্য বিশুদ্ধ রৌপ্য ফার্ম্মাকোপিয়াতে গৃহীত হইয়াছে। একটি পিলবাক্স কিম্বা শুষ্কথলে তবক বা পাতরূপা রাখিয়া সদ্য প্রস্তুত পিল উহার সহিত আলোড়ন করিলে রোপ্যমণ্ডিত হয়। বড়িগুলি দেখিতে সুন্দর দেখায়, বিস্বাদ ও দুর্গন্ধ বা উগ্রগন্ধ ঔষধের গন্ধাস্বাদ আবৃত হয়, অথচ রৌপ্যপত্র কোন অপকার করেনা, ঔষধ উদরস্থ হইলেই পাকরসে সহজে দ্রব হয়।

আর্জেণ্টাই নাইট্রাস Argenti Nitras নাইট্রেট অব্ সিলভার (লুনার কষ্টিক)। Nitrate of Silver, Ag No 3

রিফাইণ্ড সিলভার	...	৩ আউন্স।
নাইট্রিক এসিড	...	২ ০ তং আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	৫ আউন্স।

নাইট্রিক এসিড সহিত জলমিলাইয়া মৃদুতাপে উহাতে রৌপ্যদ্রব করত ঘন করিয়া দানা বান্ধিয়া লইবে। ছাঁচে ঢালিয়া বাতির আকারে, কষ্টিক পেন্সিল প্রস্তুত হয়, আলো লাগিলে নষ্ট হয় বলিয়া নীলবর্ণের কাগজে আবৃত রাখে।

গুণধর্ম্ম—বর্ণহীন চেপ্টাদানা অথবা স্তম্ভাকার খণ্ড ডিষ্টিল্ড-ওয়াটার ও রেক্টিফাইডস্পিরিটে দ্রবণীয়।

অসম্মিলন—ডিষ্টিল্ডজল ব্যতিত অন্তজল, উদ্ভিদ সঙ্কোচক, ক্লোরাইডস।

স্থানিক ক্রিয়া—সঙ্কোচক, উগ্রতাসাধক, ফোস্কাকারক, দাহক, রক্তরোধক।

(এষ্ট্রিনজেণ্ট, ইরিটেণ্ট, ভেসিকেণ্ট, স্কেরটিক. ষ্টিপটিক)

আভ্যন্তরিক—সঙ্কোচক, অন্নবহা নালীর অবসাদক. স্নায়বিক বলকারক, ইণ্টেস্‌টাইন ও ষ্টমাকের মিউকস মেমব্রেণের পরিবর্ত্তক। (এষ্ট্রীনজেণ্ট, নার্ভসটনিক)।

ব্যবহার—স্থানিক—বিষাক্তক্ষত, পষ্টিউলস. গরমি প্রভৃতি ক্ষত, ইরিসিপেলাস, আঁচিল, কণ্ডিলোমা, পলিপস্ প্রভৃতি ছোট ছোট টিউমার নষ্ট করিতে, শোথনরূপে গলবিশ্ব. চক্ষুপ্রদাহ, লিকোরিয়া টনসিলাইটাস. বাঘি. পিউরলেণ্ট অফ্থালমিয়া।

আভ্যন্তরিক—ক্রনিক গ্যাসটাইটিস্, ঐ সঙ্গে গ্যাষ্টো-ডিনিয়া, পাইরোসিস্. ভমিটিং এমনকি অর্গানিক ও মেলিগনেণ্ট ডিজিজ অব্ দি ষ্টমাক কতকটা উপসমিত হয়। উদরাময়, মৃগী, ক্রনিক ডিসেণ্টি।

মাত্রা ⅙— ½ গ্রেণ। পাঁওরুটির শস্যের সহিত বটিকাকারে।

নাইট্রেট্ অব্ সিলভারযুক্ত ঔষধ ২টী।

আর্জেণ্টাই এট্ পটাসি নাইট্রাস। নাইট্রেট অফ্ সিলভার এণ্ড পটাসিয়ম।

নামান্তর—মিটিগেটেড কষ্টিক। (মৃদুদাহক)।

নাইট্রেট অব্ সিলভার	......	১ আউন্স।
নাইট্রেট অব্ পটাস	......	২ আউন্স।

পর্সিলেন কিম্বা প্লাটিনম পাত্রে একত্রে গলাইয়া ...

হয়। বাতির গর্ত্ত ছাঁচে ঢালিয়া পেনসিলের মত বিক্রয় হয়।

আর্জেণ্টাই অকসাইডম। অকসাইড্ অব্ সিলভার।

Argenti oxidum. oxide of silver Ag 20

নাইট্রেট অব্ সিলভারের দানা	......	॥০ আউন্স।
সলিউশন্ অব্ লাইম	......	৩॥০ পাইণ্ট।
ডিষ্টিল্ড জল	......	১০ তং আং।

৪ আউন্স ডিষ্টিল্ড জলে নাইট্রেট অফ্ সিলভার দ্রব করিয়া লাইম ওয়াটারের বোতলে ঢালিয়া নাড়িয়া দিবে, স্থিরভাবে রাখিলে অধঃক্ষেপ নীচে পড়িবে, উপরের জল পৃথক করিয়া তাহার পর অবশিষ্ট ডিষ্টিল্ড জলে অধঃক্ষেপ ধৌত করিয়া ২১২ তাপে শুষ্ক করিবে।

গুনধর্ম্ম—কটাবর্ণ চূর্ণ, জলে অদ্রবনীয় নাইট্রীক এসিডে দ্রবনীয়।

ক্রিয়া—নাইট্রেট অব্ সিলভারের ন্যায় বিশেষ এই যে ইহার স্থানিক ক্রিয়া অল্প।

ব্যবহার—বিবিধ রক্তস্রাব, ডিস্পেপ্সিয়া, নার্ভাস ডিজিজেস। কোরিয়া, ইপিলেপ্সি।

মাত্রা। ॥০—২ গ্রেণ।

আর্সিনিক (মূলধাতু) Arsenic

আর্সিনিক ধাতু লৌহ নিকেল কোবল্ট ইত্যাদির সহিত মিলিতভাবে খনিতে জন্মে। আর্সিনিক ধাতু ঔষধার্থে ব্যবহার হয় না।

এসিডম্ আর্সিনিওসম্ Acidum Arseniosum আর্সিনিয়স্ এসিড Arsenious acid. (সিম্মুলক্ষার, দারযুজ, সঙ্খবিষ, সেঁকোবিষ।

নামান্তর।—আর্সিনিক, আর্সিনিকম্ এল্বম. হোয়াইট আর্সিনিক, এন্হাইড্রন্ আর্সিনিযন্ এসিড, আর্সিনিয়ন্ এনহাইড্রাইড।

প্রস্তুত—আর্সিনিকমিশ্র খনিজদ্রব্য দগ্ধ করিযা বিমিশ্র আর্সিনিয়স্ এসিড পাওয়া যায়, উহাকে সবলিমেসন্ দ্বারা শোধিত করিলে প্রস্তুত হয়।

গুণধর্ম্ম—শ্বেতবর্ণ শর্করা চূর্ণের ন্যায বা দানাকার, জলে দ্রবনীয।

ক্রিয়া।—পরিবর্ত্তক (চর্ম্ম.) বলকারক, (স্নায়ু,) পর্য্যায় নিবারক। (অলটারেটিভ, টনিক, এণ্টিপিরিয়ডিক)।

স্থানিক—দাহক।

ব্যবহার।—ক্রনিক একজিমা, সোরায়েসিস, পেমফাইগস্, লাইকেন, পর্য্যায়জ্বর, সপর্য্যায় স্নায়ুশূল, নানাবিধ স্নায়ুশূল, ইপিলেপ্সী, ফুসফুসীয় পুরাতন পীড়া। কোরিয়া রোগের উৎকৃষ্ট ঔষধ।

(মাত্রা। ১/৬০—১/২৪ ক্রমশঃ ১/১২ গ্রেণ)

আর্সিনিয়ন্ এনহাইডাইড্যুক্ত ঔষধ ২টী।

১। লাইকর্ আর্সিনিকেলিস (১০০ ভং গ্রেণে ১ গ্রেণ)

২। লাইকর্ আর্সিনিসাই হাইড্রোক্লোরিকস্ (১০০ ভং গ্রেণে ১ গ্রেণ

আর্সিনিয়েট্ বা আর্সিনিকের লবণ ৩টী।

১। ফেরি আর্সিনিয়াস, ২। সোডাই আর্সিনিয়াস, ৩। লাইকর সোডাই আর্সিনায়েটীস্।

(১) লাইকর্ আর্সিনিকেলিস্। আর্সিনিকেল সলিউশন। নামান্তর—লাইকর্ পটাসি আর্সিনাইটীস্। ফাউলারস্ সলিউশন্।

আর্সিনিয়স এসিড চূর্ণ	...	৮৭ গ্রেণ।
কার্ব্বনেট অব্ পটাসিয়ম	...	৮৭ গ্রেণ।
কম্পাউণ্ড টিংচার অব্ লেভেণ্ডার	...	৫ তং ড্রাম।
ডিষ্টিল্ড ওয়াটার	...	যথাপ্রয়োজন।

আর্সিনিয়স এসিড ও কার্ব্বনেট অফ্ পটাস অৰ্দ্ধ পাইণ্ট জলের সহিত ফুটাইতে থাকিবে যে পর্য্যন্ত না দ্রব হয় শীতল হইলে টিংচার অফ্ লেভেণ্ডার যোগ করিয়া ডিষ্টিল্ড ওয়াটার যোগে ১ পাইণ্ট পূর্ণ করিবে।

১০০ ভাগে ১ ভাগ অথবা প্রতি আউন্সে ৪½ গ্রেণ আর্সিনিয়স্ এসিড আছে।

মাত্রা। ২—৮ মিনিম। শূন্যোদরে সেবন নিষেধ।

(২) লাইকর আর্সিনিসাই হাইড্রোক্লোরিকস। হাইড্রোক্লোরিক সলিউশন্ অব্ আর্সিনিক। (ড্যানমরেড সলিউশন)

আর্সিনিয়স এসিড চূর্ণ	...	৮৭ গ্রেণ।
হাইড্রোক্লোরিক এসিড	...	২ ড্রাম।
ডিষ্টিল্ড ওয়াটার দ্বারা	...	১ পাইণ্ট পূর্ণ করিবে।

৪ আউন্স জলের সহিত হাইড্রোক্লোরিক এসিড ও আর্সিনিক ফুটাইবে, দ্রব হইলে জল যোগে ১ পাইণ্ট পূর্ণ করিবে।

১০০ ভাগে ১ ভাগ বা প্রতি আউন্সে ৪৳ গ্রেণ আর্সিনিয়স এসিড আছে।

মাত্রা। ২—৮ মিনিম।

সোডি আর্সিনিয়াস। আর্সিনিয়েট অব্ সোডিয়ম।

Sodii Arsenias. Arseniate of sodium.

(ক্রিষ্ট লিণ্ট সণ্ট)

আর্সিনিয়স এসিড	২০ আউন্স।
নাইট্রেট অব্ সোডিয়ম	৮॥০ আউন্স।
ড্রায়েড কার্ব্বনেট অব্ সোডিয়ম...	৫॥০ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার...	৩৫ আউন্স।

শুষ্ক দ্রব্য গুলিকে উত্তমরূপে চূর্ণ ও মিলিত করিয়া আবৃত মাটীর মুসিকায় লোহিতোত্তপ্ত করিবে, গরম থাকিতে স্ফুটিত ডিষ্টিল্ড জলে দ্রব করিয়া দানা বাঁধিতে দিবে।

ক্রিয়া ও ব্যবহার আর্সিনিয়স্ এসিডের ন্যায়।

ক্রিয়া কিছু অল্প।

মাত্রা। $\frac{1}{১৬}$—$\frac{1}{৮}$ গ্রেণ।

প্রয়োগরূপ।

লাইকর সোডাই আর্সিনিয়েটীস। (১০০ ভাগে ১ ভাগ।

৩০০ কাঃ তাপে শুষ্ক আর্সিনিয়েট অব্ সোডিয়ম্ ...	৯ গ্রেণ বা ১ ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার...	২ তং আউন্স বা ৯৯ তং ভাগ।

মাত্রা। ৫—১০ মিনিম।

ফেরি আর্সিনিয়াস—লৌহ ঘটিত লবণ দেখ।

আর্সিনাই আইওডাইডম Arsenii Iodidum আইওডাইড অব্ আর্সিনিয়ম। Iodide of Arsenium As I 3

নামান্তর—আইওডাইড অব্ আর্সেনিক, আর্সেনিয়স্ আইওডাইড।

আইওডিন ও আর্সেনিক ধাতু একত্রে মিলাইয়া অথবা হাইড্রো আইওডিক এসিড ও আর্সেনিয়স্ এসিডের জলীয় দ্রাবণ মিলিত করিয়া তাপদ্বারা শুষ্ক করিলে প্রস্তুত হয়।

ক্রিয়া—পরিবর্ত্তক, বলকারক অধিক মাত্রায় উগ্রবিষ। ব্যবহার-সোরায়েসিস, ক্রনিক একজিমা প্রভৃতি পুরাতন চর্ম্ম রোগে কখনং ব্যবহার হয়।

মাত্রা। $\frac{1}{10}$ গ্রেণ।

লাইকর আর্সিনাইএট্ হাইড্রারর্জাই আইওডিডাই। Liquor Arsenii et Hydrargyri Iodidi. Solution of Iodide of arsenium and Mercury.

নামান্তর—ডানোভানস্ সলিউসন (১০০ ভাগে প্রায় ১ভাগ)

আইওডাইড্ অব্ আর্সেনিয়ম	৪৫ গ্রেণ।
রেড্ আইওডাইড অব্ মার্কির	৪৫ গ্রেণ।
ডিষ্টিল্ড ওয়াটার	...যথাপ্রয়োজন।

দেড় আউন্স জলে আইওডাইড দুইটীকে খলে মর্দ্দন করিবে, প্রায় সমুদয় দ্রব হইলে ফিল্টার করিবে, ফিল্টারে ডিষ্টিল্ড জল ঢালিতে থাকিবে যে পর্য্যন্ত না ছাঁকা জল সমুদায় ১০ তং আউন্স পূর্ণ হয়।

ক্রিয়া। পরিবর্ত্তক।

ব্যবহার—দুরারোগ্য চর্ম্মরোগ, বিশেষতঃ উপদংশ ঘটিত চর্ম্মরোগে মহোপকারী, প্রচুর জলমিশ্র করিয়া ঐ সকল ব্যাধিতে লোসনরূপেও কখন২ ব্যবহার হয়। আর্সিনিক ঘটিত যাবতীয় ঔষধ আহারান্তে সেব্য। সেবন করিতে২ পাকস্থলীতে বেদনা, চাপিলে বেদনা বৃদ্ধি, বমন ও বিবমিশা, ডায়েরিয়া ও চক্ষু উঠিলে বিষাক্ত হওয়া লক্ষণ জানিবে এবং তৎক্ষণাৎ সেবন বন্ধ করিবে।

মাত্রা। ১০—৩০ মিনিম।

বিস্মথম Bismuthum বিস্মথ Bismuth.

দানাময় ধাতু, সচরাচর মিশ্রি অবস্থায় পাওয়া যায়।

প্রয়োগরূপ—বিসমথম্ পিউরিফিকেটম। পিউরিফাইড বিসমথ্।

বিসমথ	... ...	১০ আউন্স।
সায়েনাইড অব্ পটাসিয়ম ...	...	॥০ আউন্স।
সলফর্	... .	৮০ গ্রেণ।
সদ্যদগ্ধ কার্ব্বনেট অব্ পটাসিয়ম্ ও কার্ব্বনেট অব্ সোডিয়ম্		যথাপ্রয়োজন।

বিসমথ একটী মুষিকায় অগ্নির তাপে দ্রব করিবে, গন্ধক ও সায়েনাইড অফ পটাস একত্রে মিশ্রিত করিয়া উক্ত দ্রব বিসমথে যোগ করিবে, তাপ বৃদ্ধি করিয়া মুষিকা অল্প লাল বর্ণ করিবে এবং ১৫ মিনিট পর্য্যন্ত ঐ প্রকার তাপদিতে থাকিবে ও সর্ব্বদা

* আর্দি ডনোভানস্ সলিউশনে আইওডাইড অব্ আর্সিনিক ও রেড আইওডাইড অব্ মার্করি প্রত্যেক প্রায় ৪২ গ্রেণ, জল ১০ তং আউন্স।

নাড়িবে। অগ্নি হইতে নামাইয়া অল্প শীতল হইতে দিবে, উপরের ময়লা স্তর কঠিন হইবামাত্র উহাতে ২টী ছিদ্র করিয়া তরল বিসমথ অপর একটী মুবিকায ঢালিবে। সমপরিমাণ শুষ্ক কার্ব্বনেট অফ্ সোডিয়ম ও কার্ব্বনেট অব্ পটাসিয়মের মিশ্রণ বিসমথের শতকরা ৫ ভাগ হয় এপরিমাণ মিশাইয়া অল্প লাল তাপে উষ্ণ করিয়া ক্রমাগত নাড়িবে, অগ্নি হইতে নামাইয়া অল্প শীতল হইলে দ্রব বিসমথ উপযুক্ত ছাঁচে ঢালিবে।

বিস্মথযুক্ত ঔষধ ৭টী।

১। বিসমথাই কার্ব্বনাস।
২। " সাইট্রাস।
৩। " এট্ এমোনি সাইট্রাস্।
৪। " অক্সাইডম।
৫। " সবনাইট্রাস্।
৬। লাইকর বিসমথাই এট্ এমোনাই সাইট্রেটিস্।
৭। টোচিসাই বিসমথাই।

বিসমথাই অক্সাইডম। অকসাইড অব্ বিসমথ।

Bismuthi oxidum. Oxide of Bismuth.

সবনাইট্রেট অব্ বিসমথ	...	...	১ পাউণ্ড।
সলিউশন অব্ সোডা	...	...	৪ পাইণ্ট।

একত্রে ফুটাইবে, জল ভাগ পৃথক করিয়া অধঃক্ষিপ্ত অক্সাইডকে ডিষ্টিল্ড জলে ধৌত করিয়া শুষ্ক করিবে।

ক্রিয়া। স্নায়বিয় বলকারক, বমননিবার—

মাত্রা। ৫—১৫ গ্রেণ।

বিসমথাইসবনাইট্রাস। সবনাইট্রেট্ অব্ বিসমথ।

Bismuthi Sab nitras. Sub nitrate of Bismuth

নামান্তর—হুয়াইট বিসমথ। বিষমথ এলবম। অক্সিনাইট্রেট অফ্ বিসমথ।

পিউরিফাইড্ বিসমথ চূর্ণ	...	...	২ আউন্স।
নাইট্রিক এসিড	...	...	৪ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার		যথাপ্রয়োজন	বা ১ গ্যালন।

৩ আউন্স জলের সহিত ৪ আউন্স নাইট্রিক এসিড মিলাইয়া তাপ দ্বারা বিসমথ দ্রব করিবে, উচ্ছলন শেষ হইলে পরিষ্কার অংশ পৃথক করিয়া ২ আউন্স ঘন করিবে। অর্দ্ধ গেলেন জলের সহিত মিলাইয়া অধঃক্ষিপ্ত অংশ ধৌত ও শুষ্ক করিয়া লইবে।

ক্রিয়া—পাকস্থলির ও অন্ত্রের অবসাদক, এজন্য বমন নিবারক, *স্নায়বীয় বলকারক। সঙ্কোচক. পরিবর্ত্তক আক্ষেপ* নিবারক।

ব্যবহার—ইরিটেটিভ্ ডিসপেপসিয়া, পাইরোসিস, গ্যাস্ট্রালজিয়া, ক্রনিক ভমিটিং, অলসার অব্ ষ্টমাক, ডায়েরিয়া ডিসেণ্ট্রি, থাইসিস সংযুক্ত ডায়রিয়া।

স্থানিক—স্থানিক অবসাদক ও উত্তেজনা হ্রাস জন্য এক্জিমা প্রভৃতি চর্ম্মরোগে, লিউকোরিয়া, গ্লিট, ওজিনা।

মাত্রা :— ৫—২০ গ্রেণ।

প্রয়োগরূপ ট্রেচিসাই বিসমথাই, (প্রতি চাক্তিতে ২ গ্রেণ)

সবনাইট্রেট অব্ বিসমথ	...	...	১৪৪০ গ্রেণ।
কার্ব্বনেট অব্ মেগনেসিয়ম	...	...	৪ আউন্স
প্রিসিপিটেটেড কার্ব্বনেট অব্ ক্যেলসিয়ম			আউন্স

রফাইণ্ড সুগার (শোধিত সর্করা)	...	২৯ আউন্স।
গম একেসিয়া চূর্ণ	... ...	১ আউন্স।
মিউসিলেজ অব্ গম একেসিয়া...	...	২ তং আং।
রোজওয়াটার গোলাপ জল		যথাপ্রয়োজন

৭২০টী লোজেঞ্জ প্রস্তুত করিবে।

প্রতি চাক্তিতে ২ গ্রেণ সব্নাইট্রেট অব্ বিসমথ আছে।

মাত্রা। ১—৬ লোজেঞ্জন্।

বিসমথাই সাইট্রাস। সাইট্রেট্ অব্ বিসমথ।

Bismuthi Citras. Citrate of Bismuth

সবনাইট্রেট অব্ বিসমথ	... ...	৫।০ আউন্স।
নাইট্রিক এসিড	...	১১ তং আউন্স বা যথাপ্রয়োজন।
সাইট্রিক এসিড	... ...	৪ আউন্স।
বাইকার্ব্বনেট অব্ সোডিয়ম	...	৮ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	... ...	যথাপ্রয়োজন।

নাইট্রিক এসিডে তাপদ্বারা বিসমথ দ্রব কর, কতকটা জল যোগকর ও উত্তমরূপে নাড়িতে থাক, যখন জলযোগে দুধের মত ঘোলা হইয়া তাহা তৎক্ষণাৎ দ্রব না হয় অর্থাৎ স্বচ্ছ না হয়। তখন ডিষ্টিল্ড জলে বাইকার্ব্বনেট অব্ সোডিয়ম যোগ করিয়া উহাতে সাইট্রিক এসিড যোগকর, সমুদায় বাষ্প বহির্গমন পর্য্যন্ত উহাকে উত্তাপে ফুটাও তারপর এই তরল দ্রব্যকে, পূর্ব্বে প্রস্তুত জলমিশ্র স্বচ্ছ বা ঈষৎ অস্বচ্ছ বিসমথদ্রবে যোগকর যে পর্য্যন্ত আর অধঃক্ষেপ উৎপন্ন না হয়, অগ্নির তাপে উহাকে ফুটাও মধ্যেং নাড়িয়া দাও। তাপ হইতে অন্তর করিয়া শীতল হইতে দাও, শীতল হইলে ফিল্টার করিয়া সাইট্রেট অব্ বিসম-

থের প্রিসিপিটেটকে ধৌত কর যে পর্য্যন্ত না মুক্ত নাইট্রিক এসিড সম্পূর্ণ দূর হয়। তারপর ওয়াটার বাথের তাপে শুষ্ক কর। একপ্রকার শ্বেতচূর্ণ।

মাত্রা। ২—৫ গ্রেণ।

লাইকার বিসমথাই এট এমোনাই সাইট্রেটিস।

সাইট্রেট অব্ বিসমথ	.. ...	৮০০ গ্রেণ।
সলিউশন্ অব্ এমোনিয়া	প্রত্যেক যথাপ্রয়োজন।	
ডিষ্টিল্ড ওয়াটার		

সাইট্রেট অব্ বিসমথকে জলযোগে কাদার মত করিবে, উহাতে এমোনিয়া ক্রমেং যোগ করিয়া নাড়িতে থাকিবে যেপর্য্যন্ত না দ্রব হয়, ডিষ্টিল্ড জলদ্বারা একপাইণ্ট পূর্ণ করিবে।

প্রয়োগরূপ—বিসমথাই এট এমোনাইসাইট্রাস।

সলিউশন অব্ সাইট্রেট অব্ বিসমথ এবং এমোনিয়া ১ পাইণ্ট বা যথাপ্রয়োজন। ওয়াটার বাথের তাপে সিরপ সদৃশ ঘন করিয়া কাচ বা চিনা পত্রে মাখাইয়া ১০০ ফাঃ তাপে শুষ্ক করতঃ শল্কবৎ দানা প্রস্তুত করিবে।

ক্রিয়া ও ব্যবহার—সবনাইট্রেট অব্ বিসমথের ন্যায় ইহা দ্রবনীয় বলিয়া অনেকে ইহাকে অন্যান্য বিসমথ ঘটিত ঔষধ অপেক্ষা উৎকৃষ্ট বলেন। মাত্রা। ২—৫ গ্রেণ।

বিসমথাই কার্ব্বনাস। কার্ব্বনেট অব্ বিসমথ।

Bismuthi Carbonas. Carbonate of Bismuth

নামান্তর—অক্সিকার্ব্বনেট অব্ বিসমথ

পিউরিফাইড বিসমথ ক্ষুদ্র২ খণ্ড ... ... ২ আউন্স।

নাইট্রিক এসিড	... ...	৪ তং আউন্স
কার্ব্বনেট অব্ এমোনিয়া	... ...	৬ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	... ...	যথাপ্রয়োজন।

সবনাইট্রেট অফ বিসমথ প্রস্তুতের নিয়মানুসারে নাইট্রেট প্রস্তুত করিয়া উহার জলিয় দ্রবে, ২ পাইন্ট জলে ৬ আউন্স কার্ব্বনেট অব এমোনিয়া দ্রব যোগ করিয়া নাড়িয়া দিবে। অধঃক্ষেপ ধৌত ও শুষ্ক করিয়া লইবে।

ক্রিয়া ও ব্যবহার সব্ নাইট্রেট অব্ বিসমথের ন্যায়।

মাত্রা ৫—২০ গ্রেণ।

বিসমথ ঘটিত ঔষধ ব্যবহার কালিন মল কৃষ্ণ বর্ণ হয়।

কেলক্স Calx লাইম্ (চূণ)। কুইক লাইম। Lime.

বিমিশ্র অক্সাইড অব্ কেলসিয়ম, (এক প্রকার এলকেলাইন আর্থ)।

চাখড়ি বা লাইমষ্টোন দগ্ধ করিয়া উহার কার্ব্বনিক এসিড অন্তরিত করিলে অক্সাইড অব্ লাইম প্রস্তুত হয়।

প্রয়োগরূপ—ক্যালসাই হাইড্রাস বা হাইড্রেট অব্ কেলসিয়ম্।

কেলসিস হাইড্রাস। হাইড্রেট অব্ কেলসিয়ম্।

Calcis Hydras. Hydrate of calcium

নামান্তর—শ্লেকড্ লাইম। আর্দ্রচুণ।

সদ্য প্রস্তুত চূণ	... ...	২ পাউণ্ড।
ডিষ্টিল্ড ওয়াটার	... ...	১ পাইণ্ট।

চুণ একটী ধাতু পাত্রে রাখিয়া উহাতে জল ঢালিয়া দিবে

বাষ্প উঠাশেষ হইলে পাত্র আবৃত করিয়া শীতল হইতে দিবে, শীতল হইলে, আর্দ্রচূর্ণকে লৌহতার নির্ম্মিত চালনিতে চালিয়া লইবে চালনি মধ্যস্থ মোটাদানা সকলকে পরিত্যাগ করিবে। চালা সূক্ষ্ম চূর্ণ একটী ষ্টপার বোতলে বায়ুরোধ ভাবে আবৃত রাখিবে। শ্লেকড্ লাইম সদ্য প্রস্তুত করা কর্ত্তব্য।

ক্রিয়া।—জলিয় দব অর্থাৎ লাইকর কেলসিসই সচরাচর ব্যবহৃত হয়—সঙ্কোচক, ধারক। অম্লনাশক (অন্ত্রপথে স্থানিক ও শোষিত হইয়া রক্ত ও নিস্রব সকলে)।

চূর্ণ। স্থানিক—দাহক। কেশঘ্ন। জল শুষ্ককারক।

ব্যবহার—লাইকর কেলসিস অম্লসংযুক্ত উদরাময়, কোন ২ অজীর্ণ, পাথরিরোগেও কখন ২ ব্যবহৃত হয়। শিশুদের বমন, উদরাময়, অজীর্ণরোগে অধিক ব্যবহার হয়।

স্থানিক—কেবল অয়েল পোড়াঘায়ে ব্যবহার হয়।

প্রয়োগরূপ।

১। লাইকর কেলসিস্। সলিউশন অব্ লাইম।

নামান্তর—একোয়া কেলসিস, লাইম ওয়াটার। চুনের জল।

শ্লেকড লাইম ... ... ২ আউন্স।

ডিষ্টিল্ড ওয়াটার ... যথাপ্রয়োজন। একগ্যালন পূর্ণ করিবে।

শ্লেকড লাইম কতকটা ডিষ্টিল্ড ওয়াটারে ধৌত করিবে, ধৌত জল ফিল্টার করিয়া অল্প নাইট্রিক এসিড যোগে অম্লাক্ত করিয়া নাইট্রেটঅফ্‌সিলভার সলিউশন যোগেযতক্ষণ ঘোলা হইবে ততক্ষণ ধৌত করিতে থাকিবে। একটী ষ্টপার্ড বোতলে এক-গ্যালন জল রাখিয়া তাহাতে ধৌত লাইম যোগ করিবে, ২।৩ মিনিট উত্তমরূপে নাড়িবে। ১২ ঘণ্টাপরে অতিরিক্ত চূর্ণ অধঃস্থ

হইয়া জল পরিষ্কার হইলে সাইফনদ্বারা প্রয়োজন মত পাত্রান্তর করিবে কিম্বা একটী হরিদবর্ণের উত্তম ষ্টপার যুক্ত বোতলে আবদ্ধ রাখিবে।

(প্রতি আউন্সে অর্দ্ধগ্রেণ চূর্ণ আছে।)

মাত্রা। ১—৪ ড্রং আউন্স।

সলিউশন্ অব্ লাইম ৪টী ঔষধ প্রস্তুত করিতে ব্যবহার হয়। ১ আর্জেন্টাই অক্সাইডম, ২। লিনিমেণ্টম কেলসিস, ৩। লোসিও হাইড্রারর্জাইরাইফ্লেভা, ৪। লোসিও হাইড্রারর্জাইরাই নাইগ্রা।

২। লাইকর্ কেলসিস্ সাকারেটস্। স্যাকারেটেড্ সলিউসন অফ্ লাইম।

Liquor calcis Saccahartus Saccharated Solution of Lime

শ্লেকড্লাইম্	... ...	১ আউন্স বা ১ ভাগ।
রিফাইণ্ড সুগারচূর্ণ	... ...	২ আউন্স " ২ ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার	... ..	১ প্যাইণ্ট " ২০ ভাগ।

একটী মর্টারে লাইম ও সুগার টাইট্যুরেশন দ্বারা মিশ্রিত করিবে একটী বোতলে ঐজল রাখিয়া তাহাতে এই মিশ্রণ যোগ করিবে, ছিপিবদ্ধ করিয়া কয়েক ঘণ্টা পর্য্যন্ত মধ্যে২ নাড়িবে। শেষে সাইফন দ্বারা পরিষ্কার দ্রব পৃথক্ করিবে, বায়ু রোধ ভাবে ষ্টপার্ড বোতলে আবদ্ধ রাখিবে।

প্রতি আউন্সে ৭·১১ গ্রেণ চুণ আছে। আঃ গুঃ ১·০৫২

মাত্রা। ১৫—৬০ মিনিম।

৩। লিনিমেণ্টম্ কেলসিস্। কেরণ অয়েল।

শলিউশন অব্ লাইম্ ... ... ২ তং আউন্স বা ১ তং ভাগ।
অলিভঅয়েল ... ... ২তং আউন্স " ১ তং ভাগ।

কেলসিস কার্ব্বনাস প্রিসিপিটেটা। প্রিসিপিটেটেড্ কার্ব্বনেট অফ্ লাইম।

Calcis carbonas pricıepitata, Precipitated carbonate of Lime

ক্লোরাইড অব্ কেলসিয়ম ... ... ৫ আউন্স।
কার্ব্বনেট অব্ সোডা ... ... ১৩ আউন্স।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার ... ... যথাপ্রয়োজন।

ক্লোরাইড অফ কেলসিয়ম ও কার্ব্বনেট অফ্ সোডা প্রত্যেক ২ পাইণ্ট বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটারে দ্রব করিয়া একত্র মিলিত কর, অধঃক্ষিপ্ত কার্ব্বনেট অফ্ লাইম ধৌত করতঃ শুষ্ক করিয়া লইবে।

ক্রিয়া। অম্লনাশক, সঙ্কোচক।

ব্যবহার—ডায়েরিয়া। ক্রমাগত দীর্ঘকাল ব্যবহার অকর্ত্তব্য।

মাত্রা। ১০—৬০ গ্রেণ।

প্রিসিপিটেটেড্ কার্ব্বনেট অব্ কেলসিয়ম্ যুক্ত ঔষধ ১টী।

১। ট্রোচিসাই বিসমথাই—প্রতি লোজেঞ্জ প্রায় ৪ গ্রেণ।

ক্রিটা। চক্। চাখড়ি। খটিকা। খড়িমাটী। Caco3

স্বভাবতঃ পাওয়া যায়, কার্ব্বনিক এসিড গ্যাস প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—ক্রিটা প্রিপারেটা।

ক্রিটা প্রিপারেটা (প্রিপেয়ার্ড চক্)। শোধিত খটিকা

Creta praeparata Prepared chalk

খড়ি চূর্ণ করিয়া জলে ধৌত করতঃ অধিকাংশ ময়লা দূর করিয়া প্রস্তুত হয়।

গুণধর্ম্ম—শ্বেতবর্ণ চূর্ণ, গন্ধহিন, স্বাদহীন জলে অদ্রবনীয়।

ক্রিয়া ও ব্যবহার—প্রিসিপিটেটেড্ কার্ব্বনেট অব্ লাইমের মত।

মাত্রা। ১০—৬০ গ্রেণ।

প্রযোগরূপ ৪টী।

১।	হাইড্রার্জ্জাইরাই কমক্রিটা	৩ ভাগে ২ ভাগ।
২।	মিসচুরাক্রিটা	৩২ ভাগে ১ ভাগ।
৩।	পলভিসক্রিটি এরোমাটিকস্	৪ ভাগে ১ ভাগ।
৪।	" " " কমওপিও প্রায়	৪ ভাগে ১ ভাগ।

মিসচুরা ক্রিটি। চক্ মিক্সচার। খটিকা মিশ্র

প্রিপেয়ার্ড চক্	...	।০ আউন্স বা	১ ভাগ।
গমএকেসিয়া চূর্ণ	...	।০ আউন্স "	১ ভাগ।
সিরপ	...	॥০ তং আউন্স "	২ তং ভাগ।
সিনেমন ওয়াটার	...	৭।০ তং আউন্স "	৩০ তং ভাগ।

চাখড়ি ও একেসিয়া দারুচিনির জলের সহিত মর্দ্দন করিয়া সিরপ মিলাইবে।

মাত্রা। ১—২ তং আউন্স।

পলভিসক্রিটি এরোমাটিকস। এরোমাটিক পাউডার অফ্ চক।

নামান্তর—কনফেক্সিও এরোমেটিকস্। চা খড়ির সুগন্ধ মিশ্র চূর্ণ।

১। সিনেমনবার্কচূর্ণ (দারুচিনি) ৪ আং বা ৪ ভাগ।
২। নটমেগ চূর্ণ (জায়ফল) ৩ আং বা ৩ ভাগ।
৩। সাফ্রান চূর্ণ (কুঙ্কুম) ৩ আং বা ৩ ভাগ।
৪। ক্লোভস্ চূর্ণ (লবঙ্গ) ১॥০ আউন্স বা ১॥০ ভাগ।
৫। কার্ডেমমসিডস্ চূর্ণ (এলাচ) ১ আউন্স বা ১ ভাগ।
৬। রিফাইণ্ড সুগার চূর্ণ (চিনি) ২৫ আং বা ২৫ ভাগ।
৭। প্রিপেয়ার্ড চক্ (চাখড়ি) ১১ আং বা ১১ ভাগ।

ইহার ৪ ভাগে ১ ভাগ খড়ি আছে।

মাত্রা। ১০—৬০ গ্রেণ।

কেলসাই ক্লোরাইডম। ক্লোরাইড্ অব্ কেলসিয়ম্।

Calcii chloridum. Chlorideof Calcium

কার্ব্বনেট অব্ লাইম দ্বারা হাইড্রোক্লোরিক এসিড সমক্ষারান্ন করতঃ অল্প ক্লোরিনেটেড লাইম ও শ্লেকড লাইম যোগ করতঃ ছাঁকিয়া তাপে শুষ্ক করিলে প্রস্তুত হয়।

ইহার জল শোষক গুণ থাকাতে ক্লোরোফরম ঈথর প্রভৃতি ঔষধ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

ক্রিয়া—শোষক। ব্যবহার—স্ক্রফিউলা ও বিবিধ গ্লান্ডের ব্যাধিতে ব্যবহৃত হয়। কোন২ বমন রোগে উপকারী।

মাত্রা। ১—১০ গ্রেণ।

প্রয়োগরূপ—লাইকর ক্যালসাই ক্লোরিডাই।

ক্লোরাইড অব্ কেলসিয়ম ৮৮ গ্রেণ বা ১ ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার ১ তং আউন্স বা ৫ তং ভাগ।

মাত্রা ১৫—৫০ মিনিম।

কেলক্স ক্লোরিনেটা। ক্লোরিনেটেড্লাইম্। বিচিং পাউডার। Calx chlorinata. Chlorenated Lime

(সম্ভবতঃ কেলসিয়ম হাইপো ক্লোরাইড্ ও কেলসিয়ম ক্লোরাইড্ মিশ্র)।

আর্দ্রচূণ বা হাইড্রেট অব্ লাইমের মধ্যদিয়া উপযুক্তকাল ক্লোরিণবাষ্প চালাইলে প্রস্তুত হয়।

ক্রিয়া—দুর্গন্ধ হারক, পচন নিবারক। মাত্রা—২—১০ গ্রেণ।

ব্যবহার—ক্লোরোফরম প্রস্তুত করিতে, এভিন্ন দুর্গন্ধ হরণ জন্য ব্যবহৃত হয়। ইহা বাহ্য বা আভ্যন্তরিক সচরাচর ব্যবহার হয় না। ক্লোরিনেটেড সোডাই ইহার পরিবর্ত্তে ব্যবহার হয়। ক্লোরোফরম্। ভেপর্ ক্লোরাই। লাইকার কেলসাই ক্লোরিনেটা।

লাইকর কেলসাই ক্লোরিনেটি।

ক্লোরিনেটেড লাইম	১ পাউণ্ড বা ১ ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার	১ গ্যালন বা ১০ ভাগ।

(মাত্রা। ১০ মিঃ—১ ড্রাম।)

ভেপর্ ক্লোরাই, ইন্হেলেশন্ অব্ ক্লোরিণ।

ক্লোরিনেটেড্ লাইম	...	২আউন্স।
শীতলজল	...	যথাপ্রয়োজন।

ক্লোরিনেটেড লাইম জলে আর্দ্র করিয়া উহা হইতে উদ্ভূত বাষ্প ঘ্রাণ লইবে।

কেলসাই সলফাস। সলফেট অব্ লাইম।

Calcii Sulphas. Sulphate of Lime

স্বভাবতঃ পাওয়া যায়। (গিপসম, আলেবেস্টার, বা প্লাষ্টার

অফ্ পেরিস) তাপদ্বারা শুষ্ক করিয়া লওয়া যায়।

প্রয়োগরূপ—কেলক্স্ সল্ফিউরেটা।

কেলক্স সলফিউরেটা। সলফিউরেটেড্ লাইম্।

Calx Sulphurata Sulphurated Lime

শতকরা ৫০ ভাগ সলফাইড্ অব্ কেলসিয়ম।

সলফেট অব্ কেলসিয়ম্	...	৭ আউন্স
কাষ্ঠদগ্ধাঙ্গার চূর্ণ		১ আউন্স

উত্তমরূপে মিলিত করিয়া মাটীর মূষিকায় লোহিতোত্তাপ দিবে যে পর্য্যন্ত না কাল রং দূর হয়। শীতল হইবামাত্র কাচের ছিপি যুক্ত শিশিতে উত্তমরূপে আবৃত রাখা কর্ত্তব্য।

ক্রিয়া ও ব্যবহার—স্ক্রফিউলার ক্ষত, বয়েল, কার্ব্বঙ্কল ইত্যাদিতে শীঘ্র পূজ উৎপাদন করে। প্রদাহের প্রথম অবস্থায় ব্যবহার করিলে পূয উৎপন্ন নিবারণ করে।

মাত্রা। $\frac{১}{১০}$—১ গ্রেণ।

ক্যালসাই ফস্ফাস্। ফস্ফেট অব্ লাইম্।

Calcii Phosphas Phosphate of Lime

বোন্এস (অস্থিভস্ম)	...	৪ আউন্স।
হাইড্রোক্লোরিক এসিড	...	৬ আউন্স।
জল	...	২ পাইণ্ট।
সলিউশন্ অব্ এমোনিয়া... ১২ তং আউন্স বা যথা প্রয়োজন।		
ডিষ্টিল্ড জল	...	যথাপ্রয়োজন।

বোন এস ১ পাইণ্ট জলমিশ্র হাইড্রোক্লোরিক এসিডে তাপদ্বারা দ্রব করিয়া অবশিষ্ট জল মিলাবে, এমোনিয়া যোগে অধঃক্ষেপ করিবে। অধঃক্ষেপ পৃথক ও ধৌত করিয়া ২১২ ফাঃ তাপে শুষ্ক করিবে।

ক্রিয়া—পরিবর্ত্তক, অম্লনাশক।

ব্যবহার—কদাচ ব্যবহার হয়,কোনং চিকিৎসক স্ক্রফিউলা ও রিকেট রোগে ব্যবহার করেন।

মাত্রা। ১০—২০ গ্রেণ।

ফস্ফেট অব্ লাইম যোগে প্রস্তুত ঔষধ ১টী।

পলভিস্ এণ্টিমনিয়েলিস্ ৩ ভাগে ২ ভাগ।

কেলসাই হাইপোফস্ফিস। হাইপো ফস্ফাইট্ অব্ কেলসিয়ম্।

Calcii Hypophosphis. Hypophosphite of calcium

ফস্ফরস ও প্রায় উহার দ্বিগুণ ওজন চূণ জলের সহিত উষ্ণ করিলে যে পর্য্যন্ত ফস্ফরেটেড হাইড্রোজেন বাষ্প নির্গমন শেষ না হয়। ফিল্টার করিয়া কার্ব্বনিক এসিড বাষ্প যোগে অমিশ্র চূণ পৃথক করিয়া তরল ভাগ ঘন করত দানা বান্ধিয়া লইবে।

ক্রিয়া ফস্ফরসের ন্যায় কিন্তু নিরাপদ। উত্তেজক, বলকারক ও পরিবর্ত্তক। (ষ্টিমুলেণ্ট, টনিক, অল্টারেটিভ)

ব্যবহার—ফস্ফরসের ন্যায়। বিশেষতঃ থাইসিসও ব্রঙ্কাইটিস, নার্ভস ডিবিলিটি

মাত্র। ৫—১০ গ্রেণ।

সিরিয়ম্।

সিরিয়ম্ এক প্রকার ধাতু, সিরাইট পাথর হইতে পাওয়া যায়। সিরিয়ম্ অকজেলেট ফার্ম্মাকোপিয়ার গৃহিত হইয়াছে।

সিরাই অক্‌জেলাস। অক্‌জেলেট অব্‌ সিরিয়ম।

Cerii oxalas. Oxalate of cerium

সিরিয়ম্‌ ধাতুর কোন লবণের জলিয় দ্রাবণে অক্‌জেলেট অব্‌ এমোনিয়া দ্রব যোগ করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া—পাকস্থলির স্থানিক অবসাদক, স্নায়বিয় বলকারক।

ব্যবহার—গ্যাস্‌টোডিনিয়া, বমন, পাইরোসিস্‌ ইত্যাদি পাকস্থলীর উগ্র অবস্থায় ইহা বিসমথনাইট্রাস ও সিলভার নাইট্রাসের মত। গর্ভাবস্থায় বমন নিবারক। ইপিলেপ্সি,কোরিয়া আক্ষেপযুক্ত কাশি, নার্ভস্‌ পাল্‌পিটেশন্‌ অফদিহার্ট।

মাত্রা। ১—২ গ্রেণ।

কুপ্রম। কপার (তাম্র)।

Cuprum. Copper

তাম্র ধাতুর লবণই ঔষধার্থে ব্যবহার হয়।

ঔষধ প্রস্তুত করিতে ২৫ নং তারের জাল বা ০·০২ ইঞ্চি মোটা তার ব্যবহার্য্য।

তাম্র ঘটিত ঔষধ ২টী। কুপ্রাই-নাইটাস, কুপ্রাই সলফাস।

তাম্র দ্বারা প্রস্তুত ঔষধ।—স্পিরিট ইথারিস নাইট্রোসাই।

কুপ্রাইসলফাস। সল্‌ফেট অব্‌ কপার, ব্লুষ্টোন তুঁতিয়া

Cupri Sulphas, Sulphate of copper

তামা ও সলফিউরিক এসিড একত্রে উত্তপ্ত করিয়া উষ্ণ জলে দ্রব করিয়া ছাকিয়া লইবে. ছাঁকা জল ঘন করিয়া দানা বান্ধিয়া সলফেট অব্‌ কপার প্রস্তুত হয়।

ক্রিয়া—অল্পমাত্রায় সঙ্কোচক ও স্নায়বীয় বলকারক অধিক মাত্রায় দ্রুত ও প্রবল বমনকারক।

স্থানিক—দাহক, উত্তেজক, সঙ্কোচক।

ব্যবহার—পুরাতন উদরাময়, আমাশয়, কোরিয়া, ইপিলেপ্সী। বিষাক্ত হইলে এবং অন্য কারণে বমন করাইতে, দুর্ব্বলও বালকদের জন্য ভাল, কারণ অবসাদক গুণ নাই।

স্থানিক—উন্নত অঙ্কুরযুক্ত ক্ষত, পুরাতনক্ষত, অপথালমিয়া, গ্লীট।

মাত্রা—সঙ্কোচক ও বলকারক	...	।০—২ গ্রেণ।
বমনজন্য ...	...	৫—১০ গ্রেণ

কুপ্রাই নাইট্রাস। নাইট্রেট অব্ কপার্

Cupri Nitras, Nitrate of copper

নামান্তর—কুপ্রাই নাইট্রেট।

ডাইলিউট নাইট্রিক এসিডে তাম্র দ্রব করিয়া প্রস্তুত হয়

ক্রিয়া—অম্ল দাহক।

ব্যবহার—আভ্যন্তরিক ব্যবহার হয় না, জিহ্বা ও গলার উপদংশজ ক্ষতে স্থানিক ব্যবহার হয়।

ফিরম, আয়রণ, লৌহ।

Ferrum, Iron

লৌহ একটী মূলধাতু। ৩৫ নং লোহার তার অথবা পেটা-লোহার পরিষ্কার পেরেক লৌহঘটিত ঔষধ প্রস্তুত করিতে ব্যবহার হয়।

লৌহঘটিত ঔষধ ৩০টী।

এমপ্লাট্রম ফেরি। ফেরি আর্সিনিয়াস। ফেরি কার্ব্বনাস সাকারেটা। ফেরি এটএমনি সাইট্রাস। ফেরি এট কুইনাইনি সাইট্রাস। ফেরি পেরক্সাইডম হাইড্রেটম। ফেরি ফসফাস।

ফেরিসলফাস। ফেরিসলফাস এক্সিকেটা। ফেরি সলফাসগ্রান্থলেটা। ফেরম রিডাকটম। ফেরম টার্টারেটম। লাইকর ফেরি এসিটেটিস্। লাইকর ফেরি এসিটেটিস ফর্সিয়র। লাইকর ফেরি ডায়েলাইজেটস্। লাইকর ফেরি পারক্লোরিডাই। লাইকর ফেরি পারক্লোরিডাই ফর্সিয়র। লাইকর ফেরি পারনাইট্রেটিস। লাইকার ফেরি পার সলফেটিস। মিশ্চুরা ফেরি এরোমাটিকা। মিশ্চুরা ফেরি কম্পজিটা, পাইলিউলা ফেরি কম্পজিটা, পাইলুলা ফেরি কার্ব্বনেটিস্। ফেরি আইওডিডাই। সিরপ ফেরি আইওডিডাই। সিরপ ফেরি ফস্ফেটিস। টিংচুরা ফেরি এসিটেটিস। টিংচুরা ফেরি পারক্লোরিডাই। ট্রোচিসাই ফেরি রিডাকটাই। ভাইনম ফেরি। ভাইনম ফেরি সাইট্রেটিস।

লৌহ ধাতুর প্রয়োগরূপ।

১। মিশচুরা ফেরি এরোমাটিকা। এরোমাটিক মিক্সচার অব্ আয়রণ।

রেড্ সিঙ্কোনা বার্ক চূর্ণ	...	১ আউন্স।
কলম্বারুট স্থূল চূর্ণ	...	॥০ "
ক্লোভস্ চূর্ণ	...	।০ "
সূক্ষ্ম লৌহতার	...	॥০ "
কম্পাউণ্ড টিংচার অব্ কার্ডেমম	...	৩ তং আউন্স।
টিংচার অব্ অরেঞ্জপিল	...	॥০ " "
পিপার্মিণ্ট ওয়াটার	...	যথাপ্রয়োজন।

টিংচার ব্যতীত পেপার মিণ্টওয়াটার দ্বারা ১২॥০ আউন্সপূর্ণ করিবে। শেষে টিংচার দুইটী দিবে। মোট ১৬ আউন্স হইবে।

মাত্রা। ১—২ তং আউন্স।

২। ভাইনম্ ফেরি। ওয়াইন অব্ আয়রণ। (লৌহাসব)

আয়রণ ওয়ার ... ১ আউন্স বা ১ ভাগ।

সেরি ... ১ পাইণ্ট বা ২০ তং ভাগ।

লৌহ তার আবদ্ধ পাত্রে ৩০ দিন সেরি মধ্যে ভিজাইয়া মধ্যে ২ নাড়িয়া দিবে ও ছিপি খুলিবে। লৌহ তার সেরিতে প্রায় সম্পূর্ণ মগ্ন থাকিবে। ৩০ দিন পর ফিলটার করিবে। পরিমাণ ১ পাইণ্ট হইবে।

মাত্রা। ১—৪ তং ড্রাম।

ক্রিয়া—রক্তজনক, স্নায়বিয় বলকারক, সঙ্কোচক, রজঃনিঃসারক।

ব্যবহার—এনিমিয়া, কোরিয়া, নিউরালজিয়া, হিষ্টিরিয়া, ইপিলেপ্সি, পেসিভহেমরেজ, পেসিভমিউকসডিস্‌চার্য্য, এমিনোরিয়া।

সিরাপাস্ ফেরি সাবক্লোরিডাই, সিরাপ অব্ সাব ক্লোরাইড অব্ আয়রণ।

নামান্তর।—সিরাপ অব্ ফিরস্ ক্লোরাইড। আয়রণ ওয়ার ৩০০ গ্রেণ, হাইড্রোক্লোরিক এসিড ১তং আউন্স, সাইট্রিক এসিড ১০ গ্রেণ, ডিষ্টিল্ড ওয়াটার ১০ ড্রাম সিরপ যথাপ্রয়োজন। হাইড্রোক্লোরিক এসিডকে একটী গ্লাস ফ্লাস্কে ১ আং জলের সহিত মিশ্রিত করিবে, লৌহতার সংযোগ করিয়া মৃদু উত্তাপ প্রয়োগ করিবে, রাসায়নিক ক্রিয়া স্থগিত হইলে কুপী উত্তাপ হইতে সরাইয়া সাইট্রীক এসিড যোগ করিবে, ঐ দ্রব্য কাগজ দিয়া ছাঁকিয়া ১০ আউন্স শর্করায় সংযোগ করিবে ও উহাতে অবশিষ্ট জল ছাঁকিয়া দিবে যাহা প্রস্তুত হইবে তাহাতে যথাপ্রয়োজন সিরপ সংযোগে ১ পাইণ্ট পূর্ণ করিয়া উত্তমরূপে মিশ্রিত করিয়া লইবে।

আঃ গুঃ প্রায় ১·৩৪০ হওয়া অবশ্যক

মাত্রা ॥০—১ ড্রাম।

লৌহের পারসল্ট সকল—অধিক সঙ্কোচক।

উদ্ভিদ অম্লসংযুক্ত লৌহের সংকোচক ক্রিয়া নিতান্ত অল্প। লৌহ ঘটিত ঔষধ সেবনকালে রোগীর জিহ্বা, দন্ত ও মলকৃষ্ণ বর্ণ হয়।

ফিরমরিডকটম। রিডিউসড আয়রণ। ফেরি পলভিস।

Ferrum Redactum, Reduced Iron

কিয়ৎ পরিমাণ অকসাইড অব্ আয়রণ মিশ্র ধাতব লৌহ। মিটালিক আয়রণ।

প্রস্তুত করিতে—ষ্টং সলিউশন্ অব্ পারক্লোরাইড অব্ আয়রণ, সলিউশন অব্ এমোনিয়া. গ্রান্থলেটেড জিঙ্ক্, সলফিউরিক এসিড, ক্লোরাইড অফ কেলসিয়ম, ডিষ্টিলড ওয়াটার আবশ্যক। পরক্লোরাইড অফ্ আয়রণ ও এমোনিয়া যোগে ফেরিক হাইড্রেট সদ্য প্রস্তুত করিয়া, একটী বন্দুকের নলে রাখিয়া চুলার মধ্যে উষ্ণ করিবে, গ্রান্থলেটেড জিঙ্ক ও সলফিউরিক এসিড যোগে উপযুক্ত পাত্রে হাইড্রোজেন বাষ্প প্রস্তুত করিয়া ক্লোরাইড অফ্ কেলসিয়ম ও সলফিউরিক এসিড দ্বারা শুষ্ক করতঃ উক্ত বন্দুকের নলের মধ্য দিয়া চালাইবে।

ক্রিয়া—লৌহঘটিত সাধারণ ঔষধের ন্যায়, ইহার সঙ্কোচক ক্রিয়া নাই। রক্ত জনকক্রিয়া প্রবল উগ্রতাগুণ নাই, সেবনে কখনং দুর্গন্ধ উদ্গার উৎপন্ন হয়।

ব্যবহার। কোবিয়া, প্লীহা ইত্যাদি।

মাত্রা। ১—৫ গ্রেণ।

প্রয়োগরূপ—ট্রোচিসাই ফেরিরিডাকটাই। রিডিউস্‌ড আয়রণ লোজেঞ্জেস।

রিডিউস্‌ড আয়রণ	...	৭২০ গ্রেণ।
রিফাইণ্ড সুগার চূর্ণ	...	২৫ আউন্স।
গম একেসিয়া চূর্ণ	...	১ আউন্স।
•মিউসিলেজ অব গম একেসিয়া		২ তৎ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	:	১ তৎ আউন্স বা যথাপ্রয়োজন।

৭২০ লোজেঞ্জ প্রস্তুত করিবে।

মাত্রা। ১—৬ লোজেঞ্জ। (পরিমাণ প্রতি লোজেঞ্জে ১ গ্রেণ।

ফেরি কার্ব্বনাস স্যাকারেটা। শ্যাকারেটেড্ কার্ব্বনেট অব্ আয়রণ।

Ferri Carbonas Saccharata Saccharated carbonated of Iron

কার্ব্বনেটের পরিমাণ ⅕ অংশ। কার্ব্বনেট অব্ আয়রণ; প্যাক্সাইড অব্ আয়রণ ও শর্করা সহিত মিলিত।

সলফেট অব্ আয়রণ	২ আউন্স।
কার্ব্বনেট অব্ এমোনিয়া	১।০ আউন্স।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার	২ গেলন।
রিফাইণ্ড সুগার	১ আউন্স।

কার্ব্বনেট অব্ এমোনিয়া দ্রব সলফেট অফ্ আয়রণ দ্রবে যোগ করিবে, অধঃক্ষিপ্ত কার্ব্বনেট অফ্ আয়রণকে ফিল্টারে রাখিয়া চাপ দিবে, পরে পর্সিলেন মর্টারে রাখিয়া শর্করা সহিত মিলাইয়া অনধিক ২১২ তাপে শুষ্ক করিবে।

ক্রিয়া—রক্তজনক, বলকারক, সঙ্কোচক গুণ নাই।

ব্যবহার—লৌহ ঘটিত অন্যান্য ঔষধের ন্যায় বিশেষতঃ এনিমিক এমিনোরিয়া শিশু ও স্ত্রীলোকদের জন্য ভাল।

মাত্রা। ৫—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ।

মিসচুয়া ফেরি কম্পজিটা (গ্রিফিথস্ মিকশ্চার)।

এণ্টিহেক্‌টিক মিকশ্চার।

সলফেট অব্ আয়রণ	...	২৫ গ্রেণ।
কার্ব্বনেট অব্ পটাসিয়ম	...	৩০ গ্রেণ।
মার } রিফাইণ্ড সুগার }	প্রত্যেক	৬০ গ্রেণ।
স্পিরিট অব্ নট্‌মেগ		৪ ড্রাম
গোলাপ জল	...	৯॥০ তং আউন্স।

কার্ব্বনেট অফ্ পটাস ও মার স্পিরিট অফ্ নটমেগ সহিত মর্দ্দন করিবে, মর্দ্দন করিতে২ উহার সহিত প্রথমে গোলাপজল ও শর্করা যোগ করিবে। উহাতে কার্ব্বনেট অফ্ পটাসিয়ম যোগ করিবে। তাহাতে কার্ব্বনেট অব আয়রণ প্রস্তুত হইবে। ইহা অতি শীঘ্র কাচবোতলে বায়ুরোধ ভাবে আবদ্ধ রাখিবে। মোট ১০ তং আউন্স হইবে।

মাত্রা। ১—২ তং আউন্স।

ক্রিয়া—রক্তজনক, বলকারক, রজ নিঃসারক।

লাইকিউলা ফেরিকার্ব্বনেটিস্ ... (১০ ভাগে ১ ভাগ)।

সেকারেটেড্ কার্ব্বনেট অব্ আয়রণ ১ আউন্স বা ৪ ভাগ।

কনফেকশন অব রোজেস ... ।০ আউন্স বা ১ ভাগ।

মাত্রা। ৫—২০ গ্রেণ।

Frri Iodidum ফেরি আইওডাইডম। Iode of Iron

লৌহ তার	...	...	১৷৷০ আউন্স।
আইওডাইন	...	...	৩ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	...	১৫ আউন্স।

আইওডাইড অফ্ আয়রণ ফর্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই ইহার দুইটী প্রয়োগরূপ গৃহীত হইয়াছে।

প্রয়োগরূপ—পাইলিউলা ফেরি আইওডিডাই, সিরপ ফেরি আইওডিডাই।

সিরপস্ ফেরি আইওডিডাই।

আয়রণ	......	......	১ আউন্স।
আইওডিন	.....	......	২ আউন্স।
রিফাইণ্ড সুগার	.....	.....	২৮ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	.....	.....	১৩ তং আউন্স।

চিনি ও ১০ আউন্স জল তাপদ্বারা সিরপ প্রস্তুত করিবে, আইওডাইন ও আয়রণ ৩ আউন্স জলের সহিত উষ্ণ করিবে, যে পর্য্যন্ত সাদা ফেন উঠে। উষ্ণ থাকিতে ফিল্টার করিয়া সিরাপ সহ মিলাইবে। পরিমাণ ২ পাউণ্ড ১১ আউন্স হইবে।

প্রতি ড্রামে ৪·৩ গ্রেণ আইওডাইড অব্ আয়রণ আছে।

মাত্রা ৷৷০—১ তং ড্রাম।

পাইলিউলা ফেরি আইওডিডাই।

সূক্ষ্ম লৌহতার	...	৪০ গ্রেণ বা ৪০ ভাগ।	
আইওডাইন	...	৮০ গ্রেণ " ৮০ ভাগ।	
রিফাইণ্ড সুগার চূর্ণ	...	৭০ গ্রেণ " ৭০ ভাগ।	

লিকবিসরুট চূর্ণ	...	১৪০ গ্রেণ " ১৪০ ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার	..	৫০ মিনিম " ৪৬তং ভাগ।

একটী এক আউন্স পরিমাণ সুদৃঢ় ষ্টপার্ড শিশিতে আইওডাইন, লৌহ ও জল একত্র সঞ্চালন করিবে, ফেন সাদা হইলে একটী মর্টারে চিনির সহিত মিলাইয়া ক্রমেং লিকরিস যোগ করিবে।

মাত্রা। ৩—৮ গ্রেণ।

ক্রিয়া। আইওডিন ও আয়রণের মিলিত ক্রিয়ার ন্যায়। পরিবর্ত্তক, শোষক, রক্তজনক, বলকারক।

ব্যবহার—স্ক্রফিউলা, থাইসিস্, রিউমাটিক আর্থ্রাইটিস্, সেকেণ্ডারি ও টার্সিয়ারি সিফিলিস।

ফেরি সলফাস। সল্‌ফেট অব্ আয়রণ (হীরাকস)।

নামান্তর—কোপেরাস, গ্রীন ভিট্রিয়ল।

Ferri Sulphas. Sulphate of Iron.

লৌহতার	... ...	৪ আউন্স।
সলফিউরিক এসিড	... .	৪ তং আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	.. . .	১॥০ পাইণ্ট।

একটী পর্সিলেনডিসে লৌহতার ও জল রাখিয়া তাহাতে সলফিউরিক এসিড যোগ করিবে, বাষ্প নির্গমন প্রায় শেষ হইলে ১০ মিনিট ফুটাইবে, ফিল্টার কাগজ দিয়া ছাঁকিয়া ২৪ ঘণ্টা স্থির রাখিবে, দানা পৃথক করিয়া বুটিং কাগজের পর শুষ্ক করিবে।

মাত্রা ১—৫ গ্রেণ।

ক্রিয়া।—রক্তজনক, বলকারক, রক্ত নিঃসারক, পর্য্যায় নিবারক, কৃমিনাশক।

স্থানিক—সঙ্কোচক, উগ্রতাসাধক।

ব্যবহার।—এনিমিয়া, এমিনোরিয়া। প্লীহা, দুর্ব্বলতা পেসিভ হেমরেজ।

প্রয়োগরূপ ১। ফেরি সলফার এক্সিকেটা (২৮ ভাগে ১৭ ভাগ প্রস্তুত হয়)।

২। পাইলিউলা এলোজ এট্ ফেরি (৭ ভাগে ১ ভাগ।)

৩। পাইল্যুলা ফেরি (ব্লড্ পিল। Blaud Pill)

আয়রণ পিল

প্রঃ।—সল্ফেট অফ্ আয়রণ	... ৬০ গ্রেণ বা	১২০ ভাগ।
কার্ব্বনেট্ অব্ পোটাসিয়ম	... ৩৬ গ্রেণ বা	৭২ ভাগ।
রিফাইণ্ড সুগারচূর্ণ	... ১২ গ্রেণ বা	২৪ ভাগ।
ট্রাগাকান্থচূর্ণ	... ৪ গ্রেণ বা	৮ ভাগ।
গ্লিসরিণ ...	২৷৷০ মিনিম বা	৪৷৷০ তং ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার ...	... ...	যথা প্রয়োজন।

কাচ বা চীনা খলে হিরাকস চূর্ণ করিয়া শর্করা ও ট্রেগেকান্থাসহ উত্তমরূপে মিলাইবে, অপর একটী খলে কার্ব্বনেট অফ্ পোটাসিয়ম ও গ্লিসরিণ উত্তমরূপে মিলাইয়া সলফেট অফ্ আয়রণ মিশ্রের খলে ঢালিয়া দিবে, হরিদ্রাবর্ণ মিশ্র নাহওয়া পর্য্যন্ত উত্তমরূপে নাড়িতে থাকিবে, প্রয়োজন হইলে জল সংযোগে বটিকা বান্ধিবার উপযোগী করিবে। ৫ গ্রেণ ওজনের একএকটি করিয়া বটিকা প্রস্তুত করিবে। প্রত্যেক বটিকায় প্রায় ১ গ্রেণ কার্ব্বনেট অফ আয়রণ আছে।

মাত্রা ১—হইতে ৪ বটিকা।

ফেরি সলফাসএক্সিকেটা। ড্রায়েডসলফেট অফআয়রণ

(দগ্ধহিরাকস)

৪ আউন্স সলফেট অব্ আয়রণ, ২১২ ফাঃ তাপে শুষ্ক করিয়া ২॥০ আউন্স অপেক্ষা কিঞ্চিৎ অল্প ওজন হইলেই প্রস্তুত হয়।

মাত্রা। ॥০—৩ গ্রেণ।

ফেরিসলফাস্ গ্রেন্যুলেটা। গ্রাণুলেটেড সলফেট অফ আয়রণ।

আয়রণ ওয়ার	...	৪ আউন্স।
সলফিউরিক এসিড	...	৪ তং আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	..	১॥০ পাইণ্ট।
রেক্টিফাইড স্পিরিট	...	৮ তং আউন্স।

সলফেট অফ্ আয়রণ উষ্ণ জলেদ্রব করিয়া স্পিরিট সংযোগ সঞ্চালন করিবে অথবা সলফেট অফ্ আয়রণ প্রস্তুতের নিয়মানুসারে প্রস্তুত হয়, বিশেষ এইযে কাগজ দিয়া ফিল্টার করত স্পিরিট সহিত মিলাইয়া নাড়িতে থাকিবে।

মাত্রা। ১—৫ গ্রেণ।

ক্রিয়া—লৌহঘটিত অন্যান্য দ্রব্য ন্যায়, অধিকের মধ্যে ইহা প্রবল সঙ্কোচক।

ব্যবহার—প্যাসিভ হেমরেজ, মিউকস ডিসচার্য্য, এনিমিয়া দুর্ব্বলতা।

সঙ্কোচক ক্রিয়া জন্য স্থানিক প্রয়োগ হয়।

ফেরিআর্সিনিয়াস। আর্সিনিয়েট অব্ আয়রণ।

Ferri Arsenias Arseniate of Iron

অক্সাইড মিলিত আর্সিনিয়েট অব আয়রণ।

সলফেট অব্ আয়রণ	...	২০৸৹ আউন্স।
আর্সিনিয়েট অব্ সোডিয়ম	...	(৩০০ ফাঃ তাপে শুষ্ক) ১৫৸০ আউন্স।
বাইকার্ব্বনেট অব্ সোডিয়ম্	...	৪৷৹ আউন্স।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার	...	যথাপ্রয়োজন।

উক্ত তিনটী ঔষধের দ্রাবণ একত্র করিয়া অধঃক্ষিপ্ত আর্সিনাইট অফ্ আয়রণকে ধৌত ও শুষ্ক করিয়া লইতে হয়।

ক্রিয়া—আর্সিনিকের ন্যায়, ইহাতে লৌহ থাকিলেও এত কম মাত্রায় ব্যবহার করিতে হয় যে তাহাতে লৌহের কোন বিশেষ ক্রিয়া হয় না। রক্তজনক, বলকারক, পরিবর্ত্তক।

মাত্রা। $\frac{1}{16}$—$\frac{1}{8}$ গ্রেণ।

ফেরিফস্ফাস। ফস্ফেট অব্ আয়রণ।

Ferri Phosphas Phosphate of Iron

শতকরা ৪৭ ভাগ ফেরসফস্ফেট, ফেরিকফস্ফেট ও অক্সাইড সহিত মিলিত।

সলফেট অব্ আয়রণ	...	৩ আউন্স।
ফস্ফেট অব্ সোডিয়ম্	...	২৸৹ আউন্স।
বাইকার্ব্বনেট অব্ সোডিয়ম	...	৸৹ আউন্স।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার	...	যথাপ্রয়োজন।

ফস্ফেট অফ্ সোডাও সলফেট অফ্ আয়রণ প্রত্যেককে ৩০ আউন্স জলে পৃথক২ দ্রব করিবে, অল্প শীতল হইলে একত্র করিবে, উহাতে কার্ব্বনেট অফ্ সোডার দ্রাবণ যোগ করিবে। অধঃক্ষিপ্ত ফস্ফেট্ অফ আয়রণ। ছাঁকিয়া ধৌত ও শুষ্ক করিয়া লইবে।

ক্রিয়া।...লৌহঘটিত সাধারণ ঔষধ ন্যায়। রক্তজনক, বল-কারক, পরিবর্ত্তক।

ব্যবহার—ডায়েবিটিস, রেকাইটীস।

মাত্রা। ৫—১০ গ্রেণ।

প্রযোগরূপ...

সিরপস্ ফেরিফস্ফেটিস্ (১ তৎ ড্রামে ১ গ্রেণ)।

গ্রানুলেটেড সল্‌ফেট অব্ আয়রণ	...	২২৪ গ্রেণ।
ফস্ফেট অব্ সোডিয়ম	...	২০০ গ্রেণ।
বাই কার্ব্বনেট অব্ সোডিয়ম	...	৫৬ গ্রেণ।
কনসেনট্রেটেড ফস্ফরিক এসিড	...	১০ তৎ আউন্স।
রিফাইণ্ড স্নগার	...	৮ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	৮ তৎ আউন্স।
মোট পরিমাণ ১২ আউন্স হইবে। মাত্রা।		এক ড্রাম।

ফেরি পেরক্সাইডম হাইড্রেটম। হাইড্রেটেড্ পারক্সাইড অব্ আয়রণ।

Ferri peroxidum Hydratum. Hydrated peroxide of Iron

নামান্তর—ফেরি সেস্কুই অক্সাইডম, ফেরি অকসাইডম্ রুব্রম্, হাইড্রাস পারক্সাইড অব্ আয়রণ, ফেরিক অক্সিহাইড্রেট।

সলিউশন্ অব্ পারসলফেট অব্ আয়রণ		৪ আং।
সলিউশম্ অব্ সোডা	...	৩৩ তৎ আং।
ডিষ্টিল্ড ওয়াটার	...	যথাপ্রয়োজন।

পরসলফট অফ আয়রণ ১ পাইন্ট জলে মিলিত করিয়া, ইহাস লিউসন অবসোডার সহিত ক্রমে২ যোগ করিবে, উত্তম-

রূপে নাড়িবে; ২ ঘণ্টা স্থির করিয়া মধ্যে২ নাড়িয়া দিবে, অধঃক্ষেপ ছাঁকিয়া ধৌত ও শুষ্ক করিয়া লইবে।

ক্রিয়া—উগ্রতাগুণ নাই, লৌহঘটিত সাধারণ ঔষধের ন্যায় রক্তজনক, বলকারক, কৃমিনাশক, রজনিঃসারক।

ব্যবহার—লৌহঘটিত ঔষধ বৃহৎ মাত্রায় অথবা দীর্ঘকাল ব্যবহার আবশ্যক হইলে এই ঔষধ ব্যবহৃত হয়। টিকডলরু ও অন্যান্য নিউরালজিয়া। আর্সিনিক দ্বারা বিষাক্ত হইলে মহৌষধ।

মাত্রা　৫—১০ গ্রেণ।

প্রয়োগরূপ। এমপ্লাষ্ট্রম ফেরি। [১১ ভাগে ১ভাগ]

[ক্যালিবিয়েট প্লাষ্টার]

পারক্সাইড অব্ আয়রণ চূর্ণ	...	১ আং বা ১ ভাগ।
বর্গণ্ডিপিচ	...	২ আং বা ২ ভাগ।
লেড প্লাষ্টার	...	৮ আং বা ৮ ভাগ।

লাইকরফেরি ডায়েলাইজেটস　সলিউশন্ অব্ ডায়েলাইজড্ আয়রণ।

Liquor Ferri Dialysatus. Solution of Dialysed Iron.

ফেরিক অক্সিক্লোরাইড্ বা ক্লোরক্সাইড্ অব্ আয়রণ

ষ্ট্রং সলিউশন্ অব্ পারক্লোরাইড অব্ আয়রণ ৭ তং আউন্স।

সলিউশন্ অব্ এমোনিয়া	...	যথাপ্রয়োজন।
ডিষ্টিল্ড জল	... ...	যথাপ্রয়োজন

৬ আউন্স সলিউশন্ অব্ পারক্লোরাইড অব্ আয়রণ ২ পাইণ্ট ডিষ্টিল্ড জলের সহিত মিলিত করিয়া তাহাতে প্রচুর পরিমাণ এমোনিয়া যোগ করিবে যেন উত্তমরূপে নাড়িয়া দিলেও

এমোনিয়ার গন্ধ বেশ পাওয়া যায়। কেলিকো দিয়া ছাঁকিয়া লইবে, অধঃক্ষিপ্ত ফেরিক হাইড্রেটকে ডিষ্টিল্ড জলদিয়া ধৌত করিবে তারপর নিংড়াইয়া অতিরিক্ত জলভাগ দূর করিবে এই অধঃক্ষেপকে অবশিষ্ট সলিউশন্ অব্ পারক্লোরাইড অব্ আয়রণ সহিত মিলিত করিয়া উত্তমরূপে নাড়িয়া দিবে ও অল্প উষ্ণ করিবে। যখন সম্পূর্ণ বা প্রায় সম্পূর্ণ দ্রব হইবে তখন প্রয়োজন হইলে ফিল্টার করিয়া ঐ তরল দ্রব্যকে আবৃত ডায়েলাইজার মধ্যে রাখিবে তারপর ডায়েলাইজার শুদ্ধ অধিক পরিমাণ জলে ধৌত করিবে যেপর্য্যন্ত ডায়েলাইজারের মধ্যস্থ তরলদ্রব্য আস্বাদন হীন না হয়। এই দ্রব্যের পরিমাণ মোট ২৮ তং আউন্স হওয়া আবশ্যক।

গুণ-ধর্ম্ম—পরিষ্কার, ঘোর লোহিতাক্ত কটাদ্রব, কষায় আস্বাদহীন, সরক্ষারাম্ল।

ক্রিয়া—রক্তজনক, বলকারক, সঙ্কোচক গুণ প্রায় নাই।

ব্যবহার—সঙ্কোচন গুণ শূন্য লৌহ ব্যবহার প্রয়োজন হইলে ইহা ব্যবহার্য্য।

মাত্রা। ১০—৩০ মিনিম।

লাইকর ফেরিপার ক্লোরিডাই ফর্সিয়র।

Liquor Feri perchloredi fortior

আয়রণ ওয়ার	...	৪ আউন্স।
হাইড্রোক্লোরিক এসিড	...	২০॥০ আউন্স।
নাইট্রিক এসিড	...	১॥০ আং।
ডিষ্টিল্ড ওয়াটার	...	যথা-প্রয়োজন

লৌহতার হাইড্রোক্লোরিক এসিডে দ্রব করিয়া, নাইট্রিক এসিড সহ তাপে ঘন করতঃ জলযোগে উপযুক্ত রূপ তরল করিবে। পরিমাণ মোট ২০ আং হইবে।

১০ আউন্সে ২ আং লৌহ আছে।

ক্রিয়া—প্রবল সঙ্কোচক, রক্ত রোধক, দাহক।

ইহা সলিউশন্ অব্ পারক্লোরাইড অব্ আয়রণ যুক্ত ঔষধ ৩ টী।

লাইকর ফেরি ডায়েলাইজেটস্।

" " পারক্লোরিডাই ৪ ভাগে ১ ভাগ।

টিংচুরা ফেরি পারক্লোরিডাই ৪ ভাগে ১ ভাগ।

লাইকর ফেরি পারক্লোরিডাই।

নামান্তর—সলিউশন্ অব ফেরিক ক্লোরাইড।

ইহা সলিউশন্ অব পারক্লোরাইড অব্ আয়রণ ৫ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার . যথাপ্রয়োজন।
মিশাইয়া ২০ আউন্স পূর্ণ করিবে।

মাত্রা ১০—৩০ মিনিম।

টিংচুরা ফেরি পারক্লোরিডাই।

নামান্তর—টিংচার ফেরি সেস্কুই ক্লোরাইড, টিংচারষ্টিল।

ইহা সলিউশন্ অব্ পারক্লোরাইড অব্ আয়রণ		৫ তং আউন্স।
রেক্টিফাইড স্পিরিট	...	৫ তং আং।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১০ তং আং।

মাত্রা। ১০—৩০ মিনিম।

লাইকর ও টিংচার ফেরি পারক্লোরাইডের।

ক্রিয়া—প্রধান সঙ্কোচক, রক্তজনক, বলকারক, মূত্রকারক।

স্থানিক—উত্তেজক, রক্তরোধক, সঙ্কোচক, দাহক।

ব্যবহার—পেসিভ হেমরেজ, দুর্ব্বল ও নিরক্তাবস্থা, ইরি সিপেলাস।

স্থানিক—ইরিসিপেলাস, রক্তস্রাব।

লাইকর ফেরিপার নাইট্রেটিস্। সলিউশন অফ্ পারনাইট্রেট অফ্ আয়রণ।

Liquor Ferri pernitras. Solution of per nitrate of Iron.

মরিচাশূন্য লৌহতার	.	১ আং।
নাইট্রিক এসিড	..	৪।০ ও২ আং।
ডিষ্টিল্ড ওয়াটার	..	যথাপ্রয়োজন।

১।০ পাইণ্ট পূর্ণ করিবে।

১৬ আউন্স জলে নাইট্রিক এসিড মিশ্র ইয়া ইহাতে লৌহতার মগ্ন করিবে। দ্রব না হওয়া পর্য্যন্ত রাখিবে, অতি দ্রুত গতিতে দ্রব হইতে থাকিলে ও ক্রিয়া প্রবল হইলে ডিষ্টিল্ড জল যোগে তাহা বন্ধ করিবে। ফিল্টার করিয়া ১০ আং জলে সালফিউরিক এসিড যোগ করিয়া তাহদ্বারা উহাতে সালফেট অব্ আয়রণ দ্রব করিবে, অবশিষ্ট ২ আং জলে নাইট্রিক এসিড মিশ্রিত করিয়া উহাতে যোগ করিয়া ফুটাইবে।

ক্রিয়া—প্রবল সঙ্কোচক, রক্তজনক, বলকারক।

ব্যবহার—পারক্লোরাইড অব্ আয়রণের ন্যায়, দুর্ব্বল অবস্থার ডায়েরিয়া, পেসিভ মিউকস ডিশ্চার্য্য।

মাত্রা। ১০—৪০ মিনিম।

লাইকারফেরি পারসলফেটিস। সলিউশন অফ্ পারসলফেট অফ্ আয়রণ।

Liquor Ferri Persulphatis. Solution of per Sulphate of Iron

নামান্তর—সলিউশন্ অব্ ফেরিক সলফেট।

সলফেট অব্ আয়রণ	... ...	৮ আং।
সলফিউরিক এসিড নাইট্রিক এসিড	প্রত্যেক ..	৬ তং ড্রাম।
ডিষ্টিল্ড জল		১২ আউন্স বা যথাপ্রয়োজন।

শীতল হইলে ১২ আং পরিমাণ হইবে।

ব্যবহার—প্রবল সঙ্কোচক কিন্তু ঔষধরূপে ব্যবহৃত হয় না, অন্যান্য ঔষধ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

লাইকারফেরি পারসলফেটযুক্ত ঔষধ ৪টী।

১ ফেরিএট এমনাই সাইট্রাস্। ২। ফেরিএট কোয়াইনি সাইট্রাস্। ৩। ফেরি পারক্সাইডম হাইড্রেটম। ৪। ফেরম টার্টারেটম।

ফেরিএট্ এমোনাই সাইট্রাস। সাইট্রেট অফ্ আয়রণ এণ্ড এমোনিয়া।

Ferri et Ammonii Citras. Citrate of Iron and Ammoneia

সলিউশন অব পারসলফেট অব্ আয়রণ	১০ তং আং বা যথাপ্রয়োজন।
সলিউশন্ অব্ এমোনিয়া	২৩ তং আং বা যথাপ্রয়োজন।

সাইট্রিক এসিড	—	—	৪ আং।
ডিষ্টিল্ড ওয়াটার	—	—	যথাপ্রয়োজন।

ক্রিয়া—রক্তজনক, বলকারক, সঙ্কোচক গুণ প্রায় নাই।

ব্যবহার—রক্তহীনতায় অতি উৎকৃষ্ট ঔষধ, পাকস্থলির উগ্রতা থাকিলে উচ্ছলনপানীয় সহিত ব্যবহার করা যায়। ইহা বিস্বাদ নয় বলিয়া শিশুদের জন্য বিশেষ উপকারী।

মাত্রা। ৫—১০ গ্রেণ।

প্রয়োগরূপ—ভাইনম ফেরিসাইট্রেটিস; প্রতি আং ৮ গ্রেণ। সাইট্রেট অব্ আয়রণ এবং এমোনিয়া ১৬০ গ্রেণ বা ১ ভাগ। অরেঞ্জ ওয়াইন ১ পাইণ্ট বা প্রায় ৫৫ তং ভাগ।

মাত্রা। ১—৪ ড্রাম।

ফিরম টার্টারেটম। টার্টারেটেড্ আয়রণ।

Ferrum Tartaratum. Tartarated Iron.

ফেরিএট্ পটাসিটার্ট্রেট। টার্ট্রেট অব্ আয়রণ এণ্ড পটাস।

নামান্তর—ফেরিপটাসি ও টার্টাস, ফিরম টার্টারাইজেটম।

সলিউশন অব্ পারসলফেট অব আয়রণ		৬ তং আং।
সলিউশন অব্ এমোনিয়া	—	১২ তং আং।
এসিড টার্ট্রেট অব্ পটাস চূর্ণ	—	২ আং।
ডিষ্টিল্ড ওয়াটার	— —	যথাপ্রয়োজন।

ক্রিয়া—রক্তজনক, বলকারক, মূত্রকারক। অধিক মাত্রায় ক্রিমিনাশক।

ব্যবহার—এলকেলাইন কার্ব্বনেটের সহিত ব্যবহার করা যাইতে পারে। লৌহ ঘটিত অন্যান্য ঔষধ ন্যায়।

মাত্রা ৫—১০ গ্রেণ। (ক্রিমিনাশক ৩০—৬০ গ্রেণ।

ফেরি এটকুইনাইনি সাইট্রাস। সাইট্রেট অফ্ আয়রণ এণ্ড কুইনাইন।

Ferri et Ammonii Citras. Citrate of Iron and Ammonia

সলিউশন্ অব্ পারসলফেট অব্ আয়রণ		৪।০ তং আং।
সলফেট অব্ কুইনাইন	—	১ আং।
ডাইলিউট সলফিউরিক এসিড	—	১২ তং ড্রাম।
সাইট্রিক এসিড	—	৩ আং ৩০ গ্রেণ।
সলিউশন্ অব্ এমোনিয়া ডিষ্টিল্ড ওয়াটার	}	যথাপ্রয়োজন।

পারসলফেট অফ আয়রণ সহ এমোনিয়া যোগকরিয়া ফেরিক হাইড্রেট প্রস্তুত করিবে, উহাকে সাইট্রিক এসিডের সলিউশনে দ্রবকরিবে। কুইনাইন সলফিউরিক এসিডে দ্রবকরিয়া এমোনিয়া যোগে কুইনাইন অধঃক্ষেপ করিবে এই কুইনাইন উক্ত সাইট্রিক এসিড সলিউশনসহ মিলাইয়া মৃদুতাপে দ্রবকরত ঘনকরিয়া দানাবান্ধিবে।

ক্রিয়া—রক্ত জনক, বলকারক, পর্য্যায় নিবারক।

ব্যবহার—এনিমিয়া, পুরাতনজ্বর, প্লীহাবর্দ্ধন, দুর্ব্বলতা, স্নায়ুশূল ইত্যাদি।

মাত্রা। ৫—১০ গ্রেণ।

লাইকরফেরি এসিটেটীস ফর্সিয়র। ষ্ট্রং সলিউশন অফ্ এসিটেট অফ্ আয়রণ।

Liquor Ferri Acetateis fortior Strong Solution of Acetate of Iron

সলিউশন অব্ পারসলফেট অব্ আয়রণ ৫ তং আং

সলিউশন্ অব্ এমোনিয়া	—	যথাপ্রয়োজন।
গ্লেসিয়েল এসিটিক্ এসিড (তরল)	—	৩ তং আং।
ডিষ্টিল্ড ওয়াটার	—	যথাপ্রয়োজন।

পারসলফেট অফ্ আয়রণ ও এমোনিয়া যোগে ফেরিক হাইড্রেট প্রস্তুত করিবে, উহাকে গ্লেসিয়েল এসিটিক এসিড দ্রব করিয়া জলযোগে উপযুক্ত রূপ তরল করিবে, মোট পরিমাণ ১০ আং হইবে।

মাত্রা। ১—৮ মিনিম।

প্রয়োগরূপ—। লাইকর ফেরি এসিটেটিস্।

নামান্তর—সলিউশন অব্ ফেরিক এসিটেট, সলিউশন্ অব্ পার এসিটেট অব্ আয়রণ।

ষ্ট্রং সলিউশন্ অব্ এসিটেট অব আয়রণ		৫ তং আং।
ডিষ্টিল্ড ওয়াটার মিলাইয়া	—	২০ আং।
		পূর্ণ কর।

মাত্রা। ৫—৩০ মিনিম।

টিংচুরা ফেরি এসিটেটিস্।

ষ্ট্রং সলিউশন্ অব্ এসিটেট অব্ আয়রণ		৫ তং আং।
এসিটিক এসিড	—	১ তং আং।
রেক্টিফাইড স্পিরিট	—	৫ তং আং।
ডিষ্টিল্ড ওয়াটার	—	৯ আং।

মিলিত করিয়া ডিষ্টিল্ড ওয়াটার দ্বারা ১ পাইন্ট পূর্ণ করিবে।

মাত্রা। ৫—৩০ মিনিম।

ক্রিয়া—রক্তজনক, বলকারক, আস্বাদ কদর্য্য নহে।

হাইড্রারজাইরম, মার্কুরি, কুইকসিলভার, পারদ।

উজ্জ্বল তরল মূল ধাতু। (Mercury.) Hg

(সিনেবার) হিঙ্গুল লোহার সহিত চুয়াইয়া পাওয়া যায়, কদাচ ধাতুর আকারে স্বভাবতঃ ও পাওয়া যায়।

* সাধারণ পারদ চুয়াইয়া ও হাইড্রোক্লোরিক এসিড সহযোগে শোধিত করিলে ঔষধার্থে ব্যবহার উপযোগী হয়। অপরিশুদ্ধ পারদ ৩ পাউণ্ড, হাইড্রোক্লোরিক এসিড ৩ ড্রাম. ডিষ্টিল্ড ওয়াটার যথাপ্রয়োজন দিয়া শোধিত করা হয়।

সাধারণপারদ তরল ধাতুর আকারে ঔষধার্থে ব্যবহৃত হয়না, কিন্তু কৌশলক্রমে ইহার সূক্ষ্মচূর্ণ করিয়া ব্যবহার হয়।

ক্রিয়া—লালনিঃসারক, পিত্তনিঃসারক, মূত্রকারক, রজঃনিঃসারক, শোষক, অধিক মাত্রায় বিরেচক। তদধিক মাত্রায় মুখ আইসে। (সায়েলেগগ্. কোলেগগ্, ডাইউরেটিক্, এমিনেগগ্, এবসরবেণ্ট, পর্গেটিভ।) পারসল্ট গুলি প্রটোসল্ট অপেক্ষা অধিক উগ্র।

স্থানিক—উত্তেজক, শোষক, (সার্ব্বাঙ্গিক ক্রিয়াজন্য ও স্থানিক প্রয়োগ হয়)।

ব্যবহার—ইণ্টারনেল কনজেশ্চন (আভ্যন্তরিব রক্তাধিক্য) যথা—যকৃত, কিড্নি ইত্যাদি।

একিউট ইনফ্লমেশন্—যে কোন যন্ত্রের তরুণ প্রদাহ হউকনাকেন (ইরিশিপেলাস, স্ক্রফিউলা ও দুর্ব্বল অবস্থায় নিষিদ্ধ]।

ক্রনিক ইনফ্লামেশন্ এবং ইফিউজন্ ইফিউশন্।

সিরস মেম্ব্রেণ ও যকৃত পীড়াজন্য ড্রপ্সি, ইডিওপেথিক ফিবার, সিফিলিস।

পারদধাতুর প্রয়োগরূপ ৮টী।

১। হাইড্রার্জাইরম কম ক্রিষা ... ৩ ভাগে ১ ভাগ।
২। এমপ্লাষ্ট্রম এমোনায়েসাই কম্‌হাইড্রজাইরো।
৫ ভাগে ১ ভাগ।
৩। " হাইড্রার্জাইরাই ... ৩ ভাগে ১ ভাগ।
৪। লিনিমেণ্টম হাইড্রারর্জাইরাই ... ৬ ভাগে ১ ভাগ।
৫। পাইলিউলা হাইড্রারর্জাইরাই — ৩ ভাগে ১ ভাগ।
৬। সপজিটরিয়া হাইড্রারর্জাইরাই — ৬ ভাগে ১ ভাগ।
৭। অঙ্গুয়েণ্টম হাইড্রারর্জাইরাই ... ২ ভাগে ১ ভাগ।
৮। " " কম্পজিটম — ৪।০ ভাগে ১ ভাগ।

পারদের যৌগিক ঔষধ ১৯টী।

১। লাইকর আর্সিনিসাই এট হাইড্রারর্জাইরাই আইওডিডাই
২। হাইড্রারর্জাইরাই আইওডাইডম রুব্রম্‌।
৩। " লোসিও ফ্লেভা।
৪। " লোসিও নাইগ্রা।
৫। লাইকর হাইড্রারর্জাইরাই নাইট্রেটিস্‌ এসিডস্‌।
৬। হাইড্রারর্জাইরাই অক্সাইডম ফ্লেভম্‌।
৭ রুব্রম্‌।
৮। লাইকর হাইড্রারর্জাইরাই পারক্লোরিডাই।
৯। হাইড্রারর্জাইরাই পারক্লোরাইডম্‌।

পারদ সলফাস।

১১। " হাইড্রার্জাইরম্ সবক্লোরাইডম্।

১২। " এমোনায়েটম্।

১৩। " ওলিয়েটম।

১৪। পাইলিউলা হাইড্রারজাইরাই সবক্লোরিডাই কম্পজিটা।

১৫। অঙ্গুয়েণ্টম্ হাইড্রারজাইরাই এমোনিয়েটাই।

১৬। অঙ্গুয়েণ্টম্ হাইড্রারজাইরাই আইওডিডাই রুব্রাই।

১৭। " " নাইট্রেটিস্।

১৮। " " অক্সাইডাই রুব্রাই।

১৯। " " সবক্লোরিডাই।

১। হাইড্রারজাইরাই কমক্রিটা। (৩ ভাগে ১ ভাগ)

মার্করিউইথচক, গ্রেপাউডার।

পারদ ওজনে	... ...	১ আউন্স।
প্রিপেয়ার্ড চক্	... ...	২ আউন্স।

মাত্রা। ৩—৮ গ্রেণ।

২। পাইলিউলা হাইড্রারজাইরাই (ব্লুপিল)।

পারদ ওজনে	... ...	২ আউন্স বা	২ ভাগ।
কনফেকশন্ অব্ রোজেস	...	৩ আউন্স "	৩ ভাগ।
লিকরিসরুট চূর্ণ	...	১ আউন্স "	১ ভাগ।

মাত্রা ৩—৮ গ্রেণ। (৩ ভাগে ১ ভাগ)

(বিরেচক ৪—১৫গ্রেণ)। ক্রিয়া—পরিবর্ত্তক, লালনিঃসারক, বিরেচক।

৩। এমপ্লাষ্টম্ হাইড্রর্জাইরাই। (৩ ভাগে ১ ভাগ)

পারদ	...	৩ আউন্স বা ১৬৪ ভাগ।	
অলিভ্অয়েল্	...	৫৬ গ্রেণ "	৭ ভাগ।

সবলাইমড্ সলফর	...	৮ গ্রেণ ”	১ ভাগ।
লেড্ প্লাষ্টাম্	...	৬ আউন্স ”	৩২৮ ভাগ।

ক্রিয়া। শোষক, পরিবর্ত্তক, বেদনা নিবারক।

৪। এমপ্লাষ্ট্রম্ এমোনায়েসাই কমহাইড্রাবের্জাইরাই। (১/২)

এমোনায়েকম্	...	১২ আউন্স বা	৬৫৬ ভাগ।
মার্কবি	...	৩ আউন্স ”	১৬৪ ভাগ।
ওলিভ অয়েল	...	৫৬ গ্রেণ ”	৭ ভাগ।
সবলাইমড্ সল্ফর	...	৮ গ্রেণ ”	১ ভাগ।

ক্রিয়া।—শোষক, পরিবর্ত্তক, বেদনা নিবারক।

৫। অঙ্গুয়েণ্টম্ হাইড্রারজাইরাই। (১/২) বু অয়েণ্টমেণ্ট।

পারদ	...	১ পাইণ্ড বা	১৬ ভাগ।
প্রিপেয়ার্ড লার্ড (শূকরের বসা)		১ পাউণ্ড ”	১৬ ভাগ।
প্রিপেয়ার্ড স্যুয়েট (মেষের বসা)		১ আউন্স ”	১ ভাগ।

ক্রিয়া।—শোষক, পরিবর্ত্তক, লালানিঃস্রাবক। স্থানিক-শোষক।

প্রয়োগরূপ—লিনিমেণ্টম্ হাইড্রারজাইরাই, সপজিটরিয়া হাইড্রারজাইরাই, অঙ্গুয়েণ্টম্ হাইড্রারজাইরাই কম্পজিটা।

৬। অঙ্গুয়েণ্টম হাইড্রারজাইরাই কম্পজিটম (স্কটস্‌অয়েণ্টমেণ্ট)

৪॥০ ভাগে ১ ভাগ।

অয়েণ্টমেণ্ট অব্ মার্করি	...	৬ আউন্স বা	৬ ভাগ।
ইওলোডিয়াম	...	৩ আউন্স ”	৩ ভাগ।
ওলিভ্ অয়েল	...	৩ আউন্স ”	৩ ভাগ।
কেম্ফর	...	১॥০ আঃ ”	১॥০ ভাগ।

৭। লিনিমেণ্টম্ হাইড্রারজাইরাই (৬ ভাগে ১ ভাগ)।

অয়েণ্টমেণ্ট অব্ মার্করি	...	১ আউন্স বা	১ ভাগ।

সালউশন অব্ এমোনিয়া ...	১ তৎ আং " ১ তৎ ভাগ।
লিনিমেণ্ট অব্ কেম্ফর ...	১ তৎ আং " ১ তৎ ভাগ।

৮। সপজিটরিয়া হাইডারর্জাইরাই (৬ ভাগে ১ ভাগ)।

অয়েণ্টমেণ্ট অব্ মার্করি ...	৬০ গ্রেণ।
অয়েল অব্ থিওব্রোমা ...	১২০ গ্রেণ।

১২টী সপজিটরি করিবে।

প্রত্যেক সপজিটরিতে ৫ গ্রেণ অয়েণ্টমেণ্ট।

হাইড্রারর্জাইরাই সবক্লোরিডাই, সব্ ক্লোরাইড অফ্ মার্করি (কেলমেল)।

Hydrargyri Subchloridi. Subchloride of Mercury.

নামান্তর—কেলমিলাস, হাইড্রারর্জাইরাই ক্লোরাইডম্, কেলমেল, মার্করি সবক্লোরাইড।

পারেসল্‌ফেট অব্ মার্করি	১০ আং
মার্করি	৭ আং
ক্লোরাইড অব্ সোডিয়ম	৫ আং
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার	যথাপ্রয়োজন।

পারসলফেট অবমার্করি ও অল্প জলের সহিত পারদ মর্দন করিবে যে পর্য্যন্ত না নিশ্চন্দ্র হয়, তারপর ক্লোরাইড অফ্ সোডিয়ম উত্তমরূপ মিলাইয়া, উপযুক্ত পাত্রে উষ্ণ করিলে, কেলমেল বাষ্পাকারে উদ্গত হইয়া উর্দ্ধপাতিত হইবে।

ক্রিয়া—পারদ ধাতুর সাধারণ ক্রিয়ার ন্যায়, বিশেষ মধ্যে ইহার স্থানিক উগ্রতা গুণ অল্প, ইহা বিরেচক, পিত্ত নিঃসারক, ক্রমিনাশক, লালানিঃসারক, পরিবর্ত্তক, শোষক, প্রদাহ নাশক, অবসাদক

ব্যবহার—পোর্টেল কনজেশ্চন, কোষ্ঠবদ্ধ, কলেরা, পুরাতন চর্ম্মরোগ, উপদংশ ।

স্থানিক—চক্ষুপীড়া, উপদংশ; শোষিত হইয়া সার্ব্বাঙ্গিক ক্রিয়া জন্য ।

মাত্রা। ॥০—৫ গ্রেণ ।

(পরিবর্ত্তক ও লালনিঃসারক ॥০—১ গ্রেণ পুনঃ২ ব্যবহার্য্য।)

(বিরেচক, পিত্ত নিঃসারক; ক্রিমিনাশক,অবসাদক ৫—১০গ্রেণ ।)

কেলমেলসংযুক্ত ঔষধ ৩টি ।

১। লোসিও হাইড্রারজাইরাই নাইগ্রা (১ ড্রং আং ৩গ্রেণ)

২। পাইলিউলা হাইড্রারজাইরাই সবক্লোরিডাই কম্পজিটা ৫ ভাগে ১ ভাগ ।

৩। অয়েণ্টমেণ্ট হাইড্রারজাইরাই সবক্লোরিডাই ৬॥০ ভাগে প্রায় ১ ভাগ ।

লোসিও হাইড্রারজাইরাই নাইগ্রা (ব্লাক মার্কুরিয়েল লোশন)। ব্লাকওয়াস ।

সবক্লোরাইড অব্ মার্কারি ... ৩০গ্রেণ বা ১ ভাগ ।

সলিউসন অব্ লাইম ১০ ড্রং আং " ১৪৬ ড্রং ভাগ ।

পাইলিউলা হাইড্রারজাইরাই সবক্লোরিডাই কম্পজিটা ।

নামান্তর—পাইলিউলা কেলমিলেনস্ কম্পজিটা, প্লমার্স পিল ।

সবক্লোরাইড অব্ মার্কারি ... ১ আং বা ১ ভাগ ।

সল্ফিউরেটেড এণ্টিমনি ... ১ আং " ১ ভাগ ।

গোয়েকম রেজিনচূর্ণ ... ২ আং " ২ ভাগ ।

কেষ্টর অয়েল ৮ ড্রং আং বা ১ড্রং ভাগ বা যথাপ্রয়োজন ।

মাত্রা। ৫—১০ গ্রেণ (৫ ভাগে ১ ভাগ কেলমেল)।

অঙ্গুয়েণ্টম হাইড্রারর্জাইরাই সব্‌ক্লোরিডাই।

সবক্লোরাইড্‌ অব্‌ মার্কারি	...	৮০ গ্রেণ বা ১ ভাগ।
বেনজোয়েটেড লার্ড	...	১ আং° ৫·৪৭ ভাগ।

হাইড্রারর্জাইরাই পারক্লোরাইডম। পারক্লোরাইড অফ মার্কারি (রসকর্পূর)

Hydrargyri perchloridum.

নামান্তর—হাইড্রারজাইরাইকরোসিভম্‌সবলিমেটম, হাইড্রারর্জাইরাই বাইক্লোরাইডম, করোসিভ্‌ সবলিমেট, মার্কিউরিক ক্লোরাইড।

পারসলফেট অব্‌ মার্কারি	...	২০ আউন্স।
ক্লোরাইড অব্‌ সোডিয়ম (শুষ্ক)	...	১৬ আউন্স।
ব্ল্যাক অক্সাইড অব্‌ মেনগেনিজচূর্ণ	...	১ আউন্স

পারসলফেট অক মার্কারি ও ক্লোরাইড অফ্‌ সোডিয়ম উত্তমরূপে চূর্ণ করিয়া মেনগেনিজ সহ খলে মিলিত করিবে উপযুক্ত পাত্রে রাখিয়া তাপ দ্বারা রসকর্পূর ঊর্দ্ধ পাতিত করিয়া প্রস্তুত করিবে।

ক্রিয়া—অত্যন্ত উগ্র, অতি অল্পমাত্রায় পরিবর্ত্তক। স্থানিক-দাহক। স্থানিক—লোসন—পচন নিবারক, রক্তরোধক।

ব্যবহার—স্কেলি স্কিনডিজিজ, পেরিঅষ্টিয়মের ব্যাধি, উপদংশ।

স্থানিক—গার্গল, লোসন, ইনজেকশন, অয়েণ্টমেণ্ট আকারে ও এণ্টিসেপ্টিক ড্রেসিং ব্যবহার হয়।

পুরাতন চর্ম্মরোগ, সোরথ্রোট, এবং মিউকস মেমব্রেনের ক্রনিকডিসচার্য।

মাত্র। ১/৬—১/৮ গ্রেণ।

পারক্লোরাইড অব্ মার্কিরি দ্বারা প্রস্তুত ঔষধ ৫ টী।

১। হাইড্রারজাইরাই আইওডাইডম রুব্রম্।

২। হাইড্রারজাইরাই এমোনিয়েটম।

৩। লাইকর হাইড্রারজাইরাই পারক্লোরিডাই (১আং॥০ গ্রেণ)

৪। লোসিও হাইড্রারজাইরাই ফ্লেভা (১০আউন্সে ১৮ গ্রেণ)।

৫। হাইড্রার্জাইরাই অক্সাইডম ফ্লেভম।

লাইকর হাইড্রারজাইরাই পারক্লোরিডাই।

পারক্লোরাইড অব্ মার্কিরি	...	১০ গ্রেণ বা ১ ভাগ।
ক্লোরাইড অব্ এমোনিয়া	...	১০ গ্রেণ " ১ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১ পাইন্ট ৮৭৫ তংভাগ।

মাত্রা ॥০—২ তংড্রাম।

লোসিও হাইড্রারজাইরাই ফ্লেভা। ইওলোওয়াশ।

পারক্লোরাইড অব্ মার্কিরি	...	১৮ গ্রেণ বা ১ ভাগ।
সলিউশন্ অব্ লাইম	...	১০ তং আং,, ২৪৩ তং ভাগ।

হাইড্রারজাইরাই এমোনিয়েটম। হোয়াইট প্রিসিপিটেট

নামান্তর—হাইড্রারজাইরাই এমোনিও ক্লোরাইডম, হাইড্রারর্জাইরাই প্রিসিপিটেটম্ এলবম। ক্লোরাইড অফ্ মার্কিউরিক এমোনিয়ম।

পারক্লোরাইড অব্ মার্কিরি	...	৩ আং।
সলিউশন্ অব্ এমোনিয়া	...	৪ তং আং।
ডিষ্টিলড ওয়াটার	...	৩ পাইন্ট।

জলউষ্ণ করিয়া পার ক্লোরাইড অফ্ মার্কিরি দ্রব করিবে, শীতল

হইলে এমোনিয়া যোগকরিয়া নাড়িয়াদিবে, অধঃক্ষেপ ছাকিয়া উত্তমরূপে ধৌতকরত মৃদুতাপে শুষ্ক করিবে।

ক্রিয়া—আভ্যন্তরিক ব্যবহার হয় না। পরাঙ্গপুষ্টাদি নষ্ট করিতে ও পুরাতন চর্ম্মরোগে মলম আকারে ব্যবহার হয়।

প্রয়োগরূপ।

অঙ্গুয়েণ্টম হাইড্রারর্জাইরাই এমোনিয়েটাই (৮ ভাগে ১ ভাগ)

অয়েণ্টমেণ্ট অব্ হুয়াইট প্রিসিপিটেট।

এমোনিয়েটেড মার্কারি	...	৫০ গ্রেণ বা ১ ভাগ।
সিম্পল অয়েণ্টমেণ্ট	...	৪৫০ গ্রেণ " ৯ ভাগ।

ব্যবহার—পুরাতন চর্ম্মরোগে উত্তেজক ক্রিয়া জন্য ও উকুননষ্ট করিতে ব্যবহার হয়।

হাইড্রাইরাই আইওডাইডম রুব্রম। রেডআইওডাইড অব মার্কারি।

Hydrargyri Iodidum Rubrum. Red Iodide of mercury.

নামান্তর—হাইড্রারর্জাইরাই বিন আইওডাইডম। মার্কিউরিক আইওডাইড।

পারক্লোরাইড অব্ মার্কারি	...	৪ আং।
আইওডাইড অব্ পটাসিয়ম	...	৫ আং।
বয়েলিং ডিষ্টিলড ওয়াটার	...	৪ পাইণ্ট।

পারক্লোরাইড অফ মার্কারি ও আইওডাইড অফ পাটাসিয়ম বয়েলিং ডিষ্টিলড ওয়াটারে পৃথক২ দ্রবকরিয়া একত্র করিবে, অধঃক্ষিপ্ত রেড আইওডাইডকে পৃথক করিয়া ধৌত করত মৃদুতাপে উষ্ণ করিবে।

ক্রিয়া—পরিবর্ত্তক, শোষক, দাহক।

ব্যবহার—প্রধানতঃ মলম আকারে উপদংশজ পেরি অষ্টি-য়েল নোডস্, গলগণ্ড, পুরাতন বাঘী, বিবর্দ্ধিত প্লীহা ইত্যাদিতে মলম আকারে ব্যবহৃত হয়। কিছুদিন সেবন করিলে মুখ আইসে।

মাত্রা। ১/৩২—১/৮ গ্রেণ।

প্রয়োগরূপ।

লাইকর আর্সিনাই এট হাইড্রারর্জাইরাই আইওডিডাই (১/১০০)
অঙ্গুয়েণ্টম হাইড্রারর্জাইরাই আইওডিডাই রুব্রাই (১/২৮)।

অয়েণ্টমেণ্ট অফ্ রেড আইওডাইড অফ্ মার্করি (রেড্ অয়েণ্ট মেণ্ট)।

রেড আইওডাইড অব্ মার্করি চূর্ণ	১৬ গ্রেণ বা ১ ভাগ।
সিম্পল অয়েণ্টমেণ্ট	১ আউন্স বা ২৭.৩ ভাগ।

হাইড্রার্জাইরাই অক্সাইডম ফ্লেভম্।

Hydrargyri oxidum flavum. Yellow oxide of mercury

নামান্তর—ইওলো মার্কিউরিক অকসাইড।

পারক্লোরাইড অব্ মার্করি	...	৪ আউন্স।
সলিউশন্ অফ্ সোডা	...	২ পাইণ্ট।
ডিষ্টিল্ড ওয়াটার		৪ পাইণ্ট বা যথাপ্রয়োজন।

৪ পাইণ্টউষ্ণ ডিষ্টিলজলে ৪ আউন্স পারক্লোরাইড অফ মার্করি দ্রবকরিবে, উহাতে সলিউশন অফসোডা যোগ করিবে, অধঃক্ষিপ্ত ইওলো অক্সাইড পৃথক করিয়া উত্তমরূপে ধৌতকরত, ওয়াটার বাথে শুষ্ক করিবে।

ক্রিয়া—উগ্রতা সাধক, দাহক।

ব্যবহার—ইহার মলম স্থানিক ব্যবহার হয়। ওলিয়েট অব্ মার্কিরি প্রস্তুত ও ইওলোওয়াস ইহার গুণে হয়।

ইওলো অক্সাইড দ্বারা প্রস্তুত ঔষধ ১টী।

ওলিয়েটম্ হাইড্রারার্জ্জিরাই। ওলিয়েট অব্ মার্কিরি।

ইওলো অকসাইড অব্ মার্কিরি	...	১ আউন্স বা ১ ভাগ।
ওলিইক এসিড	...	৯ অ উন্স " ৯ ভাগ।

একটি মর্টারে ওলিইক এসিড রাখিয়া পেষ্টল দ্বারা নাড়িতে হইবে এবং ক্রমেং অকসাইড অব্ মার্কিরি যোগ করিবে, যেপর্য্যন্ত না অকসাইড দ্রব হয় মধ্যেং নাড়িতে থাকিবে। ব্যবহার—ক্রশদিয়া মাখাইয়া দিতে হয়—চক্ষুরোগ, পুরাতন সন্ধিপীড়া।

হাইডারর্জ্জাইরাই অক্সাইডম্ রুব্রম। রেড অক্সাইড অব্ মার্কিরি।

Hydrargyri oxidum Rubrum Red oxide of mercury

নামান্তর—হাইড্রারর্জ্জিরাই নাইট্রিকো অকসাইডম্. মার্কিউরিক অক্সাইড। (রেড্ প্রিসিপিটেট্)

পারদ ওজনে	...	৮ আউন্স।
নাইট্রিক এসিড	...	৪৷৹ তং আং।
জল	...	২ তং আং।

নাইট্রিক এসিড সহিত জল মিশাইয়া অর্দ্ধেক পারদ উহাতে দ্রব করিয়া শুষ্ক করিবে, উহার সহিত অবশিষ্ট পারদ একত্রে উত্তম রূপে মর্দ্দন করিবে, উত্তমরূপে মিশিলে পার্শ্লেনডিশে করিয়া তাপদিবে ও নাড়িতে থাকিবে যে পর্যন্ত এসিড বাষ্প নির্গমন শেষ হয়।

ক্রিয়া প্রবল উগ্রতাসাধক ও দাহক।

(পাওয়ারফুল ইরিটেণ্ট, এস্কেরটীক)।

ব্যবহার—তরল (ডাইলিউট) মলম অফথালমিয়া, ইনডলেণ্ট অলসার, ইহার চূর্ণ অমিশ্র বা চিনির সহিত মিশাইয়া উচ্চাঙ্কুর ক্ষত, কর্ণিয়ার অস্বচ্ছ দাগ, গরমিথা, যক্ষন্ অলসার।

প্রযোগরূপ।

অঙ্গুয়েণ্টম হাইড্রারজাইরাই অক্সিডাই রব্রাই।

রেড্ অক্সাইড অব্ মার্করি সূক্ষ্মচূর্ণ		৬২ গ্রেণ বা ১ ভাগ।
হার্ডপেরাফিন	...	।০ আউন্স বা ১·৭৬ ভাগ।
সফট্পেরাফিণ	...	৸০ আউন্স " ৫·৩ ভাগ।

ল্যাইকর হাইড্রারজাইরাই নাইট্রেটিস্ এসিডস্।

Liquor Hydrargyri Nitratis Acidus.

নামান্তর—এসিড সলিউশন্ অব্ মার্কিউরিক নাইট্রেট্।

এসিড সলিউশন্ অব্ পারনাইট্রেট অব্ মার্করি।

মার্করি	...	৪ আউন্স।
নাইট্রিক এসিড	..	৫ তং আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১৷০ তং আউন্স।

নাইট্রিক এসিড জলের সহিত মিলাইয়া, বিনাতাপে উহাতে পারদ দ্রব কর, পরে ১৫ মিনিট মৃদুতাপে ফুটাও, শীতল হইলে জলযোগে ১১ আং পূর্ণ করিয়া ষ্টপার বোতলে রাখ।

ক্রিয়া—প্রবল দাহক। মলম—উত্তেজক।

(পাওয়ারফুল কষ্টিক)।

আভ্যন্তরিক ব্যবহার হয় না।

ব্যবহার—স্থানিক—ক্যান্সার, লুপস্, কণ্ডিলোমেটা।

মলম—চর্ম্মরোগ, অফথালমিয়াটার্সাই।

অঙ্গুয়েণ্টম্ হাইডারজ্যাইরাই নাইট্রেটিস্।

নামান্তর—অঙ্গুয়েণ্টম সিট্রিনম্।

পারদ ওজনে	—	৪ আউন্স বা ১ ভাগ।
নাইট্রিক এসিড	—	১২ তং আং বা ৩ ভাগ।
প্রিপেয়ার্ড লার্ড	...	১৫ আং বা ৩৸০ ভাগ।
ওলিভ অয়েল	—	৩২ তং আং বা ৮ তং ভাগ।

মৃদুতাপে নাইট্রীক এসিডে পারদ দ্রবকর. ৬ গুন দ্রব্য ধরে এত বড় পর্সিলিনডিসে ওয়াটার বাথ কিম্বা ষ্টিমবাথের তাপে তৈলে মেদ দ্রবকর তাপ ২১২ থাকিতে, ২১২ তাপে উষ্ণ নাইট্রীক এসিডে দ্রব উক্ত পারদ উহার সহিত মিলাও, ফেনা নাহওয়া পর্য্যন্ত উষ্ণ করিয়া, শীতল না হওয়া পর্য্যন্ত নাড়িতে থাক।

প্রয়োগরূপ।

অঙ্গুয়েণ্টম হাইডারজ্যাইরাই নাইট্রেটিস ডাইলিউটম।

নাইট্রেট অব্ মার্করি অয়েণ্টমেণ্ট	১ আউন্স বা ১ ভাগ।
সফটপেরাফিণ	২ আউন্স বা ২ ভাগ।

হাইড্রারজ্যাইরাই সলফিউরেটম। সলফাইড অব্ মার্কারি। কর্জ্জলি; কৃত্রিম হিঙ্গুল।

সম পরিমাণ পারদ ও গন্ধক একত্র করিয়া অগ্নির তাপে উষ্ণ করিবে, ফুটিয়া উঠিলে অগ্নি হইতে নামাইয়া দৃঢ়রূপে আবৃত করিবে নচেৎ জলিয়া উঠিবে। শীতল হইলে মর্দ্দন করিয়া উপযুক্ত পাত্রে ঊর্দ্ধপাতিত করিলে কৃত্রিম হিঙ্গুল প্রস্তুত হয়।

ব্যবহার—আভ্যন্তরিক ব্যবহার প্রায় হয় না। ইহার ক্রিয়া পারদ ঘটিত অন্যান্য ঔষধের ন্যায়, উপদংশজ চর্ম্ম রোগে ইহার ফিউমিগেশন ও উপদংশজ সোরথ্রোট রোগে ইন্‌হেলেশন ব্যবহার হয়।

মাত্রা—ফিউমিগেশন জন্য ৩০ গ্রেণ। একটী টীন প্লেটে রাখিয়া কোম্বলাবৃত রোগীর আবরণ মধ্যে এরূপ ভাবে উষ্ণ করিবে যেন রোগীর গাত্রে ধূম লাগে। অথবা ইন্‌হেলেশন জন্য উত্থিত ধূম ফনেলদ্বারা রোগীর মুখ ও গলার ভিতর প্রয়োগ করিবে।

হাইড্রারজাইরাই পারসলফাস্ (পারসলফেট অব্ মার্কিরি)

নামান্তর—হাইড্রার্জ্জাইরাই সলফাস, মার্কিউরিক সলফেট, সলফেট অব মার্কিরি।

মার্কিরি ওজন ... ...২০ আউন্স।
সলফিউরিক এসিড ... ... ১২ ৩৲ আউন্স।
তাপ দিয়া সলফিউরিক এসিডে পারদ দ্রব করিবে, তাপ দিয়া শুষ্ক করত সাদা লবণ প্রস্তুত করিবে।

ব্যবহার—ঔষধরূপে ব্যবহার হয় না, কেলমেল ও বাইক্লোরাইড অব্ মার্কিরি প্রস্তুত করিতে ব্যবহার হয়। ইহার সহিত জল মিলাইলে পীতবর্ণ অদ্রবনীয় বস্তু প্রস্তুত হয় উহাকে টর্বিথ মিনারেল কহে, ইহা ক্ষুৎ বা হাঁচি উৎপাদন জন্য ব্যবহৃত হইত।

পারসলফেট অব্ মার্করি যোগে প্রস্তুত ঔষধ ২ টী।

হাইড্রারজাইরাই পারক্লোরাইডম্। হাইড্রারজাইরাই সব ক্লোরাইডম্।

লিথিয়ম্।

একপ্রকার ধাতু, স্বভাবতঃ ধাতুর আকারে পাওয়া যায় না লিপিডোলাইট, টাইক্ষাইলিন ইত্যাদি খনিজ দ্রব্য হইতে প্রস্তুত হয়।

Lithii Carbonas লিথাই কার্ব্বনাস। কার্ব্বনেট অব্ লিথিয়া। Carbonate of Lithium

সলফেট অফ্ লিথিয়া দ্রবে কার্ব্বনেট অফ্ এমোনিয়া যোগ করিলে কার্ব্বনেট অফ লিথিয়া অধঃস্থ হয়। ইহাকে উষ্ণ জলে দ্রব করিয়া রাখিয়া দিলে শীতল হইবার কালে দানা বান্ধে।

ক্রিয়া—প্রবল মূত্রকারক, ইউরিক এসিড পাথরি দ্রাবক, অম্লনাশক।

(পাওয়ারফুল ডাইউরেটীক, এণ্টাসিড।

ব্যবহার—মূত্রে অধিক ইউরিক এসিড থাকিলে, দ্রব করিয়া নির্গমন জন্য, মূত্র ক্ষারধর্ম্ম করিতে একিউট ও ক্রনিক গাউট।

ইউবিক এসিড গ্রাভেল ও রিনেলক্যালকিউলি।

স্থানিক—লোশনরূপে একিউট ও ক্রনিকগাউট।

ক্রনিকগাউট দ্বারা বদ্ধ সন্ধিস্থানে, গাউটি অলসার যাহা হইতে ইউরেট অব্ সোডা নির্গত হয়, চর্ম্মের নিম্নস্থ চ‚ণযুক্ত পাথরিতে।

মাত্রা। ৩—৬ গ্রেণ

কার্ব্বনেট অব্ লিথিয়া যোগে প্রস্তুত ঔষধ ২টী।
লাইকর লিথি এফারভেসেন্স। লিথিয়াই সাইট্রাস।

লাইকরলিথি এফারভেসেন্স। এফার ভেসিং সলিউশন অফ লিথিয়া।

নামান্তর—একোয়ালিথি এফারভেসেন্স, লিথিয়া ওয়াটার।

কার্ব্বনেট অব্ লিথিয়া	...	...		১০ গ্রেণ।
জল	...	...	...	১ পাইণ্ট।

৪ ভূবায়ু চাপে যথাসম্ভব কার্ব্বনিক এসিড বাষ্প সংযোগ করিবে।

মাত্রা। ৫—১০ তং আউন্স।

লিথি সাইট্রাস। সাইট্রেট অব্ লিথিয়া।

Lithii citras. Citrate of Lithia.

কার্ব্বনেট অব্ লিথিয়া	...	...	...	৫০ গ্রেণ।
দানাযুক্ত সাইট্রিক এসিড	..	...	...	৯০ গ্রেণ।
উষ্ণ ডিষ্টিল্ড ওয়াটার	...	...	...	১ আউন্স।

সাইট্রিক এসিড জলে দ্রব করিয়া তাপ দিয়া উহাতে লিথিয়ম দ্রব করিবে. তাপ দিয়া জল শুখাইয়া ২৪০ তাপে শুখাইয়া চূর্ণ করত বোতলে আবদ্ধ রাখিবে।

ক্রিয়া—মূত্রকারক, ইউরিক এসিড পাথরি দ্রাবক, ইহার সাক্ষাৎ ক্ষারগুণ নাই।

ব্যবহার—মূত্রে ইউরিক এসিডের আধিক্য, গাউট।

মাত্রা ৫—১০ গ্রেণ।

মেগনিসিয়ম্ ঘটিত ঔষধ।

মেগনিসিয়ম একপ্রকার ধাতু ইহার লবণই ঔষধার্থে ব্যবহার হয়। মেগনেসিয়া ঘটিত ঔষধ যথা;—

এনিমা মেগনেসি সলফেটিস্ (১৬ আউন্সে সলফেট অব্ মেগনেসিয়া ১ আং)।

লাইকর মেগনেসি কার্ব্বনাস (১ তং আউন্সে কার্ব্বনেড ১০গ্রেণ

মেগনেসি লেভিস।

মেগনেসি পনডিরোসা।

মেগনেসি কার্ব্বনাস লেভিস।

মেগনেসি কার্ব্বমাস পনডিরোসা।

মেগনেসি সলফাস্।

মিক্সচুরা সেনিকম্পজিটা (৫ তং আউন্সে সলফেট ১ আউন্স)।

পলভিসরিয়াই কম্পজিটা (৯ ভাগে ৬ ভাগ মেগনেসিয়া)।

ট্রোচিসাই বিসমথাই (প্রতি লোজেঞ্জে প্রায় ২॥০ গ্রেণ কার্ব্বনেট মেগনেসিয়া।

লাইকর মেগনেসি সাইট্রেটিস

মেগনেসিয়া পণ্ডিরোসা। হেভি মেগনেসিয়া।

Magnesia ponderosa. Heavy Magnesia

নামান্তর—হেভি ক্যালসাইণ্ড মেগনেসিয়া, অক্সাইড অব মেগনেসিয়ম।

হেভি কার্ব্বনেট অব্ মেগনেসিয়ম ... ৪ আং।

শিথিলভাবে আবৃত কর্ণিস বা হেসিয়ান মুষিকায় লোহিতোত্তপ্ত করিবে, যেপর্য্যন্ত মধ্যের কিয়দংশ লইয়া শীতল করত ডাইলিউট সলফিউরিক এসিডে দিলে উচ্ছলন হয় সেপর্য্যন্ত তাপদিবে।

মাত্রা। ১০—৬০ গ্রেণ।

মেগনেসিয়া লেভিস্। লাইট মেগনেসিয়া।

Magnesia Levis. Light Magnesia.

নামান্তর—লাইট কালসাইণ্ড মেগনেসিয়া, অক্সাইড অব্ মেগনেসিয়ম।

লাইট কার্ব্বনেট অব্ মেগনেসিয়া	...	৪ আউন্স।

কর্ণিস্ ক্রুসিবেলে রাখিয়া লোহিতোত্তপ্ত করত হেবি মেগনেসিয়া প্রস্তুতের নিয়মানুসারে প্রস্তুত হয়।

প্রয়োজন—পলভিস রিয়াই কম্পজিটস (৩ ভাগে ২ ভাগ)।

উভয় মেগনেসিয়ার ক্রিয়া—অম্লনাশক, বিরেচক।

ব্যবহার—অজীর্ণ, অম্লাধিক্য, কোষ্ঠবদ্ধ, গাউট, পাথরি; ডায়েরিয়ার প্রথম অবস্থা।

মাত্রা। ১০—৬০ গ্রেণ।

মেগনেসিয়া কার্ব্বনাস লিভিস, লাইট্ কার্ব্বনেট অব্ মেগনেসিয়ম্।

Magnesii Carbonas Levis. Light Carbonate of Magnesia

সলফেট অব্ মেগনেসিয়া	...	১০ আউন্স।
কার্ব্বনেট অব্ সোডা	...	১২ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	যথাপ্রয়োজন।

সলফেট অফ্ মেগনেসিয়া ও কার্ব্বনেট অফ সোডিয়ম প্রত্যেককে অর্দ্ধগ্লাস শীতলজলে দ্রব করিয়া একত্র মিলাইবে। পর্সিলেন ডিসে ১৫ মিনিট ফুটাইয়া অধঃক্ষিপ্ত দ্রব্যকে কেলিকো ফিল্টারে রাখিয়া স্ফুটিত ডিষ্টিল্ডজলে পুনঃ২ ধৌত করিয়া ২১২ তাপে শুষ্ক করিবে।

ক্রিয়া—অম্লনাশক, বিরেচক।

ব্যবহার—মেগনেসিয়ার ন্যায়।

মাত্রা। ১০—৬০ গ্রেণ।

লাইট কার্ব্বনেট অব্ মেগনেসিয়া যোগে প্রস্তুত ঔষধ ১টী।

১। ভেপার ওলিয়াই পাইনাই সিলভেসট্রিস।

মেগনেসি কার্ব্বনাস পণ্ডিরোসা হেবিকার্ব্বনেট অব্ মেগনেসিয়া।

Magnesii Carbonas ponderosa Heavy Carbonate of Magnesium.

সলফেট অব্ মেগনেসিয়ম	...	১০ আং।
কার্ব্বনেট অব্ সোডিয়ম্	...	১২ আং।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার	...	যথাপ্রয়োজন।

কার্ব্বনেট অফ্ সোডা সলফেট অফমেগনেসিয়া প্রত্যেক ১ পাইণ্টজলে পৃথক পৃথক দ্রব করিবে, উভয়জল একত্র মিলাইয়া সেণ্ডবাথের তাপে সম্পূর্ণ শুষ্ক করিবে, উহাকে ২ পাইণ্টজলে অর্দ্ধঘণ্টা উষ্ণকরিয়া, অদ্রব অংশ কেলিকোফিণ্টারে রাখিয়া পুনঃ২ ডিষ্টিল্ডজলে ধৌত করত ২১২ তাপে শুষ্ক করিবে।

ক্রিয়া ও ব্যবহার মেগনেসিয়ার ন্যায়।

মাত্রা। ১০—৬০ গ্রেণ।

কার্ব্বনেট অফ্ মেগনেসিয়াযুক্ত ঔষধ

লাইকর মেগনেসিঃকার্ব্বনেটিস্ (১তং আউন্সে ১৩০ গ্রেণ।

ট্রোচিসাই বিসমথাই (প্রত্যেক লোজেঞ্জে, প্রায় ২॥০ গ্রেণ)।

লাইকর মেগনেসি কার্ব্বনেটিস, সলিউসন অফ কার্ব্বনেট অফ মেগনেসিয়া।

Liquor Magnesii Carbonatis
Solution of Carbonate of Magnesia.

নামান্তর—ফ্লুইড মেগনেসিয়া।

সলফেট অব্ মেগনেসিয়া	...	৫ আউন্স।
কার্ব্বনেট অব্ সোডিয়ম	...	২॥০ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	যথাপ্রয়োজন।

পূর্ব্বোক্ত উপায়ে কার্ব্বনেট অফ মেগনেসিয়া প্রস্তুত করিয়া ১ পাইণ্ট ডিষ্টিল্ড ওয়াটার সহিত মিলাইয়া উপযুক্ত পাত্রে বিশুদ্ধ কার্ব্বনিক এসিড বাষ্পসহিত মিলাইবে। ৩ ভূবায়ুচাপে বাষ্প প্রয়োগ করিয়া ২৪ ঘণ্টা রাখিবে, ফিল্টার করিয়া পুনরায় কার্ব্বনিক এসিড গ্যাস প্রযোগ করত উত্তমরূপে আবদ্ধ বোতলে রাখিবে।

প্রতি আউন্সে ১০ গ্রেণ কার্ব্বনেট বা শতকরা ২ ভাগ।

মাত্রা ১—২ তং আউন্স।

কার্ব্বনেট সকলের ক্রিয়া ও ব্যবহার—মেগনেসিযার ন্যায় বিশেষ এই যে ইহা অন্ত্র ও পাকস্থলিতে গ্যাস জন্মায়।

সলিউশন অব্ সাইট্রেট অব মেগনেসিয়া। লাইকর মেগনেসি সাইট্রেটিস।

Liquor Magnesii citratis

নামান্তর—এফারভেসিং সলিউশন অব্ সাইট্রেট অব্ মেগনেসিয়া এবং পটাসিয়ম। (পার্গেটিভ লেমনেড)।

কার্ব্বনেট অব্ মেগনিসিয়ম	...	১০০ গ্রেণ।
সাইট্রিক এসিড	...	২০০ গ্রেণ।
সিরপ অব্ লিমন	...	॥০ তং আউন্স।
বাইকার্ব্বনেট অব্ পটাস দানাকার	...	৪০ গ্রেণ।
জল	...	যথাপ্রয়োজন।

২ আউন্স জলে কার্ব্বনেট অফ্ মেগনেসিয়ম ও সাইট্রীক এসিড দ্রবকরিয়া, উহাকে ফিল্টার করিয়া অর্দ্ধপাইন্ট বোতলে রাখিবে, উহাতে সিরপ লিমন যোগকরিবে। জলযোগ করিয়া বোতলটী প্রায় পূর্ণকরিবে, উহাতে বাইকার্ব্বনেট অফ পটাসিয়ম যোগকরিয়া তৎক্ষণাৎ ছিপিবদ্ধ করিয়া তারদিয়া বান্ধিবে।

ক্রিয়া—মৃদু বিরেচক ও সুস্বাদু পানিয়।

মাত্রা। ৫—১০ আউন্স।

মেগনেসি সলফাস। সলফেট অব্ মেগনেসিয়া
(এপসম্ সণ্ট)
Magnesii Sulphas Sulphate of Magnesium.

বিটার পর্জিংসণ্ট। সেনাসণ্ট। স্যালএমেরাস।

সমুদ্র জল হইতে সামান্য লবণ প্রস্তুত করিয়া লইলে যে জল অবশিষ্ট থাকে তাহাকে বিটরণ কহে। এই বিটরণ হইতে পূর্ব্বে প্রস্তুত হইত কিন্তু অধুনা ডলমাইট পাথর হইতে প্রস্তুত হয়, ডলমাইট পাথরে কার্ব্বনেট অফ লাইম ও কার্ব্বনেট অফ মেগনিসিয়া আছে, উহাকে সলফিউরিক এসিডে দ্রব করিলে, সলফেট অফ লাইম অদ্রব অবস্থায় পৃথক হয়, সলফেট অফ্ মেগনিসিয়া দ্রবথাকে, দ্রব অংশ ঘন করিয়া দানাবদ্ধ করিতে হয়। কার্ব্বনিক এসিড উড়িয়া যায়।

আকারাদি—বর্ণহীন স্বচ্ছদানা, তিক্তাস্বাদ জলে দ্রবনীয়।

ক্রিয়া—অতি অল্পমাত্রায় মূত্রকারক, উচিতমাত্রায় বিবেচক।

ব্যবহার—জ্বর, পোর্টেল কনজেশ্চন।

মাত্রা। বিবেচক ৬০ গ্রেণ—॥০ আউন্স।

(মত্রকারক ২০—৬০ গ্রেণ।)

প্রয়োগরূপ।

এনিমা মেগনিসাই সালফেটিস (১৬ আউন্সে ১ আং)।

মিসচুরা সেনি কম্পজিটা (৫ ভং আউন্সে ১ আং)।

মেগ্নিসিয়াই সল্ ফাস এফার্ভেসেন্স।

সলফেট অফ্ মেগনিসিয়ম দ্বারা প্রস্তুত ঔষধ।

১। মেগনিসিকার্ব্বনাস লেভিস।

২। মেগনেসাই কার্ব্বনাস পণ্ডিরোসা।

এনিমা মেগনেসাই সলফেটিস (এনিমা কেথার্টিকম্)।

সফফেট অব্ মেগনিসিয়াম	...	১ আং।
ওলিভ অয়েল	..	১ আং।
মিউসিলেজ অব্ ষ্টার্চ	..	১৫ ভং আং।

মিউসিলেজে সলফেট অব্ মেগনিসিয়া দ্রব করিয়া তৈল মিলাইবে।

ম্যাগ্নিসিয়াই সালফাস্ এফার্ভেসেন্স এফার্ভেসেণ্ট সাল্ ফেট অফ্ ম্যাগ্নিসিয়াম।

নামান্তর—এফার্ভেসেণ্ট এপসমসল্ট।

সালফেট অফ্ ম্যাগ্নিসিয়ামদানা	২৫ আং বা ১০০ ভাগ।
বাইকার্ব্বনেট অফ্ সোডিয়াম চূর্ণ	১৮ আং বা ৭২ ভাগ।
টার্টারিক এসিডচূর্ণ	৯॥০ আং বা ৩৮ ভাগ।
সাইট্রিক এসিডচূর্ণ	৬।০ আং বা ২৫ ভাগ।

বিকার্ইণ্ড সুগরচূর্ণ ৫।০ আং বা ২১ ভাগ।

প্রস্তুত দ্রব্য ওজনে প্রায় ৫০ আং বা ২০০ ভাগ হইবে।

সালফেট অফ্ ম্যাগ্নিসিয়ামকে প্রায় ৩০ ফাং তাপে শুষ্ক করিবে। ইহার ওজনের প্রায় চতুর্থাংশ (শতকরা ২৩) হ্রাস- হইলে উহাকে চূর্ণ করিয়া শর্করার সহিত মিশ্রিত করিবে পরে অন্যান্য দ্রব্যের সহিত মিলাইয়া লইবে। এই মিশ্রকে উপযুক্ত পাত্রে। শুষ্ক ও আলোড়ণ করত দানাবান্ধিলে চা নীতে ছাঁকিয়া বোতলে আবদ্ধ রাখিবে

মেনগেনিজ ধাতু।

মেনগেনিজ ধাতুর লবণ ঔষধার্থে ব্যবহার হয় না।

ব্লাক অক্সাইড অব্ মেনগেনিজ ঔষধার্থে ব্যবহার হয় না কেবল বাইক্লোরাইড অফ মর্কিরি, ক্লোরিণ ও পারমাঙ্গনেট অব পটাসিয়ম প্রস্তুত করিতে ব্যবহার হয়।

সীস। মূল ধাতু।

সীস সংযুক্ত ঔষধ ২২টী।

এমপ্লাষ্ট্রম সেরেসনা।	এমপ্লাষ্ট্রম সেপোনিস।
কেরিনাসিয়েন্স।	লাইকর প্লম্বাই সব-এসিটেটিস।
সেপোনিস ফসকস।	প্লম্বাই সবএসিটেটাস ডাইলুটস্।
ফেরি	পাইলিউলা প্লম্বাই কম ওপিও।
গেলবেনাই।	প্লম্বাই এসিটাস।
হাইড্রার্জিরাই।	কার্ব্বনাস।
ওলিয়াই।	আইওডাইডম্।

" প্লম্বাই। প্লম্বাই নাইট্রাস।
" রেজিনি। সপজিটরিয়া প্লম্বাই কম্পজিটা।
অঙ্গুয়েণ্টম গ্লিশিরিনাই প্লম্বাই সবএসিটেটিস।
" প্লম্বাই এসিটেটিস।
" " কার্ব্বনেটিস।
" " আইওডিডাই।

প্লম্বাই অক্সাইডম, অক্সাইড অব্ লেড, লিথার্জ। মুদ্রাশঙ্খ

Plumbi oxidum. oxide of Lead

সীসঘটিত খনিজদ্রব্য উষ্ণ করিয়া উহাহইতে রৌপ্য পৃথক করিবারকালে প্রস্তুত হয়।

ইহার আভ্যন্তরিক ব্যবহার হয় না।

অক্সাইড অব্ লেডযুক্ত ঔষধ ৪ টী।

১। এমপ্লাষ্ট্রম প্লম্বাই। ২। লাইকর প্লম্বাই সবএসিটেটিস।
৩। " সেপোনিস ফসকস। ৪। প্লম্বাই এসিটাস।

এমপ্লাষ্ট্রমপ্লম্বাই। লেড প্লাষ্টার। লিথার্জপ্লাষ্টার। সীস পলস্ত্রা।

অকসাইড অব্ লেড সূক্ষ্মচূর্ণ	...	৫ পাউণ্ড বা ৫ ভাগ।
ওলিভ অয়েল	...	১০ পাউণ্ড" ১০ ভাগ।
জল	...	৫ পাউণ্ড " ৫ ভাগ।

ষ্টিমবাথ বা বাষ্পতাপে ৪।৫ ঘণ্টা একত্রে উষ্ণ করিবে ক্রমাগত নাড়িতে থাকিবে, প্রয়োজন হইলে ফুটিত জল যোগ করিবে, ইহা সাবানের মত শুষ্ক হইবে।

আবরণ জন্য পীড়িত স্থানে ব্যবহৃত হয়, অন্যান্য প্লাষ্টার ন্যায় ইহার উগ্রতা গুণ নাই, ইহা মৃদু সঙ্কোচক।

প্রয়োগরূপ।

এমপ্লাষ্ট্রম ফেরি।	এমপ্লাষ্টম প্লম্বাই আইওডিডাই।
„ গেলবেনাই।	„ রেজিনি।
„ হাইড্রারর্জাইরাই।	„ সেপোনিস।

প্লম্বাই আইওডাইডম। আইওডাইড অব্ লেড্।

Plumbi Iodidum, Iodide of Lead

নাইট্রেট অব্ লেড		৪ আউন্স।
আইওডাইড অব্ পটাসিয়ম	...	৪ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	যথাপ্রয়োজন।

নাইট্রেট অফ্ লেডের পরিষ্কার দ্রাবণে, আইওডাইড অফ পটাস যোগ করিলে লেড আইওডাইড অধঃস্থহয়, উহাকে ফিল্টার করিয়া উত্তমরূপে ধৌত করিয়া শুষ্ক করিবে।

ক্রিয়া—স্থানিক মৃদু উত্তেজক।

আভ্যন্তরিক—সঙ্কোচক, পরিবর্ত্তক, শোষক।

ব্যবহার—মলম ও প্লাষ্টার আকারে স্ক্রফিউলা ঘটীত স্ফীত-সন্ধিস্থান ইত্যাদিতে ব্যবহার হয়। মাত্রা। ।০—২ গ্রেণ।

প্রয়োগরূপ।

এমপ্লাষ্ট্রম প্লম্বাই আইওডিডাই			(৯ভাগে ১ ভাগ)।
আইওডাইড অফ্ লেড		...	২ আং বা ১ ভাগ।
লেডপ্লাষ্টার	...	...	১ পৌং বা ৮ ভাগ।
রেজিন ...	...	...	২ আং বা ১ ভাগ।
অঙ্গুয়েণ্টম প্লম্বাই আইওডিডাই			(৮ ভাগে ১ ভাগ)।
আইওডাইড অব্ লেড সূক্ষ্মচূর্ণ ...			৬২ গ্রেণ বা ১ ভাগ।
সিম্পল অয়েণ্টমেণ্ট ·			আউন্স ৭ ভাগ।

প্লম্বাই এসিটাস এসিটেট অব্ লেড, সুগার অব্ লেড।
(সীস শর্করা)

Plumbi Acetas. Acetate of Lead

অক্সাইড অব্ লেড সূক্ষ্মচূর্ণ ... ২৪ আউন্স।
এসিটিক এসিড ... ২ পাইণ্ট বা যথাপ্রয়োজন।
ডিষ্টিল্ড ওয়াটার ... ১ পাইণ্ট।

জল মিশ্র এসিটিক এসিডে অক্সাইড অব্ লেড্ দ্রব করিয়া ঘনকরত দানা বান্ধিয়া লইবে।

ক্রিয়া—অবসাদক, সঙ্কোচক, রক্তরোধক।
(সিডেটিভ, এষ্ট্রীনজেণ্ট, হিমোষ্টাটিক্স)।

ব্যবহার—রক্তস্রাব, ক্রনিকডায়েরিয়া এবং ডিসেণ্ট্রি, থাইসিস, (অতিঘর্ম্ম ও অত্যধিক কফনিঃসরণ)।

স্থানিক—প্রদাহ ও চর্ম্মরোগে।

মাত্রা। ১—৪ গ্রেণ।

এসিটেট্ অব্ লেডযুক্ত ঔষধ।

গ্লিশিরাইনম প্লম্বাই সব এসিটেটিস,
লাইকর প্লম্বাই সব এসিটেটিস্ (পাইণ্ট ৫ আউন্স)।
পাইলিউলা প্লম্বাইকম ওপিও (৪ ভাগে ৩ ভাগ)।
সপজিটরিয়া প্লম্বাই কম্পজিটা (প্রতি সপজিটরিতে ৩ গ্রেণ বা ৫ ভাগে ১ ভাগ)।
১ অঙ্গুয়েণ্টম গ্লিশরাইনাই প্লম্বাই এসিটেটিস্ (৩৮ ভাগে ১ ভাগ।

১। পাইলিউলা প্লম্বাই কম্ওপিও। লেডএণ্ড ওপিয়ম পিল।

এসিটেট অব্ লেড সূক্ষ্মচূর্ণ ৩৬ গ্রেণ বা ৬ ভাগ।

গুগ্গিলমচূর্ণ	৬ গ্রেণ" ১ ভাগ।
কনফেকসন্ অব্ রোজেস্	৬ গ্রেণ " ১ ভাগ।

মাত্রা ৩—৫ গ্রেণ। (৮ গ্রেণে ১ গ্রেণ অহিফেণ)।

২। সপজিটরিয়া প্লম্বাই কম্পজিটা।

এসিটেট অব্ লেড	...	৩৬ গ্রেণ।
অহিফেণ চূর্ণ	.	১২ গ্রেণ।
অয়েল অব্ থিওব্রোমা	...	১৩২ গ্রেণ।

১২টী সপজিটরি প্রস্তুত করিবে।

প্রতি সপজিটরিতে ৩ গ্রেণ এসিটেট অব্ লেড ও ১ গ্রেণ অহিফেন আছে।

৩। অঙ্গুয়েণ্টম্ প্লম্বাই এসিটেটিস্।

এসিটেট অব্ লেড সূক্ষ্মচূর্ণ	১২ গ্রেণ।
বেনজোয়েটেড্ লার্ড	১ আউন্স।

লাইকর প্লম্বাই সব্এসিটেটিস। গোলার্ডস এক্সট্রাক্ট।

Liquor Plumbi Sub acetatatsi· Solution of Sub Acetate of Lead

এসিটেট অব্ লেড	...	৫ আউন্স।
অক্সাইড অব্ লেডচূর্ণ	...	৩।০ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১ পাইণ্ট।

মোট ১ পাইণ্ট হইবে। ক্রিয়া—সঙ্কোচক, অবসাদক।

ব্যবহার—স্থানিক ব্যবহার হয় মাত্র।

প্রয়োগরূপ।

১। লাইকর প্লম্বাই এসিটেটিস্ ডাইলিউটস্। Goulard water সলিউশন অব সবএসিটেট অব লেড... ২তংডার্মী বা ১তং ভাগ।

রেক্টিফাইড স্পিরিট ... ২ তং ড্রাম বা ১ তং ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার ১৯॥০ তং আউন্স " ৭৯ ভাগ।

মিলিত করিয়া ফিল্টার করিবে, ষ্টপার্ড বোতলে রাখিবে।

২। গ্লিশরাইনম্ প্লম্বাই সব এসিটেটিস।

এসিটেট অব্ লেড্ ৫ আউন্স।
অক্সাইড অব্ লেড চূর্ণ ৩॥০ আউন্স।
গ্লিশরিণ ... ১ পাইন্ট।
ডিষ্টিল্ড ওয়াটার ১২ তং আউন্স।

একত্রে মিলিত করিয়া ১৫ মিনিটকাল ফুটাইবে, পরে ফিল্টার করিয়া জল শুষ্ক হওয়া পর্য্যন্ত তাপ দিবে। মোট ১ পাইন্ট হইবে।

প্রয়োগরূপ।—অঙ্গুয়েণ্টম্ গ্লিশরাইনম্ প্লম্বাই সব এসিটেটিস্।
গ্লিশরিণ অব্ সব্ এসিটেট অব্ লেড ৪॥০ আউন্স বা ১ ভাগ।
সফ্ট পেরাফিণ ... ১৮ আউন্স বা ৪ ভাগ।
হার্ড পেরাফিণ ... ৬ আউন্স বা ১৮০ ভাগ।

হার্ড ও সফ্ট্ পেরাফিণ একত্রে দ্রব কর, তারপর গ্লিশরিণ অব্ সবএসিটেট অব্ লেড যোগ কর, এবং যে পর্য্যন্ত না মিশ্রদ্রব্য শীতল হয় সে পর্য্যন্ত নাড়িতে থাক। ইহাকে গুলার্ডসসিরেট কহে।

প্লম্বাই কার্ব্বনাস। কার্ব্বনেট অব লেড্, সবেদা।

Plumbi Carbonas Carbonate of Lead

এসিটিক এসিড ও কার্ব্বনিক এসিডের বাষ্পে সীসার পাতা রাখিয়া প্রস্তুত হয়। এসিটেট অফ্ লেডে কার্ব্বনিক এসিড বাষ্প প্রয়োগ করিলেও প্রস্তুত হয়।

ক্রিয়া—সঙ্কোচক, অবসাদক।

ব্যবহার—কেবল স্থানিক ব্যবহার হয়, এবং মলমরূপেই ব্যবহার হয়।

প্রয়োগরূপ—

অঙ্গুয়েণ্টম্ প্লম্বাই কার্ব্বনেটিস (১ ভাগে ৮ ভাগ)।

কার্ব্বনেট অব্ লেড সূক্ষ্মচূর্ণ	...	৬২ গ্রেণ বা ১ভাগ।
সিম্পল অয়েণ্টমেণ্ট	...	১ আউন্স „ ৭ ভাগ।

Plumbi Nitras. প্লম্বাই নাইট্রাস।

নাইট্রেট অব্ লেড। Nitrate of Lead.

লেডইন্সডিসইনফোর্ট্টিংলিকুইড্।

ফুটন্ত নাইট্রিক এসিডে সীসা দ্রব করিয়া অল্প জল মিশাইবে, পরে দানা বান্ধিবে। ক্রিয়া—সঙ্কোচক, দুর্গন্ধহারক, পচন নিবারক।

ব্যবহার—আইওডাইড অব্ লেড প্রস্তুত করিতে ব্যবহার হয়। অনিকিয়া মেলিগনা রোগে স্থানিক প্রয়োগ হয়।

নাইট্রেট অব্ লেড দ্বারা প্রস্তুত ঔষধ ১টী।

১। প্লম্বাই আইওডাইডম্।

পটাসিয়ম। মূল ধাতু।

পটাসিয়ম্ ও ইহার যৌগিক ঔষধযুক্ত প্রয়োগরূপ ৪৪টী।

১। এণ্টিমনিয়ম টার্টারেটম।
২। আর্জেণ্টাই এট পটাসি নাইট্রাস।
৩। কনফেকসিও সলফিউরিস।
৪। ডিককটম এলোজ কম্পজিটম।
৫। এনিমা এলোজ।
৬। ফেরম টার্টারেটম
৭। লিনিমেণ্টম আইওডাই।
৮। „ পটাসি আইওডিডাই কমসেপোন।

৯। লিনিমেণ্টম টেবিবিস্থিনি।
১০। লাইকর আর্সিনিকেলিস।
১১। „ আইওডাই।
১২। „ পটাসি।
১৩। „ পটাসি এফারভেসেন্স।
১৪। পটাসি পারমেনগনাস।
১৫। মিসচুরা ফেরি কম্পজিটা।
১৬। পাইলিউলা কলসিন্থিডিস কম্পজিটা।
১৭। „ „ এট হায়োসায়েমাই।
১৮। পালভিস ইপিকাকুয়ানি কম্পজিটস।
১৯। পালভিস জ্যালপি কম্পজিটস।
২০। পটাসি কষ্টিকা
২১। পটাসা সলফিউরেটা।
২২। পটাসি এসিটাস।
২৩ „ বাইকার্ব্বনাস।
২৪। „ বাইক্রোমাস।
২৫। „ ব্রোমাইডম।
২৬। „ কার্ব্বনাস।
২৭। „ ক্লোরাস।
২৮। „ সাইট্রাস।
২৯। „ সায়েনাইডম।
৩০। „ ফেরোসায়েনাইডম।
৩১। „ আইওডাইডম।
৩২। „ নাইট্রাস।
৩৩। „ পারমেনগেনাস।
৩৪। „ সলফাস।
৩৫। „ টার্ট্রাস।
৩৬। „ টার্ট্রাস এসিডা
৩৭। সেপোমোলিস।
৩৮। সোডা টার্ট্রারেটা।
৩৯। ট্রোচিসাই পটাসি ক্লোরেটিস।
৪০। অঙ্গুয়েণ্টম এণ্টিমনাই টার্ট্রারেটাই।
৪১। অঙ্গুয়েণ্টম আইওডাই।
৪২। „ পটাসি সলফিউরেটি।
৪৩ অঙ্গুয়েণ্টম পটাসি আইওডিডাই।
৪৪। ভাইনম্ এণ্টিমনিয়েলি।

লাইকর পটাসি। সলিউশন অফ্ পটাস।

Liquor Potassae. Solution of Potash.

কার্ব্বনেট অব্ পটাস	...	১ পাউণ্ড।
শ্লেকড্ লাইম (ধৌতকরা)	...	১২ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১ গ্যালন।

কার্ব্বনেট অক্ পটাস জলেদ্রব করিয়া একটী পরিষ্কার লৌহ-পাত্রে উষ্ণ করিয়া ফুটাইবে, ক্রমে২ চুনযোগ করিবে, ১০ মিনিট কাল ফুটাইবে ক্রমাগত নাড়িবে, অগ্নিহইতে নামাইয়া স্থিরভাবে রাখিবে। উপরের তরল ভাগনির্ম্মল হইলে সাবধানে পৃথক করিয়া প্রয়োজন হইলে ডিষ্টিল্ড জলযোগে আপেক্ষিক গুরুত্ব ১·০৫৮ করিবে। প্রতি আউন্সে ২৭ গ্রেণ কষ্টিক পটাস আছে।

ক্রিয়া—অম্লনাশক, পাকযন্ত্রের মিউকস মেমব্রেনের প্রদাহ অবসাদক, পরিবর্ত্তক, মূত্রকারক।

ব্যবহার—ডিসপেপসিয়া, চর্ম্মরোগ, সিরসমেম্ব্রেনের প্রদাহ যথা—প্লুরাইটীস, পেরিকার্ডাইটীস, এবং পেরিটনাইটিস, সিষ্টাইটিস, ক্রনিক ব্রঙ্কাইটিস, স্ক্রফিউলা সিফিলিস ও ক্রনিক রিউমাটীজম্।

স্থানিক—লোশনরূপে চর্ম্মরোগে।

মাত্রা ১৫—৬০ মিনিম।

পটাসা কষ্টিকা। কষ্টিক পটাস।

Potassa Caustica. Caustic potash K. H. O.

নামান্তর—পটাসি হাইড্রাস পটাসা, হাইড্রেট অব্ পটাস। পটাসিফিউজা।

২ পাইন্ট লাইকর পটাস রৌপ্যপাত্রে (কিম্বা পরিষ্কার লৌহপাত্রে) অগ্নিরতাপে দ্রুত ফুটাইয়া ঘনকরত তৈলেরমত গাঢ় হইলে যখন উহার একফোটা উষ্ণ কাচদণ্ডে লইয়া শীতল হইতে দিলে কঠিন হয় তখন নামাইয়া উপযুক্ত ছাচেঢালিয়া জমিয়া গেলে উষ্ণথাকিতে ষ্টপার্ড বোতলে, বন্ধ রাখিবে।

ক্রিয়া—দাহক।

ব্যবহার—কোন স্থান দগ্ধ করিতে ব্যবহার হয়।

কষ্টিক পটাসযুক্ত ঔষধ ১টী।

লাইকর পটাসি ... ১ আউন্সে ২৭গ্রেণ।

কষ্টিক পটাস দ্বারা প্রস্তুত ঔষধ ১টী।

১। পটাসি পারমেনগনাস।

পটাসি কার্ব্বনাস। কার্ব্বনেট অব্ পটাস।

Potassi Carbonas Cabonate of Potassium K, 2 Co3.

ছাই শোধিত করিয়া পারল্এস প্রস্তুত হয়। পারল্ এস ডিষ্টিল্ড জলে দ্রবকরিয়া তাপে শুষ্ক করিয়া কার্ব্বনেট অফ্ পটাস প্রস্তুত হয়।

ক্রিয়া—লাইকর পটাসের ন্যায়।

ব্যবহার—লাইকর পটাসের ন্যায়।

২০ গ্রেণ কার্ব্বনেট অব্ পটাস সমক্ষারাম্ল করিতে } ১৭ গ্রেণ সাইট্রিক এসিড। ১৮ গ্রেণ টার্টারিক এসিড প্রয়োজন।

মাত্রা। ১০—৩০ গ্রেণ।

কার্ব্বনেট অব্ পটাসযুক্ত ঔষধ।

এট্রোপিনা।

ডিককটম এলোজ কম্পজিটম।

এনিমা এলোজ।

লাইকর আর্সিনিকেলিস।

পাটাসি।

মিসচুরা ফেরি কম্পোজিটা।

পটাসা সলফিউরেটা।

পটাসি এসিটাস।

„ বাইকার্ব্বনাস।

„ ক্লোরাস।

„ সাইট্রাস।

„ ফেরোসায়েনাইডম।

„ টাট্রাস।

পটাসি বাইকার্ব্বনাস বাইকার্ব্বনেট অব্ পটাসিয়ম (এসিড কার্ব্বনেট অব্ পটাস)।

Postassi Bicarbonas. Bicarbonate of Potassium. $KHCO_3$

কার্ব্বনেট অব্ পটাসের ঘনজলীয়দ্রাবণে উপযুক্তরূপ কার্ব্বন ডাইঅক্সাইড গ্যাস যোগ করিয়া বিমুক্তলবণ দানাবান্ধিয়া লইলে প্রস্তুতহয়।

ক্রিয়া—অম্লনাশক, কিন্তু লাইকর পটাস ন্যায় পাকস্থলির মিউকস মেম্ব্রেনেরউপর অবসাদন ক্রিয়া নাই, প্রবল পরিবর্ত্তক, মূত্রকারক।

ব্যবহার—ডিসপেপসিয়া, ইউরিক এসিড ডিপজিটস, একিউট রিউম্যাটিজম।

২০ গ্রেণ বাইকার্ব্বনেট অব্ পটাস সমক্ষারাম্ল করিতে	১৪ গ্রেণ সাইট্রিক এসিড কিম্বা ১৫ গ্রেণ টর্টারিক এসিড

মাত্রা অম্লনাশক ১০—৩০ গ্রেণ।

(তরুণ বাতরোগে মাত্রা ৩০—৬০ গ্রেণ।)

বাইকার্ব্বনেট অব্ পটাসযুক্ত ঔষধ।

লাইকর পটাসি এফারভেসেন্স (১ পাইন্টে ৩০ গ্রেণ।)

বাইকার্ব্বনেট অব্ পটাস	...	৩০ গ্রেণ।
জল	...	১ পাইন্ট।

৪ ভূবায়ুর চাপে যথাসম্ভব কার্ব্বনিক এসিড বাষ্প ইহাতে সংযুক্ত করিবে। মাত্রা ৫—২০ আউন্স।

পটাসি এসিটাস। এসিটেট অব্ পটাস।

Potassii Acetas Acetate of Potash

কার্ব্বনেট অব্ পটাসিয়ম	...	২০ আউন্স।

এসিটিক্ এসিড, ... ২ পাইন্ট বা যথাপ্রয়োজন।

এসিটিক এসিডে ক্রমেং কার্ব্বনেট অফ্ পটাস যোগকরিবে প্রয়োজন হইলে কয়েকফোটা এসিটিক এসিড যোগকরিবে। পাতলা পসিলেইন পাত্রে তাপদ্বারা শুষ্ককরিবে। সাবধানে তাপবৃদ্ধি করিয়া পাত্রস্থ এসিটেটকে তরল করিবে তাপহইতে অন্তর করিয় শীতল হইতে দিবে, কঠিন হইলে উষ্ণ থাকিতে ছোটং খণ্ডে ভাঙ্গিয়া ষ্টপার্ড বোতলে রাখিবে।

ক্রিয়া—মূত্রকারক। অধিক মাত্রায় বিরেচক।

ব্যবহার—নানাপ্রকার শোথ, রিউমাটিজম্, চর্ম্মরোগ, ক্রনিক এন্লার্জমেণ্ট অব্ গ্লাণ্ডস, লিথিক এসিড কেলকিউলাই। মূত্রকরণ জন্যই ইহা বিস্তীর্ণভাবে ব্যবহার হয়।

মাত্রা ১০—৬০ গ্রেণ, (বিরেচক ১২০ গ্রেণ।)

পটাসি সাইট্রাস। সাইট্রেট অব্ পটাসিয়ম।

Potassii citras. Citrate of Potassium.

কার্ব্বনেট অব্ পটাস .. ৮ আউন্স বা যথাপ্রয়োজন।
সাইট্রিক এসিডের দানা ... ৬ আউন্স বা যথাপ্রয়োজন।
ডিষ্টিল্ড ওয়াটার ... ২ পাইন্ট।

সাইট্রিক এসিড জলে দ্রবকরিয়া উহাতে ক্রমেং কার্ব্বনেট অফ্ পটাস যোগকরিবে, প্রয়োজন হইলে কার্ব্বনেট অফ্ পটাস বা সাইট্রিক এসিড যোগে সমক্ষারাম্ল করিবে, ফিল্টার করিয়া তাপে শুষ্ককরিবে ক্রমাগত নাড়িবে, উপযুক্ত রূপ শুষ্ক হইলে ষ্টপার্ড বোতলে রাখিবে।

ক্রিয়া—শৈত্যকারক, মূত্রকারক, ঘর্ম্মকারক, প্রবল তৃষ্ণানিবারক।

(রিফ্রিজরেণ্ট ডাইউরেটিক, ডায়েফোরেটিক, এণ্টিস্কর্বিউটিক)

ব্যবহার—জ্বর, ইউরিক এসিড গ্রাভেল, স্কার্ভি।

মাত্রা ২০—৬০ গ্রেণ।

পটাসি টার্ট্রাস। টার্ট্রেট অফ পটাসিয়ম।

Potassii Tartras, Tartrate of Potassium.

এসিড টার্ট্রেট অব্ পটাস ... ২০ আউন্স বা যথাপ্রয়োজন।
কার্ব্বনেট অব্ পটাসিয়ম .. ৯ আউন্স বা যথাপ্রয়োজন।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার .. ২॥০ পাইণ্ট।

ক্রিয়া—অল্পমাত্রায় মূত্রকারক, অধিক মাত্রায় বিরেচক।

ব্যবহার—জ্বর, শোথ।

মৃদু বিরেচক জন্য করার, জালাপ প্রভৃতি সহিত ব্যবহৃত হয়।

মাত্রা ৬০ গ্রেণ—।০ আউন্স।

পটাসি টার্ট্রাস এসিডা। এসিড টার্ট্রেট অব্ পটাসিয়ম।

Potasii Tartras Acida Acid Tartrate of Potassinm

পটাসা বাইটার্টাস। পটাসি টার্ট্রাস এসিডা। ক্রিম অব্ টার্টার।

আঙ্গুর হইতে সুরা প্রস্তুতকালে যে গাদ (আর্গল) বা ময়লা পড়ে তাহা বিশুদ্ধ করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া—অল্পমাত্রায় শৈত্যকারক, মূত্রকারক।

(রিফ্রিজরেণ্ট, ডাইউরেটিক)।

অধিকমাত্রায় বিরেচক, জলবৎ ভেদ হয়।

ব্যবহার—শোথ ও জ্বর।

মাত্রা—২০—৬০ গ্রেণ।

(বিরেচক ১২০—৩০০ গ্রেণ। (জলবৎ ভেদ হয়)।

৭টী ঔষধ প্রস্তুত করিতে এসিড টার্ট্রেট্ অব্ পটাসিয়ম ব্যবহৃত হয়।

১। এসিডম টার্টারিকম।

২। এণ্টিমনিয়ম টার্টারেটম।

৩। কনফেকসিও সলফিউরিস।

৪। ফিরম টার্টারেটম। ৫। পলভিস জালাপি কম্পজিটস্।

৬। পটাসি টার্ট্রাস। ৭। সোডা টার্টারেটা।

পটাসি সলফাস। সলফেট অব্ পটাসিয়ম।

Potassii Sulphas. Sulphate of Potassium.

সোরার সহিত গন্ধকদ্রাবক মিলাইয়া নাইট্রীক এসিড প্রস্তুত করিলে, যাহা অবশিষ্ট থাকে তাহাকে চূণযোগে সমক্ষারায় করতঃ তরল ভাগ ঘন করিয়া দানা বান্ধিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া—মৃদু বিরেচক। অল্প মাত্রায় পরিবর্ত্তক।

ব্যবহার—ঔষধ দ্রব্যাদি সূক্ষ্মচূর্ণ করিতেই সচরাচর ব্যবহৃত হয়।

মাত্রা ১৫—৬০ গ্রেণ।

সলফেট অব্ পটাসযুক্ত ঔষধ।

পাইলিউলা কলসিন্থিডিস কম্পজিটা (২৪ ভাগে প্রায় ১ ভাগ)।
” এট হায়োসায়েমাই (৩৬ ভাগে প্রায় ১ ভাগ)
ইপিকাকুয়ানি কম্সিলা (৩ ভাগে প্রায় ১ ভাগ)।
পলভিস ইপিকাকুয়ানি কম্পজিটস (৫ ভাগে প্রায় ৪ ভাগ)।

পটাসি নাইট্রাস। নাইট্রেট অফ্ পটাসিয়ম। নাইটার। সোরা। সল্ট পিটার। কলমি সোরা।

Potassii Nitras. Nitrate of Potassium K. N. 03.

ভারতবর্ষে অনেক স্থানের মাটিতে নাইট্রেট অফ্ পটাসিয়ম

ও নাইট্রেট অফ্ কেলসিয়ম লবণ পাওয়া যায়. উহাকে নাইটস আর্থ কহে জলেদ্রব করিয়া ছাই মিলাইয়া. ছাকিয়া তরল ভাগ ঘনকরত দানা বান্ধিয়া লইলে পরিস্কার সোরা প্রস্তুত হয়।

সাধারণ সোরাকে দানা বান্ধিয়া ও বিশুদ্ধ করিয়া প্রস্তুত হয়।

'আকারাদি—ষড়পার্শ্ববিশিষ্ট প্রিজমাকার দানা স্বচ্ছ, আস্বাদ শীতললাবণিক. জলে দ্রবনীয়।

ক্রিয়া—শৈত্যকারক, মূত্রকারক, অবসাদক।

ব্যবহার—জ্বর, ইনফ্লামেটরি ডিসপেপসিয়া, একিউট রিউমাটিজম, ড্রপ্সি।

মাত্রা ১০—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—আজেন্টাই এট পটাসি নাইট্রাস।

পটাসি ক্লোরাস। ক্লোরেট অব্ পটাস।

Potasii Chloras. Chlorate of Potassium.

কার্ব্বনেট অব্ পটাস	...	২০ আং।
শ্লেকড্ লাইম	...	৫৩ আং।
ডিষ্টিল্ড ওয়াটার	...	যথাপ্রয়োজন।
ব্লাক অক্সাইড অব্ মেনগেনিজ	...	৮০ আং।
হাইড্রোক্লোরিক এসিড	...	২৪ পাইন্ট।

আর্দ্রচূর্ণ কার্ব্বনেট অব্ পটাস সহিত মিলাইয়া উহাতে জলদিয়া অল্প আর্দ্র করিবে। হাইড্রো ক্লোরিক এসিড ও মেনগেনিজ ব্লাক অক্সাইড যোগে ক্লোরিন বাষ্প প্রস্তুত করিয়া উহার মধ্যদিয়া যত দূর শোষন করিতে পারে চালাইবে উহাকে উষ্ণ জলে ফুটাইয়া ফিল্টার করিবে। নির্গত তরল দ্রব্যকে ঘন করিয়া দানা বান্ধিয়া হইবে।

ক্রিয়া—শৈত্যকারক, মূত্রকারক।

স্থানিক—মিউকস মেম্ব্রেনের উপর বিশেষ ক্রিয়া।

ব্যবহার—টনসিলাইটিস্, ষ্টমেটাইটিস্, কেনক্রম অরিস, মার্কুরিয়েল টায়েলিজম্, স্কার্লেটিনামেলিগ্না ইত্যাদিতে কুল্লি-রূপে অতিশয় উপকারী।

আভ্যন্তরিক—টাইফস ও টাইফয়েড জ্বর, স্কার্লেটজ্বর

মাত্রা ১০—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ।

ট্রচিসাই পটাসি ক্লোরেটিস (প্রতি লোজেঞ্জে ৫ গ্রেণ)।

ক্লোরেট অব্ পটাসযুক্ত ঔষধ —পটাসি পারমেনগনাস্।

ট্রোচিসাই পটাসি ক্লোরেটিস।

ক্লোরেট অব্ পটাস	...	৩৬০০ গ্রেণ।
শোধিত শর্করা	.	২৫ আউন্স।
আরবি গঁদ চূর্ণ	...	১ আং।
গঁদের মণ্ড	..	২ তং আং।
পরিশ্রুত জল	...	১ তং আং।

৭২০ লোজেঞ্জ প্রস্তুত করিবে।

মাত্রা। ১—৬ লোজেঞ্জ।

পটাসিপারমেনগনাস। পারমেনগনেট অব্ পটাস।

Potassii Permangonas Permangonate of Potassium

কষ্টিক পটাস	...	৫ আউন্স।
ব্লাক অক্সাইড অব্ মেনগেনিজ	...	৪ আং।
ক্লোরেট অব্ পটাস	...	৩॥০ আং।
ডিষ্টিল্ড ওয়াটার	...	২॥০ পাইণ্ট।
কার্ব্বনিক এসিড	....	যথাপ্রয়োজন।

ক্লোরেট অফ্ পটাস চূর্ণ করিয়া মেনগেনিজ অক্সাইড সহিত মিলাইবে ৪ আউন্স জলে কষ্টিক পটাস দ্রব করিয়া উহার সহিত মিলাইবে। একটী পর্সিলেন পাত্রে রাখিয়া সেণ্ডবাথের তাপে শুষ্ক করিবে। উহাকে চূর্ণ করিয়া আবৃত মৃত্তিকায় ১ ঘণ্টা কাল লোহিতোত্তাপ দিবে, শীতল হইলে চূর্ণ করিয়া ১৷৷০ পাইণ্ট জলের সহিত ফুটাইবে, উহার মধ্যে কার্ব্বনিক এসিড বাষ্প চালাইবে। ছাকিয়া ঘন করিয়া দানা বান্ধিয়া বিশেষ কৌশলে শুষ্ক করিবে।

ক্রিয়া—প্রবল অক্সিডাইজিং দ্রব্য এজন্য পচন নিবারক, দুর্গন্ধহারক। (এণ্টিসেপ্টিক্, ডিওডরাইজার।)

ব্যবহার—পচাক্ষত, গেংগ্রিণ। কুষ্ঠ ও লোসনরূপে।

আজকাল সর্পদংশন ও উন্মত্ত কুকুর দংশনে ইহার দ্রাবণের হাইপোডার্ম্মিক ব্যবহার পরীক্ষা হইতেছে। * অহিফেন ও মর্ফিনির বিষঘ্ন গুণ আছে।

---

* গোয়ালন্দের মেডিকেল অফিসার ডি. মিচেল সাহেবের প্রবর্ত্তিত ক্ষিপ্ত শৃগাল, কুক্কুর ও বিষাক্ত সর্পদষ্টব্যক্তির পার্মেনগনেট দ্বারা চিকিৎসা।

প্রথমে উষ্ণজল ও কণ্ডি সফ্লুইড দ্বারাক্ষত উত্তমরূপে পরিষ্কার করিবে। পংচার্ডউণ্ড গুলিকে চিরিয়া দিবে, ক্ষত মুছিয়া শুষ্ককরিবে, উহার উপর পার্মেনগনেট অফ্ পটাসচূর্ণ ছড়াইয়া দিয়া নেকড়া বা লিণ্ট দ্বারা আবৃত করিবে। পার-মেনগনেট অফ্ পটাসচূর্ণ ক্ষতে ঘষিয়া মাখান যাইতে পারে। হাইপোডার্ম্মিক সিরিঞ্জি মধ্যে পারমেনগনেটঅফ্ পটাস সলিউশন [পারমেনগনেটঅফ্পটাস ৫ ভাগ ডিষ্টিল্ড জল ৯৫ ভাগ] লইয়া উহার সূচী [নল] ক্ষতের নানাস্থানে।০ ইঞ্চি গভীর বিদ্ধ করিয়া ক্রমে২ পিচকারী দিবে। কখন২ পারমেনগনেট দ্রব পিচকারী দেওয়াতে বিদ্ধস্থান গুলি বিস্তীর্ণ ভাবে স্লফ হয় বা পচিয়া যায়। অধিক পরিমাণ লোশন বহুস্থান ব্যাপিয়া পিচকারী দিলে এরূপ ঘটনা হয়। বিবেচনা পূর্ব্বক

মাত্রা। ১—৫ গ্রেণ।

প্রয়োগরূপ—লাইকর পটাসি পারমেনগনেটিস্ (কণ্ডিস ফ্লুইড্। রেড্ওয়াস।) (১ আং প্রায় ৪॥০ গ্রেণ।)

পারম্যানগনেট অব্ পটাস ... ... ৮৮ গ্রেণ বা ১ ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার ... ... ১ পাইণ্ট ৯৯ তং ভাগ।

মাত্রা। ২—৪ তং ড্রাম।

পটাসি আইওডাইডম্। আইওডাইড অব্ পটাসিয়ম।

Potassi Iodidum. Iodide of Potassiun K I

সলিউশন্ অব্ পটাস		১ গ্যালন।
আইওডিন	... ...	২১ আউন্স বা যথাপ্রয়োজন।
উড্চারকোল সূক্ষ্মচূর্ণ	... ...	৩ আউন্স।
স্ফুটিত পরিশ্রুত জল	...	যথাপ্রয়োজন।

পটাস দ্রবে ক্রমে২ আইওডাইন যোগ করিবে ও নাড়িয়া দিবে, পর্সিলেন পাত্রে শুষ্ক করিয়া অঙ্গার সহিত উত্তমরূপে মিলাইয়া, লোহিতোত্তপ্ত লোহার মুচিতে দিবে, তাপে সমুদয় গলিয়া গেলে নামাইয়া শীতল হইলে বয়েলিং ডিষ্টিল্ড জলে দ্রব করিয়া ছাকিয়া ঘন করত দানা বান্ধিবে।

ক্রিয়া—আইওডিনের ন্যায় কিন্তু স্থানিক উগ্রতাগুণ নাই।

ব্যবহার—পারদ ও সীস, রক্ত হইতে দূর করা এওরটিক

উচিত পরিমাণ পরিমিত স্থানেব্যবহার করিলে এপ্রকার অনিষ্ট হয় না। কখন২ পিচকারী দেওয়াতে অত্যন্ত বেদনা হয়, ইহাপরিহার জন্য [শতকরা ৪ ভাগ] কোকেইনি দ্রাবণ হাইপোডার্মিক ইনজেকশন দিলে নিবারণ হয়।

এনিউরিজম, উপদংশ, ক্রনিক রিউমাটিজম, পুরাতন প্রদাহ, স্ক্রফিউলা ইত্যাদি।

মাত্রা। ২—২০ গ্রেণ।

আইওডাইড অব্ পটাসিয়মযুক্ত ঔষধ।

লিনিমেণ্টম আইওডাইম	(১ আউন্সে প্রায় ২২ গ্রেণ)।
" পটাসি আইওডাইকমসেপোন	(১ আং প্রায় ৫৪॥০ গ্রেণ)।
ল্যাইকর আইওডাই ...	(১ আউন্সে ৩৩ গ্রেণ)।
টিংচার আইওডাই ...	(১ আউন্সে প্রায় ১১ গ্রেণ)।
অঙ্গুয়েণ্টম আইওডাই ...	(১ আউন্সে প্রায় ১৬ গ্রেণ)।
„ পটাসি আইওডিডাই ...	(৮৬০ ভাগে প্রায় ১ ভাগ)।

অঙ্গুয়েণ্টম পটাসি আইওডিডাই।

আইওডাইড অব্ পটাসিয়ম ...	৬৪ গ্রেণ বা ১৬ ভাগ।
কার্ব্বনেট অব্ পটাসিয়ম ...	৪ গ্রেণ বা ১ ভাগ।
জল ...	১ তং ড্রাম বা ১৪ তং ভাগ।
বেনজোয়েটেড লার্ড ...	১ আউন্স বা ১১০ ভাগ।

লিনিমেণ্টম পটাসি আইওডিডাই কম্সেপোন।

কার্ড সোপক্ষুদ্র ২ খণ্ড ...	২ আউন্স বা ১৬ ভাগ।
আইওডাইড অব্ পটাসিয়ম ...	১॥০ আউন্স বা ১২ ভাগ।
গ্লিশরিণ ...	১ তং আং বা ৮ তং ভাগ।
অয়েল অব্ লেমন ...	১ তং ড্রাম বা ১ তং ভাগ।
পরিশ্রুত জল ...	১০ তং আং বা ৮০ তং ভাগ।

পটাসি ব্রোমাইডম। ব্রোমাইড অব্ পটাসিয়ম।

Potassii Bromidum. Bromide of Potassium. K. Br.

সলিউশন্ অব্ পটাস ... ২ পাইণ্ট।

ব্রোমিন	...	৪ আউন্স বা। যথাপ্রয়োজন।
কাষ্ঠাঙ্গারচূর্ণ	...	২ আং
স্ফুটিত পরিশ্রুত জল	...	১৷৷০ পাইণ্ট।

আইওডাইড অফ্ পটাসিয়ম প্রস্তুতের অবিকল্প অনুরূপ কেবল আইওডাইনস্থলে ব্রোমিন ব্যবহার করিতে হয় এই মাত্র প্রভেদ।

ক্রিয়া ও ব্যবহার ৪৯—৫০ পৃষ্ঠায় দেখুন।

মাত্রা ৫—১০ গ্রেণ।

রোগ বিশেষে উহার দ্বিগুণ মাত্রাও ব্যবহৃত হয়।

পটাসি ফেরোসায়েনাইডম্। ফেরোসায়েনাইড অব্ পটাসিয়ম।

Potassii Ferro Cyanidum Ferrocyanide of Potassium.

নামান্তর—পটাসি প্রুসিয়াস ক্রুড. ইওলো প্রুসিয়েট অব্ পটাস।

সিং ক্ষুর, চর্ম্ম ইত্যাদি প্রাণীজদ্রব্য, কার্ব্বনেট অব্ পটাস ও লোহার সহিত লৌহপাত্রে উষ্ণ করিয়া প্রস্তুত হয়।

ঔষধরূপে ব্যবহার হয় না।

এসিড হাইড্রোসিয়ানিকম্ ডাইলিউটম, এবং পটাসি সায়েনাইডম প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

পটাসি সায়েনাইডম্। সায়েনাইড অফ্ পটাসিয়ম্

ফেরোসায়েনাইড অফ পটাসিয়ম উষ্ণ করিয়া প্রস্তুত হয়।

সায়েনাইড অব্‌ পটাস ব্যবহারে প্রস্তুত ঔষধ—বিসমথাই পিউরিফিকেটম।

পটাসি বাইক্রোমাস। বাইক্রোমেট অফ পটাসিয়ম।

Potassii Bichromas. Bichromate of Potassium.

বাইক্রোমেট অব্‌ পটাস, রেড্‌ ক্রোমেট অব্‌ পটাসিয়ম, এন হাইড্রোক্রোমেট অব্‌ পটাসিয়ম।

বাই ক্রোমেট অব্‌ পটাসিয়ম দ্বারা প্রস্তুত ঔষধ ২ টী।

১॥ এসিডম ক্রোমিকম। ২। সোডি ভেলিবিয়েনাস।

পটাসা সলফিউরেটা সলফিউরেটেড পটাস (হিপার সলফিউরিস)। লিবর অফ সলফর।

Potassa Sulphurata. Sulphurated Potash

বিবিধ পটাস সল্টের সহিত মিলিত সলফাইড অব্‌ পটাস।

কার্ব্বনেট অব্‌ পটাস	...	১০ আউন্স।
সবলাইমড সলফার	...	১০ আঃ

একত্রে মিশ্রিত করিয়া মুষিকায় উত্তপ্ত করিবে।

ক্রিয়া—অল্পমাত্রায় উত্তেজক, ঘর্ম্মকারক, কফনিঃসারক। (ষ্টিমুলেণ্ট, ডায়েফোরেটীক, এক্সপেক্টোরেণ্ট)।

ব্যবহার—স্কেবিস ও সোরা এসিস প্রভৃতি চর্ম্মরোগে ব্যবহার হয়। (ক্রনিক রিউমাটিজম্‌, ব্রঙ্কাইটিস)।

স্থানিক—রিউমাটিজম্‌, পুরাতন চর্ম্মরোগ।

মাত্রা—২—৮ গ্রেণ বটিকাকারে।

প্রয়োগরূপ—

অঙ্গুয়েণ্টম পটাসি সলফিউরেটি

সলফিউরেটেড্‌ পটাস	..	৩০ গ্রেণ বা ৫ ভাগ।

হার্ডপেরাফিণ ... ।০ আং বা ১৮ ভাগ।

সফ্টপেরাফিণ ৸০ আং বা ৫৫ ভাগ।

সদ্য প্রস্তুত করা আবশ্যক।

সেপো মোলিস, সফট্‌সোপ—অলিভ অয়েল দেখ।

সোডিয়ম। Sodium.

এক প্রকার মূল ধাতু, ন্যাপথা মধ্যে ষ্টপার্ড বোতলে রাখা হয়।

মোমের ন্যায় কোমল ধাতু, বর্ণ সাদা বায়ুতে রাখিলে শীঘ্র কষ্টিকসোডা হইয়া যায়।

প্রয়োগরূপ। লাইকর সোডি ঈথাইলেটিস।

সোডিয়ম ঘটিত ঔষধ সকল।

বোরাক্স	লাইকর সোডি।
কেটাপ্লাজমা সোডি ক্লোরিনেটি।	লাইকর সোডিক্লোরিনেটি।
এমপ্লাষ্ট্রন বেলেডনি।	" সোডি এফারভেসেন্স।
" কেলিক্সেসিয়েন্স	" সোডি আর্সিনিয়েটিস।
" ওপিয়াই।	" " ঈথাইলেটাস্।
" রেজিনি।	পাইলিউলা এলোজ বার্ব্বেডেন সিস।
" সেপোনিস।	" এলোজ এট এসাফিটিডি।
" " ফস্কম।	" এলোজ সকট্রাইনা।
এক্ট্রাকটম কলসিস্থিডিস কম্পজিটম।	" গেম্বোজিই কম্পজিটা।
ফেল্‌বভিনম্ পিউরিফিকেটম।	" রিয়াই কম্পজিটা।
লিনিমেন্টম ওপিয়াই।	" সেপোনিস কম্পজিটা।
" সেপোনিস্।	" সিলী কম্পজিটা।
" পটাসি আইওডিডাই কম্‌সেপোন	

সোডি ভেলিরিয়েনাস। — সেপো এনিমেলিস্।
" বাইকার্ব্বনাস। — ডিটরস্।
" ব্রোমাইডম। — সোডা কষ্টিকা।
" কার্ব্বনাস। — " টার্টারেটা।
সোডাই আর্সিনিয়াস।
সোডাসিট্রোটার্টাস এফারভেসেন্স।
সোডাই কার্ব্বনাস এক্সিকেটা — সোডাই হাইপোফসফিস।
" নাইট্রাস। — " আইওডাইডম।
" সালিসিলাস — সোডাই ক্লোরাইডম।
" সলফাস।
" সলফিস। — " ফস্ফাস।
ট্রোচিসাই সোডাই বাই কার্ব্বনেটিস। — " সলফ কার্ব্বনাস।

লাইকর সোডি। সলিউশন অফ সোডা।

Liquor Sodae, Solution of Soda.

কার্ব্বনেট অব সোডিয়ম	...	২৮ আউন্স।
শ্লেকড লাইম (ধৌত করা)	...	১২ আং।
ডিষ্টিল্ড ওয়াটার		১ গ্যালন।

কার্ব্বনেট অফ সোডিয়ম জলে দ্রব করিয়া পরিষ্কার লৌহ পাত্রে তাপে ফুটাইবে, উহাতে চূণ ক্রমেং যোগ করিয়া ক্রমাগত নাড়িবে ১০ মিনিট ফুটাইবে। অগ্নি হইতে নামাইয়া স্থির রাখিলে উপরের পরিষ্কার অংশ সাবধানে হরিতবর্ণ বোতলে ঢালিবে।

ক্রিয়া—অম্লনাশক, পরিবর্ত্তক কফনিঃসারক, মূত্রকারক, প্রস্রাবের অম্লত্ব নাশক। সলফিউরেট অব্ এণ্টিমনি প্রস্তুত করিতে ব্যবহার হয়।

প্রতি আউন্সে ১৮·৮ গ্রেণ কষ্টিক সোডা আছে।

মাত্রা। ১০—৬০ মিনিম।

সোডা কষ্টিকা কষ্টিক সোডা (হাইড্রেট অব্ সোডা)।

Soda Caustica. Caustic Soda.

সলিউশন অব্ সোডা ... ২ পাইন্ট।

রোপ্য কিম্বা পরিষ্কার লৌহপাত্রে দ্রুতগতিতে ফুটাইয়া শুষ্ক প্রায় তৈলের মত ঘনকরতঃ রোপ্য বা লৌহপাত্রে ঢালিয়া জমাইয়া লইবে। অথবা ছাঁচে ঢালিয়া পেনসিল মত বাতি করিবে।

কষ্টিক সোডা যুক্ত ঔষধ—লাইকর সোডি।

ক্রিয়া।—দাহক, ক্ষয় কারক।

ব্যবহার—আচিল, কেনসার, কণ্ডিলোমা ইত্যাদি ক্ষয় করিতে।

সোডাই কার্ব্বনাস। কার্ব্বনেট্ অব্ সোডিয়ম।

Sodii Carbonas. Carbonate of Sodium Na CO3

সামান্য লবণ সহিত সলফিউরিক এসিড যোগ করিলে সলফেট অফ লাইম হয়, ইহার সহিত অঙ্গার ও চাখড়ি মিয়াইয়া উষ্ণ করিবে জলযোগে কার্ব্বনেট অফ সোডা পৃথক করিয়া শুষ্ক করিয়া লইবে।

ক্রিয়া—অম্লনাশক, পাকস্থলির অবসাদক, পরিবর্ত্তক।

ব্যবহার—অজীর্ণ, চর্ম্মরোগ।

মাত্রা। ৫—৩০ গ্রেণ।

২০ গ্রেণ কার্ব্বনেট অফ সোডিয়ম সমক্ষারাম্ল করিতে	}	৯·৮ গ্রেণ সাইট্রিক এসিড বা ১০॥· গ্রেণ টার্টারিক এসিড।

কার্ব্বনেট অব্ সোডিয়ম দ্বারা প্রস্তুত ঔষধ।

লাইকর সোডি — সোডি আর্সিনিয়াস।

„ সোডি কোরিনেটি — „ বাইকার্ব্বনাস।

সোডা টার্টারেটা — „ কার্ব্বনাস এক্সিকেটা।

„ ফসফাস।

সোডাই কার্ব্বনাস এক্সিকেটা। ড্রায়েড কার্ব্বনেট অফ সোডিয়ম।

কার্ব্বনেট অব্ সোডা ... ৮ আউন্স।

তাপে উষ্ণ করিবে, পরিমাণ তিন আউন্স হইবে।

পাউডার ও পিল আকারে কার্ব্বনেট অব্ সোডা ব্যবহার করা ইচ্ছা হইলে এই প্রয়োগরূপ ব্যবহার্য্য।

মাত্রা। ৩—১০ গ্রেণ।

সোডাই বাইকার্ব্বনাস। বাইকার্ব্বনেট অফ সোডিয়ম।

Sodii Bicarbonas. Bicarbonate of Sodium Na H. Co3

কার্ব্বনেট অব্ সোডা দ্রবে কার্ব্বনিক এসিড বাষ্প চালাইয়া প্রস্তুত হয়।

ক্রিয়া—বাইকার্ব্বনেট অব্ পাটাসের ন্যায়, কেবল ইউরেট অব্ সোডা তত দ্রবনীয় নহে এজন্য ইউরিক এসিড ডায়াথিসিসে ভাল নহে। কার্ব্বনেট অব্ পটাস অপেক্ষা সোডা ভাল সহ্য হয়। কারণ ইহার ক্রিয়া প্রখর নয়। বাত, অজীর্ণ, বমন।

২০ গ্রেণ বাইকার্ব্বনেট অব্ সোডা সমক্ষারাম্ল করিতে	}	১৬·৭ গ্রেণ সাইট্রিক এসিড বা ১৭·৮ গ্রেণ টার্টারিক এসিড

মাত্রা। ১০—৬০ গ্রেণ।

বাইকার্ব্বনেট অব্ সোডিয়মযুক্ত ঔষধ।

লাইকর সোডা এফারভেসেন্স	১ পাইণ্টে ৩০ গ্রেণ।
সোডা সিট্রোটার্টাস একাবভেসেন্স	৩১ ভাগে ১৭ ভাগ।
ট্রোচিসাই সোডি বাইকাৰ্ব্বনাস	প্রতি লোজেঞ্জে ৫ গ্রেণ।

লাইকরসোডি এফাবভেসেন্স। এফারভেসিং সলিউসনঅব্সোডা।

একোয়াসোডি একারভেসেন্স, সোডা ওয়াটার।

বাইকার্ব্বনেট অব্ সোডিয়ম	...	৩০ গ্রেণ।
জল	...	১ পাইণ্ট।

৪ ভূ-বায়ু চাপে বা ৬০ পাউণ্ড চাপে যতদূর সম্ভব বিশুদ্ধ কার্ব্বনিক এসিড মিলাইবে।

ট্রোচিসাই সোডি বাইকার্ব্বনেটীস।

বাইকার্ব্বনেট অব্ সোডিয়ম চূর্ণ	...	৩৬০০ গ্রেণ।
রিফাইণ্ড সুগার চূর্ণ	...	২৫ আউন্স।
গম একেসিয়া চূর্ণ	...	১ আং।
মিউসিলেজ গম একেসিয়া	...	২ তং আং।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১ তং আং।

৭২০ লোজেঞ্জ প্রস্তুত করিবে।

প্রতি লোজেঞ্জে ৫ গ্রেণ বাইকার্ব্বনেট অব্ সোডা আছে।

মাত্রা। ১—৬ লোজেঞ্জ।

সোডি আর্সিনিয়াস-আর্সিনিকের সহিত উক্ত হইয়াছে।

সোডাই সলফাস। সলফেট অব্ সোডা (গ্লোবার্স সল্ট)

লবণ ও সলফিউরিক এসিড যোগে হাইড্রোক্লোরিক এসিড প্রস্তুতকালে এই দ্রব্য বিমিশ্র অবস্থায় অবশিষ্ট থাকে কার্ব্বনেট

অব্ সোডাযোগে সমক্ষারায় ও দানা বান্ধিয়া বিশুদ্ধ করিলেই প্রস্তুত হয়।

ক্রিয়া—লাবণিক বিবেচক, অল্পমাত্রায় মূত্রকারক শৈত্যকারক।

ব্যবহার—স্বাদের উৎকর্ষতা জন্য ইহার পরিবর্ত্তে আজকাল সলফেট অব্ মেগনেসিয়াই ব্যবহার হয়।

• মাত্রা। ।০—১ আউন্স। (মূত্রকারক ১৫—৪০ গ্রেণ।)

সোডাই সল্ফাস একার্ভেসেন্স, এফার্ভেসেণ্ট সালফেট অব সোডিয়ম। নামান্তর-সোডি সলফাস্ একার্ভেসেন্স।

সালফেট অব সোডিয়াম দানা	২৫ আং বা ১০০ ভাগ।
বাইকার্ব্বনেট অব সোডিয়াম চূর্ণ	২৫ আং বা ১০০ ভাগ।
টার্টারিক এসিড চূর্ণ	১৩॥ আং বা ৫৪ ভাগ।
সাইট্রিক এসিড চূর্ণ	৯ আং বা ৩৬ ভাগ।

যাহা প্রস্তুত হইবে তাহার ওজন প্রায় ৫০ আং বা ২০০ ভাগ হওয়া আবশ্যক।

সালফেট অফ্ সোডিয়মকে শুষ্ক করিয়া ওজন অর্দ্ধেকের অধিক (শতকরা ৫৬) হ্রাসকরিবে। উহাকেচূর্ণ করিয়া অন্যান্য দ্রব্যের সহিত মিশ্রিত করিবে. এই মিশ্রণকে উপযুক্তপাত্রে রাখিয়া ২০০ হইতে ২২০ ফাঃ তাপে উষ্ণ করিবে, চূর্ণ চাপ বান্ধিতে আরম্ভ হইলে অনবরত আলোড়ন করিবে. গ্রাম্যুলার বা দানাকার ধারন করিলে, উপযুক্ত চালনীদিয়া উপযুক্ত আকারের দানাসকল পৃথক করিয়া, বোতলে উত্তমরূপ আবদ্ধ রাখিবে মাত্রা ।০—৮০ আং।

সোডাই সলফিস। সলফাইট অব্ সোডা।

Sodii Sulphis Sulphite of Sodium.

কার্ব্বনেট অব্ সোডা বা কষ্টিক্ সোডার সহিত সলফরস এসিড মিলাইয়া দানাবান্ধিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া—পচননিবারক। পরিবর্ত্তক, বিরেচক।

ব্যবহার—পর্য্যায় জ্বর এণ্টিরিক ফিবার, সেপ্টিসেমিয়া, ক্রনিক ভমিটিং।

মাত্রা। ৫—২০ গ্রেণ। বিরেচক ৪ ড্রাম।

সোডাই নাইট্রাস। নাইট্রেট অব্ সোডা।

Sodii Nitras Nitrate of Sodium.

স্বভাবতঃ পাওয়া যায়, দানা বান্ধিয়া বিশুদ্ধ করিতে হয়। ঔষধার্থে ব্যবহার হয় না।

ব্যবহার—আর্সিনিয়েট অব্ সোডা প্রস্তুত করিতে।

সোডিয়াই নাইট্রিস Sodii Nitris.

নাইট্রাইট্ অফ্ সোডিয়াম Nitrite of Sodium.

নামান্তর—সোডীনাইট্রিস, নাইট্রাইট অফ্ সোডা।

আকারাদি—শ্বেতবর্ণ বা পীতাভ শ্বেতবর্ণ দানাযুক্ত লবণ, জলে অতিশয় দ্রবনীয়। মাত্রা ২—৫ গ্রেণ।

ক্রিয়া। মানবদেহে ইহা নাইট্রো গ্লিশরিণ ও নাইট্রাইট অব এমিলেরন্যায় কার্য্যকরে।

ব্যবহার—এঞ্জাইনা পেক্টোরিস, ইপিলেপ্সি (গ্রানুলার) ব্রাইটসডিজিজ। হেমিক্রেনিয়া।

সোডাইফসফাস। ফস্ফেট অব্ সোডা। (টেষ্টলেস-পর্জ্জিংসল্ট।)

Sodii Phosphas Phosphate of Sodium Na_2HPO_4.

বোনয্যাস ও সলফিউরিক এসিড যোগে প্রস্তুত এসিড ফস্ফেট অব্ কেলসিয়মে কার্ব্বনেট অব্ সোডা, যোগ করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া—বৃহৎ মাত্রায় লাবণিক মৃদুবিরেচক, অল্পমাত্রায় মূত্রকারক, পরিবর্ত্তক।

ব্যবহার—মৃদু বিরেচক জন্য শিশু ও দুর্ব্বল ব্যক্তির। ইউরিক এসিড ডায়েথিসিস্।

মাত্রা ।০—১ আং বিরেচক। (মূত্রকারক ৩০—১২০ গ্রেণ)।

ফস্ফেট অব্ সোডা যোগে প্রস্তুত ঔষধ।

ফেরি ফস্ফাস। সিরপ ফেরি ফস্ফাস।

সোডিয়াই ফস্ফাস এফার্ভেসেন্স। এফার্ভেসেণ্ট ফস্ফেট অব সোডিয়াম।

নামান্তর—সোডি ফস্ফাস এফাভেসেন্স।

ফস্ফেট অব সোডিয়াম দানা ২৫ আং বা ১০০ ভাগ।

বাইকার্ব্বনেট্ অব সোডিয়ামচূর্ণ ২৫ আং বা ১০০ ভাগ টার্টারিক এসিড চূর্ণ ১৩।০ আং বা ৫৪ ভাগ, সাইট্রিক এসিডচূর্ণ ৯ আং বা ৩৬ ভাগ।

যাহা প্রস্তুত হইবে তাহার ওজন প্রায় ৫০ আং বা ২০০ ভাগ হইবে।

ফস্ফেট অব্ সোডিয়ামকে শুষ্ক করিয়া উহার অর্দ্ধেকের অধিক ওজনহ্রাস (শতকরা ৬০) করিবে। উহাকে চূর্ণ করিয়া অন্যান্য দ্রব্যের সহিত মিলিত করিবে। এই মিশ্রকে উপযুক্তপাত্রে রাখিয়া ২০০ হইতে ২২০ তাপাংশ ফাং তাপে উষ্ণ করিবে, চূর্ণ চাপ বান্ধিতে আরম্ভ হইলে, অনবরত আলোড়ন করিবে,গ্রান্যুলার বা দানাময় অবস্থাপ্রাপ্ত হইলে নামাইয়া চালনীদ্বারা উপযুক্ত আকারের দানাসকল পৃথক করিয়া লইবে। আবদ্ধ বোতলে রাখিবে মাত্রা ।০—॥০ আউন্স।

সোডি হাইপো ফসফিস্। হাইপো ফসফাইটঅফসোডা।

Sodii Hypophosphis. Hypophosphite of Sodium.

হাইপো ফসফাইট অব্ ক্যালসিয়ম দ্রবে কার্ব্বনেট অব্ সোডা যোগ করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া—উত্তেজক, বলকারক, পরিবর্ত্তক।

ব্যবহার—থাইসিস, ব্রঙ্কাইটিস, নার্ভসডিবিলিটি।

মাত্রা। ৫—১০ গ্রেণ।

বোরাক্স, বাইবোরেট অব্ সোডা, সোহাগা।

Biborate of Sodium

সিডেটিভসল্ট। Borax.

নামান্তর Sodæ Biboras, Pyro borate of Sodium.

$Na_2 B_4O_7, 10 H_2O$.

স্বভাবতঃ পাওয়া যায়। বোরিক এসিড ও কার্ব্বনেট অব্ সোডা উপযুক্ত পরিমাণ একত্র করিয়াও প্রস্তুত হইতে পারে।

আকারাদি—স্বচ্ছ বর্ণহীন দানা, জলে দ্রবনীয়।

ক্রিয়া—মূত্রকারক, জরায়ুসঙ্কোচক, পচন নিবারক, অম্ল নাশক, শৈত্যকারক, রজোনিঃসারক।

ব্যবহার—কখন মূত্রকারক ও অম্লনাশক জন্য ব্যবহার হয়, আর্গট সহিত মিলাইয়া প্লাসেণ্টা নির্গমন জন্য এবং রজঃ লোপ রোগে ব্যবহার্য্য।

স্থানিক—থাফথা, মার্কুরিয়েল সেলিভেশন্, ইউট্রাস ও ভেজাইনার উত্তেজনা অবস্থা ইহার জলের পিচকারি, লোশন প্রুরাইটস এনাই ও পিউডেনডাই।

মাত্রা ৫—৪০ গ্রেণ।

প্রয়োগরূপ ছুইটী।

১। গ্লিশিরিণম বোরেসিস (৬ ভাগে ১ ভাগ ওজন)

২। মেল বোবেসিস (১ আউন্সে ৫৬ গ্রেণ)।

এসিডম বোরিকম প্রস্তুত করিতে বোরাক্স ব্যবহার হয়।

মেল বোবেসাই। হনি বোবাক্স।

বোরাক্স সূক্ষ্মচূর্ণ	...	৬০ গ্রেণ বা ২ ভাগ।
গ্লিশরিণ	...	৩০ গ্রেণ " ১ ভাগ।
ক্লারিফাইড হনি	..	৪৮০ গ্রেণ „ ১৬ ভাগ।

গ্লাইশরাইনম বোরেসিস। গ্লিসরিণ অক বোরাক্স।

বোরাক্স চূর্ণ	...	১ আউন্স বা ১ ভাগ।
গ্লিশরিণ	...	৪ তং আউন্স " ৪ তং ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার	...	২ তং আং " ২ তং ভাগ।

লাইকর সোডি ক্লোরিনেটি। সলিউশন অব্ ক্লোরিনেটেড সোডা।

ক্লোরিনেটেড্ লাইম	...	১৬ আউন্স।
কার্ব্বনেট অব্ সোডিয়ম	...	২৪ আং।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১ গ্যালন।

২ পাইণ্ট ডিষ্টিল্ডজলে কার্ব্বনেট অফ্ সোডিয়ম দ্রব করিবে। ৬ পাইণ্ট ডিষ্টিল্ডজলে ক্লোরিনেটেড লাইম উত্তমরূপে মিলিত। করিয়া ফিল্টার করিবে। উভয় দ্রব একত্র করিয়া ফিল্টার করিবে।

ক্রিয়া—আভ্যন্তরিক—উত্তেজক, পচননিবারক অম্লনাশক, পরিবর্ত্তক, দুর্গন্ধহারক।

ব্যবহার—স্কার্লেটিনা ইত্যাদি মেলিগ্নেন্ট ফিভার।

স্থানিক—গ্যার্গল, আলসারেটেড সোরথ্রোট, মার্কিরিয়েল সোরথ্রোট।

মাত্রা ১০—২০ মিনিম।

প্রয়োগরূপ —

কাটাপ্লাজমা সোডি ক্লোরিনেটি। ক্লোরিণ পুলটিস।

সালউশন্ অব্ ক্লোরিনেটেড সোডা	...	২ ভং আউন্স বা ২ ভং ভাগ।
লিনসিড মিল	..	৪ আউন্স " ২ ভাগ
বয়েলিং ওয়াটার	.	৮ ভং আং " ৪ ভং ভাগ।

সোডিয়াই বেঞ্জোয়াস, Sodii Benzoas
বেঞ্জোয়েট অব্ সোডিয়ম Benzoate of Sodium

বেনজোয়িক এসিডকে কার্বনেট অব সোডিয়ম সলিশন সহ সমক্ষারাম্ল করতঃ শুষ্ক করিয়া লইলে এই লবণ প্রস্তুত হয়।

আকারাদি—শ্বেতবর্ণ, দানাহীন বা অস্পষ্টদানা বিশিষ্ট, গন্ধহীন বা ঈষৎ লোবান গন্ধ বিশিষ্ট, মিষ্টক্ষার আস্বাদ, ঈষৎ-ক্ষার গুণ বিশিষ্ট, জলে অতিশয় দ্রবনীয়। রেক্টিফাইড স্পিরিটে অল্প দ্রবনীয়।

মাত্রা। - ১০—৩০ গ্রেণ।

ক্রিয়া—উৎকৃষ্টপচন নিবারক, ও জার্মনাশক।

ব্যবহার—থাইসিস, রিউমাটিক আর্থারাইটিস, হুপিংকফ, স্কার্লেটফিভার এবং ডিফথিরিয়া, বালক দের ডায়েরিয়া, ইউরি-

মিয়া, পিওয়ার পারল কন্ভালসন স্থানিক স্প্রে (১০০ ভাগ জলে ৫ ভাগ) থাইসিস ডিপথিরিয়া।

সোডিয়াইক্লোরাইডম, ক্লোরাইড অব্ সোডিয়ম।

Sodii Chloridum, Chloride of Sodium, Common Salt NaCl.

রকসল্ট, কিচেনসল্ট, টেবেল সল্ট, স্থাল মেরিনম, ক্লোরনেট্রিয়ম, মিউরিয়েট অফসোডা। কমনসল্ট, লবণ।

সমুদ্রজল, লাবণিব প্রস্রবণ ও ভূগর্ভে স্বভাবতঃ পাওয়া যায়।

আকারাদি—ক্ষুদ্র শ্বেতবর্ণ দানাকার, অথবা স্বচ্ছ কিউবিকেল দানা, শুষ্ক, বিশুদ্ধ লবন আস্বাদ, জলেদ্রবনীয়।

ক্রিয়া—অল্পমাত্রায় উত্তেজক, পাবিবর্ত্তক, আন্ত্রিক পাচক্রিমিনাশক বিরেচক, বমনকারক। স্থানিক ক্রিয়া—উত্তেজক ও উগ্রতা সাধক, ক্রিমিনাশক।

ব্যবহার—খাদ্যের সহিত নিত্য ব্যবহার হয়। বমনকরান জন্য কখন২ ব্যবহার্য্য, থ্রেডওয়ারমে পিচকারি, বাত ইত্যাদিতে লবণ জলের স্পঞ্জিং।

(মাত্রা ২০—৬০ গ্রেণ পরিবর্ত্তক বলকারক। ॥০ আং ও তদূর্দ্ধ বমন কারক ও বিরেচক। স্নানার্থ ৪—৮ আং জল ১ গ্যালন)।

ক্লোরাইড অব্ সোডিয়ম যোগে প্রস্তুত ঔষধ।

এসিডম হাইড্রোক্লোরিকম। হাইড্রার্জাইরাই পারক্লোরাইডম্। হাইড্রারর্জাইরাই সবক্লোরাইডম্।

সোডিয়াই ব্রোমাইডম। ব্রোমাইড অব্ সোডিয়ম।

Sodii Bromidum. Bromide of Sodium.

সলিউশন অফসোডা ২ পাইণ্ট। ব্রোমিন—৪ আউন্স।

কাষ্ঠাঙ্গারচূর্ণ। ২ আউন্স বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার ১॥০ পাইণ্ট

ব্রোমাইড অব্ পটাসিয়ম প্রস্তুতের প্রক্রিয়া মত প্রস্তুত হয় কেবল সলিউশন অফ পটাসের পরিবর্তে সলিউশন অফসোডা ব্যবহার হয় আর উষ্ণদ্রব হইতে দানাবাঁধিতে হয় এইপ্রভেদ।

ক্রিয়া ও ব্যবহার ব্রোমাইড অব পটাসের ন্যায়, বিশেষের মধ্যে পাকযন্ত্রের কম উগ্রতা ও হৃদ্পিণ্ডের সামান্য ক্রিয়া প্রকাশ করে।

মাত্রা ১০—৩০ গ্রেণ।

সোডিয়াই আইওডাইডম। আইওডাইড অব্ সোডিয়ম।

Sodii Iodidum. Iodide of Sodium

সলিউশন অফসোডা ১ গেলন।

আইওডাইন—২১ আউন্স।

কাষ্ঠাঙ্গার চূর্ণ—৩আউন্স।

বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার যথাপ্রয়োজন।

আইওডাইড অব্ পটাসের প্রস্তুত প্রক্রিয়া মত প্রস্তুত হয়।

ক্রিয়া ও ব্যবহার—আইওডাইড অব পটাসের ন্যায়, পাকস্থলীর উগ্রতা ক্রিয়া অল্প এজন্য বৃহৎমাত্রায় দেওয়া যায়।

মাত্রা ৩—১০ গ্রেণ।

সোডা টার্টারেটা। টার্টারেটেড সোডা।

Soda Tartarata. Tartarated Soda

সোডি এট পটাসি টার্টাস, সোডি পটাসিও টার্টাস, টার্টেট অব্ পটাসিয়ম এবং সোডিয়ম, রোশেল সল্ট।

এসিড টার্ট্রেট অব্ পটাসিয়ম চূর্ণ ... ১৬ আউন্স বা যথাপ্রয়োজন।
কার্ব্বনেট অব্ সোডিয়ম ... ১২ আউন্স বা যথাপ্রয়োজন।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার ... ৪ পাইণ্ট।

জলে কার্ব্বনেট অফ সোডিয়ম দ্রবকরিয়া তাহাতে টার্ট্রেট অফ্ সোডা যোগকরিবে কিছুক্ষণ ফুটাইয়া উহা অম্লাধিক হইলে যথাযোগ্য সোডা ও ক্ষারাধিক হইলে এসিড টার্ট্রেট অফ পটাস যোগে সমক্ষারাম্ল করিয়া ফুটাইবে শীতল হইলে ফিণ্টার করিয়া ঘণকরত দানা বান্ধিবে।

ক্রিয়া অল্পমাত্রায় মূত্রকারক, শৈত্যকারক, অধিকমাত্রার বিরেচক।

ব্যবহার—কোষ্ঠবদ্ধ, গেটের কন্‌জেশ্চন, শোথ ও উদরি।

মাত্রা (।০—॥০ আউন্স। ৩০—৬০ গ্রেণ মূত্রকারক।)

সোডিসাইট্রোটার্টাস এফারভেসেন্স।

বাইকার্ব্বনেট অব্ সোডিয়ম চূর্ণ .. ১৭ আং বা ১৭ ভাগ।
টার্টারিক এসিড চূর্ণ ... ৯ আং " ৯ ভাগ।
সাইট্রীক এসিড চূর্ণ ... ৬ আং " ৬ ভাগ।
রিফাইণ্ড সুগারচূর্ণ ... ৫ আং " ৫ ভাগ।

সমুদয় দ্রব্যের চূর্ণ উত্তম রূপে মিলিত করিয়া উপযুক্ত পাত্রে ২০০—২২০°ফাং তাপে উষ্ণ করিবে, চাপ বান্ধিতে আরম্ভ হইলে উত্তমরূপে, নাড়িবে দানা বান্ধিলে, চালনিদিয়াছাঁকিয়া উত্তমরূপে আবৃত বোতলে রাখিবে।

ক্রিয়া ও ব্যবহার টার্টেট অব্ সোডার ন্যায় মূত্রকারক, বিরেচক, শৈত্যকারক, আস্বাদ তৃপ্তি কর।

মাত্রা ৬০ গ্রেণ হইতে ।০ আং।

পলভিসসোডি টার্টারেটী একার্ডেসেন্স এফার্ভেসেণ্ট টার্টা-রেটেড্ সোডা মাউডার। সাধারণ নাম সিড্লিজ পাউডার। Seidlitz Powder.

সোডি এট্পোটাসী টার্ট্রাস ১২০ গ্রেণ, বাইকার্বনেট অব্ সোডিয়ম ৪০ গ্রেণ একত্রমিশ্রিত করিয়া নীল কাগজে মুড়িয়া রাখিবে আর ৩৮ গ্রেণ টার্টারিক এসিড, সাদাকাগজে মুড়িবে নীল কাগজের মধ্যস্থ চূর্ণ কে প্রায় ১০ আং শীতল বা উষ্ণ জলে দ্রব করিবে পরে সাদাকাগজের মধ্যস্থ চূর্ণ সংযোগ করিবে, এফার্ভেসেন্স অবস্থায় পানকরিবে।

লাইকর সোডিয়াই ঈথাইলেটিস্। সলিউসন্ অব্ ঈথাইলেট অব্ সোডিয়ম।

Liquor Sodii Ethylates Solution of Ethylate of Sodium

সোডিয়ম ধাতু (অক্সাইডশূন্য) ... ২২ গ্রেণ বা ১ ভাগ।
ঈথাইলিক এলকেহল ... ১ ৩২ আং বা ২০ ৩২ ভাগ।

একটী কাচকুপী (ফ্লাস্ক) মধ্যে ঈথাইলিক এলকোহল রাখিয়া সোডিয়ম দ্রব করিবে, ফ্লাস্কটী শীতল জলের উপর বসাইয়া শীতল রাখিবে। এই সলিউশন্ সদ্য প্রস্তুত করিয়া ব্যবহার করা কর্ত্তব্য।

ভৌতিক ও রাসায়নিক গুণ—বর্ণহীন তরল, মধুরমত ঘন পুরাতন হইলে কটাবর্ণ হয়। শতকরা ১৯ ভাগ শুষ্ক ইথাইলেট লবণের ধারণ।

ক্রিয়া—দাহক, ইহা বেশ আয়ত্বাধীন ও ইহার ক্রিয়া নির্দ্দিষ্ট।

ব্যবহার—নিভস্ ও অন্যান্য ভাসকিউলার গ্রোথ দগ্ধ করিতে, ইহা ব্যবহারে জ্বালা যন্ত্রণা অতিঅল্প বা একবারেই হয় না, সূক্ষ্মাগ্র কাচদণ্ডদ্বারা প্রয়োগ করা কর্ত্তব্য।

সাবান, ভেলিরিয়েনেট অব্ সোডিয়ম, সলফোকার্ব্বনেট অব্ সোডিয়ম স্থানান্তরে উক্ত হইবে।

জিন্‌কম্, স্পেল্‌টার। জিঙ্ক। দস্তা। (মূলধাতু)।

Zincum, Zinc

বাজারের সাধারণ দস্তা।

দস্তাঘটিত ঔষধ ১২টী।

১। লাইকর জিনসাই ক্লোরিডাই।	৭। জিনসাই ক্লোরাইডম।
২। ওলিয়েটম জিনসাই।	৮। " অক্সাইডম।
৩। অঙ্গুয়েন্টম জিনসাই।	৯। " সলফাস।
৪। " ওলিয়েটাই।	১০। " সলফোকার্ব্বলাস।
৫। জিনসাই এসিটাস	১১। জিনসাই ভেলিরিয়েনাস।
৬। " কার্ব্বনাস।	১২। জিনকম্ গ্রানুলেটম।

জিনকম্ গ্রেণুলেটম। গ্রানুলেটেড জিঙ্ক্।

বাজারে সাধারণ দস্তা ... ১ পাউণ্ড।

মাটীর মুষিকায় তাপে গলাইয়া সূক্ষ্মধারায় ২ গ্যালন জলে ক্রমে২ ঢালিলে প্রস্তুত হয়।

প্রয়োগরূপ।

লাইকর জিনসাই ক্লোরিডাই। জিনসাই ক্লোরাইডম। জিনসাই সলফাস।

কেলেমিনা প্রিপারেটা। প্রিপেয়ার্ড কেলেমাইন।

খনিজ কার্ব্বনেট অব্ জিঙ্ক্, মাটীর আবদ্ধ মুষিকায় উ

করিয়া, চূর্ণ করতঃ সুকৌশলে পরিষ্কার করিলে প্রস্তুত হয়।

প্রয়োগরূপ। (ইহা অপরিশুদ্ধ কার্ব্বনেট অফ জিঙ্ক)।

অঙ্গুয়েণ্টম কেলেমিনি।

প্রিপেয়ার্ড কেলিমিনি	...	১ আং।
বেনজোয়েটেড লার্ড	...	৫ আং।

ক্রিয়া ও ব্যবহার—ইহার বর্ণ কটা বলিয়া চর্ম্মের বর্ণে মিলিয়া যায়। অক্সাইড অব্ জিঙ্কের পরিবর্ত্তে ইহা কোনস্থানে স্থানিকছড়াইয়া বা ডষ্টিংরূপে ব্যবহার হয়। মলম একজিমা রোগেব্যবহার্য্য।

জিনসাই অক্সাইডম্। অকসাইড অফ্ জিঙ্ক্। ফ্লাওয়ার অফ্ জিঙ্ক্।

Zinci oxidum Oxide of Zinc

কার্ব্বনেট অব্ জিঙ্ক ৬ আং আল্গা ভাবে আবৃত মুষিকায় লোহিতোত্তাপে উষ্ণ করিলে, মুষিকার মধ্যস্থ দ্রব্যের মধ্য ভাগের কিয়দংশ লইয়া শীতল করত ডাইলিউট সলফিউরিক এসিড যোগে উচ্ছলিত না হইলে প্রক্রিয়া সমাধাকরিবে। তাপে কার্ব্বনিক অকসাইড বাষ্প উড়িয়া গিয়া অক্সাইড অফজিঙ্ক মুষিকায় থাকিবে।

দস্তা ধাতু দগ্ধ করিয়াও প্রস্তুত হয়।

ক্রিয়া—অধিক মাত্রায় বমনকারক, অল্পমাত্রায় সঙ্কোচক, স্নায়ুবীয় বলকারক।

ব্যবহার—কোরিয়া, হিষ্টিরিয়া, ইপিলেপ্সী, নিউরালজিয়া, হুপিংকফ, কলিকোয়েটিভ সোয়েটীং।

স্থানিক—শুষ্ককারক ও সঙ্কোচক জন্য ক্ষত ও চর্ম্মরোগ।

মাত্রা ২—১০গ্রেণ।

প্রয়োগরূপ—

অঙ্গুয়েণ্টম জিনসাই (৬॥০ ভাগে ১ ভাগ)।

অকসাইড অব্ জিঙ্ক	...	৮০ গ্রেণ বা ২ভাগ।
বেনজয়েটেড লার্ড	...	১ আং " ১১ ভাগ।

জিনসাই ক্লোরাইডম। ক্লোরাইড্ অব্ জিঙ্ক্।
(বটার অফজিঙ্ক্।)

Zinci Chloridum. Chloride of Zinc.

গ্রন্থলেটেড জিঙ্ক্	...	১ পাউণ্ড।
হাইড্রোক্লোরিক এসিড	...	৪৪ তং আং।
সলিউশন্ অব্ ক্লোরিণ		যথাপ্রয়োজন।
কার্ব্বনেট অব্ জিঙ্ক্	..	॥০ আং বা যথাপ্রয়োজন।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১ পাইণ্ট।

পর্সিলেন পাত্রে দস্তা রাখিয়া, হাইড্রোক্লোরিক এসিড সহিত জল মিলাইয়া ক্রমেং উহাতে যোগ করিবে। সেণ্ডবাথের তাপে পাত্র অল্প উষ্ণ করিবে। বাষ্প নির্গমন শেষ হইলে অর্দ্ধঘণ্টা পর্য্যন্ত ফুটাইবে। জল যোগ করিয়া পরিমাণ পূর্ব্ববৎ করিবে, ২৪ ঘণ্টা স্থিরভাবে রাখিবে ও নাড়িয়া দিবে। উহার কয়েক ফোটা লইয়া এমোনিয়া ও সলফো হাইড্রেট অফ্ এমোনিয়া দ্বারা সীসা ও লোহার বর্ত্তমানতা পরীক্ষা করিবে। যদি থাকে (বর্ণ কাল হইলে) তবে প্রস্তুত ঔষধের প্রধান অংশ ছাঁকিয়া, ½ গেলন আয়তনের বোতলে রাখিয়া কোরিন ওয়াটার যোগ করিবে ও ক্রমেং অক্সাইড অব্ জিঙ্ক মিলাইবে

তাহাতে সীসা ও লোহা পৃথক হইবে। ফিল্টার করিয়া ঘন করত ছাচে ঢালিবে।

ক্রিয়া। স্থানিক—প্রবল দাহক। মাত্রা—।০—১ গ্রেণ দ্রবাকারে সঙ্কোচক, উত্তেজক ও দুর্গন্ধনাশক।

ব্যবহার—আভ্যন্তরিক কদাচ ব্যবহার হয়।

স্থানিক—মেলিগনেণ্ট ক্ষত, কেনসার, নিভস্, দুর্গন্ধিস্থান।

প্রয়োগরূপ—

লাইকর জিনসাই ক্লোরাইডাই। ১আউন্সে ৩৬৬গ্রেণ। (বার্ণেট সলিউশন)।

গ্রানুলেটেড্ জিঙ্ক্	...	১ পাউণ্ড।
হাইড্রোক্লোরিক এসিড	...	৪৪ তং আং।
সলিউশন্ অব্ ক্লোরিণ	...	যথাপ্রয়োজন।
কার্ব্বনেট অব্ জিঙ্ক	...	।৵ আং বা যথাপ্রয়োজন।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১ পাইণ্ট।

ক্লোরাইড অব্ জিঙ্ক প্রস্তুতের নিয়মানুসারে প্রস্তুত করিবে। লৌহ ও সীসা দস্তার সহিত থাকিলেই উহাকে পৃথক করিবার জন্য কার্ব্বনেট অফ্ জিঙ্ক ও ক্লোরিণ ওয়াটার আবশ্যক হয়। গাঢ়করিয়া ২ পাইণ্ট করিবে।

জিনসাই সলফাস (সলফেট অবজিঙ্ক্) শ্বেততুঁতিয়া।

Zinci Sulphas. Sulphate of Zinc.

গ্রানুলেটেড্ জিঙ্ক্	...	১৬ আউন্স।
সলফিউরিক এসিড	...	১২ আং।

ডিষ্টিল্ড ওয়াটার	—	৪ পাইণ্ট।
সলিউশন্ অব্ ক্লোরিণ	—	যথাপ্রয়োজন।
কার্ব্বনেট অব্ জিঙ্ক্	—	॥০ আং বা যথাপ্রয়োজন।

ডাইলিউট সলফিউরিক এসিডে দস্তা দ্রব করিয়া ছাঁকিয়া ক্লোরিণ ওযাটার ও কার্ব্বনেট অফ্ জিঙ্ক্ যোগে লৌহ ও সীসা পৃথক করিয়া ঘন করত দানা বান্ধিবে।

ক্রিয়া। অল্পমাত্রায়—সঙ্কোচক ও স্নায়বীয় বলকারক। অধিকমাত্রায—বমন কারক। ইহার বমন কারক ক্রিয়া সাক্ষাৎ ও দ্রুত। ইহা উত্তেজক দ্রুত বমন কারক।

মাত্রা। বলকারক ১—৩ গ্রেণ। বমনকারক ১০—৩০ গ্রেণ (লোশন ১—১০ গ্রেণ জল ১ আং।)

স্থানিক—প্রবল সঙ্কোচক।

ব্যবহার—কোরিয়া, ইপিলেপ্সী, হিষ্টিরিয়া।

স্থানিক—লিউকোরিয়া, গনরিয়া, গ্লিট, ব্রঙ্করিয়া, অপথালমিয়া।

বমন জন্য— নার্কটীক পয়েজনিং, থাইসিস্, ডিসপেপসিয়া।

প্রয়োগরূপ—জিনসাই কার্ব্বনাস। জিনসাই ভেলিরিয়েনাস।

জিনসাই কার্ব্বনাস। কার্ব্বনেট অব্ জিঙ্ক।

Zinci Carbonas Carbonate of Zinc

সলফেট অব্ জিঙ্ক্	—	১০ আং।
কার্ব্বনেট অফ্ সোডিয়ম	—	১০॥০ আং।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার	—	যথাপ্রয়োজন।

১ পাইণ্ট জলে সলফেট অফ জিঙ্ক দ্রব করিবে। ১ পাইণ্ট

জলে কার্ব্বনেট অফ্ সোডা দ্রব করিয়া উহাকে যোগ করিবে উত্তমরূপে নাড়িয়া ১৫ মিনিট ফুটাইবে। শীতল হইলে স্থির ভাবে রাখিয়া অধঃক্ষেপ পৃথক করত উত্তমরূপে ধৌত করিয়া শুষ্ক করিবে।

ক্রিয়া—অক্সাইড অব্ জিঙ্কের ন্যায় কিন্তু ব্যবহার বড় অল্প। মাত্রা। ১—১০ গ্রেণ। বাহ্যপ্রয়োগে সঙ্কোচক ও শুষ্ককারক।

কার্ব্বনেট অব্ জিঙ্কদ্বারা প্রস্তুত ঔষধ।

জিনসাই এসিটাস।	জিনসাই অকসাইডম।
,, ক্লোরাইডম।	জিনসাই সলফাস।

জিনসাই এসিটাস। এসিটেট অব্ জিঙ্ক।

Zinci Acetas. Acetate of Zinc

কার্ব্বনেট অব্ জিঙ্ক	...	২ আউন্স।
এসিটিক এসিড	...	৫ তং আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	৬ তং আউন্স।

৩ আউন্স এসিটিক এসিড সহিত জল মিলাইয়া একটী ফ্লাস্কে রাখিবে উহাতে ক্রমেং কার্ব্বনেট অফ্ জিঙ্ক মিলাইবে। অল্প উষ্ণ করিয়া অবশিষ্ট এসিড মিলাইবে। কয়েক মিনিট ফুটাইয়া উষ্ণ থাকিতে ফিল্টার করিয়া রাখিয়া দিলে ২ দিনে দানা বান্ধিবে।

ক্রিয়া—বমনকারক, স্নায়বীয় বলকারক, সঙ্কোচক।

ব্যবহার—স্থানিক ব্যবহার হয়, গনরিয়াতে লোসন ভাল।

মাত্রা। ১—২ গ্রেণ বলকারক। ১০—২০ গ্রেণ বমনকারক। লোশন ও ইনজেকশন জন্য ১—১০ গ্রেণ জল ১ আউন্স।

ভেলিরিয়েনেট, ওলিয়েট ও সলফোকার্ব্বলেট অব জিঙ্ক স্থানান্তরে উক্ত হইবে।

এলকোহল, ঈথার ও ক্লোরোফরম প্রভৃতি।

এলকোহল ঈথাই লিকম। ঈথাইলিক এলকোহল, এবসলিউট এলকোহল। সুরাসার, সুরাবীর্য্য।

Alcohol Ethylicum, Ethylic Alcohol.

রেক্টিফাইড স্পিরিট	...	১ পাইণ্ট।
(শুষ্ক) কার্ব্বনেট অব্ পটাসিয়ম...		২ আউন্স।
ক্লোরাইড অব্ কেলসিয়ম (ফিউজ্‌ড)		যথাপ্রয়োজন।

একটি ষ্টপার্ড বোতলে কার্ব্বনেট অফ্ পটাসিয়ম সহিত স্পিরিট মিলাইবে, ২৪ ঘণ্টা ভিজাইয়া মধ্যে২ নাড়িবে। ক্লোরাইড অফ্ কেলসিয়ম আবৃত মুসিকায় অর্দ্ধ ঘণ্টা লোহিতোত্তাপদিবে, উহাকে পরিষ্কার পাথরের টালিতে ঢালিয়া তৎক্ষণাৎ আবৃত করিবে, কঠিন হইলে ভাঙ্গিয়া শুষ্ক ষ্টপার্ড শিশিতে বন্ধ রাখিবে। এই শুষ্ক ক্লোরাইড অফ্ ক্লেলসিয়মের ১ পাউণ্ড একটী ফ্লাস্কে রাখিয়া উহাতে পূর্ব্বোক্ত স্পিরিট ও কার্ব্বনেট্ অব্ পটাসিয়ম মিশ্রণ হইতে পরিস্কার অংশ অন্তর করিয়া ফ্লাস্কের ক্লোরাইড্ অব্ ক্লেলসিয়ম সহিত মিলাইবে, ফ্লাস্কের মুখছিপি বন্ধ করিয়া ২৪ ঘণ্টা রাখিবে ও নাড়িবে। তৎপরে উপযুক্ত যন্ত্র দ্বারা ২ আউন্স চুয়াইয়া, উহা ফাস্কে ঢালিয়া দিয়া পুনরায় ১৫ আউন্স চুয়াইবে।

ঔষধরূপে ব্যবহার হয় না, অন্যান্য ঔষধ প্রস্তুত করিতে প্রয়োজন।

ইথাইলিক এলকোহল দ্বারা প্রস্তুত ঔষধ ২টী।

১। ক্লোরোফরম। ২। লাইকর সোডি ঈথাইলেটিস্।

স্পিরিটস রেক্টিফিকেটস। রেক্টিফাইট স্পিরিট। শোধিত সুরা।

Spiritus Rectificatus, Rectified Spirit.

এলকোহলের সহিত শতকরা ষোল ভাগ জল মিশ্রিত।

শর্করা সংযুক্ত দ্রব্য সুরোৎ শেচন অবস্থায় চুয়াইয়া প্রস্তুত হয়। শর্করা ও শর্করা সংযুক্ত দ্রব্য পচিলে বা উৎশেচিত হইলে এলকোহল উৎপন্ন হয়। এই এলকোহল সংযুক্ত উৎশেচিত দ্রব্য চুয়াইয়া বিয়র, পোর্ট, সেরি প্রভৃতি ওয়াইন বা আসব প্রস্তুত হয়। এই আসব চুয়াইয়া ব্রাণ্ডি, রম প্রভৃতি স্পিরিট বা সুরা প্রস্তুত হইয়া থাকে। ব্রাণ্ডি রম ইত্যাদি সুরা বা স্পিরিট চুয়াইলে রেক্টিফাইড স্পিরিট প্রস্তুত হয়। ইহা সচরাচর মাল্ট বা বিশেষ পক্রিয়া সংযুক্ত যব হইতে প্রস্তুত হইয়া থাকে।

বর্ণহীন স্বচ্ছ: উদ্বায়ী, তরল, দাহ্য আ: গু: ·৮৩৮।

রেক্টিফাইড স্পিরিট দ্বারা প্রস্তুত টিংচার ২১টী।

টিংচুরা একোনিটাই।	টিংচুরা কিউবেবি।
" আর্নিকি।	" আইওডাই।
" অসাফিটিডি।	" লারিসিস।
" অরেনসাই রিসেণ্টিস।	" ল্যাভেনডিউলি কম্পজিট।
" বেনজয়েনি কম্পজিটা।	" মস্কি।
" কেনাবিস ইণ্ডিকি।	" ওপিয়াই এমোনিয়া।
" কেপসিসাই।	" পডফাইলাই।
" সিমেমোমাই।	" পাইরিথ্রি।

টিংচুরা সম্বল।	টিংচুরা ভিরাট্রাই ভিরিডিস।
" টলুটেনা।	" জিঞ্জিবরিস।
" ফসিয়র।	" জিঞ্জিবরিস।

স্পিরিট সটেনুয়র। প্রুভ্ স্পিরিট। পরীক্ষিত সুরা।

Spiritus Tenuior. Proof Spirit

রেক্টিফাইড স্পিরিট	...	৫ পাইন্ট।
ডিষ্টিল্ড ওয়াটার	...	৩ পাইন্ট।

মিলিত করিয়া প্রস্তুত হয়।

ইহাতে শতকরা ৪৯ ভাগ ওজন ও ৫৭ ভাগ আয়তন এবসলিউট এলকোহল আছে।

প্রুভ্ স্পিরিট দ্বারা প্রস্তুত টিংচার ৪২টী।

টিংচুরা এলোজ।	টিংচুরা জেলসিমাই।
" অবেনসাই।	" জেনসিয়েনি কম্পজিটা।
" বেলেডোনি।	" হায়েসায়েমাই।
" বুকু।	" জেবরাণ্ডি।
" কেলম্বি।	" জেলপি।
" কেম্ফরি কম্পাজিটা।	" ক্রামেরিই।
" কেনথারাইডিস।	" লিমনিস।
" কার্ডেমোমাই কম্পাজিটা।	" লবিলিই।
" কেসকেরিলি।	" লুপুলাই।
" কেটিকিউ।	" ওপিয়াই।
" চিরেটা।	" কুয়াসিই।
" সিমিসিফিউগি।	" কুইনাইনি।

টিংচুরা সিঙ্কোনি।	টিংচুরা কুইনাইনি এমোনিয়েটা।
" " কম্পজিটা।	" রিয়াই।
" কোক্কাই।	" সেনেনি।
" কলচিসাই সেমিনম।	" সিলি।
" কোনিয়াই।	" সেনিগি।
" ক্রোসাই।	" সেনি।
" ডিজিটেলিস।	" সর্পেণ্টেরিই।
" আর্গটি।	" ষ্ট্রৈমনাই।
" গেলি।	" ভেলিরিয়েনি।

স্পিরিট জলের সহিত মিশাইয়া লোসন আকারে, উত্তেজক, শৈত্যকারক।

ব্যবহার—বিবিধ প্রদাহ, আঘাতজনিত প্রদাহ চুচুক-বিদারণ, শিরোপীড়া, এই সকল কার্য্য জন্য সুবাসিত স্পিরিট বা ইউডিকলন লোসনই সচরাচর ব্যবহৃত হয়। বেডসোর, মুখে ঘা।

স্পিরিটস ভাইনাই গোলসাই, ফ্রেঞ্চ ব্রাণ্ডি।

Spiritus Vini Gallici, French Brandy

ফ্রেঞ্চ ওয়াইন চুয়াইয়া প্রস্তুত হয়।

ইহাতে শতকরা প্রায় ৫৩ ভাগ এলকোহল আছে।

ইহার গন্ধ বিশেষ প্রকার, বর্ণ ঈষৎ কটা।

সুস্থদেহে এলকোহলের ক্রিয়া তিনভাগে বিভক্ত করা যাইতে পারে।

১। মুখ রক্তবর্ণ ও উজ্জ্বল, নাড়ি ও শ্বাসপ্রশ্বাস দ্রুত, সর্ব্বাঙ্গে উষ্ণতানুভব, পৈশীক ও মানসিক শক্তির উদ্দিপনা।

২। উদ্দীপিত অবস্থা মাদক অবস্থায় পরিণত হয় কখনঽ অতিশয় ডিলিরিয়ম, পেশীসঞ্চালন শক্তির সামঞ্জস্য ব্যতিক্রম ঘটে, জিহ্বা, চক্ষু গোলক ও হস্তপদের পৈশীক ক্রিয়া বিশেষ ব্যতিক্রমঘটে। চর্ম্মের স্পর্শশক্তি খর্ব্ব, কখন বমন হয়।

৩। উত্তেজনা তন্দ্রাতেপরিণত হয় পরে কোমা অবস্থা হইয়া নিশ্বাসে ঘড়ঽ শব্দ শুনাযায়. মোটর ও সেনসরি পেরালিসিস উপস্থিত হয, নাড়ি মন্দগামিনী ও সঞ্চাপ্য। রেসপিরেটরি সেণ্টারের পেরালিসিস বশতঃ এসফেকসিয়া দ্বারা মৃত্যু হইতে পারে।

ক্রিয়া—উত্তেজক। বলকারক, পোষক, মাদক, বেদনানিবারক, নিদ্রা কারক।

ব্যবহার—(১) যে কোন কারণে দেহ অবসন্ন ও কোলাপ্সের পূর্ব্বাবস্থায় উপস্থিত হউক না কেন।

(২) বেদনা নিবারণ ও নিদ্রা উৎপাদন।

(৩) তরুণ প্রদাহ ও জ্বরাদি রোগে দৈহিক তাপ হ্রাস জন্য।

(৪) ইরিসিপেলাস, পাইমিয়া প্রভৃতি রোগে পূজোৎপাদন খর্ব্ব বা নিবারণ জন্য।

(৫) অল্পমাত্রায় পরিপাক বৃদ্ধিজন্য।

(৬) ব্রুইজ বা পেসিত আঘাত, চুচুক বিদারণ, বেড্‌সোর মুখে ঘা ইত্যাদিতে স্থানিক প্রয়োগ হয়।

মাত্রা ২—৪ ড্রাম, জল মিশ্র করিয়া ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—মিসচুরা স্পিরিটস ভাইনাই গেলিসাই।

মিকশ্চার অব্‌ ব্রেণ্ডব্রাণ্ডি। এগ্‌ মিকশ্চার, এগ্‌ ফ্লিপ।

ফ্রেঞ্চব্রাণ্ডি	...	৪ ডং আউন্স।
সিনেমন ওয়াটার	...	৪ ড্ং আউন্স।
অণ্ডের কুসুম। (ইওকস অফ্ এগ্স)		দুইটী।
রিফাইণ্ড সুগার	...	॥০ আউন্স।

অণ্ডকুসুম ও চিনি একত্রে মর্দ্দন করিয়া দারুচিনির জল ও ব্রাণ্ডি যোগ করিবে।

মাত্রা ১—২ আউন্স।

ভাইনম জেরিকম, সেরি (স্পেন দেশীয় ওয়াইন)।

Vinum xericum. Shery

ইহাতে শতকরা ১৭ ভাগ এলকোহল আছে।

ক্রিয়া ও ব্যবহার ব্রাণ্ডির ন্যায়, অবসন্ন অবস্থা, অজীর্ণ কিন্তু ইহা সহজে অমত্ব প্রাপ্ত হয় বলিয়া ব্রাণ্ডি অপেক্ষা অধম।

প্রয়োগরূপ—

ভাইনম্ এলোজ		ভাইনম ফেরি।	
„	এণ্টিমনিয়েল।	„	ইপিকাকুয়ানা।
„	কলচিসাই।	„	ওপিয়াই।
		„	রিয়াই।

ভাইনম অরেনসিয়াই। অরেঞ্জ ওয়াইন।

Vinum Aurantii. Orange wine.

শর্করাযুক্ত তরল দ্রব্যে বিটার অরেঞ্জ নামক জম্বিরের সদ্য ত্বকযোগ করিয়া উৎসেচন করিয়া প্রস্তুত হয়।

প্রয়োগরূপ—ভাইনম ফেরি সাইট্রেটিস। ভাইনম কুইনাইনি।

ভাইনমরুব্রম, পোর্ট ওয়াইন।
Vinum Rubrum Port Wine.

ক্রিয়া। বলকারক, উত্তেজক, সঙ্কোচক।

স্পিরিট ভাইনাই জুনিপেরাই। জিনসরাপ।

ক্রিয়া—উত্তেজক, বলকারক, মূত্রকারক।

সেরিভাইসি ফর্ম্মেণ্টম, বিয়ারইষ্ট।
Cerevisiae Formentum. Beer yeast.

বিয়ারসুরা প্রস্তুতকালে প্রাপ্ত হওয়া যায়।

ক্রিয়া—স্থানিক—উত্তেজক, পচননিবারক।

ব্যবহার—স্থানিক—ইনডলেণ্ট অলসার।

আভ্যন্তরিক—অবসন্ন ও দুর্ব্বল অবস্থা, কার্ব্বঙ্কল ও বয়েল উৎপন্ন নিবারণ জন্য, ডায়েবিটিস, উদরাধ্মানে পিচকারি।

মাত্রা ॥০—১ আউন্স। সদ্য বা টাটকাইষ্ট ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—

কাটাপ্লাজমা ফামেণ্টাই। ইষ্টপুল্‌টিস।

বিয়র ইষ্ট	...	৬ তং আউন্স বা ৩ তং ভাগ।
গমের ময়দা	...	১৪ আউন্স " ৭ ভাগ।
১০০ ফাং তাপে উষ্ণ জল	...	৬ তং আউন্স " ৩ তং ভাগ।

ইষ্টে জল মিলাইয়া ময়দা যোগ করতঃ যেপর্য্যন্ত না ফুলিয়া উঠে আগুণের নিকট রাখিবে।

ক্রিয়া—পচন নিবারক, দুর্গন্ধ হারক।

ঈথর। সলফিউরিক ঈথর
ÆTHER. Ether

উদ্বায়ীদ্রব্য, এলকোহল হইতে প্রস্তুত হয় শতকরা অন্যূন ৯২ ভাগ (মাপ) বিশুদ্ধ ঈথার থাকে।

রেক্টিফাইড স্পিরিট	...	৫০ তৎ আউন্স।
সলফিউরিক এসিড	...	১০ তৎ আউন্স।
ক্লোরাইড অব কেলসিয়ম	...	১০ আউন্স।
শ্লেকেড্ লাইম	...	॥০ আং।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১৩ আং।

প্রশস্ত মুখযুক্ত ২ পাইণ্ট আয়তনের একটী ফ্লাস্কে ১২ তৎ আউন্স স্পিরিট সহিত সলফিউরিক এসিড মিলাইয়া, উষ্ণ থাকিতে লিবিগস কন্ ডেন্সার নালক চুয়নযন্ত্রদ্বারা চুয়াইতে থাকিবে ও অবশিষ্ট স্পিরিট এরূপ কৌশলে ক্রমেং যোগ করিবে। যেন ঠিক যে পরিমাণ ঈথর দ্রব্য চুয়াইয়া আসিবে ঐ পরিমাণ স্পিরিট ফ্লাস্কমধ্যে প্রবিষ্ট হইবে। সমুদয় স্পিরিট সংযুক্ত হইলে এবং ৪২ তৎ আং চুয়ান হইলে, প্রক্রিয়া ক্ষান্ত করিয়া. ক্লোরাইড অফ কেলসিয়ম জলে যোগ করত উহাতে চুন যোগ করিবে একটী বোতলে রাখিবে, উহাতে চুয়ান বিমিশ্র ঈথর যোগ করিয়া নাড়িতে থাকিবে, মিশ্রণ ১০ মিনিট স্থির রাখিয়া উপরের লঘু তরল দ্রব্য পৃথক করিবে। আধার পাত্রে ০·৭৩৫ আপেক্ষিক গুরুত্বের ক্ষুদ্র কাচগোলা রাখিয়া তন্মধ্যে উক্ত তরল দ্রব্য চুয়াইতে হইবে যে পর্য্যন্ত না কাচগোলা ভাসিতে আরম্ভ হয়

ক্রিয়া—প্রবল ডিফিউসিবল ষ্টিমুলেণ্ট, ক্রিয়া দ্রুত, বায়ুনাশক, আক্ষেপ নিবারক, চৈতন্যহারক, মাদক।

স্থানিক—বেদনা নিবারক, স্পর্শহারক, শৈত্যকারক।

ব্যবহার—অবসন্ন অবস্থা, এসমা, এনজাইনা পেক্টরিস হিষ্টিরিয়া, বিবিধ আক্ষেপ। স্থানিক—হার্ণিয়া।

মাত্রা ২০—৬০ মিনিম।

প্রয়োগরূপ।

ঈথর পিউরিস

কলোডিয়ম ...	৮ ভাগে প্রায় ৬ ভাগ।
কলডিয়ম ফ্লেক্সাইল ...	৮ ভাগে প্রায় ৬ ভাগ।
স্পিরিটস ইথারিস ...	৩ ভাগে ১ ভাগ।
,, ,, কম্পজিটস ...	৩ ভাগে প্রায় ১ ভাগ।
টিংচুরা ক্লোরোফরর্ম্মাই এট মরফিইনি	৩২ ভাগে ১ ভাগ।

ঈথর পিউরিস, পিওর ঈথর, (অক্সাইড অব্ ঈথাইল।)

A Ether purus. Pure Ether.

জল ও এলকোহল শূন্য সম্পূর্ণ বিশুদ্ধ।

ঈথর ...	২ পাইণ্ট বা ৪০ তং আউন্স।	
ডিষ্টিল্ড ওয়াটার ...	২ পাইণ্ট ,, ৪০ তং আউন্স।	
সদ্য প্রস্তুত চুণ...	১ আউন্স " ১ ভাগ।	
ক্লোরাইড অব্ কেলসিয়ম...৪ আউন্স " ৪ ভাগ।		

ঈথর ও অর্দ্ধেক জল একটি বোতলে রাখিয়া নাড়িবে কিছু-ক্ষণ পরে উপরের ঈথর অংশ পৃথক করিয়া অবশিষ্ট জলের সহিত নাড়িয়া পুনরায় ঈথর ভাগ পৃথক করিয়া চুণ ও ক্লোরাইড অফ্ কেলসিয়ম সহিত মিলাইয়া ২৪ ঘণ্টা আবদ্ধ, রাখিবে, পরে উপযুক্ত যন্ত্রের দ্বারা চুয়াইবে।

ঔষধ প্রস্তুত করিতে ও রাসায়ণিক পরীক্ষায় ব্যবহৃত হয়।

স্পিরিটস ঈথরিস, স্পিরিট অব্ ঈথর।

Spiritus Etheris. Spirit of Ether.

ঈথর ...	১০ তং আউন্স।
রেক্টিফাইড স্পিরিট ...	১ পাইণ্ট।

মাত্রা ৩০—১০ মিনিম।

প্রয়োগরূপ—টিংচুরা লোবিলি ঈথরিয়া।

স্পিরিটস ঈথরিস কম্পজিটস।

(হফ্‌, মেন্স এনোডাইন।

৪০ আউন্স রেক্টিফাইড স্পিরিট সহিত ৩৬ আউন্স সলফিউরিক এসিড ক্রমেং যোগ কর, এই মিশ্রণ ২৪ ঘণ্টা স্থিরভাবে রাখ, তারপর চুয়াইতে থাক, যন্ত্রের মধ্যস্থ তরল পদার্থ কাল হইতে আরম্ভ হইলে আর চুয়াইবে না। চুয়ান তরলদ্রব্য চুণের জলের সহিত সঞ্চালন করিয়া উহার অম্লতা নষ্ট করিবে,। পরে পরিষ্কার তরল অংশ ১২ ঘণ্টা বায়ুতে অনাবৃত্ত রাখিবে. এই দ্রব্যের তিন ড্রাম লইয়া ৮ আউন্স ঈথর ও ১৬ আউন্স রেক্টিফাইড স্পিরিটে যোগ করিবে।

মাত্রা ॥০—২ তং ড্রাম।

ঈথর এসিটিকস। এসিটিক ঈথার।

এসিটেট অব্‌ ঈথর, এসিটেট অব্‌ ঈথাইল।

Ether Aceticus. Acetic Ether.

রেক্টিফাইড স্পিরিট	...	৩২॥০ তং আউন্স।
সলফিউরিক এসিড	...	৩২॥০ তং আউন্স।
এসিটেট অব্‌ সোডিয়ম	...	৪০ আউন্স।
কার্ব্বনেট অব্‌ পটাসিয়ম সদ্য শুষ্ককরা		৬ আউন্স।

স্পিরিটে ক্রমেং সলফিউরিক এসিড যোগকরিবে। মিশ্রণ শীতল রাখিবে, উহার সহিত এসিটেট অফ্‌ সোডা যোগ করিবে উত্তমরূপে মিশ্রিত করিয়া ৪৫ তং আউন্স চুয়াবে, চয়ান

দ্রব্যসহ্ কার্ব্বনেট অফ্ পটাস মিলাইয়া ষ্টপার্ড বোতলে তিনদিন রাখিয়া, উপরের লঘু দ্রব্য পৃথক করিয়া চুয়াইবে। ৪ আউন্স চুয়ন যন্ত্রে অবশিষ্ট থাকিবে।

ক্রিয়া—উত্তেজক, আক্ষেপ নিবারক, কিন্তু এই ক্রিয়া ঈথর অপেক্ষা অনেক মৃদু, ইহার গন্ধাস্বাদ ঈথার অপেক্ষা অনেক ভারী, এতদ্ভিন্ন মূত্রকারক, ঘর্ম্মকারক।

মাত্রা ২০—৬০ মিনিম।

লাইকর ইপিস্ পাসটীকস্ প্রস্তুত করিতে লাগে।

স্পিরিট ঈথরিস নাইট্রোসাই, স্পিরিট অব্ নাইট্রাস ঈথর (স্যুইট্ স্পিরিটস অব্ নাইটার)।

Spiritus Etheris Nitrosi Spirit of Nitrous Ether

নাইট্রীক এসিড	...	৩ তং আউন্স।
সলফিউরিক এসিড	...	২ তং আউন্স।
তামার সূক্ষ্মতার (২৫নং)	...	২ আউন্স।
রেক্টিফাইড স্পিরিট	...	যথাপ্রয়োজন।

১ পাইণ্ট স্পিরিট সহিত ক্রমেং সলফিউরিক এসিড যোগ করিয়া উত্তমরূপে নাড়িয়াদিবে। ঐ নিয়মে ২॥ আউন্স নাইট্রিক এসিড যোগ করিবে। মিশ্রণটী একটী রিটর্টে রাখিয়া তামা মিলিত করিবে, রিটর্টে একটী থার্ম্মমিটার সংযুক্ত করিবে। একটী আধার পাত্র সংযুক্ত করিয়া চুয়াইতে থাকিবে, ১৭০ ফাং তাপে আরম্ভ করিয়া ১৭৫ ফাঃ পর্য্যন্ত তাপবৃদ্ধি করিবে। ১২তং আউন্স চুয়াইয়া একটি বোতলে সংগ্রহ করিবে। এইবোতলেও আধার বরফমিশ্র জলমধ্যে শীতল রাখিতে হইবে। ১২ আউন্স চুয়ান হইলে রিটর্ট শীতল হইতে দিবে, অবশিষ্ট অর্দ্ধ আউন্স

নাইট্রিক এসিড রিটর্টে দিয়া পূর্ব্বেরমত পুনরায় চুয়াইতে থাকিবে যে পর্য্যন্ত না সমুদয়ে ১৪ আউন্স চুয়ানহয়, ইহাকে ২পাইন্ট বা যথাপ্রয়োজন রেক্টিফাইড স্পিরিট সহ মিলাইয়া নাইট্রিক অক্সাইড টেষ্টের উপযুক্ত করিবে।

ক্রিয়া—উত্তেজক, ঘর্ম্মকারক, মূত্রকারক ও শৈত্যকারক। (ষ্টিমুলেন্ট, ডায়েফোরেটিক, ডাইউরেটিক, রিফ্রিজেরাণ্ট।)

ব্যবহার—জ্বর, প্রদাহ, শোথ, মূত্ররোগ, মূত্রকৃচ্ছ।

মাত্রা ॥০—১ড্রাম।

ক্লোরোফর্ম্মম। Chloroformum ক্লোরোফরম।

Chloroform. C. H. Cl3.

ক্লোরিনেটেড লাইম	...	১০ পাউণ্ড।
রেক্টিফাইড স্পিরিট	...	৩০ তঃ আং।
স্লেকড্ লাইম	...	যথাপ্রয়োজন।
জল	...	৩ গ্যালন।
সলফিউরিক এসিড	...	যথাপ্রয়োজন।
ক্লোরাইড অব্ কেলসিয়ম ক্ষুদ্র২ খণ্ড		২ আং।
ডিষ্টিল্ড ওয়াটার	...	৯ তঃ আং।
ইথাইলিক এলকোহল	...	যথাপ্রয়োজন।

জল ও স্পিরিট একটী প্রশস্ত চুয়ান যন্ত্রে রাখিয়া ১০০ ফাঃ তাপে উষ্ণ করিবে। উহাতে ক্লোরিনেটেড্ লাইম ও ৫ পাউণ্ড স্লেকড্ লাইম যোগ করিয়া, উত্তমরূপে মিলিত করিবে। চুয়ানযন্ত্র ওয়ারমটব সহিত সংযুক্ত করিয়া উত্তমরূপে চুয় ইতে আরম্ভ হইলে তাপ অন্তর করিবে, ৫০আউন্স চুয়াইলে গ্রাহক পাত্র অন্তর করিবে। এক গেলন আয়তন বোতলের অর্দ্ধেক জল পূর্ণ করিবা

উহাতে চুয়ান দ্রব্য মিলিত করিবে। উত্তমরূপে নাড়িয়া কয়েক মিনিট স্থির রাখিবে, তাহাতে তরল দ্রব্য দুইস্তরে বিভক্ত হইবে, নীচের অংশ অশোধিত ক্লোরফরম; ইহাকে অন্তর করিয়া ৩ আউন্স ডিষ্টিল্ড জলের সহিত সঞ্চালন করিবে, ক্লোরোফরম স্থির হইতে দিবে, জল পৃথক করিয়া, অবশিষ্ট ডিষ্টিল্ড জল প্রতিবারে ৩ আউন্স লইয়া পুনঃ২ ধৌত করিবে। ধৌত ক্লোরোফরম একটী বোতলে লইয়া সম পরিমাণ সলফিউরিক এসিড সহ ৫ মিনিট সঞ্চালন করিবে। স্থির হইতে দিয়া উপরের স্তর একটী বোতলে লইয়া উহার সহিত এলকেলাইন ওয়াটার (ক্ষারজল) মিলাইবে। সঞ্চালন করিয়া স্থির হইতে দিয়া ক্লোরোফরম একটী শুষ্ক বোতলে পৃথক করিবে, উহার সহিত ক্লোরাইড অফ্ কেলসিয়মও অর্দ্ধ আউন্স কুইক্ লাইম মিলাইবে। উত্তমরূপে সঞ্চালন করিয়া ১ ঘণ্টা স্থির রাখিয়া ওয়াটারবাথের তাপে ক্লোরোফরম চুয়াইয়া উহার সহিত শতকরা ১ ভাগ ইথাইলিক এলকোহল মিলাইবে।

গুণধর্ম্ম—ঘন বর্ণহীন তরল, মিষ্ট বিশেষ প্রকার গন্ধ, আস্বাদ মিষ্ট ঈথরও এলকোহলে দ্রবহয়, ২০০ ভাগ জলে ১ ভাগ দ্রবনীয় আঃ গুঃ ১·৪৯৭।

ক্রিয়া—আভ্যন্তরিক ব্যবহারে—মাদক, আক্ষেপনিবারক, অবসাদক। (নার্কটিক, এণ্টিসস্পাজমডিক, সিডেটিভ)।

ব্যবহার—আক্ষেপযুক্ত কাশ, এসমা, কলেরা, লেড্ কলিক, হিষ্টিরিয়া, ক্যানসার, নিউরালজিয়া, সপর্য্যায় জ্বর, বমন, হিক্কা।

ক্রিয়া—স্থানিক বেদনা নিবারক, উত্তেজক, উগ্রতাসাধক।

ব্যবহার—নিউরালজিয়া, কণ্ডুয়নযুক্ত চর্ম্মরোগ, বাত, দন্তরোগ ইত্যাদি।

ঘ্রাণদ্বারা ক্লোরোফরম ব্যবহার সর্ব্বাপেক্ষা অধিক।

ক্রিয়া—ঘ্রাণ লইলে বেদনা নিবারক, আক্ষেপ নিবারক, নিদ্রাকারক, চৈতন্যহারক।

ক্লোরোফর্ম্ম আঘ্রাণের অবস্থাকে ৩ ভাগে বিভক্ত করা হয়।

১। অল্প মাত্রায় আঘ্রাণ করিলে, অল্প মাদক ক্রিয়া প্রকাশ-পায়, দৃষ্টি ও স্পর্শ শক্তির কিঞ্চিৎ লাঘব হয়, কিন্তু সম্পূর্ণ চৈতন্য থাকে মনোমধ্যে আনন্দ উদয় হয়, আক্ষেপ নিবারণ ও স্নায়ুশূলে এইমাত্রা ব্যবহার্য্য।

২। এতদপেক্ষা অধিক প্রয়োগে স্বপ্নবৎ অবস্থা উদয় হয়, প্রলাপাদি উপস্থিত হয়, স্পর্শ শক্তির লোপ হয়, কখন ২ মানসিক উত্তেজনা অধিক হয়। প্রয়োগ বন্ধকরিলে শীঘ্র চৈতন্যোদয় হয়। প্রসব বেদনার উগ্রতা লাঘবাদি কার্য্যে এই পর্য্যন্ত ব্যবহার্য্য।

৩। আরও প্রয়োগকরিলে পেশীসঞ্চালন শক্তি লোপ হয় স্পর্শবোধ কিছুমাত্র থাকেনা, ঊর্দ্ধ দৃষ্টি হয়, জ্ঞান সম্পূর্ণ লোপ হয়, অঙ্গ সকলের সামান্য সঙ্কোচণ ও দৃঢ়তা জন্মে, এই লক্ষণ সচরাচর এত সামান্য যে প্রায় জানাযায় না, কিন্তু সবল যুবাব্যক্তির দেহে বিশেষতঃ রোগী আঘ্রাণের পূর্ব্বে মদ্যপান করিয়া থাকিলে এবং যে সকল রোগী ঘ্রানকালে ভয় প্রযুক্ত শ্বাস রোধ করিয়া থাকে-তাহাদের দেহে প্রবলভাবে প্রকাশ পাইয়া থাকে। এই অবস্থায় সাধারণ স্পর্শ বোধ লোপ হইলেও দেহের ভাবভঙ্গিতে অস্ত্রকার্য্যের যাতনা অনুভবসূচক চিহ্ন প্রকাশ পায়।

এমনকি অব্যক্তকাতরস্বর এবং অস্পষ্ট ক্রন্দন ও করিয়া থাকে। এই অবস্থারপরও কিছুক্ষণ ঘ্রাণ করাইলে অক্ষিপল্লবে অঙ্গুলি স্পর্শ করিলে পলক পড়েনা এই অবস্থায় বৃহৎ অস্ত্র চিকিৎসা করা-যাইতে পারে।

৪। এতদপেক্ষা আরও ঘ্রাণ করাইলে ক্রমশঃ ইচ্ছাধিন পেশী সকল সম্পূর্ণ শিথিল হইয়াপড়ে, নিশ্বাসের সহিত গলমধ্যে ঘড়২ শব্দ হইতে থাকে এবং আলোক দ্বারা কনীনিকা সম্পূর্ণ কুঞ্চিত হয় না, মুখে কোন অপারেশন করিলে যদি বেশী রক্ত-স্রাব না হয় তাহাহইলে রক্ত গলধঃবকরণ করিতে পারে। পেশী সকল সম্পূর্ণ শিথিল হইলে এই অবস্থা হার্নিয়া রিডিউস ও ডিস্‌লোকেশন রিডিউস করা যাইতে পারে। এতদপেক্ষা ঘ্রাণ করান হইলে বিপদজনক লক্ষণ প্রকাশ পায়। সিন্‌কোপ বা এপ-নিয়া দ্বারা মৃত্যু ঘটিতে পারে, স্বাস প্রস্বাস ঘড়২ বৃদ্ধি এবং সপ-র্য্যায় হয়। সাবধান না হইলে হঠাৎ মৃত্যু হইবার সম্ভাবনা।

ব্যবহার—টেটেনস, ইপিলেপটিফরম কনভল্‌সনস; হাইড্রোফো বিয়া. কলিক ও অন্যান্য বেদনাযুক্ত আক্ষেপিক ব্যাধি, পার্থিব অবতরণ,অস্ত্রাদি করিতে সংগা হরণ।

মাত্রা ৩—১০ মিনিম।

প্রয়োগরূপ ৫টি

একোয়া ক্লোরোফরমাই	...	২০০ ভাগে ১ ভাগ।
লিনিমেণ্টম ক্লোরোফরমাই	...	২ ভাগে ১ ভাগ।
স্পিরিটস্ ক্লোরোফরমাই	...	২০ ভাগে ১ ভাগ।
টিংচুরা ক্লোরোফরমাই কম্পজিটা		১০ ভাগে ১ ভাগ।
এট্ মর্ফি ইনি		৮ ভাগে ১ ভাগ।

একোয়া ক্লোরোফরমাই।

ক্লোরোফরম্	...	১ তং ড্রাম।
ডিষ্টিল্ড ওয়াটার	...	২৫ তং আং।

মাত্রা ॥০—২ তং আং। প্রতি আউন্সে প্রায় ২॥০ মিনিম।

লিনিমেণ্টম ক্লোরোফর্ম্মাই।

কোরোফরম্	...	২ তং আং বা ১ তং ভাগ।
লিনিমেণ্ট অব্ কেম্ফর	...	২ তং আং „ ১ তং ভাগ।

স্পিরিটস্ ক্লোরোফর্ম্মাই।

(ক্লোরিক ঈথর, স্পিরিট অব ক্লোরোফর্ম্ম।)

ক্লোরোফরম্	...	১ তং আং।
রেক্টিফাইড স্পিরিট	...	১৯ তং আং।

মাত্রা ২০—৬০ মিনিম। প্রতি আউন্সে ২৪ মিং আছে।

টিংচুরা ক্লোরোফর্ম্মাই কম্পজিটা।

ক্লোরোফরম্	...	২ তং আং।
রেক্টিফাইড স্পিরিট	...	৮ তং আং।
কম্পাউণ্ড টিংচার অব্ কার্ডেমমন্		১০ তং আং।

মাত্রা ২০—৬০ মিনিম। প্রতি আউন্সে ৪৮ মিনিম ও প্রতি ১০ মিনিমে ১ মিনিম আছে।

টিংচুরা ক্লোরোফর্ম্মাই এট্ মর্ফিনি।

			পূর্ণ এক মাত্রায় অর্থাৎ ১০ মিনিম মধ্যে।
ক্লোরোফরম্	...	১ আং।	... ... ১$\frac{1}{8}$ মিনিম।
ঈথার	...	২ তং ড্রাম।	... ... $\frac{1}{2}$ মিনিম।

রেক্টিফাইড স্পিরিট ১ তং আং। ... ... $1\frac{1}{8}$ মিনিম।
হাইড্রোক্লোরেট অব্ মর্ফাইন ৮ গ্রেণ। ... ... $\frac{1}{80}$ গ্রেণ।
ডাইলিউট হাইড্রোসিয়ানিক এসিড ॥০ তং আং। $\frac{1}{8}$ মিনিম।
অয়েল অব্ পেপারমিণ্ট ... ৪ মিনিম। $\frac{1}{40}$ মিনিম
লিকুইড অক্ষট্রাক্ট অব্ লিকরিস ১ তং আং। $1\frac{1}{8}$ মিনিম।
ট্রিকেল (রাবগুড়) ... ১ তং আং।

শর্করার পাক যথাপ্রয়োজন মিলাইয়া ৮ আং পূর্ণ করিবে।

হাইড্রোক্লোরেট অব্ মর্ফাইন্ ও অয়েল অব্ পিপারমিণ্ট রেক্টিফাইড স্পিরিটে দ্রব করিয়া উহাতে ঈথার ও ক্লোরোফরম যোগ করিবে। ৩ তং আং সিরপ সহিত গুড় ও লিকুইড এক্স-ট্রাক্ট অব্ লিকরিস মিলাইয়া পূর্ব্বোক্ত দ্রাবণসহ মিলাইবে এবং উত্তমরূপে মিলিত হইলে হাইড্রোসিয়ানিক এসিড মিলাইয়া সিরপ যোগে আট আং পূর্ণ করিবে।

মাত্রা ৫—১০ মিনিম।

আইওডোফরমম। Iodoformum. আইওডোফরম্। Iodoform.

আইওডাইন কার্ব্বনেট অব্ পটাসদ্রব ও এলকোহল মিলা-ইয়া প্রস্তুত হয়।

রাসায়নিক ও ভৌতিক ধর্ম্ম—উজ্জ্বল, পীতাক্ত কমলা বর্ণ ক্ষুদ্র শল্কাকার দানা, স্থায়ী দুর্গন্ধযুক্ত, শীতলজলে অতি অল্পদ্রব হয়, রেক্টিফাইড স্পিরিটে দ্রবনীয়, ক্লোরোফরম ও ঈথারে দ্রব-নীয়, সমক্ষারাম্ল।

বিষাক্ত লক্ষণ—নিদ্রাহীনতা, শীরোপীড়া, স্মরণশক্তি হীনতা।

ক্রিয়া—পরিবর্ত্তক, বলকারক। উত্তেজক।

স্থানিক ক্রিয়া—প্রবল পচননিবারক, দুর্গন্ধহারক, স্পর্শহারক। (পাওয়ারফুল এণ্টিসেপ্টিক, ডিওডরাইর্জার, এনেসথেটিক্স)।

স্থানিক স্পর্শহরণ জন্য গুঁড়া বা ঘন দ্রব ব্যবহৃত হয়।

ব্যবহার—রেক্টম ও ব্লাডারে কোন অপারেশন করিলে, গরমি ঘা ও উপদংশ ক্ষত, কেনসারের বেদনা নিবারণ জন্য এবং থাইসিস রোগে ইহা ইনহেলেশনরূপে ব্যবহৃত হয়, এভিন্ন পচা ঘা, নালি ঘা, ওনিকিয়া, ও জিনা, অটোরিয়া ইত্যাদিতে ইহা উপকারী।

মাত্রা ॥০—৩ গ্রেণ।

প্রয়োগরূপ—

১। সপজিটরিয়া আইওডফর্ম্মাই। প্রতি সপজিটরিতে ৩ গ্রেণ।
২। অঙ্গুয়েণ্টম আইওডফর্ম্মাই। ১০ ভাগে ১ ভাগ।

সপজিটরিয়া আইওডফর্ম্মাই।

আইওড ফরম চূর্ণ	...	৩৬ গ্রেণ।
অয়েল অব্ থিওব্রোমা	...	১৪৪ গ্রেণ।

১৪৪ গ্রেণ অয়েল অব্ থিওব্রোমা সহিত একটী অল্প গরম খলে আইওড ফরম মর্দ্দন করিবে। অবশিষ্ট অয়েল অব্ থিওব্রোমা মৃদুতাপে দ্রব করিয়া ইহার সহিত উত্তমরূপে মিলাইবে, তরল থাকিতে ১৫ গ্রেণ ধারণ করে এপরিমাণ ছাঁচে ঢালিয়া শীতল হইতে দিবে, অথবা সমুদয় শীতল হইলে ১২ ভাগে বিভক্ত করিবে, এবং প্রত্যেককে বথচুড়া বা পানের খিলির আকারের বা তাদৃশ কোন আকারের করিয়া ব্যবহার করিবে।

অঙ্গুয়েণ্টম আইওড ফর্ম্মাই।

আইওডফর্ম্ম	...	১ আউন্স বা ১ ভাগ।
বেনজোয়েটেড লার্ড,	...	৯ আং বা ৯ ভাগ।

লার্ড মৃদুতাপে দ্রব করিয়া আইওডফরম যোগ করিবে, উত্তমরূপে নাড়িতে থাকিবে যে পর্য্যন্ত না দ্রব হয়। পরে শীতল হইতে দিবে।

এলকোহল এমাইলিকম, এমাইলিক এলকোহল, (ফৌজেল অয়েল, হাইড্রেট অব্ এমাইল)।

বিমিশ্র এমাইলিক এলকোহল।

ইষ্টযোগে শর্করা হইতে সুরা প্রস্তুত করিবার উপায়ে প্রস্তুত হয়।

২টী ঔষধ প্রস্তুত করিতে এমাইলিক এলকোহল ব্যবহৃত হয়।

১। এমাইল নাইট্রাস। ২। সোডি ভেলিরিয়েনাস।

এমাইল নাইট্রাস, নাইট্রাইট্ অব্ এমাইল।

Amyl Nitris Nitrite of Amyl.

এমাইলিক এলকোহলে নাইট্রিক বা নাইট্রস বাষ্প মিলিত হইয়া প্রস্তুত হয়। ষ্টপার বোতলে উত্তমরূপে আবদ্ধ করিয়া অন্ধকার শীতল স্থানে রাখিবে।

ঘ্রাণ লইলে শীঘ্র ধমনীতে রক্তচাপ অল্প, হৃদপিণ্ডের ক্রিয়া দ্রুত এবং আর্টিরিওলস্ প্রসারিত হয়।

গুণধর্ম্ম—পীতাক্ত উদ্বায়ী পাতলা তরলদ্রব্য, ঘ্রাণ বিশেষ প্রকার, দুরাঘ্রেয় নহে, আঃ গুঃ ·৮৮০ জলে অদ্রবনীয়। রেক্টিফাইড স্পিরিটে দ্রবনীয়।

ক্রিয়া—আক্ষেপ নিবারক, বেদনা নিবারক।

(এণ্টিস্পাজমডিক, এনোডাইন

ব্যবহার—ইনহেলেশন্—এনজাইনা পেক্টরিস, স্পেজমডিক এজমা, নিউরালজিয়া, কলেরার কোলাপ্স অবস্থায়।

মাত্রা—ঘ্রাণ লইবার জন্য ২—৫ মিনিম।

সেবন জন্য ॥০—১ মিনিম বিশেষ সাবধানে ব্যবহার্য্য।

রেক্টিফাইড স্পিরিটে দ্রব করিয়া জলের সহিত ব্যবহার্য্য।

নাইট্রোগ্লিসিরাইনম। নাইট্রোগ্লিশরিণ। গ্লোনইন।

Nitroglycerinum. Nitroglycerine. Glonoine

নাইট্রীক ও সলফিউরিক এসিড মিশ্রণ বরফযুক্ত জলের দ্বারা শীতল রাখিয়া উহাতে গ্লিশরিণ বিন্দু২ করিয়া যোগ কর: পরে অধিক পরিমাণ জলে ধৌত করিয়া শুখাইয়া লইলে প্রস্তুত হয়।

ক্রিয়া—নাইট্রেট অব এমাইলের মত কিন্তু অধিক স্থায়ী।

ব্যবহার—এনজাইনা পেক্টরিস, শীরোপীড়া নিউরালজিয়া, সিক্‌হেডেক, ব্রাইটসডিজিজ, কলেরার কোলাপ্স অবস্থা ও আক্ষেপ। হিষ্টিরিয়া। এজ্‌মা।

ফ্যাটিডিজনারেশন্ ও বৃদ্ধাবস্থায় হৃদপিণ্ডের দুর্ব্বলাবস্থায় ব্যবহার্য্য। ইহার টেবেলেট্‌স্ মাত্র ফার্ম্মাকোপিয়ায় গৃহীত।

মাত্রা।—$\frac{1}{200}$—$\frac{1}{100}$ গ্রেণ। বাজারে শতকরা ১ ভাগদ্রাবন পাওয়া যায়, মাত্রা॥ ॥০—২ মিনিম।

টেব্‌লি নাইট্রোগ্লিশরিণাই, টেবলেটস অব্ নাইট্রোগ্লিশরিণ।

টেবেলেট্‌স অব্ চকলেট প্রত্যেক ওজনে ২॥০ গ্রেণ $\frac{1}{100}$ গ্রেণ নাইট্রোগ্লিশরিণ মিলিত।

মাত্রা ১—২ টেবলেটস।

ক্লোরাল হাইড্রাস, হাইড্রেট অব্ ক্লোরাল।

Chloral Hydras. Hydrate of Chloral.

এবসলিউট এলকোহলের মধ্যদিয়া শুষ্ক ক্লোরিণগ্যাস যথেষ্ট

পরিমাণ চালাইলে ক্লোরাল প্রস্তুত হয়, এই ক্লোরাল প্রথমে সলফিউরিক এসিড পরে চূর্ণদ্বারা শোধিত করিয়া অল্পজল মিলাইলে ক্লোরাল হাইড্রেট প্রস্তুত হয়।

গুণধর্ম্ম—বর্ণহীনদানা, বায়ুতে খোলারাখিলে আর্দ্রহয় না, গন্ধ তীব্র তিক্তাস্বাদ, জল, ঈথার, স্পিরিট ও ক্লোরোফর্মে দ্রবনীয়।

ক্রিয়া—নিদ্রাকারক, বেদনানিবারক, আক্ষেপ নিবারক।

(হিপ্‌নটিক, এনোডাইন, এণ্টিস্পেজমডিক)।

ব্যবহার—অনিদ্রা, বেদনাদি, ডিলিরিয়ম ট্রিমেন্স, একিউটমেনিয়া, কোরিয়া, হৃদকম্পন, টেটেনস এবং ষ্টিকনিয়া দ্বারা বিষাক্ত, যক্ষ্মারোগের অনিদ্রা, অতিঘর্ম্ম, এস্‌মা, পারটুসিস।

মাত্রা ৫—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—

সিরপস ক্লোরাল (১ ড্রামে ১০ গ্রেণ।

হাইড্রেট অব্ ক্লোরাল	...	৮০ গ্রেণ।
ডিসটিল্ড ওয়াটার	...	১।।০ তং ড্রাম
সিম্পলসিরপ	...	যথাপ্রয়োজন

এক আং পূর্ণ করিবে।

মাত্রা ।।০—২ ড্রাম।

বিউটাইল ক্লোরাল হাইডেট, হাইড্রেট অব্ বিউটাইল ক্লোরাল (ক্লোটন ক্লোরাল হাইড্রেট্)

Butyl Chloral Hydrate. Hydrate of Butyl Chloral Croton Chloral Hydrate.

আলডিহাইড নামক দ্রব্যকে ১৪ ফাঃ তাপে শীতল করিবে, তাহার মধ্যদিয়া শুষ্ক ক্লোরিণবাষ্প চালাইয়া ঐ দ্রব্যকে চুয়াইয়া জল যোগ করিলে প্রস্তুত হয়।

গুণধর্ম্ম—মুক্তার ন্যায় শ্বেতবর্ণ, শঙ্কাকার দানা, গন্ধ তীব্র কিন্তু অম্ল নহে, তীব্র বিবমিশাজনক, আস্বাদ, ৫০ ভাগ শীতল জলে একভাগ দ্রবনীয়। সমান ওজন গ্লিশরিণ ও বেঞ্জিফাইড্ স্পিরিটে দ্রবনীয়।

ক্রিয়া—ক্লোরাল হাইড্রেটের ন্যায় কিন্তু অপেক্ষাকৃত মৃদু, হৃদপিণ্ডের উপর ইহার অবসাদন ক্রিয়া অনেক কম।

ব্যবহার—হৃদপিণ্ডের ব্যাধি বা অন্য কারণে ক্লোরাল হাইড্রেট ব্যবহার করা অনুচিত বোধ হইলে তথায় ক্রোটন ক্লোরাল হাইড্রেট ব্যবহার্য্য।

ট্রাইজেমিনেল নিউরালজিয়া, নিদ্রা উৎপাদন জন্য ক্লোরাল হাইড্রেট অধিক মাত্রায় প্রয়োজন হইলে ইহার সহিত মিশাইয়া দেওয়া হয়।

মাত্রা ৫—১৫ গ্রেণ নিদ্রাকারক। ১—৫ গ্রেণ বেদনা নিবারক। সিরপটলু যোগে সুস্বাদ হয়।

প্যারালডিহিডাম, Paraldehydum

প্যারালডিহিড্, Paraldehyde.

এলডিহিড একপ্রকার যৌগিক পদার্থ, এই এলডিহিডের বিবিধ অম্ল বা লবণ দ্বারা পারিমাণিকে পরিবর্ত্তন সংঘটিত হয় ইহাকে "পলিমারিজেশন" বলে, এই পলিমারিজেশন হইতে প্রাপ্ত পদার্থবিশেষকে প্যারালডিহিড কহে। সচরাচর ডাইলিউট সলফিউরিক এসিড কিম্বা ডাইলিউট নাইট্রিক এসিড সহিত এলডিহিড মিলিত হইয়া প্যারালডিহিড্ প্রস্তুত হয়।

আকারাদি—স্বচ্ছ; বর্ণহীন, তরল, গন্ধ ঈথারের ন্যায়, আস্বাদ

অতিতীব্র পরে শীতল। আঃ গুঃ ·৯৯৮ উষ্ণজলে অল্প দ্রবনীয়। ঈথর ও রেক্টিফাইড স্পিরিট সহ সহজে মিলিত হয়।

মাত্রা ॥০—১॥০ ড্রাম।

ক্রিয়া—নিদ্রাকারক ও বেদনা নিবারক, ইহা ক্লোরালের ন্যায় উৎকৃষ্ট নিদ্রাকারক। প্রভেদ এইযে ইহাতে হৃৎপিণ্ডের ক্রিয়ার বলবৃদ্ধি পায় এবং স্পন্দনসংখ্যা কমহয়,ইহাতে হৃৎপিণ্ডের অবসাদন হয় না। ক্লোরাল অপেক্ষা ইহার ক্রিয়া অল্পক্ষণস্থায়ী, এজন্য পুনঃ২ প্রয়োগের প্রয়োজন। অন্যান্য নিদ্রাকারক ন্যায় প্রথমে উত্তেজনা প্রকাশ পায়না, ইহাতে প্রস্রাবের পরিমাণ বৃদ্ধি পায়, ইহাতে সুনিদ্রা উপস্থিত হয়, নিদ্রাভঙ্গে কোনপ্রকার পরিপাক বিকার, শীরোপীড়া বা অন্য কুলক্ষণ প্রকাশ পায়না। নিদ্রাকারক ক্রিয়া দ্রুত ১০ মিনিট মধ্যে প্রকাশ পায়। নিদ্রিত রোগীকে সহজে জাগরিক করাযায়, কখন ইহা মৃদু বিরেচন ক্রিয়া প্রকাশ করে। ইহার ক্রিয়া সল্‌কোনাল ন্যায়।

ব্যবহার—রিউমাটিজম ও গাউট রোগে নিদ্রাকরণ, প্রয়োজন হইলে ইহা শ্রেষ্ঠ। মানসিক ও স্নায়বিয়কারণ জনিত অনিদ্রায় ফলদায়ক, একিউট মেনিয়া, ডিমেন্‌সিয়া পক্ষাঘাত গ্রস্থ রোগীর অনিদ্রায় ব্যবহার্য্য। হৃৎপিণ্ডের পীড়ায় ক্লোরাল অবৈধস্থলে অস্থিরতা শ্বাসকাশআদি উপসর্গ দমনার্থ ব্যবহার্য্য।

স্যাল্‌ফোন্যাল Sulphonal সাল্‌ফোন্যাল Sulphonal

নামান্তর—ডাইথিল সালফন-ডাইমিথিল মিথেন।

আকারাদি—বর্ণ, গন্ধ ও আস্বাদ বিহীন দানাকার, সমস্ত-রাম্র, স্ফুটিত জলে অল্পদ্রবনীয় শীতলজলে অতি সামান্য দ্রবনীয় রেক্টিফাইড স্পিরিটে সামান্য দ্রবনীয়। ঈথারে দ্রবনীয়।

ক্রিয়া—স্নায়বীয় উগ্রতানিবারক, নিদ্রাকারক বেদনা নিবারক

ব্যবহার—স্নায়বীয় অনিদ্রা, উন্মাদ, ইম্বেসিলিটি মিলাঙ্কোলিয়া ডিমেন্সিয়া মৃগী, থাইসিস রোগের নিশাঘর্ম্ম,ব্রাইটসডিজিজ সেরিব্রালমেনিনজাইটিস, টাইফই জ্বরে মৃদুপ্রলাপ, অনিদ্রায় উপকারী।

মাত্রা ১৫—৪০ গ্রেণ।

ফেনাজোনাম Phenazonam ফেনাজোন্ Phenazone.

নামান্তর—ডাইমিথিল অক্সি চিনিসিস, ফেনিল ডাইমিথিল পইরেজোলম। সাধারণ নাম এণ্টিপাইরিন Antepyrine।

ফেনিল হাইড্রেজাই হইতে প্রস্তুত হয়।

গুণধর্ম্ম—শল্কাকারদানা, সমক্ষারাম্ল, বর্ণহীন গন্ধহীন, তিক্ত আস্বাদ, ২৩০ফা তাপে গলে, জল রেক্টিফাইড স্পিরিট ও ক্লোরোফর্ম্মে সম্পূর্ণ দ্রবনীয়. ঈথারে অল্প দ্রবনীয়।

দোষ—কখন২ বিবমিষা ও বমন, কম্প, গাত্রে আমবাতের ন্যায় উদ্ভেদ, কোলাপ্স, কচিৎ মৃত্যু।

ক্রিয়া—তাপাধিক্য নিবারক, বেদনানিবারক, ঘর্ম্মকারক, অবসাদক স্থানিক স্পর্শহারক।

ব্যবহার- তাপাধিক্য নিবারণ জন্য জ্বরাদি রোগ টাইফয়েড, নিউমোনিয়া, টিউবার্কিউলোসিস তরুণবাত, সবিরাম জ্বর, হেক্‌টিক জ্বর সন্‌ষ্ট্রোক, রিউমেটিক ফিবার, কন্‌ভল্‌শন্। কোরিয়া হুপিংকফ, এজমা, ইনফ্লুয়েঞ্জা, কলিক, মেগ্রিম, আথাইটিস।

মাত্রা ৩—২০ গ্রেণ সচরাচর ৫—১০ গ্রেণ।

এসিটেনিলাইডাম Acetanilidum
এসিটেনিলাইড Acetanilide

নামান্তর—ফেনিল এসিটেমাইড বা সাধারণ নাম এণ্টি-ফেব্রিণ।

প্রঃ। এনিলিনের সহিত এসিটিল ক্লোরাইড বা নির্জ্জল এসিটীক এসিড মিলাইয়া প্রস্তুত হয়। ইহাকে শোধিত করিয় হইলে দানাকার প্রাপ্ত হয়।

গুণধর্ম্ম—বর্ণহীন উজ্জল দানা, শল্কাকার ঈষৎতীব্র আস্বাদ, সমক্ষারাম্ল, শীতলজলে অতিঅল্প দ্রবনীয়। রেক্টিফাইড স্পিরিট ঈথার, বেঞ্জোল ও ক্লোরোফর্ম্মে অতিশয় দ্রবনীয়।

ক্রিয়া—বেদনাহারক ও জ্বর নাসক, ঘর্ম্মকারক এবং অবসাদক।

ব্যবহার—জ্বরাদি রোগে সন্তাপাধিক্য Hype r pyrexia নিবারণার্থে ইহা মহৌষধ, বিবেচনা পূর্ব্বক ব্যবহার করিলে বিশেষ উপকার হয়। হুপিংকফ নিউমোনিয়া, মিজ্‌লস্‌, স্কার্লে-টিনা, রিউমেটিক ফিবার, সায়েটিকা লম্বেগো, ট্রাইফেসিয়েল নিউ-রালজিয়া, লোকোমোটার এটাক্সিও. ভেরাইটিস। বিষাক্ত হইলে সায়েনোসিস, স্বাস কষ্ট, হৃৎপ্রদেশে বেদনা, নাড়ীক্ষীন, দৈহিক তাপ হ্রাস, হস্তপদ শীতলাদি কোলাপ্সের লক্ষণ প্রকাশ পায়। প্রতিকারার্থে বেলেডোনা, ঈথর হাইপোডার্ম্মিক, তাপ ও অন্যান্য উত্তেজক ব্যবহার্য্য।

মাত্রা ৩—১০ গ্রেণ। সচরাচর ৪। ৫ গ্রেণ মাত্রায় ব্যবহার হয় বালক দিগের ১—২ গ্রেণ ২৪ ঘণ্টামধ্যে প্রাপ্ত বয়স্ককে ২০। ২৫ গ্রেণ ব্যবহার করিতে বিধি আছে কিন্তু বিশেষ সাবধানে বিবেচনা পূর্ব্বক ব্যবহার কর্ত্তব্য।

ফেনা সেটিনাম Phenacetenum
ফেনাসেটিন Phenacetine ফেনাসেটিন।

প্রঃ। ফেনল্ হইতে প্রাপ্ত পেরাফেমেটিডিন নামক দ্রব্যের সহিত গ্লেসিয়াল এসিটিক এসিড মিলিত করিয়া প্রস্তুত হয়।

আকারাদি—উজ্জ্বল শল্কাকার দানাযুক্ত কঠিন পদার্থ বর্ণহীন গন্ধস্বাদ হীন শীতলজলে অল্প দ্রবনীয়, স্ফুটিতজলে যথেষ্ট পরিমাণ দ্রব হয়। রেক্টিফাইড স্পিরিটে অল্প দ্রবনীয়।

মাত্রা ৫—১০ গ্রেণ।

ক্রিয়া—উত্তাপাধিক্য নাশক, জ্বর নাশক, বেদনানিবারক, স্পর্শ হারক।

এণ্টিপাইরিণ ও এণ্টিফেব্রিণ অপেক্ষা ইহা নিরাপদ।

ব্যবহার—তাপাধিক্য হেতুসঞ্জাত বিবিধ জ্বর, মাইগ্রেণ রিউমাটিজম, নিউরালজিয়া, এটাক্সি। এণ্টিপাইরিনে অতিশয় অবসাদন, অতিঘর্ম্ম ও গাত্রে উদ্ভেদ প্রকাশ পাইতে পারে, স্যালিসিলেট ব্যবহারে কর্ণে শব্দ অনুভূত হইতে পারে। এণ্টি-ফেব্রিণ সেবনে গাত্রে শৈত্য অনুভব হইতে পারে, ফেনাশিটিন এ সকল হয় না।

কাষ্ঠ চুয়াইয়া প্রস্তুত হাইড্রোকার্ব্বন ঔষধ সকল।

ক্রিয়োজোটম, ক্রিয়েজোট।

Creasotum, Creasote বা Kreasote.

উড্ টার বা কাষ্ঠজ আলকাতরা চুয়াইয়া প্রস্তুত হয়।

গুণধর্ম্ম—বর্ণহীন বা ঈষৎপীতাক্ত তরল পদার্থ, তাম্রধুম গন্ধ বিশিষ্ট জলে সামান্য দ্রবনীয়, এলকোহল ও ঈথারে দ্রবনীয় আঃ গুঃ ১·০৭১ ;।

ক্রিয়া—পাকযন্ত্রের অবসাদক, বমননিবারক, উত্তেজক বায়ুনাশক, মূত্রকারক। উগ্রতাসাধক।

স্থানিক—রক্তরোধক, প্রবল পচননিবারক, দুর্গন্ধহারক।

ব্যবহার—বমন, ডায়েবিটিস, ডায়েরিয়া।

স্থানিক, দন্তপূত, চর্ম্মরোগ, স্থানিক রক্তস্রাব, মার্কুরিয়েল স্যালিবেসন্ ক্রনিক ব্রঙ্কাইটিস, ডাইলেটেশন্ অব্ ব্রঙ্কাই, পলমনারি এবসেস এবং গ্যাংগ্রিণ।

মাত্রা ১—৩ মিনিম। অসম্মিলন অকসাইড অফসিলভার।

প্রয়োগরূপ—

১। মিকসচুরা ক্রিয়েজোটাই (১ আউন্সে ১ মিনিম)।

২। অঙ্গুয়েণ্টম্ ক্রিয়েজোটাই (৯ ভাগে ১ভাগ)।

৩। ভেপার ক্রিয়েজোটাই।

মিসচুরা ক্রিয়েজোটাই। ক্রিয়েজোটমিক্সচার।

ক্রিয়েজোট	...	১৫ মিনিম বা ১ তং ভাগ।
গ্লেসিয়েল এসিটিক এসিড	...	১৫ মিনিম „ ১ তং ভাগ।
স্পিরিট অব্ জুনিপার	...	॥০ তং ড্রাম „ ২ তং ভাগ।
সিরপ	..	১ তং আং „ ৩২ তং ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১৫ তং আং „ ৪৮০ তং ভাগ।

মাত্রা ১—২ তং আউন্স।

অঙ্গুয়েণ্টম ক্রিয়েজোটাই। অয়েণ্টমেণ্ট অফ ক্রিয়েজোট।

ক্রিয়েজোট	...	১ তং ড্রাম বা ১ তং ভাগ।
সিম্পল অয়েণ্টমেণ্ট	...	১ আউন্স „ ৮ ভাগ।

ভেপার ক্রিয়েজোটাই। ইনহেলেশন অফ্ ক্রিয়েজোট

ক্রিয়েজোট	...	১২ মিনিম।
বয়েলিং ওয়াটার	...	৮ তং আউন্স।

এসিডম কার্ব্বলিকম। কার্ব্বলিক এসিড।

(ফেনিক এসিড, ফিনোল, ফিনিক এলকোহল)।

Acidum Carbolicum, Carbolic Acid.

কোলটার অয়েল চুয়াইয়া প্রস্তুত হয়।

গুণধর্ম্ম—দানাকার, গন্ধ ও আস্বাদ বিশেষ প্রকার। বর্ণহীন বা ঈষৎলোহিত বা কটা আভা দানা। আঃগুঃ ১·০৬০ হইতে ১·০৬৬· জল স্পিরিট ও গ্লিশরিনে দ্রবনীয়। ৯১·৫ ফাঃ তাপে দ্রবাবস্থা প্রাপ্ত হয়।

ক্রিয়া—স্থানিক—প্রবল দাহক, রক্তরোধক।

জলমিশ্র অবস্থায়—উত্তেজক পচননিবারক, দুর্গন্ধ নাশক, সংক্রমণ নিবারক।

আভ্যন্তরিক—ক্রিয়েজোটের ন্যায়।

ব্যবহার—স্থানিক—রক্তস্রাব, সাইনস, এবসেস নানা-প্রকার ক্ষত।

আভ্যন্তরিক—ক্রিয়েজোটের ন্যায় কিন্তু কার্ব্বলিক এসিড আভ্যন্তরিক ব্যবহার প্রয়োজন হইলে সলফোকার্ব্বলেট অব্ সোডাই ব্যবহৃত হয়।

মাত্রা ১—৩ গ্রেণ।

প্রয়োগরূপ—

এসিডম কার্ব্বলিকম লিকুইফেকটম (১০০ ভাগে ৯১ ভাগ)।
গ্লিশিরাইনম এসিডাই কার্ব্বলিসাই (৬ ভাগে ১ ভাগ ওজন)।
সপজিটরিয়া এসিডাই কার্ব্বলিসাই কমসেপোন (২০ ভাগে ১ ভাগ)
অঙ্গুয়েণ্টম এসিডাই কার্ব্বলিসাই।

এসিডম কার্ব্বলিকম লিকুইফেকটম।

শতকরা ২০ ভাগ জল মিলাইয়া কার্ব্বলিক এসিড তরল করা হয়।

মাত্রা ১—৪ মিনিম।

গ্লাইশরাইনম এসিডাই কার্ব্বলিসাই।

কার্ব্বলিক এসিড	...	১ আউন্স বা ১ ভাগ।
গ্লিশরিণ	...	৪ তং আউন্স „ ৪ তংভাগ।

সপজিটরিয়া এসিডাই কার্ব্বলিসাই কম্‌সেপোন।

কার্ব্বলিক এসিড	...	১২ গ্রেণ।
কাডোসোপ চূর্ণ	...	১৮০ গ্রেণ।
গ্লিশরিণ অব্ ষ্টার্চ	...	৪০ গ্রেণ।
		বা যথাপ্রয়োজন।

একত্রে মিলিত করিয়া ১২টী সপজিটরি প্রস্তুত করিবে।

প্রতি সপজিটরিতে ১ গ্রেণ কার্ব্বলিক এসিড আছে।

অঙ্গুয়েণ্টম এসিডাই কার্ব্বলিসাই।

কার্ব্বলিক এসিড	...	৬০ গ্রেণ বা ১ ভাগ।
সফট্‌পেরাফিণ	...	৭২০ গ্রেণ " ১২ভাগ।
হার্ডপেরাফিণ	...	৩৬০ গ্রেণ বা ৬ ভাগ।

দ্রব করিয়া শীতল হওয়া পর্য্যন্ত নাড়িতে থাকিবে।

সোডাই সলফোকার্ব্বলাস, সলফোকার্ব্বলেট অব্ সোডিয়ম।

Sodii Sulphocarbolas. Sulphocarbolalte of Sodium.

বিশুদ্ধ কার্ব্বলিক এসিড অধিক পরিমাণ সলফিউরিক এসিডে

দ্রব করিয়া ঐ দ্রবে বেরিয়ম কার্ব্বনেট চূড়ান্তরূপে যোগ করিয়া ছাঁকিয়া লইবে, যে তরল দ্রব্য ছাঁকা হইবে তাহাতে কার্ব্বনেট অব্ সোডা যোগ করিয়া তাপদ্বারা ঘন করিলে সলফ-কার্ব্বলেট অব্ সোডার দানা প্রস্তুত হইবে।

গুণধর্ম্ম—শ্বেতবর্ণ দানাকার গন্ধহীন, আস্বাদ তিক্ত ও লবণাক্ত, জলে দ্রবণীয়।

ক্রিয়া—পচন নিবারক।

ব্যবহার—উদ্ভেদিকজ্বর ও কণ্টিনিউড ফিবার এবং বিষজ-পীড়া সকলে রক্তের পচনশীল অবস্থায় আভ্যন্তরিক ব্যবহার হয়।

মাত্রা ১০—১৫ গ্রেণ।

জিনসাই সলফোকার্ব্বলাস। সলফোকার্ব্বলেট অফ্ জিঙ্ক।

Zinci Sulphocarbolas. Sulphocarbolate of Zinc

সলফিউরিক এসিড ও কার্ব্বলিক এসিড একত্রে উষ্ণ করিয়া ঐ দ্রব্যে চূড়ান্তরূপে অক্সাইড অব্ জিঙ্ক দ্রব করতঃ দানা বান্ধিয়া লইলেই প্রস্তুত হয়।

দেখিতে বর্ণহীন, স্বচ্ছ, নলাকৃতি দানা, দ্বিগুণ পরিমাণ জলে এবং রেক্টিফাইড স্পিরিটে দ্রব হয়।

ক্রিয়া—স্থানিক সঙ্কোচক।

ব্যবহার—গনরিয়া ও লিউকোরিয়া রোগে ইনজেকসন-রূপে ব্যবহার হয়, পরিমাণ (১—৩ গ্রেণ জলে ১ আউন্স।

এসিডম সেলিসিলিকম্। সেলিসিলিক এসিড।

Acidum Salicylicum. Salicylic Acid.

কার্ব্বলিক এসিড সহিত কার্ব্বনিক এসিড মিলিত হইয়া এই দ্রব্য প্রস্তুত হয়। অয়েল অব্ উইণ্টারগ্রিণ ও সুইটবার্চ্ মধ্যে স্বভাবতঃ স্যালিসিলেট লবণ আছে এই দ্রব্য হইতে ও প্রস্তুত করা যায়।

ক্রিয়া—ঘর্ম্মকারক, অবসাদক, তাপাধিক্য নিবারক।

স্থানিক—পচননিবারক।

ব্যবহার—জ্বর, রিউমাটিজম, দৈহিক তাপাধিক্য।

স্থানিক—ডিপথিরিয়া, নানা প্রকার ক্ষত।

স্থানিক—অতিঘর্ম্ম রোগে ইহার মলম, দাউদ।

(এসিড ১ ভাগ ফ্লেকসেবল কলোডিয়ম ৮—১০ ভাগ)। করণ ও ওয়ার্ট রোগের উৎকৃষ্ট ঔষধ।

মাত্রা ৫—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—অঙ্গুয়েণ্টম এসিড সেলিসিলিসাই।

সোডা সেলিসিলস।

অঙ্গুয়েণ্টম এসিডাই সেলিসিলিসাই।

সেলিসিলিক এসিড	..	৬০ গ্রেণ বা ১ ভাগ।
সফটপেরাফিণ	...	১০৮০ গ্রেণ " ১৮ ভাগ।
হার্ডপেরাফিণ	...	৫৪০ গ্রেণ " ৯ ভাগ।

হার্ড ও সফটপেরাফিণ একত্রে দ্রব করিয়া সেলিসিলিক এসিড যোগ করিবে শীতল হওয়া পর্য্যন্ত ক্রমাগত সঞ্চালিতে থাকিবে।

সোডাই সেলিসিলাস, সেলিসিলেট অব্ সোডিয়ম
Sodii Solicylas. Salicylate of Sodium·

কষ্টিক সোডা বা কার্ব্বনেট অব্ সোডার সহিত সেলিসিলিক এসিড মিলাইয়া প্রস্তুত হয়।

ক্রিয়া—সেলিসিলিক এসিডের ন্যায়।

ব্যবহার একিউট রিউমাটিজম্, জ্বরাদির সন্তাপাধিক্য গলষ্টোন।

মাত্রা ১০—৩০ গ্রেণ।

গ্লুসাইডাম। Glusedum, গ্লুসাইড Gluside.

নামান্তর—গ্লুকাসাইমাইড; বেঞ্জয়িল সালফোনিক্ আই-মাইড, সাধারণ নাম স্যাকারিন। কোলটায়ের (আলকাতরা) টোলুইন হইতে প্রাপ্ত মিষ্ট আইমাইড।

আকারাদি—শ্বেতবর্ণ, সূক্ষ্ম দানাযুক্ত চূর্ণ, অতিশয় মিষ্ট আস্বাদ। শীতলজলে অল্প দ্রবনীয়, গ্লিশরিণ, রেক্টিফাইড স্পিরিট ও গ্লিশরিনে অপেক্ষাকৃত অধিক দ্রবনীয়। কার্ব্বনেট অব্ সোডিয়ম সলিউশন যথেষ্ট পরিমাণ দ্রব হয়. এই দ্রব হইতে সলিউবল গ্লুসাইড বা সলিউবল স্যাকারিন প্রস্তুত হয়। এই দ্রবনীয় সাকারিণ জলে অতিশয় দ্রবনীয়। সামান্য শর্করা অপেক্ষা ২৮০ গুণ অধিক মিষ্ট।

ক্রিয়া—পচন নিবারক।

ব্যবহার—বহুমূত্র, যক্ষা, টাইফরেড জ্বর ইনটেষ্টাইনেল ক্যাটার সিষ্টাইটিস।

স্থানিক—এপথি রোগে কুল্লব্যবহার হয়।

মাত্রা ½—২ গ্রেণ বা তদূর্দ্ধ।

পেরাফিনম ডিউরম্, হার্ডপেরাফিণ,
(পেরাফিণ, পেরাফিণ উয়াক্স, সলিডপেরাফিণ)
Paraffinum Durum. Hard Paraffin

হাইড্রোকার্ব্বণ শ্রেণীর কতকগুলি কঠিন দ্রব্য একত্রে মিলিত।

"সল (Shale) (কয়লা) খাদে প্রাপ্ত শ্লেটের ন্যায় পাথর) চুয়াইয়া প্রস্তুত হয়। পিট্রলিয়ম চুয়াইয়াও প্রস্তুত হয়।

বর্ণহীন, অর্দ্ধস্বচ্ছ, দানাময়, গন্ধহীন, স্বাদহীন, জলে অদ্রবনীয়।

মলম প্রস্তুত করিতেই ইহা ব্যবহৃত হয়। ১১০—১৪৫ ফাঃ তাপে দ্রবনীয়।

প্রয়োগরূপ—

অঙ্গুয়েণ্টম এসিডাই বোরেসাই।

কার্ব্বলিসাই।

স্যালিসিলিসাই।

ইউকেলিপটাই।

গ্লিশরাইনম প্লম্বাই সব এসিটেটিস।

হাইড্রারর্জাইরাই অক্সিডাই রব্রাই।

পটাসি সলফিউরেটি।

সলফিউরিস আইওডিডাই।

ভিরাটাইনি।

পেরাফিনমমোলি, সফ্ট পেরাফিণ
Paraffinum Molle. Soft Paraffin.

অন্যনাম—(পিট্রলেটম, পিট্রলিয়ম, অঙ্গুয়েণ্টম পেরাফিনম, ভেসিলিন, পিট্রোলিয়ম অয়েণ্টমেণ্ট)

হাইড্রোকার্ব্বণ শ্রেণীর কতিপয় কোমল দ্রব্যদ্বারা প্রস্তুত।

পিট্রোলিয়ম চুয়াইয়া অথবা পিট্রোলিয়মের অল্প উদ্বায়ী অংশ শোধিত করিয়া সচরাচর এই দ্রব্য প্রস্তুত হয়। বাজারে নানাপ্রকার সুমধুর নামে বিক্রয় হইয়া থাকে। দেখিতে সাদা বা পীতাক্ত, অর্দ্ধস্বচ্ছ, কোমল ও তেলা, ক্ষার ও অম্লতা নাই, গন্ধাস্বাদ হীন। ১২০ফাঃ তাপ পর্য্যন্ত উষ্ণ করিলেও কোন প্রকার গন্ধ পাওয়া যায় না। ইথার, ক্লোরোফরম, ও বেনজোলে দ্রব হয়। ক্ষারদ্বারা সাবান অবস্থা প্রাপ্ত হয় না।

প্রয়োগরূপ—

অঙ্গুয়েণ্টম এসিডাই বোরিসাই।

" এসিডাই কার্ব্বলিসাই। অঙ্গু: নাইট্রেটিস ডাইলিউটম।

" স্যালিসিলিসাই। " পটাসি সলফিউরেটি।

" ইউকেলিপ্টাই। " সলফিউরিস আইওডিডাই।

" প্রিশিপিনাই প্লম্বাই সবএসিটেটিস্ " ভিরাট্রাইনি।

" হাইড্রার্জাইরাই অক্সিডাই রুব্রাই। " জিনসাই ওলিয়েটাই।